# দেবীর আহ্বান

**ওঁ ভূঃ ভুবঃ স্বঃ ভগবতি দুর্গা পরিবার গণসহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহসন্নিধেহী, ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্টানং কুরু, মমপূজাং গৃহাণ। ওঁ স্থাং স্থীং স্থিরো ভব, যাবৎ পূজা করোহং মমঃ। ওঁ আগচ্ছ মদগৃহে দেবী অষ্টাভি সক্তিভি সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্বকল্যাণকারিনি।**

Om bhuh bhubha swah bhagavati Durga paribar gana sahitey Ihagaccha I, hagaccha, ihatistha, ihatistha, ihasannideahi, iha sannirudhaswa, Atradhistanam kuru, mamapuja grihan | Om stham shthim sthirobhava, jabat puja karoham mama || Om agaccha madgrihey debi ashtabhih shaktibhi saktibhi saha | Pujan grihana bidhibat sarbakalyana karini ||

Oh Goddess Durga come with your family, sit down, get attached, stay close to us, settle down as long I worship you. Come in my house Oh Durga, with all your eight powers, I will worship in the prescribed way, Oh the well-wisher of all.



দেবীর গজে আগমন
ফল : শস্যপূর্ণা বসুন্ধরা





দেবীর নৌকায় গমন
ফল : শস্যবৃদ্ধি ও জলবৃদ্ধি

## কার্যকরী কমিটি ২০২২-২০২৩

BCHCS

**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY &**
**BANGLADESH CANADA HINDU MANDIR**
TORONTO, CANADA

# Bangladesh Canada Hindu Cultural Society
# &
# Bangladesh Canada Hindu Mondir

## Executive Committee 2022-2023

| Name | Designation |
|---|---|
| Praduyt Chakraborty | President |
| Biswajit Mitra | Vice-president |
| Satyabrata Purkayastha | General Secretary |
| Niranjan Kumar Mandal | Assistant General Secretary |
| Palak Datta | Finance Secretary |
| Shubha Banik | Assistant Finance Secretary |
| Imon Das | Cultural Secretary |
| Paromita Sen Tinnie | Assistant Cultural Secretary |
| Debashish Deb Chowdhury | Organizing Secretary |
| Ashis Das | School Secretary |
| Seema Das | Publication Secretary |
| Benoy Majumder | Secretary, Property Management |
| Dilip Kumar Saha | Secretary, Puja Committee |
| Sujit Das | Secretary, Prasad Management |
| Kajal Roy | Secretary, Youth Affairs |
| Vaskar Roy | Director |
| Gokul Biswas | Director |

## Board of Trustees (BOT) 2022-2025

| Name | Designation |
|---|---|
| Ajoy Das | Member |
| Anil Nath | Member |
| Ashok Debnath | Member |
| Anup Roy | Member |
| Bijit Roy | Chairman |
| Dilip Kumar Halder | Secretary |
| Himangshu Sarkar | Member |
| Jhantu Debnath (Nirmal) | Member |
| Ramapada Paul (Mintu) | Member |
| Rajat Paul | Member |
| Sabyasachi Choudhury (Jishu) | Member |
| Sajal Deb | Member |

**Interim Committee 2021**

Convenor : Praduyt Chakrabarty
Member Secretary : Biswajit Mitra

**Executive Committee 2018-2020**

President : Bijit Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2016-2018**

President : Shebu Choudhury
General Secretary : Arun P. Paul

**Executive Committee 2014-2016**

President : Shubhash Roy
General Secretary : Borendra Sanyal

**Executive Committee 2012-2014**

President : Shubhash Roy
General Secretary : Chanchal Saha

**Executive Committee 2009-2011**

President : Nirmal Kumar Kar
General Secretary : Shubhash Roy

**Executive Committee 2007-2009**

President : Arun Dutta
General Secretary : Ramapada Paul

**Executive Committee 2005-2007**

President : Anil Nath
General Secretary : Samir Lal Datta

**Executive Committee 2004-2005**

President : Ajoy Das
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2003-2004**

President : Anjan Datta
General Secretary : Debobrata Dey (Tamal)

**Executive Committee 2002-2003**

President : Shebu Choudhury
General Secretary : Sudip Shome (Rinku)

**Executive Committee 2001-2002**

President : Kirit Bikram Sinha Roy
General Secretary : Sabyasachi Choudhury

**Executive Committee 2000-2001**

President : Sudip Dey (Anju)
General Secretary : Bijit Roy

**Executive Committee 1997-2000**

President : Alok Choudhury
General Secretary : Kishore Chowdhury

**Executive Committee 1996-1997**

President : Swadesh Saha
General Secretary : Bibekananda Talukder

**Executive Committee 1994-1995**

President : Sudhangshu Datta (Suda)
General Secretary : Bibekananda Talukder

**Puja Mandap**
16 Dohme Avenue, Toronto
ON M4B 1Y9
Phone: (416) 693-4444

**পুরোহিতবৃন্দ**
শ্রী শ্যামল ভট্টাচার্য্য
শ্রী মিটন পারিয়াল
শ্রী তরুণ চক্রবর্তী

# সূচিপত্র


| বিষয় | লেখক | পৃষ্ঠা |
|---|---|---|
| দেবীমাহাত্ম্যের বিবর্তন | সুমন ধর | ১১ |
| কল্পরূপা মহামায়া | তুষার গায়েন | ১৪ |
| সনাতন ধর্মের আলোকে সৃষ্টিতত্ত্ব | শ্রী বুলবুল ভৌমিক | ১৬ |
| The Four Vedas– Eternity in Words | Dr. Dilip Chakraborty | ২০ |
| Knowledge and Humanity in the Light of the Bhagavad Gita | Nani Gopal Debnath | ২২ |
| কোন একাদশী ব্রত পালনে কী ফল পাওয়া যায়? | শিবশঙ্কর ভারতী | ২৬ |
| রক্ষা হরিনাম | শুভ্রা শিউলী সাহা | ৩৬ |
| পুরাণ : ধর্ম ও ভূগোল | সুব্রত দাসগুপ্ত | ৩৮ |
| খনার বচন কি আজও মেলে? | তাপসী দত্ত দাস, গুঞ্জন ঘোষ ও ডা. সুবল কুমার মাইতি | ৪০ |
| তৎ-ত্বম্-অসি | স্বামী যুক্তানন্দ | ৫২ |
| উপনিষদ সমগ্র–প্রাক্-কথন | কালিকানন্দ অবধূত | ৫৪ |
| প্রশ্ন উপনিষদ | পৃথ্বীরাজ সেন | ৫৮ |
| ঈশ উপনিষদ | রাম কৃষ্ণ তালুকদার | ৬২ |
| শ্রীশ্রীরামঠাকুর | অরুনাংশু হোর | ৬৮ |
| শ্রীমদ্ভগবদ্‌গীতা : গীতায় যজ্ঞ ভাবনা | শ্রীবিদ্যুৎ মজুমদার | ৭০ |
| মহাভারতের রবীন্দ্র মূল্যায়ণ | সুব্রত কুমার দাস | ৭৪ |
| দুর্গোৎসব ও প্রকৃতিপূজা | রেখা পাঠক | ৭৮ |
| ভগিনী নিবেদিতা ও স্বামীজির শেষবেলা | স্বামী দেবেন্দ্রানন্দ | ৮২ |
| দৈত্যরাজ বলি ও লক্ষ্মী | পূর্বা সেনগুপ্ত | ৮৪ |
| বাবা লোকনাথ | রূপন কান্তি দাশগুপ্ত | ৮৬ |
| গুরু ও শিষ্য | স্বামী নিগমানন্দ | ৮৮ |
| যুগধর্ম | ছন্দা দেবনাথ | ৯০ |
| স্মৃতির দর্পণে শারদীয় দুর্গোৎসব | কাঞ্চন কুমার পুরোহিত | ৯১ |
| আমরা মেয়েরা জেনে নিন ভাইফোঁটার আচার-অনুষ্ঠানের নানা দিক | দূর্বা বাগচী | ৯৩ |
| **কবিতাঙ্গন** | | |
| জানা অজানার সন্ধানে | পূরবী পাল | ৯৫ |
| আনন্দগান গা রে হৃদয় | ভাস্বতী ঘোষ সেনগুপ্ত | ৯৫ |
| উৎসব খেলা | অরুন দত্ত | ৯৬ |
| প্রাণের ঠাকুর বাবা লোকনাথ | মৃণাল কান্তি মজুমদার | ৯৬ |



**Publishers** : Bangladesh Canada Hindu Cultural Society
Bangladesh Canada Hindu Mandir
Toronto, Canada
16 Dohme Ave., Toronto, ON. M4B 1Y9
Phone: (416) 693-4444

**Published Date** : October 2022

**Cover** : Mahua
Phone : (416) 319-7345, Toronto, Canada

**Graphics & Printing** : **Sufala Printers**
49/4-A R K Mission Road
Dhaka-1203, Bangladesh
Cell: +880 1715 295843
Email: sufala.printers@gmail.com


বি: দ্র: এ সংখ্যায় প্রকাশিত প্রবন্ধ, অন্যান্য লেখা ও মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

কৃতজ্ঞতা স্বীকার: সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পেছনে যাঁরা আমাদের আর্থিক, কায়িক, নৈতিক এবং সার্বিক সমর্থন দিয়েছেন ও সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি জানাই কৃতজ্ঞতা।

PRIME MINISTER · PREMIER MINISTRE



October 1-4, 2022

Dear Friends:

I am pleased to extend my warmest greetings to everyone taking part in the Durga Puja festival hosted by Bangladesh Canada Hindu Cultural Society and Bangladesh Canada Hindu Mandir.

Durga Puja is a time to celebrate peace, hope and self-renewal. The past two years have been difficult as we protected one another from COVID-19, but this festival serves as a timely reminder of the ultimate triumph of light over darkness and invites us to remain optimistic in our daily lives. It is also a wonderful opportunity to recognize the tremendous contributions Canadians of the Hindu faith have made, and continue to make, to our country in all fields of endeavour. I am certain that festivalgoers will delight in the many performances, activities and exhibits planned for this vibrant showcase.

I would like to thank Bangladesh Canada Hindu Cultural Society and Bangladesh Canada Hindu Mandir for bringing this festival to the community and for its commitment to promoting cross-cultural exchange. Events such as this are a wonderful reminder that Canada is truly a multicultural nation, made stronger and more resilient by our diversity.

Please accept my best wishes for an enjoyable and memorable experience.

Sincerely,

The Rt. Hon. Justin P. J. Trudeau, P.C., M.P.
Prime Minister of Canada

Ontario

**Premier of Ontario - Premier ministre de l’Ontario**



October 1, 2022

## A MESSAGE FROM PREMIER DOUG FORD

I am delighted to extend warm greetings to everyone celebrating Durga Puja, one of the most important and anticipated festivals on the Hindu calendar.

On this special occasion, Hindu Canadians celebrate with music and joyful worship as they renew bonds with loved ones, reaffirm their faith, and rejoice in the victory of good over evil.

Ontario is proud to be home to a strong, vibrant Hindu community whose members have enriched our culture and contributed much to our success story.

I thank the creative and energetic team at Bangladesh Canada Hindu Cultural Society and Bangladesh Canada Hindu Mandir for their commitment to the spiritual and social well-being of Hindu Canadians.

As we work together to build a stronger province and economy, our diverse faith communities will play a vital role in helping us reconnect, re-engage and rebuild.

Have a blessed and joyous Durga Puja!

**Doug Ford**
**Premier**

CITY OF TORONTO



## Message from the Mayor

It is my pleasure to extend greetings and a warm welcome to everyone attending the Durga Puja hosted by the Bangladesh Canada Hindu Cultural Society and Bangladesh Canada Hindu Mandir.

Best wishes to everyone taking part in Durga Puja, one of the biggest and most important festivals in Bengali Hindu culture that commemorates good over evil. This event provides a wonderful opportunity to gather with family and friends as you celebrate the victory of the goddess Durga over evil. I am pleased that this event is taking place in our city.

Toronto is one of the world's most multicultural cities and home to people from all over the world. The valued contributions of multicultural communities strengthen our society and contribute to our city's motto "Diversity Our Strength".

Events like these celebrate the rich cultures and traditions that make our city so unique, and are essential to a prosperous, vital and livable Toronto.

On behalf of Toronto City Council, please accept my best wishes for a memorable event and continued success.

Yours truly,

John Tory
Mayor of Toronto

OFFICE OF THE MAYOR
100 QUEEN STREET WEST, TORONTO, ONTARIO, M5H 2N2

Nathaniel Erskine-Smith, M.P.
Beaches-East York



Dear Torontonians and visitors, October 2022

It is an honour to welcome you to Durga Puja - the Autumn Festival!

This event, hosted by the Bangladesh Canada Hindu Cultural Society and the Bangladesh Canada Hindu Mandir, aims to celebrate and promote Bengali Hindu heritage and culture and to bring devotees, families, and friends together to pay homage to Durga. I am pleased to send my congratulations and greetings to mark this special occasion.

I admire the work that the Bangladesh Canada Hindu Cultural Society and the Bangladesh Canada Hindu Mandir undertake in order to serve our South Asian communities here in Toronto and all over the GTA, including hosting valuable cultural events.

This annual Autumn Festival has required a tremendous amount of effort, organizing and hard work. On that note, I would like to thank the organizing team and the volunteers who ensure that such a wonderful event can take place. May Goddess Durga strengthen and bless you and your families with courage to fight all evils.

Please accept my best wishes on this festive occasion.

Sincerely,

**Constituency Office**
1902 Danforth Ave
Toronto, ON
M4C 1J4
416 467 0860

**House of Commons**
802 - Justice Bldg.
Ottawa, ON
K1A 0A6
613 992 2115

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২২ উপলক্ষে
## নির্বাহী কমিটির নিবেদন

**ওঁ সর্বমঙ্গল-মঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।**
**শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে ॥**
**সৃষ্টি-স্থিতি-বিনাশানাং শক্তিভূতে সনাতনি।**
**গুণাশ্রয়ে গুণময়ে নারায়ণি নমোঽস্তুতে ॥**

পূজা উৎসব সমাগত। আমরা শীতপ্রধান এই চার ঋতুর দেশে বসেও পূজার আমেজ ঠিক অনুভব করতে পারি। শরতের আকাশে সোনা রঙ, বাতাসে হীমের হাওয়া। প্রাণে যেন খুশির জোয়ার। দেবী বরণের সব আয়োজনও হবে সারা। প্রায় দু'বছরেরও বেশি সময় ধরে মানুষ যদিও কোভিড আতঙ্কে আতংকিত। নানাভাবে রূপ পরিবর্তন করার ফলে কোভিড-এর প্রকোপ কিছুমাত্র কম তো নয়ই বরং সাধারণ মানুষের মনে কোভিড ভয় ও আশংকা দিন দিন বেড়েই চলেছে। তবুও জগৎ সংসারে কোনোকিছুই থেমে নেই। "বাঁধন সে তো মায়া। যা কিছু ভয়, যা কিছু ক্ষয়, সে তো ছায়ার ছায়া। এসেছে শীত গাহিতে গীত বসন্তেরই জয়, যুগের পরে যুগান্তরে মরণ করে লয়।"

মানুষ জানে যে, সময়ের কাঁটা নিত্য চলে। তাই বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি এবং বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির, টরন্টো পূজা কমিটি প্রতিবছরের মতো বাংলা পঞ্জিকা মতে তিথি-নক্ষত্র মেনে এবছরও মায়ের পূজা আয়োজন করেছে। টরন্টো পাবলিক হেল্‌থের সমস্ত নীতি নিয়ম কোভিড প্রোটোকল মেনেই পূজা কমিটি দেবী দর্শণার্থীদের সকল সুরক্ষার দায়িত্ব নিতে উদ্যোগী হয়েছেন। এবছর দেবী দুর্গার মর্ত্যে আগমন গজে এবং কৈলাশে তার নৌকায় গমন। আমরা সনাতন শাস্ত্র অনুযায়ী গজে মায়ের মর্ত্যে আগমন শুভ, শান্তি, এবং নৌকায় কৈলাশে ফিরে যাওয়াও তেমনি জলবৃদ্ধি বা শস্য-শ্যামলে সমৃদ্ধ বসুন্ধরার প্রতীক মনে করি। প্রার্থনা করি– ভয়, আতঙ্ক, কোভিড অতিমারীর মতো জগতের সকল অশুভ শক্তির ক্ষয় ও যুদ্ধ সহিংসতার মতো হিংসা, অশান্তি দূর করতে আনন্দময়ী মা দেবী দুর্গা আসছেন। আমরা তাঁর আগমনে শ্রদ্ধা ও ভক্তিভরে স্বাগত জানাই– মা তুমি এসো সবার কল্যাণে।

মন্দিরের সকল ভক্তবৃন্দ, দর্শক, কর্মী ও স্বেচ্ছাসেবক– সেবিকাদের আন্তরিক ধন্যবাদ ও শারদীয় শুভেচ্ছা জানাই।

বিনীত
নির্বাহী কমিটি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY & BANGLADESH CANADA HINDU MANDIR TORONTO, CANADA

## শারদীয় দুর্গাপূজা ২০২২ উপলক্ষে
## সম্পাদকের নিবেদন

বাঙালি হিন্দুর সবচেয়ে বেশি আনন্দের উৎসব দুর্গাপূজা। এসময়ে আনন্দে ভরে ওঠে সনাতন বাঙালির গৃহকোণ আর সেই সঙ্গে আত্মীয় স্বজনের হৃদয় ও মন। পাঁচদিন ধরে পূজার ঢাক, বাঁশি, বিভিন্ন বাদ্যযন্ত্র সহযোগে গান-বাজনার আয়োজনে আনন্দের আবহ তৈরি হয়। পূজা উপলক্ষে শিল্প, সাহিত্য ও সঙ্গীতে নতুন অনেক কিছুর সৃষ্টি হয়। বিশেষ করে বিভিন্ন পত্র-পত্রিকা খ্যাতিমান এবং নবীন কবি, লেখকদের বৈচিত্র্যময় লেখা নিয়ে পূজা সংখ্যা প্রকাশ করে যা বাংলা সাহিত্যের এক প্রধান আকর্ষণ। প্রসঙ্গক্রমে ভারতীয় বাঙালির সবচেয়ে পুরোনো ও ঐতিহ্যবাহী 'দেশ' পত্রিকার কথা উল্লেখ করতে হয় যেখানে বিখ্যাত কবি, লেখকদের উল্লেখযোগ্য সৃষ্টি পূজা সংখ্যায় বহু বছর ধরে প্রকাশিত হয়ে আসছে।

টরন্টোর 'বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি' ও মন্দির থেকে প্রতিবছর 'চিন্ময়ী' নামে পূজা সংখ্যা প্রকাশ করে আসছে। প্রবাসী বাঙালিরা টরন্টোসহ কানাডার বিভিন্ন শহর থেকে 'চিন্ময়ী'র জন্য নতুন গল্প, কবিতা, প্রবন্ধ ইত্যাদি পাঠিয়ে থাকেন। কমিটির পূর্ব নির্ধারিত সময়সীমার মধ্যে লেখাগুলো সংগ্রহ করে বাংলাদেশে পাঠানো, মুদ্রিত কপিসমূহ মেইলে সংগ্রহ করে লেখক ও পাঠকের হাতে পৌঁছে দেয়া সহজ কাজ নয়। ফলে বিশেষ কোনো বিষয়ের ওপর বেশ ভালো লেখা আমাদের হাতে পৌঁছলেও, সব লেখা 'চিন্ময়ী'তে প্রকাশ করা সম্ভব হয়ে ওঠে না। আমার বিশ্বাস 'চিন্ময়ী'র এই অনিচ্ছাকৃত সীমাবদ্ধতাকে ক্ষমা করে এবং মেনে নিয়েই লেখক, পাঠক ও ভক্তরা তাঁদের সেরা লেখাগুলো পাঠিয়ে আমাদের সঙ্গে থাকেন। আমরাও আন্তরিকতা এবং যত্নের সাথে 'চিন্ময়ী'কে সুন্দর করে সাজাতে চেষ্টা করি। মন্দিরের সদস্যবৃন্দ এবং ভক্ত যারা মন্দির তহবিলে নিয়মিত দান-অনুদান প্রদান করেন, তাদের ভালোবাসা ও পৃষ্ঠপোষকতা 'চিন্ময়ী'র প্রকাশকে সুগম করেছে।

বর্তমান বিশ্বে যুদ্ধ ও অশান্তির কারণে আধুনিক সভ্যতার যে সংকট দেখা দিয়েছে, তার থেকে মুক্তির আশায় বিশ্বের বহু মনীষী ভারতীয় ধর্মশাস্ত্র, সভ্যতা ও সংস্কৃতির মধ্যে পথ সন্ধান করছেন। এ কারণে আমাদের ধর্ম ও শাস্ত্রগ্রন্থের প্রতি মানুষের আগ্রহ দিন দিন বাড়ছে। এতে রয়েছে জ্ঞান, কর্ম, ভক্তি ও প্রেমের দ্বারা পরিপূর্ণ জীবনের কথা। 'চিন্ময়ী' কোনো সাহিত্য পত্রিকা অথবা ধর্মপুস্তক নয়, তবে প্রকাশের ক্ষেত্রে হিন্দুধর্ম ও শাস্ত্রগ্রন্থে বর্ণিত উন্নত জীবনবোধের নীতি অনুসরণ করে থাকে।

প্রকাশনার সকল সীমাবদ্ধতাকে স্বীকার করেই, পূজা ও প্রকাশনা কমিটির পক্ষ থেকে আনন্দময়ী মা দুর্গার কাছে প্রার্থনা– সবার মঙ্গল হোক, সকলের ওপর মায়ের আশীর্বাদ বর্ষিত হোক।

বিনীত
সম্পাদক
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির
টরন্টো, কানাডা

# DURGA PUJA – 2022 SUB COMMITTEES

**CO-ORDINATING SUB-COMMITTEE**
1 Ajoy Das
2 Anil Nath
3 Ashoke Debnath
4 Bijit Roy
5 Nirmal Kar
6 Rajat Paul
7 Sabyasachi Choudhury (Jishu)
8 Shebu Choudary
9 Shubhash Roy

**PUJA MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Dilip Saha
1 Ajoy Banik
2 Anita Sarkar
3 Gouri Dey
4 Ira Datta
5 Jhantu Debnath
6 Miton Parial
7 Nabonita Choudhury
8 Niranjan Kumar Mandal
9 Nirmal Kar
10 Rajat Paul
11 Shyamal Bhattacharjee
12 Shyamoli Deb
13 Sukla Debnath
14 Tarun Chakraborty

**PRASHAD MANAGEMENT SUB-COMMITTEE**
Convenor : Sujit Das (Subodh)
1 Aloke Das
2 Amit Vhadra
3 Anil Nath
4 Apu Das
5 Ashoke Dutta
6 Bidduyt
7 Bijit Lal Roy
8 Bishu
9 Chapal Routh
10 Debasis Kunda
11 Kazal Roy
12 Litton Roy
13 Mayna Das
14 Mrithunjoy Saha (Pappu)
15 Nandu Das
16 Nirmal Debnath (Jhantu)
17 Gokul Biswas
18 Nakul Dey
19 Pablu Das
20 Pulok Dutta (Ashit)
21 Ramapada Paul (Mintu)
22 Ramanuj Bhowmik
23 Rajat Paul
24 Rajesh Pramanik
25 Sabyasachi Choudhury (Jishu)
26 Sajal Deb
27 Samir Lal Datta
28 Shebu Choudary
29 Shubhash Roy
30 Sujit Das
31 Tinku Das
32 Tublu Das
33 Uttam Roy
34 Vaskar Roy

**BHOG AND RITUAL SUB-COMMITTEE**
Convenor : Dipika Ghose
1 Anita Sarkar
2 Biva Roy
3 Borna Dutta
4 Chapala Nath
5 Gouri Dey
6 Ira Dutta
7 Krishna Dey
8 Nabonita Choudhury
9 Namita Paul
10 Rima Datta
11 Sanchita Roy
12 Shukla Nath
13 Subana Das

**CULTURAL PROGRAM SUB-COMMITTEE**
Convenor : Imon Das
1 Asis Das
2 Chayan Das
3 Debasis Deb Chowdhury
4 Himangshu Sarkar (Tinku)
5 Nakul Dey
6 Paromita Sen Tinnie
7 Shebu Choudary
8 Shubhash Roy

**DECORATION (STAGE/PROTIMA) SUB-COMMITTEE**
Convenor : Anil Nath
1 Bikash Ghose
2 Himangshu Sarkar (Tinku)
3 Imon Das
4 Nirmal (Jhantu)Debnath
5 Paromita Sen Tinnie
6 Pulok Dutta
7 Rajesh Pramanik
8 Shaymoli Deb
9 Shukla Debnath

**PUBLICATION SUB-COMMITTEE**
Convenor : Seema Das
1 Ashis Das
2 Barendra Sanyal
3 Bimal Chowdhury
4 Biswajit Mitra
5 Debashish Deb Chowdhury
6 Mrithunjoy Saha (Pappu)
7 Nirmal Kar

**FINANCE SUB-COMMITTEE**
Convenor : Palak Datta
1 Ajoy Das
2 Anup Roy
3 Biswajit Datta
4 Biswajit Mitra
5 Debashish Deb Chowdhury
6 Dilip K. Halder
7 Dilip Saha
8 Gopesh Chandra Saha
9 Niranjan Kumar Mandal
10 Nirjhendu Skekhar Mitra (Bhulon)
11 Sabyasachi Choudhury (Jishu)
12 Shuvo Banik

# দেবীমাহাত্ম্যের বিবর্তন

সুমন ধর

**দেবীদুর্গা : 'কন্যা' ও 'জননী'**
দুয়ারে দুর্গোৎসব। ভক্তকূল মেতে উঠতে যাচ্ছেন দেবীবন্দনায়। বলা হয় সার্বজনীন দুর্গাপূজা। আবার বলা হয় শারদীয় দুর্গোৎসব। মূল কথা মাতৃ-আরাধনা। কিন্তু সাধক-কবিদের চিন্তায় মায়ের দুটি রূপ ধরা পড়েছে। তিনি একাধারে মাতা। আবার একই সাথে কন্যা। ললিত রাগাশ্রিত রামপ্রসাদী আগমনী গানে উমা ঘরের মেয়ে।

> তনয়া পরের ধন, বুঝিয়া না বুঝে মন
> হায় হায় এ কি বিড়ম্বনা বিধাতার। [রামপ্রসাদ, পৃ. ৩৪৭]

আবার তিনি জননীও বটে। সেই রামপ্রসাদী ভাবেই তিনি কেমন জননী হয়ে উঠছে, এই গানটিতে দেখুন।

> কবি রামপ্রসাদ দাসে, মনে মনে কত হাসে,
> ভাসে মহা আনন্দ সাগরে।
> জননীর আগমনে, উল্লসিত জগজ্জনে,
> দিবানিশি নাহি জানে, আনন্দ পারবে। [রামপ্রসাদ, পৃ. ৩৪৬]

প্রথম গানে কবিরঞ্জন বলছেন, 'তনয়া পরের ধন, বুঝিয়া না বুঝে মন'। মানে মেয়েকে পরের ঘরে দিতে হবে, কিন্তু পিতার মন মানে না। আবার পরের গানে বলছেন, 'জননীর আগমনে, উল্লসিত জগজ্জনে'। ঘরে মা এসেছে, আমরা আনন্দিত। তার মানে, দেবী একইসাথে কন্যারূপে ও জননীরূপে ভক্তহৃদয়ে আসীন। তিনি একইসাথে ঘরের মেয়ে। প্রতিবছর পুত্রকন্যাসহ পিত্রালয়ে আসেন। আবার একইসাথে তিনি জগৎজননী। ভক্তের ত্রিতাপজ্বালা জুড়াতে আসেন। একইসাথে তিনি কন্যারূপে একান্ত আপন। আবার জননীরূপে তিনিই আশ্রয়দাত্রী।

ভক্তের বাৎসল্য আর সাধকের সমর্পণের কি অদ্ভুত মেলবন্ধন!

**পণ্ডিতদের মতে, প্রাগৌতিহাসিক যুগের কৃষিভিত্তিক সমাজে শস্য উৎপাদনের জন্যে পৃথ্বীদেবীর পূজা প্রচলিত। আজকের নবপত্রিকা তারই স্মৃতিবহনকারী অনুসঙ্গ।**

প্রশ্ন হচ্ছে, এটাই কি দেবীপ্রতিমার মাঝে একমাত্র ভাব-সম্মিলন? নাকি সময়ের পথ বেয়ে দুর্গাপ্রতিমার মাঝে মিশে গেছে আরও কিছু ভাবাদর্শন? আর যদি তাই হয়, তাহলে সেসবের আলোকে দেবীমাহাত্ম্যের স্বরূপটি আসলে কেমন? সেই প্রশ্নের উত্তরই আমরা খুঁজবো আজকে। কিছুটা ইতিহাস, কিছুটা শাস্ত্র আর কিছুটা নৃবিজ্ঞানের আলোকে।

সঙ্গত কারণেই তন্ত্রসাধনার প্রসঙ্গটি আমরা আলোচনার বাইরে রাখবো। কারণ গুহ্যশাস্ত্র হিসেবে প্রকৃত দীক্ষিত ছাড়া আর কারও কাছে এর প্রকাশ নিষিদ্ধ। এবিষয়ে জ্ঞানীগণ কুলার্ণব তন্ত্রের উল্লেখ করেন, যেখানে স্পষ্ট বলা আছে : 'আপন প্রাণ দেবে, কিন্তু কারও কাছে গুহ্যশাস্ত্র প্রকাশ করবে না।' [সুধির সরকার, পৃ. ১৯২]

**দেবীরূপের ধারা-পরম্পরা : শাকম্ভরী, শস্যদেবী, কুলবৃক্ষ**
সর্বাপেক্ষা প্রাচীন শাস্ত্র ঋগ্বেদে দুর্গার উল্লেখ নেই। ঋগ্বেদের রাত্রি-সূক্ততে দুর্গার উল্লেখ আছে। বৈদিক দেবতার ব্যাখ্যা গ্রন্থ 'বৃহদ্দেবতা'তে (২/৭৮, ৭৯) বলা হয়েছে অদিতি, বাক, সরস্বতী এবং দুর্গা অভিন্ন। [স্বামী দিব্যানন্দ, পৃ. ২০৬]

কিন্তু প্রশ্ন হচ্ছে, ভারতীয় সভ্যতার আদি সূত্র হিসেবে কৃষিভিত্তিক সমাজব্যবস্থার কোনো ছাপ কি দুর্গাপ্রতিমায় থেকে গেছে? এবং তার কোনো স্বাক্ষর-চিহ্ন কি শাস্ত্রাদিতে পাওয়া যায়?

দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় তাঁর 'লোকায়ত দর্শন' নামক আকর-গ্রন্থে মার্কণ্ডেয় পুরাণ (৯২, ৪৩-৪) উদ্ধৃত করছেন। সেখানে দেবী স্ব-মুখে বলছেন,

> ততোংহমখিলং লোকমাত্মদেহসমূদ্ভবৈঃ
> ভবিন্যামি স্বরা; শাকৈরাবৃষ্টে প্রাণধারকৈঃ ॥
> শানন্তরীতি বিখ্যাতিং তদা যাস্যাম্যহং ভুবি।

অর্থাৎ, অনন্তর বর্ষাকালে নিজদেহ সমুদ্ভূত প্রাণধারক শাকের সাহায্যে আমি সারা জগতের পুষ্টি সরবরাহ করবো। তখন আমি জগতে 'শাকম্ভরী' নামে বিখ্যাত হবো। [দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, পৃ. ৩৫৬]

এখানে এসেই কৃষিভিত্তিক সমাজের সাথে দেবীদুর্গা'র সংযুক্তি-সূত্রের শুরু। এবং এ বিষয়ে আমাদের আরেক পথপ্রদর্শক শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ। তিনি তাঁর The Indo-Arzan Races: A Study of The Origin of Indo-Aryan People and Institutions বইতে এ নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন।

প্রথমতঃ পাঠক, 'শাকম্ভরী' নামটা খেয়াল করবেন। এবিষয়ে শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ তিনি আমাদের জানাচ্ছেন যে, শাকম্ভরী বলেই দুর্গা হলেন 'অন্নদা' (যিনি অন্ন দেন)। তাই দেবীদুর্গার আরেক নাম 'অন্নপূর্ণা'। জননী রূপকল্পনায় নামটির তাৎপর্য অনেক। শাকম্ভরী দেবীর আলোচনার সূত্র ধরে এটা সহজেই বোঝা যায় যে, ওই ধারাপরম্পরাতেই দেবী অন্নপূর্ণা অভিধায় ভূষিতা হয়েছেন। [রমাপ্রসাদ চন্দ, পৃ. ১৩৪]

দ্বিতীয়তঃ ফসলের সাথে দেবীদুর্গা'র যোগাযোগের আরেকটি সূত্র কৌটিল্যের অর্থশাস্ত্র। শ্রীযুক্ত চন্দ বলছেন, কৌটিল্যের অর্থশাস্ত্রে (২.২৪) শস্যক্ষেত্রে বীজ রোপণের মন্ত্র-প্রসঙ্গে যে দেবীর উল্লেখ করা হয়েছে সেই প্রাচীন শস্যদেবীকে আজকের দুর্গারই অনুরূপ মনে করা যেতে পারে। শ্রীযুক্ত চন্দের ভাষায়,

"The Devi named in a sacred formula (mantra) quoted by Kautilya in connection of sowing seeds in his Arthasastra is probably the prototype of Durga as corn spirit." [রমাপ্রসাদ চন্দ, পৃ. ১৩৩]

তৃতীয়তঃ দেবীমাহাত্ম্যের সঙ্গে উদ্ভিদ-জগতের সম্পর্ক যে কতো ঘনিষ্ঠ তার আরো একটি নিদর্শন হাজির করেন শ্রীযুক্ত চন্দ। 'তারা-

রহস্য-বৃত্তিকা'র ১ম পটল উল্লেখ করে তিনি বলেন, একজন শাক্ত ঘুম থেকে উঠে প্রথমেই 'ওম কুলবৃক্ষায় নমোঃ' বলে নিজেদের কুলবৃক্ষকে প্রণাম করে। মারাঠাদের মাঝে আজও এই বৃক্ষ-উপাসনা দেখা যায়। প্রাচীন কৃষিসমাজের গোত্রপ্রতীক হিসেবে এই কুলবৃক্ষ পূজাকে দেখছেন তিনি। [রমাপ্রসাদ চন্দ, পৃ. ১৩৪-১৩৬]

**নবপত্রিকা'র রূপকের গভীরে কৃষিজ ঐতিহ্য**

দুর্গাপূজার একটি প্রধান অঙ্গ হলো নবপত্রিকার পূজা। জন-মানসে যা 'গণেশের স্ত্রী' বা 'কলাবউ' নামে পরিচিত, সেটাই নবপত্রিকা। পণ্ডিতদের মতে, প্রাগৈতিহাসিক যুগের কৃষিভিত্তিক সমাজে শস্য উৎপাদনের জন্যে পৃথ্বীদেবীর পূজা প্রচলিত। আজকের নবপত্রিকা তারই স্মৃতিবহনকারী অনুসঙ্গ। [স্বামী দিব্যানন্দ, পৃ. ২০৯]

একটু তলিয়ে দেখলে, নবপত্রিকা মূলতঃ প্রতীকোপাসনা। এর প্রতিটি উপাদান একেকজন অধিষ্ঠাত্রী দেবীর প্রতীক।

১) কলা; অধিষ্ঠাত্রী দেবী : ব্রহ্মাণী
২) কচু; অধিষ্ঠাত্রী দেবী : কালী
৩) হলুদ; অধিষ্ঠাত্রী দেবী : দুর্গা
৪) জয়ন্তী; অধিষ্ঠাত্রী দেবী : কার্তিকী
৫) বেল; অধিষ্ঠাত্রী দেবী : শিবা
৬) ডালিম; অধিষ্ঠাত্রী দেবী : রক্তদন্তিকা
৭) অশোক; অধিষ্ঠাত্রী দেবী : শোকরহিতা
৮) মানকচু; অধিষ্ঠাত্রী দেবী : চামুণ্ডা
৯) ধান; অধিষ্ঠাত্রী দেবী : লক্ষ্মী

সমবেতভাবে নবপত্রিকা'র অধিষ্ঠাত্রী দেবী দুর্গা। [স্বামী দিব্যানন্দ, পৃ. ২০৯]

প্রশ্ন আসতে পারে, সুপ্রাচীন কৃষি-ঐতিহ্যের এইসব অনুসঙ্গ দেবীদুর্গার প্রতিমা-কল্পে থেকে গেল কেন? অন্য দেবতাদের মাঝেও তো থাকতে পারতো। এখানে আমাদের মৌলিক সত্যটি জানাচ্ছেন দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়। তিনি বলছেন,

"কৃষিজীবনের সঙ্গে এই দেবী-রহস্যের যোগাযোগ। এবং, আমাদের যুক্তি অনুসারে, সে-যোগাযোগের কারণ এই নয় যে, কৃষিকাজের শান্ত পরিস্থিতিতে স্বভাব-কোমলাদের পক্ষে প্রধান হয়ে ওঠা সম্ভব বা স্বাভাবিক; তার বদলে আসল কারণ এই যে, কৃষিকাজ মেয়েদের আবিষ্কার।" [দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, পৃ. ৩৬৯]

শাস্ত্র আর নৃতাত্ত্বিক যুক্তিপারম্পর্যে মোটামুটিভাবে বলা যায়, এই কৃষিজ অনুষঙ্গের মাঝেই লুকিয়ে আছে দেবীদুর্গার জননী-রূপকল্পটির আভাস।

**উমা : পর্বত-কন্যা, নাকি পর্বত-বাসিনী দেবী**

দেবীদুর্গা'র কন্যা-রূপের নাম– উমা। তাহলে এই নামের অর্থ দিয়ে আলোচনা শুরু করা যেতে পারে। কিন্তু প্রাথমিক সমস্যা এই যে, অভিধানে উমা শব্দের স্পষ্ট কোনো প্রকৃতি-প্রত্যয়াদি মেলে না। তাহলে উমা শব্দের অর্থ কী?

অধ্যাপক শশিভূষণ দাশগুপ্তের ভাষায়, "কতকগুলি ব্যাখ্যা দেওয়া হয়, তাহার অধিকাংশই মনগড়া। কেহ কেহ বলিয়াছেন, 'উ' শব্দের অর্থ শিব, আর 'মা' শব্দের অর্থ শ্রী; শিবের শ্রী এই অর্থে পার্বতী হইলেন উমা। আবার 'মা' শব্দের অর্থ 'মননকারী'ও করা হইয়াছে; যিনি শিবকে (পতিরূপে) ধ্যান করেন তিনি উমা। 'মা' শব্দের 'পরিমাণ করা' অর্থও লওয়া যাইতে পারে; শিবের যিনি পরিমাপক অর্থাৎ যাঁহার ভিতর দিয়া অপরিমেয় শিব সৃষ্টি-প্রপঞ্চ রূপে পরিমিত হন সেই শক্তিরূপিণীই হইলেন উমা।" [শশিভূষণ দাশগুপ্ত, পৃষ্ঠা-২৬]

তাহলে একমাত্র উপায় শাস্ত্রের শব্দপ্রমাণ।

স্পষ্টভাবে 'উমা' শব্দের উল্লেখ পাওয়া যায় 'কেন' উপনিষদে (৩/১-১২, ৪/১)। ইন্দ্রের সম্মুখে দেবী হৈমবতী উমারূপে আবির্ভূত হয়েছিলেন। তখন পারিপার্শ্বিক অবস্থা কেমন ছিল, সেই উপাখ্যানটি সংক্ষেপে বুঝে নিলে আমাদের দিশা ঠিক হবে।

দেবাসুর যুদ্ধে ব্রহ্মই দেবতাগণের জন্য বিজয় লাভ করলেন। কিন্তু দেবতাগণ এই বিজয়ের মধ্যে সর্বশক্তিমান ব্রহ্মের মহিমা উপলব্ধি করতে পারলেন না। তাঁরা 'আমাদেরই এই বিজয়' বলে নিজেদেরকেই মহিমান্বিত ভাবতে লাগলেন। ব্রহ্ম দেবতাদেরকে শিক্ষা দেবার জন্য তাঁদের সম্মুখে আবির্ভূত হলে, তাঁরা তাঁকে চিনতে পারলেন না। প্রথমে অগ্নিকে তাঁর কাছে পাঠালেন, এই যক্ষ কে তা জেনে আসতে। অগ্নি যক্ষের কাছে এসে গর্বভরে আত্মপরিচয় দিয়ে বললেন যে তিনিই জাতবেদা অগ্নি। যক্ষ তাঁর সামনে একটি তৃণ রেখে তা পোড়াতে বললেন। অগ্নি শত চেষ্টা করেও তাতে সমর্থ হলেন না। বায়ুও স্বগর্বে যক্ষের সমীপবর্তী হয়ে অশেষ চেষ্টা করেও এক গুচ্ছ তৃণ উড়াতে পারলেন না। সর্বশেষ নিরহংকার ইন্দ্রের নিকট উমারূপিণী ব্রহ্মবিদ্যার আবির্ভাব হলো। [শশিভূষণ দাশগুপ্ত, পৃ. ৩৫]

দার্শনিক দৃষ্টিতে এই উমা ব্রহ্মবিদ্যা-রূপিণী। কারণ তিনিই দেবতাগণকে ব্রহ্মজ্ঞান দান করেছেন। এই ব্রহ্মবিদ্যাই ব্রহ্মজ্যোতিরূপিণী আদিশক্তি– প্রথম জ্যোতিরূপা। তাই তিনি সুবর্ণকান্তি– তিনি হৈমবতী। এ প্রেক্ষিতে শ্রীশশিভূষণ দাশগুপ্তের অভিমত নিম্নরূপ–

"শক্তিরূপিণী উমাই প্রথমে ব্রহ্মের শক্তি ও মহিমা বর্ণনা করিয়াছেন– ইহাই সুন্দর এবং স্বাভাবিক হইয়াছে। এই দার্শনিক দৃষ্টি অস্বীকার না করিয়া একটা ঐতিহাসিক দৃষ্টিতেও আমরা উপাখ্যানটিকে বিচার করিতে পারি। এই ঐতিহাসিক দৃষ্টিতে প্রথমেই বড় করিয়া চোখে পড়ে এই প্রসঙ্গটিতে উমা কথাটির ব্যবহার। উমা এখানে বিশেষ কোনও ব্যুৎপত্তিগত দার্শনিক অর্থে ব্যবহৃত হইয়াছে বলিয়া মনে হয় না; উমা এখানে নানাভরণ-অলঙ্কৃতা শোভমানা নারীরূপে বিরাজিতা– ইহা স্পষ্টতঃ দেবীর নামরূপে ব্যবহৃত। এই নামটি এখানে কোনো প্রকার ভূমিকা বা ভণিতাবর্জিতভাবে এমন সহজে ব্যবহৃত হইয়াছে যে, মনে হয়, এই উপনিষৎকারের নিকট এই নামটি একটি বিশিষ্ট দেবীর নামরূপে সুপ্রসিদ্ধ ছিল। অথচ ইহাও লক্ষ্য করিতে হইবে, এই 'কেন'-উপনিষদের পূর্বে কোনো গ্রন্থেই আমরা আর এই উমা কথাটির উল্লেখ পাই নাই। দ্বিতীয়তঃ, এই প্রসঙ্গে 'হৈমবতী' শব্দটির ব্যবহারও বিশেষ করিয়া লক্ষ্য করিতে হইবে। হেমকান্তি জ্ঞানের সহিত যুক্ত বলিয়াও কেমন দেবী হৈমবতী হইতে পারেন, আবার হিমবৎ পর্বতের কন্যা বলিয়াও তিনি হৈমবতী হইতে পারেন। উমা শব্দে এখানে যখন নামই বুঝাইতেছে, তখন হৈমবতী শব্দের দ্বারা এখানে হিমালয়-পর্বতের সহিত উমার যোগের ইঙ্গিত বোঝানই স্বাভাবিক। তাহা হইলে আমরা এখানে এইটুকু অবগত হইতে পারি যে, 'কেন'-উপনিষৎকার যখন আবির্ভূত হইয়াছিলেন তখন হিমবৎ-পর্বতের কন্যা উমার একটি বিশিষ্টা দেবীরূপে প্রসিদ্ধি ছিল।" [শশিভূষণ দাশগুপ্ত, পৃ. ৩৫-৩৬]

এ বিষয়ে অধ্যাপক জিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের অভিমতটিও উল্লেখ করার মতো। তিনি বলছেন, "দেবীর পাহাড় পর্বতের সহিত সংযোগ তাঁহার উমা রূপের একটি বিশেষণ হইতে বহুপূর্বকালে স্পষ্টতর হইয়াছিল। উমার প্রথম উল্লেখ আমরা কেন-উপনিষদে পাই, এবং সেখানে (৩,২৫) তিনি হৈমবতী (হিমবতের কন্যা) বলিয়া বর্ণিত হইয়াছেন। তাঁহার এ পরিচয় খুবই স্বাভাবিক, কারণ শতরুদ্রীয়ে রুদ্র গিরীশ ও গিরিত্র নামাদির দ্বারা অভিহিত। বলা বাহুল্য যে কেন-উপনিষদে প্রাপ্ত উমার এই বিশেষণ পৌরাণিক যুগে তাঁহার গিরিরাজ হিমালয়ের কন্যারূপ পরিচয় এবং তদাশ্রয়ী কিংবদন্তীসূহের উৎস। এই উপনিষদে নির্দিষ্ট উমার প্রকৃত বৈশিষ্ট্য এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। এখানে তিনি রুদ্রপত্নী বলিয়া প্রত্যক্ষভাবে বর্ণিত হন নাই; তিনি অগ্নি, বায়ু, ইন্দ্রাদি বৈদিক দেবতাদিগের অপেক্ষা অধিকতর শক্তিশালিনী ব্রহ্মবিদ্যারূপিণী দেবী রূপে নির্দিষ্ট হইয়াছেন।" [জিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, পৃ. ২২৭]

এ প্রসঙ্গে যদি পার্বতী নামটির দিকে লক্ষ্য করি তাহলে দেখবো যে, পার্বতী শব্দটিকে আমরা পর্বততনয়া অর্থেই বর্তমানে গ্রহণ করে থাকি। কিন্তু মূলে শব্দটির এ অর্থ ছিল না। শ্রীশশিভূষণ দাশগুপ্তের ভাষ্যে,

"পার্বতী শব্দটিকে আমরা পর্বততনয়া এই অর্থেই বর্তমানে গ্রহণ করিয়া থাকি। মূলে শব্দটির এই অর্থ ছিল না। পর্বত-সম্বন্ধীয়া এই অর্থে শব্দটির ব্যবহার বেদে পাওয়া যায়। 'শতপথ-ব্রাহ্মণে' পর্বত-স্বরূপা এই অর্থে পার্বতী ও পর্বতপুত্রী এই অর্থে পার্বতেয়ী শব্দের ব্যবহার দেখিতে পাই (১/৫/১৫, ১৭)। সাংখ্যায়ণ-ব্রাহ্মণে পর্বত-পুত্র এই অর্থে দক্ষকেই 'পার্বতী' বলা হইয়াছে (৪/৪)। তাহা হইলে দেখা যাইতেছে পর্বতে আছে বা পর্বত-সম্বন্ধীয় এই অর্থ হইতেই পরে পর্বত-পুত্র বা পর্বত-কন্যা এই অর্থের বহুল প্রচার দেখা দিয়াছে। আমরা পরে দেখিতে পাইবো, মার্কণ্ডেয় চণ্ডীতে যেখানে চণ্ডীকে পার্বতী বলা হইয়াছে সেখানে পার্বতী পর্বত-কন্যা নহেন, পর্বতস্থিতা বা পর্বতবাসিনী। এ-তথ্যগুলির উল্লেখ করিতেছি এইজন্য যে, আমাদের দেবী পার্বতীও হয়তো মূলে পর্বত-কন্যা পার্বতী নহেন, তিনি পর্বতাধিষ্ঠাত্রী দেবী বা পর্বতবাসিনী দেবী বলিয়া পার্বতী।" [শশিভূষণ দাশগুপ্ত, পৃ. ২৮]

তবে উমা বিষয়ক আলোচনা থেকে কয়েকটি তথ্যের দিকে বিশেষভাবে দৃষ্টিপাত করা যেতে পারে।

১) প্রথমেই খেয়াল করতে পারি, উমা শৈলসূতা। তাঁহার অপর নাম পার্বতী বা গিরিজা। তাঁকে মুখ্যতঃ পর্বতের সঙ্গেই যুক্ত করে। আরও তলিয়ে দেখলে বুঝতে পারি, এই দেবী হয় কৈলাসবাসিনী, না হয় মন্দরবাসিনী, না হয় বিন্ধ্যবাসিনী। প্রতিটি ক্ষেত্রেই পর্বতের সঙ্গে তাঁর সম্বন্ধ।

২) দ্বিতীয় আর একটি জিনিস লক্ষ করিতে পারি, এই উমা বা পার্বতী দেবী সিংহবাহনা। পার্বত্য দেবীর সিংহকে বাহনরূপে গ্রহণ করার ভিতরেও বেশ একটি রূপকল্পজনিত সঙ্গতি রয়েছে। এই সিংহবাহিনী শৈলসূতা উমা দেবী বা পার্বতীই ভারতবর্ষের শক্তিদেবীর প্রাচীন রূপ বলে মনে হয়। পরবর্তীকালে এই দেবীর সাথেই বিভিন্ন দেবীগণ মিলেমিশে একটি সর্বরূপা মহেশ্বরী দেবীর সৃষ্টি হয়েছে।

৩) 'কেন'-উপনিষদের সময়কালেই হিমবৎ-পর্বতের কন্যা উমার একটি বিশিষ্টা দেবীরূপে প্রসিদ্ধি ছিল। [শশিভূষণ দাশগুপ্ত, পৃ. ৩৫-৩৯]

৪) হিমবতের কন্যা 'হৈমবতী' অগ্নি, বায়ু, ইন্দ্রাদি বৈদিক দেবতাদিগের অপেক্ষা অধিকতর শক্তিশালিনী ব্রহ্মবিদ্যারূপিণী দেবী রূপে বর্ণিত হয়েছেন। [জিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, পৃ. ২২৭]

এখানে এসেই বোঝা গেল জগতজননী হয়েও মা কিভাবে শাস্ত্রোক্ত 'প্যারালাল ন্যারেটিভ' এর কারণে আমাদের ঘরের মেয়ে 'উমা' হিসেবে ভক্ত-মানসে ঠাঁই পেল।

**উপসংহার :**

কন্যা 'উমা' হোক, বা জননীরূপে মা অন্নপূর্ণা হোক– মাতৃ-উপাসনার ক্ষেত্রে উপমহাদেশীয় প্রেক্ষাপটে আমাদের, মানে বাঙালিদের, অবস্থান কি– সেটা জেনেই আলোচনা শেষ করা যেতে পারে।

এই প্রশ্নের উত্তরে গবেষক বলছেন, "শাক্ত ধর্মমত ও সাধনা নানাভাবে এখনও ভারতবর্ষের প্রায় সব অঞ্চলেই অল্পবিস্তর দেখা যায় বটে, কিন্তু যেটুকু তথ্য আমার অধিগত হইয়াছে তাহাতে মনে হইয়াছে, এই সাধনা বাংলাদেশে যেরূপ জীবন্ত হইয়া উঠিয়াছে, এমন অন্যত্র কোথাও নহে; এবং প্রকারে ও পরিমাণে বাংলাদেশে যে শাক্ত সাহিত্য গড়িয়া উঠিয়াছে, তাহাও অন্যত্র কোথাও পাওয়া যায় না।" [শশিভূষণ দাশগুপ্ত, পৃ. নিবেদন অংশ]

তাই আসুন ঋষি অরবিন্দের সাথে কণ্ঠ মিলিয়ে আমরাও আজ দেবীদুর্গার কাছে প্রার্থনা জানাই :

"মাতঃদুর্গে! তোমার সন্তান আমরা, তোমার প্রসাদে তোমার প্রভাবে মহৎ কার্যের মহৎ ভাবের উপযুক্ত হই। বিনাশ করো ক্ষুদ্রতা, বিনাশ করো স্বার্থ, বিনাশ করো ভয়।" ❑

**তথ্যসূত্র :**

রামপ্রসাদ, শ্রীযোগীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ৪র্থ সংস্করণ, কলিকাতা, ১৩২৪ বঙ্গাব্দ, পৃ. ৩৪৬-৩৪৭।

পৌরাণিক অভিধান, সুধির চন্দ্র সরকার, বঙ্গাব্দ ১৪১৮, এম সি সরকার অ্যান্ড সন্স প্রা. লি., কলকাতা, পৃ. ১৯২।

শ্রীঅরবিন্দের মূল বাংলা রচনাবলী, শ্রীঅরবিন্দ, নালন্দাপ্রেস, কলিকাতা-৬, ১৯৬৯ খ্রীষ্টাব্দ, পৃ. ৪।

দুর্গাপূজার দু-এক কথা, স্বামী দিব্যানন্দ, নিবোধত (শ্রীসারদা মঠের মুখপত্র), ২৮ বর্ষ, ৩য় সংখ্যা, সেপ্টেম্বর-অক্টোবর, সম্পাদিকা : প্রব্রাজিকা বেদান্তপ্রাণা, ২০১৪, পৃ. ২০৫-২১১।

লোকায়ত দর্শন, দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, নিউ এজ পাবলিশার্স, কলকাতা, প্রথম প্রকাশ : বঙ্গাব্দ ১৩৬৩।

ভারতের শক্তি-সাধনা ও শাক্ত সাহিত্য, শ্রীশশিভূষণ দাশগুপ্ত, সাহিত্য সংসদ, কলিকাতা-৯, বঙ্গাব্দ ১৩৯২।

পঞ্চোপাসনা, শ্রীজিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, কে. এল. মুখোপাধ্যায় (প্রকাশক), কলিকাতা-১২, বঙ্গাব্দ ১৯৬০।

The Indo-Aryan Races: A Study of The Origin of Indo-Aryan People and Institutions (Part I), Ramaprasad Chanda, Varendra Research Society (Rajshahi), 1916

# কল্পরূপা মহামায়া

তুষার গায়েন

যা কিছু জড় ও চৈতন্য, যা কিছু বস্তু ও প্রাণ সমগ্রের, এক অভিন্ন উৎসজাত শক্তি তরঙ্গের অবিরাম ঘূর্ণনে, ছন্দময় ভারসাম্যে নিরাকার হইতে উদ্ভূত অজস্র আকার, তাই সমূহ আকার অবশেষে নিরাকার– পরমা প্রকৃতি অসীম সম্ভাবনার– কে জানে যখন তাহা আপাত বিচ্ছিন্ন যদিও সমগ্রের অংশ, অহং-আবৃত তাই একা– মনো সন্ধিক্ষণে যখন অহং অপসৃত ও সহসা বিস্মৃত একাকীত্ব– সমগ্রের সাথে স্থাপিত সহসাই সংযোগ– বাসনা জাগে থরথর কীরূপ তাহার দেখিবার, আহা, কীরূপে দেখিবে তাহাকে যেরূপ লুকাইয়া আছে গণনাতীত রূপের আধারে, তাই সেই রূপ দর্শন হয় যেরূপে তাহাকে দেখিতে মন চায়– মাতৃরূপ ছাড়া আর কোন্ রূপ কল্পে তবে থাকা যায় এতোটা নিশ্চিন্ত নির্ভয় যেখানে মমতাময়ী আগলাইয়া রাখেন সমূহ সংকট ও শত্রু হইতে, তাই তাহার সর্বোচ্চ রূপ অসুরবিনাশী জগজ্জননী দুর্গা– আমাদের চেতনার রঙে আবির্ভূতা– আমরাই সৃজন করি আমাদের মতো করিয়া আমাদের একান্ত অভিপ্রায়ে, অভিন্ন উৎস জাত শক্তি তরঙ্গ হইতে, নিরাকার নিরাকৃত করিয়া মাতৃ আকারে; অন্তঃস্থিত খড়ের কাঠামোর 'পর পলিমাটির কোমল প্রলেপে– শিশির স্নিগ্ধ সাদাকাশ শারদ প্রভাতে ঢাকের বাদ্যে গুড়গুড় একটানা মন্দ্রিত আবেশে চক্ষু মুদিয়া যায়; কেহ ভক্তিতে বিশ্বাস করিয়া প্রণামের ভঙ্গিতে জোড় করিয়া হাত অথবা কেহ নিতান্ত শিল্পের তৃষ্ণায় ছুটিয়া যায়– জানে নান্দনিক শিল্পের মাধ্যমে প্রকৃত সত্যে পৌঁছাইবার পথ এখনও নিঃশেষিত নয়!

> **ভাবিলে বিস্মিত হইতে হয় মাটি যাহা হইতে আহার ও ক্ষুধা নিবারণ, তাহা হইতেই ভক্তি ও আরাধনার আয়োজন! মাটি, খড়, বাঁশ কিংবা যেকোনো সামগ্রী যাহা কিছুই আমাদের দৃষ্টিগোচর ও নির্মাণের উপকরণ– সকলই শক্তি, শক্তির বিবিধ রূপ মাত্র।**

### মহাদেবী দুর্গার স্তুতি সাধুভাষাতেই ভালো হয়

যে মাটিতে শস্য জন্মায় কর্ষণের দাগ ও শরীর নিঃসৃত বিন্দু বিন্দু ঘামে এবং যে শস্য আহৃত হইবার পর পড়িয়া থাকে রিক্ত শস্যের কঙ্কাল– ধান হইতে স্বর্ণ আভার গুঞ্জনময় খড়, পাট হইতে বন্ধন করিবার নিমিত্ত রজ্জু এবং বাঁশ যাহা সর্বপ্রকার বন্ধন ও ছেদনের প্রকৃষ্ট সামগ্রী– যাহাকে বিবিধ উপায়ে বিভাজন ও বটিয়া লওয়া যায়– এইরূপে মাটি, খড়, বাঁশ ইত্যাদি সহযোগে দেবীর বিগ্রহ প্রতিষ্ঠা হয়। কী আশ্চর্য প্রতিদিনকার এইরূপ তুচ্ছ সামগ্রীর ভিতর অসুরবিনাশী, রূপৈশ্বৈর্যশালিনী, তেজোদ্দীপ্তা মহাদেবী দুর্গার পরম রূপ অধিকৃত হইয়া আছে। ভাবিলে বিস্মিত হইতে হয় মাটি যাহা হইতে আহার ও ক্ষুধা নিবারণ, তাহা হইতেই ভক্তি ও আরাধনার আয়োজন! মাটি, খড়, বাঁশ কিংবা যেকোনো সামগ্রী যাহা কিছুই আমাদের দৃষ্টিগোচর ও নির্মাণের উপকরণ– সকলই শক্তি, শক্তির বিবিধ রূপ মাত্র; তাহাকে যেভাবে দেখিতে ইচ্ছা হয়, সেইরূপে তাহা সৃজিত ও আমাদের মানসলোকে উপস্থিত হইতে পারে। দেবী দুর্গার রূপ ও ঐশ্বর্য তাহাই, যাহা আমাদের অন্তর ও অভিজ্ঞান সৃজন করিয়া লয়; তাই তিনি দেবী হইয়াও যেমন আমাদের পরিচিত মাতা আবার বৎসরান্তে পিতৃগৃহে আগমনকারী কন্যা, একই অঙ্গে তাহার বিবিধ রূপ ও অভিপ্রায়ের প্রকাশ যাহা আমাদের প্রতিদিনকার জীবনকে ঘিরিয়া আছে।

আমরা সেই ঘূর্ণ্যমান জীবনসত্যকে প্রণাম করি, তাহার আরাধনা করি। আজ বিজয়া দশমীর দিন, দেবীর বিসর্জনের প্রাক্কালে আমার মনে এইরূপ কতো কিছুই না মনে আসিতেছে। আপনাদের মনেও কী এইরূপ ভাবোদয় হয় না?

### নাড়ুবাসনা

পুজোর দিনে নাড়ু খাইবার বাসনা প্রবল হইয়াছে। এই প্রবাসে, একাকী জীবনে, কে আছে যে নাড়ু বানাইয়া খাওয়াইবে? এখানেও পুজো হয়, বঙ্গ ললনারা বহু বর্ণ শাড়ী পরিধানে অঞ্চল উড়াইয়া রূপে-গন্ধে-বর্ণে মণ্ডপ প্রজ্জ্বলিত করিতে আসেন; তাহাদের হাসি ও চকিত চাহনীর অভ্যন্তরে দেবী দর্শন ঘটে, ধূপ-ধুনা ও বাদ্যের নিশ্চেতন করা স্মৃতি চারিতার ভিতর কদাচিৎ কিছু প্রসাদও জুটিয়া যায়। তাই বলিয়া নাড়ু? তাহা যে দূরধিগম্য, কেবলই করতল হইতে তৈলযুক্ত নারিকেল মিষ্টতার সুগন্ধ অতীত হইতে উদ্ভাসিত হইয়া আবার দূরে মিলাইয়া যায়! সাদা, বাদামী, কালো নাড়ুর গন্ধে মন আমার উচাটন হইয়াছে। নারিকেলের নাড়ু, তিলের নাড়ু, ক্ষীরের নাড়ু ... কতো না সেই নাড়ুর রূপ, খাইবার থেকেও দেখিতে ও ঘ্রাণ পাইতে কম আনন্দ ছিল না। দেশে থাকিতে যখন মাতা বাঁচিয়াছিলেন, পূজা শুরু হইতে না হইতেই তিনি নাড়ু পাকাইতেন। তাঁহার কনিষ্ঠ পুত্র, মানে ভবদীয় লেখক বিশিষ্ট ভোজন রসিক জানিয়া মাতা সর্বদাই তাঁহার হস্তে পাকানো প্রথম নাড়ুর আস্বাদন আমাকেই করিতে দিতেন। সেই নাড়ুর স্বাদে ও গন্ধে আমার কবিতার লাবন্য কি কিছুমাত্র বৃদ্ধি পায় নাই? কিন্তু, হায়! মাতাও গত হইয়াছেন, আমিও দেশে নাই; কী আর করা, নাড়ুর স্মৃতি লইয়াই দিনযাপন করিতে হইতেছে।

শাস্ত্রে বলে, "গতস্যশোচনানাস্তি! ❑

# Bansaree Indian Restaurant

# বাঁশরী

## ইন্ডিয়ান রেষ্টুরেন্ট

**Karan Chowdhury**

**Tel: 905-684-3411**

শারদীয় শুভেচ্ছা



**Special discount for Temple Cattering.
Please contact to
Bansaree at Karan Chowdhury**

| | |
|---|---|
| Saturday Lunch | $12.95 + tax |
| Lunch Special Starting At - (Monday to Friday) | $5.95 |
| Sunday Brunch (More than 50 items) | $16.95 + tax |
| Take out 10% off and Free Delivery on Orders over | $50 + tax |
| Student & Senior Discount | 10% |
| Free Delivery on order (at St. Catharines) | $50 + tax |

www.bansareeindian.com
C- 905-380-6637
Take out + Delivery opens

LUNCH : 11:30 - 2:30
DINNER : 5:00 - 9:30 (7 DAYS OPEN)

**Bansaree Indian Restaurant**
342 St. Paul Street (East) St. Catharines, Ontario
L2R 3N2

# সনাতন ধর্মের আলোকে সৃষ্টিতত্ত্ব

শ্রী বুলবুল ভৌমিক

ভূমিকা : অনুসন্ধিৎসু মানবের মনে জিজ্ঞাসার অন্ত নেই। শুধুমাত্র খেয়ে-পরে মৃত্যুর মুখোমুখি হওয়াতে তার শান্তি নেই। অতৃপ্ত হৃদয়ে জ্ঞানের অন্বেষণে তার আবহমান পথচলা– হয়তোবা সে কারণেই অন্যান্য প্রাণী যেখানে তাদের জন্মকালের চেয়ে বেশিদূর অগ্রসর হতে পারেনি, মানুষ সেক্ষেত্রে চাঁদের বুকে তার পদচিহ্ন অঙ্কিত করতে সক্ষম হয়েছে। কিন্তু এখানেই তার পথ চলার সমাপ্তি ঘটেনি, সে পাড়ি দিতে চাচ্ছে অন্যান্য গ্রহে। অধিকন্তু, সে জানতে চায় যে তার আবাসভূমি এ পৃথিবীর অভ্যুদয় কিভাবে ঘটেছে, বিশ্বব্রহ্মাণ্ড কিভাবে সৃষ্ট হয়েছে।

মানুষ তার জ্ঞান আহরণ করে দু'টি মুখ্য মাধ্যমে– ধর্ম এবং বিজ্ঞানের সাহায্যে। কিন্তু অধিকাংশ সময়ে ধর্ম এবং বিজ্ঞানের মধ্যে রয়েছে মতভেদ– একের জ্ঞান অন্যের জ্ঞানের সাথে সহমত পোষণ করে না। মানব সমাজে ঘটে বিভক্তি। কেউ ধর্মের প্রতি অবিচল ভক্তি রেখে ধর্মের জ্ঞানকে হৃদয়ে স্থায়ী আসন প্রদান করে। আবার অন্যপক্ষ ধর্মকে 'দুর্বলের আশ্রয়' মনে করে বিজ্ঞানের নিত্য-নতুন আবিষ্কারকে মাথায় স্থান দেয়। অবশ্য এ চিত্র কিছুমাত্র অস্বাভাবিক নয়। বাস্তবে লক্ষ্য করা যায় যে, বিজ্ঞান তার নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে কোনো কোনো ক্ষেত্রে ধর্মের জ্ঞানকে মান্যতা দিলেও আবার কোনো কোনো ক্ষেত্রে ধর্মের প্রচলিত জ্ঞানকে মিথ্যা প্রতিপন্ন করে। শুধুমাত্র তা-ই নয়, অনেক ক্ষেত্রে বিজ্ঞান নতুন আবিষ্কৃত জ্ঞানের দ্বারা তার পূর্বাবিষ্কৃত জ্ঞানকে অগ্রহণযোগ্য বলে ঘোষণা করে। যদিও অনেকে ধর্মের জ্ঞানকে অপরিবর্তনীয় বলে মনে করে, কিন্তু তা-ও সর্বদা অপরিবর্তনীয় নয়। কালপ্রবাহে এককালে যে খাদ্য ছিল নিষিদ্ধ, তা-ই হয়ে যায় অনুমোদিত। যে আচরণ বা পোষাক-পরিচ্ছদ ছিল ধর্মীয়ভাবে নিষিদ্ধ বা সামাজিকভাবে অগ্রহণযোগ্য, তা-ই স্থান বা কালভেদে গ্রহণযোগ্য হয়ে উঠে, আবার বহু ক্ষেত্রে বৈপরীত্যও লক্ষ্য করা যায়।

> **গীতায় ভগবান বলেছেন যে, কল্পান্তে সমস্ত সৃষ্টি ভগবানের প্রকৃতিতে প্রবেশ করে এবং কল্পারম্ভে আবার তারা প্রকৃতির দ্বারা সৃষ্ট হয় এবং এরূপ সৃষ্টি-ধ্বংস যজ্ঞ চক্রাকারে অবিরাম ঘটেই চলেছে।**

কৌতূহলী মানুষ তার বাসভূমি এই পৃথিবী ও বিশ্বব্রহ্মাণ্ডের উৎপত্তি সম্পর্কে জানতে আগ্রহী হবে– তাতে কোনো বিস্ময় নেই। স্বাভাবিকভাবেই এ বিষয়ে বিজ্ঞান ও ধর্মীয় তত্ত্বের মধ্যে মতানৈক্য বা বিভাজন রয়েছে। উপরন্তু বিজ্ঞানও এ বিষয়ে নিত্য-নতুন তত্ত্ব আবিষ্কার করে তার পুরাতন তত্ত্বকে ভুল বলে প্রমাণ করছে। অন্যদিকে বিভিন্ন প্রচলিত ধর্মের মধ্যেও বিশ্বব্রহ্মাণ্ডের উৎপত্তির ব্যাপারে কোনো মতৈক্য নেই। তবে এ প্রবন্ধে শুধুমাত্র সনাতন (হিন্দু) ধর্মের আলোকে সৃষ্টিতত্ত্ব আলোচনা করার প্রচেষ্টা করা হবে। আমরা দেখতে চেষ্টা করবো, এই বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টির ব্যাপারে সনাতন ধর্মের শাস্ত্রগ্রন্থে কী বক্তব্য পাওয়া যায়।

**সৃষ্টির পূর্বাবস্থা :** এই বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টির পূর্বে নিশ্চয়ই কেউ ছিলেন বা কিছু অবশ্যই ছিল। আমরা এক্ষেত্রে বেদের বিখ্যাত নাসদীয় সূক্তের আশ্রয় অবলম্বন করতে পারি। "সেকালে যা নেই, তাও ছিল না, যা আছে তাও ছিল না। পৃথিবীও ছিল না, অত দূরবিস্তার আকাশও ছিল না। আবরণ করে এমন কি ছিল? কোথায় কার স্থান ছিল? দুর্গম ও গম্ভীর জল কি তখন ছিল? তখন মৃত্যুও ছিল না, অমরত্বও ছিল না, রাত্রি ও দিনের প্রভেদ ছিল না। কেবল সে একমাত্র বস্তু বায়ুর সহকারিতা ব্যতিরেকে আত্মা মাত্র অবলম্বনে নিশ্বাসপ্রশ্বাসযুক্ত হয়ে জীবিত ছিলেন। তিনি ব্যতীত আর কিছুই ছিল না।" (ঋগ্বেদ, ১০/১২৯/১-২) উপনিষদেও এ বক্তব্যের প্রতিধ্বনি শোনা যায়। "সৃষ্টির পূর্বে এই নামরূপে অভিব্যক্ত জগৎ অব্যাকৃত ব্রহ্মরূপেই ছিল। সেই অসৎ-শব্দবাচ্য ব্রহ্ম হতে এই নামরূপে অভিব্যক্ত জগৎ উৎপন্ন হলো। তিনি নিজেই আপনাকে এরূপ করলেন– এ কারণে তাঁকে সুকৃত (স্বয়ংকর্তা) বলা হয়।" (তৈত্তিরীয় উপনিষদ, ২/৭/১) ঐতরেয় উপনিষদেও (১/১/১) এরূপ একই বক্তব্য পাওয়া যায়। শ্রীমদ্ভাগবতেও এর সমর্থন আছে। (শ্রীমদ্ভাগবত, ৩/৮/১০) শোনা যায় যে, বেদে বর্ণিত এ অবস্থাকে একেবারে অবজ্ঞা না করে বর্তমানকালে বিজ্ঞান কিছুটা সহমত পোষণ করে। "জ্যোতির্বিজ্ঞানের মতে, মহাবিশ্বকে যদি তার একেবারে আদি অবস্থায় ফিরিয়ে নিয়ে যাওয়া হয়, তাহলে তা পরম একাকিত্বের অবস্থায় পৌঁছাবে।" (বিবেকচূড়ামণি ও তার মর্মবাণী, পৃ. ২৩৮)। বেদে যে এক প্রাণের (উপনিষদের ভাষায় ব্রহ্মের) উল্লেখ করা হয়েছে, তাঁকেই উপনিষদ বলেন, "একমেবাদ্বিতীয়ম্।" অর্থাৎ তিনি শুধু একই নন, তিনি অদ্বিতীয়ও বটে। (ছান্দোগ্য উপনিষদ, ৬/২/১) উপরন্তু, তিনি "পূর্ণম্।" অর্থাৎ তিনিই পূর্ণ। (শান্তিপাঠ, বৃহদারণ্যক উপনিষদ) পরবর্তীতে এই বিশ্বব্রহ্মাণ্ড এবং প্রাণীজগৎ সৃষ্টি হলেও তাঁর পূর্ণত্ব রয়ে যায় অক্ষত। পরবর্তীকালে শ্রীমদ্ভগবদ্গীতার দশম অধ্যায়ে (বিভূতি-যোগ) এবং একাদশ অধ্যায়ে (বিশ্বরূপ-দর্শন-যোগ) এই তত্ত্বেরই প্রতিফলন পরিলক্ষিত হয়। অর্থাৎ সবকিছুতেই ভগবান (বিভূতি-যোগ) এবং ভগবানেই সবকিছু (বিশ্বরূপ-দর্শন-যোগ)।

**সৃষ্টির কারণ :** তাহলে প্রশ্ন জাগে, যিনি ছিলেন এক এবং অদ্বিতীয়, তিনি একাধিক (অর্থাৎ সৃষ্টির আরম্ভ করতে) হতে চাইলেন কেন? স্বরূপতঃ নির্বিশেষ হয়েও কোনও এক অজ্ঞাত কারণে তিনি অনেক বৈচিত্র্যের সৃষ্টি করেন। (শ্বেতাশ্বতর উপনিষদ, ৪/১) সেই অজ্ঞাত কারণটি কী? –স্বানুভাবানন্দ? "স বৈ নৈব রেমে তস্মাদেকাকী ন রমতে স দ্বিতীয়মৈচ্ছৎ।" অর্থাৎ তিনি (একাকী) আনন্দ পেলেন না। সেজন্য কেউ একা থেকে আনন্দ পায় না। তিনি দ্বিতীয় চাইলেন। (বৃহদারণ্যক উপনিষদ, ১/৪/২) মনে মনে বহু

হবার আকাঙ্ক্ষা করলেন। "স্যোকাময়ত-বহু স্যাং প্রজায়েয়েতি।" অর্থাৎ সেই পরমাত্মা কামনা করলেন, "আমি বহু হব।" (তৈত্তিরীয় উপনিষদ, ২/৬/৩, ছান্দোগ্য উপনিষদ, ৬/২/৩)

**ব্রহ্মার সৃষ্টি :** সৃষ্টিকার্যে প্রয়োজন রজোগুণান্বিত ব্রহ্মার। "সেই পরমাত্মা স্বকীয় অব্যাকৃত শরীর হতে বিবিধ প্রজা সৃষ্টির ইচ্ছা করে চিন্তামাত্র প্রথম জলের সৃষ্টি করলেন এবং তাতে আপন শক্তিবীর্য অর্পণ করলেন। জলনিক্ষিপ্ত সেই বীজ সূর্যের ন্যায় প্রভাবিশিষ্ট একটি অণ্ডে পরিণত হলো আর সে অণ্ডে তিনি স্বয়ংই সর্বলোকপিতামহ ব্রহ্মারূপে জন্ম পরিগ্রহ করলেন।" (মনুসংহিতা, ১/৮-৯; শ্রীমদ্ভাগবত, ৩/৮/১৫, ৩/১০/১৮) এ পর্যন্ত সাতবার ব্রহ্মার সৃষ্টি ও ছয়বার বিনাশ হয়েছে। প্রথমবার ব্রহ্মা ভগবান নারায়ণের ইচ্ছানুসারে তাঁর মুখ হতে বিনির্গত হলেন। দ্বিতীয়বার ব্রহ্মা নারায়ণের চক্ষু হতে বিনির্গত হন। অনন্তর ব্রহ্মা ভগবান নারায়ণের বাক্য হতে তৃতীয়বার জন্মগ্রহণ করেন। অতঃপর চতুর্থবার নারায়ণের কর্ণ হতে ব্রহ্মার জন্ম। অনন্তর ব্রহ্মা ভগবান নারায়ণের নাসিকা হতে পঞ্চমবার জন্মলাভ করেন। ষষ্ঠবারে ব্রহ্মা ভগবানের অণ্ড হতে অবির্ভূত হন। অনন্তর মহাত্মা ব্রহ্মা সপ্তমবার নারায়ণের নাভিপদ্ম হতে জন্মগ্রহণ করেন। (মহাভারত, শান্তিপর্ব্ব/৩৪৯, পৃ. ৯১২-৯১৩)।

এখানে প্রত্যেক জন্মে ব্রহ্মার পরমায়ুর একটা হিসাব অপ্রাসঙ্গিক হবে না। এর ফলে আমরা ব্রহ্মার জীবনকালের ব্যাপকত্ব সম্বন্ধে একটা ধারণা পাবো। আমাদের ১ বছরে দেবতাদিগের ১ দিবা-রাত্রি। আমাদিগের ৩৬০ বছরে দেবতাদিগের ১ বছর।

সত্যযুগ = মনুষ্যের ১৭,২৮,০০০ বছর
ত্রেতাযুগ = মনুষ্যের ১২,৯৬,০০০ বছর
দ্বাপরযুগ = মনুষ্যের ৮,৬৪,০০০ বছর
কলিযুগ = মনুষ্যের ৪,৩২,০০০ বছর
মোট = মনুষ্যের ৪৩,২০,০০০ বছর যাকে বলা হয় চতুর্যুগ বা এক মহাযুগ। লক্ষণীয় যে, কলিযুগের দ্বিগুণ সময় দ্বাপরযুগ, কলিযুগের ত্রিগুণ সময় ত্রেতাযুগ এবং কলিযুগের চতুর্গুণ সত্যযুগ। এরূপ ১,০০০ চতুর্যুগে (অর্থাৎ ৪৩,২০,০০০ x ১০০০ = ৪৩২,০০,০০,০০০ বা ৪৩২ কোটি বছর) ব্রহ্মার একদিন বা কল্প এবং সমরূপ ৪৩২ কোটি বছরে ব্রহ্মার এক রাত্রি বা প্রলয়। অর্থাৎ মানুষের ৮৬৪ (= ৪৩২ x ২) কোটি বছরে ব্রহ্মার এক দিন-রাত্রি। এরূপ ৩৬০ দিবা-রাত্রিতে ব্রহ্মার এক বছর এবং এরূপ ১০০ বছর ব্রহ্মার পরমায়ু। (শ্রীমদ্ভগবদ্গীতা, পৃ. ২৯৯) আরও উল্লেখ্য, ব্রহ্মার একশত বছরের মধ্যে অর্ধেক চলে গেছে। বর্তমানে চলছে দ্বিতীয় অর্ধেক অর্থাৎ ৫১ বছরের প্রথমদিন যাকে বলা হয় শ্বেতবরাহ নামক কল্প (ব্রহ্মার পরমায়ুর অর্ধেককে পরার্ধ বলা হয়। এখন পর্যন্ত প্রথম পরার্ধ অতীত হয়েছে, সম্প্রতি দ্বিতীয় পরার্ধ চলছে। –শ্রীমদ্ভাগবত, ৩/১১/৩৩)। এবং এই কল্পের চৌদ্দ মন্বন্তরের মধ্যে ৬ মন্বন্তর গিয়ে সপ্তম অর্থাৎ বৈবস্বত মন্বন্তরের ৭১ মহাযুগের মধ্যে ২৭ মহাযুগ পূর্ণ হয়ে ২৮তম মহাযুগের অন্তর্গত কলিযুগের প্রথম পাদ অর্থাৎ চতুর্থ ভাগ এখন চলছে। ১৯৫৬ খ্রীষ্টাব্দে কলিযুগের ঠিক ৫,০০০ বছর অতীত হয়েছে। (গীতারহস্য, পৃ. ১৬৬) ব্রহ্মার দিনকে বলা হয় কল্প এবং রাত্রিকে বলা হয় প্রলয়। এক কল্পে বা ১,০০০ চতুর্যুগে ১৪ মন্বন্তর এবং প্রত্যেক মন্বন্তরে ৭১.৪৩ চতুর্যুগ বা এক মহাযুগ। (শ্রীমদ্ভগবদ্গীতা, পৃ. ২৯৯) ২০০২ খ্রীষ্টাব্দে গণনা করলে শ্বেতবরাহ কল্পের মধ্যে ১৯৭,২৯,৪৯,১০৩ (একশত সাতানব্বই কোটি ঊনত্রিশ লক্ষ উনপঞ্চাশ হাজার একশত তিন) বছর গত হয়েছে। (হিন্দুশাস্ত্র-পরিচয়, পৃ. ২)

**সৃষ্টিক্রম :** ভগবানের রজোগুণাত্মক শক্তি ব্রহ্মা তাঁর প্রতি জন্মে একটি ক্রম অনুসারে এই বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টিকার্য আরম্ভ করেন।

১) প্রথম সৃষ্টি মহত্তত্ত্ব (ত্রিগুণের ক্ষোভ অর্থাৎ আলোড়ন দ্বারা যে সৃষ্টি)।

২) দ্বিতীয় সৃষ্টি অহংকার (যার দ্বারা ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম ইত্যাদি পঞ্চ মহাভূত এবং জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয়সমূহের উৎপত্তি হয় অর্থাৎ দ্রব্য, জ্ঞান ও ক্রিয়ার উদয় হয়)।

৩) তৃতীয় সৃষ্টির নাম ভূতসর্গ (যার মধ্যে বিদ্যমান থাকে পঞ্চ মহাভূতকে সৃষ্টিকারী তন্মাত্রবর্গ অর্থাৎ রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ)।

৪) চতুর্থ সৃষ্টি হল ইন্দ্রিয়সৃষ্টি (যা জ্ঞান ও ক্রিয়াশক্তি দ্বারা নিষ্পন্ন হয়)।

৫) সাত্ত্বিক অহংকার থেকে উৎপন্ন ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণ হলেন পঞ্চম সৃষ্টি (মনও এই সৃষ্টির অন্তর্গত)।

৬) পঞ্চবৃত্তিস্বরূপ অবিদ্যার সৃষ্টি হলো ষষ্ঠ সৃষ্টি (এর মধ্যে তামিস্র, অন্ধতামিস্র, তম, মোহ আর মহামোহ এই পাঁচটি পর্ব আছে।) এই অবিদ্যা অর্থাৎ অজ্ঞান জীবের বুদ্ধির আবরণ ও বিক্ষেপ ঘটায়।

এই ছয় প্রকার সৃষ্টি হলো প্রাকৃত সৃষ্টি। নীচে তিন প্রকার বৈকৃত সৃষ্টির উল্লেখ করা হলো।

৭) ছয় প্রকার প্রাকৃত সৃষ্টির পরে সপ্তম প্রধান বৈকৃত সৃষ্টি হলো ছয় প্রকারের স্থাবর বৃক্ষ (বনস্পতি : বট, অশ্বত্থ ইত্যাদি। ওষধি : ধান, গম ইত্যাদি। লতা : সীম, চালকুমড়া ইত্যাদি। ত্বকসার : বাঁশ। বীরধ : ফুটি, তরমুজ ইত্যাদি। দ্রুম বা বৃক্ষ : আম, জাম ইত্যাদি)।

৮) তির্যগযোনির (পশু-পক্ষীর) সৃষ্টিই হলো অষ্টম। (এদের ভূত, ভবিষ্যৎ ও বর্তমানাদিকালের জ্ঞান নেই, তমোগুণের আধিক্যবশতঃ কেবল আহার, নিদ্রা ও মৈথুনই জানে)।

৯) নবম সৃষ্টি হলো মানুষ। (এদের একটিই প্রকার)। (শ্রীমদ্ভাগবত, ৩/১০/১৩-২৬)

উপরিউক্ত তিনটি বৈকৃত সৃষ্টিই স্থূলদেহধারী। স্থূলদেহ চার প্রকারের হয় : জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ। (বেদান্তসারঃ/১০৫)

এখন আমরা দেখবো কিভাবে ব্রহ্মার মাধ্যমে বিশ্বে প্রজাবৃদ্ধি হলো। ব্রহ্মা প্রথমে সনক, সনন্দন, সনাতন ও সনৎকুমার –এ চারজনকে সৃষ্টি করলেন। কিন্তু তারা নিবৃত্তমার্গী এবং ব্রহ্মার আদেশ সত্ত্বেও প্রজাসৃষ্টি করতে প্রবৃত্তি হলেন না। (শ্রীমদ্ভাগবত, ৩/১২/১-৫) চার পুত্রের প্রতি অসন্তুষ্ট হয়ে ব্রহ্মা সৃষ্টির জন্য সংকল্প (দেবতারা সংকল্প, বাক্য, দৃষ্টি, স্পর্শ ও প্রীতি-উৎপাদন এই পাঁচ প্রকারেই পুত্রোৎপাদন করতে পারেন। –মহাভারত, আশ্রমবাসিকপর্ব্ব/৩০, পৃ. ১১২৪) করে দশটি পুত্রের জন্ম দিলেন। এই দশজন থেকে অনেক প্রজা সৃষ্টি হল। তাঁরা হলেন : মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, ভৃগু, বশিষ্ঠ, দক্ষ এবং নারদ। (শ্রীমদ্ভাগবত, ৩/১২/২৩-২৪)

মরীচি প্রভৃতি মহাবীর্যশালী ঋষিদের দ্বারাও সৃষ্টির বিস্তার বিশেষ হচ্ছে না দেখে ব্রহ্মা আবার চিন্তা করলেন। তখন অকস্মাৎ তাঁর শরীরটি দু'ভাগে ভাগ হয়ে গেল। ব্রহ্মার নাম 'ক'। তাঁর থেকে জাত হওয়ার ফলে শরীরকে 'কায়' বলা হয়। সেই বিভক্ত শরীরের দু'টি ভাগ থেকে স্ত্রী ও পুরুষের এক মিথুন প্রকাশ হল। তার মধ্যে যিনি পুরুষ তিনি সার্বভৌম সম্রাট স্বায়ম্ভুব মনু হলেন এবং যিনি স্ত্রী, তিনি সম্রাট স্বায়ম্ভুব মনুর মহারাণী শতরূপা হলেন। সেই থেকে মিথুনধর্ম দ্বারা প্রজাসকল বৃদ্ধিপ্রাপ্ত হতে লাগলো। (শ্রীমদ্ভাগবত, ৩/১২/৪৯-৫৬) তবে একটা বিষয় সতত স্মরণ রাখা আবশ্যক যে, এই সৃষ্টিকার্যের পশ্চাতে আছেন স্বয়ং শ্রীভগবান। এ কথা স্পষ্টভাবেই ভগবান ঘোষণা করেছেন শ্রীমদ্ভগবদ্গীতায়, "সকল প্রজাই আমার থেকে জাত। প্রকৃতি প্রজাদের জননীস্বরূপা এবং আমিই বীজ প্রদানকারী পিতা।" (গীতা, ১০/৬, ১৪/৩-৪)

**(উপ)সংহার :** যার আদি বা সৃষ্টি আছে, তার অন্ত বা ধ্বংসও আছে। এই দেহ ক্রমে "বাসাংসি জীর্ণানি...।" অর্থাৎ জীর্ণ বস্ত্রের ন্যায় পরিণত হয়। (গীতা, ২/২২) "অন্তবন্তঃ।" অর্থাৎ পরিগৃহীত দেহ বিনাশশীল। (গীতা, ২/১৮) "জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ।" অর্থাৎ যার জন্ম হয়, তার মরণও নিশ্চিত। (গীতা, ২/২৭) "জন্মিলে মরিতে হব, অমর কে কোথা কবে?" (বঙ্গভূমির প্রতি, মধুসূদন রচনাবলী, পৃ. ৩২৭) মৃত্যু মানে বিনাশ, প্রলয়। গীতায় ভগবান বলেছেন যে, কল্পান্তে সমস্ত সৃষ্টি ভগবানের প্রকৃতিতে প্রবেশ করে এবং কল্পারম্ভে আবার তারা প্রকৃতির দ্বারা সৃষ্ট হয় এবং এরূপ সৃষ্টি-ধ্বংস যজ্ঞ চক্রাকারে অবিরাম ঘটেই চলেছে। (গীতা, ৯/৭-৮) এমনকি, ভগবান স্বয়ং যখন এ ধরাধমে অবতীর্ণ হন, তখন তাঁকেও এই নশ্বর দেহ পরিত্যাগ করতে হয়। তাই জরা (অর্থাৎ বার্ধক্য?) নামক ব্যাধের শরাঘাতে ভগবান শ্রীকৃষ্ণ তাঁর দেহ পরিত্যাগ করেন। (মহাভারত, মৌসলপর্ব্ব/৪, পৃ. ১২৩৫) সুতরাং ভগবান থেকে উদ্ভূত ব্রহ্মারও যে বিনাশ বা প্রলয় হবে, তাতে আশ্চর্য হওয়ার কিছু নেই, বরং তা অবধারিত।

এখন আমরা দেখতে চেষ্টা করবো প্রলয় কত প্রকার। ব্রহ্মার এক দিনের বিস্তৃতি এক সহস্র চতুর্যুগ যাকে কল্প আখ্যা দেয়া হয়। কল্পান্তে প্রলয়ও অনুরূপকাল পর্যন্ত স্থায়ী হয়। এই প্রলয়কেই ব্রহ্মার রাত্রি বলা হয়। তখন এই ত্রিলোকও লীন হয়ে যায়, তারও প্রলয় হয়। এই হলো নৈমিত্তিক বা কল্প প্রলয়। ব্রহ্মা যখন, তাঁর হিসাব অনুসারে, একশত বৎসর সমাপ্ত করেন, তখন মহত্তত্ত্ব, অহংকার ও পঞ্চতন্মাত্রা –এই সপ্ত প্রকৃতি তাদের কারণ মূল প্রকৃতিতে লীন হয়ে যায়। এর নাম প্রাকৃতিক প্রলয়। প্রকৃতিই বিশ্বচরাচরের মূল কারণ। প্রকৃতি অব্যক্ত, অনাদি, অনন্ত, নিত্য ও অবিনাশী। এক সময় আসে যখন প্রকৃতি নিজ কার্যসমূহকে লীন করে সাম্যাবস্থা প্রাপ্ত হয়। তখন প্রকৃতিতে স্থূলরূপে বা সূক্ষ্মরূপে বাণী, মন, রজোগুণ, তমোগুণ, মহত্তত্ত্ব আদিবিকার, প্রাণ, বুদ্ধি, ইন্দ্রিয় এবং স্বপ্ন, জাগ্রত ও সুষুপ্তি –এই তিন অবস্থাও থাকে না। আকাশ, জল, পৃথিবী, বায়ু, অগ্নি এবং সূর্যও থাকে না। সবাই যেন গভীর নিদ্রামগ্ন মহাশূন্যবৎ থাকে। সেই অব্যক্তকেই জগতের মূলভূত তত্ত্ব আখ্যা দেয়া হয়। এই অবস্থার নাম প্রাকৃত প্রলয় বা মহাপ্রলয়। বুদ্ধি, ইন্দ্রিয়ের বিষয়রূপে তার অধিষ্ঠান জ্ঞানস্বরূপ বস্তুকেই ভাসিত করে। সেই সকলের আদি-অন্ত দু'ই থাকে। তাই তারা সত্য নয়। তাই এগুলি সর্বতোভাবে মিথ্যা-মায়ামাত্র। এই হলো আত্যন্তিক প্রলয় অর্থাৎ মোক্ষের স্বরূপ। অন্য কথায়, যখন জীব বিবেকরূপী খড়্গ দ্বারা মায়াময় অহঙ্কারের পাশ ছিন্ন করে, তখন সে নিজ একরস আত্মস্বরূপ পরমাত্মায় স্থিত হয়ে যায়। আত্মার এই মায়ামুক্ত স্থিতিকেই আত্যন্তিক প্রলয় বলা হয়। (শ্রীমদ্ভাগবত, ১২/৪/১-৩৫) অন্যান্য সকল প্রকার প্রলয়ের পরেও পুনর্জন্ম সম্ভব। কিন্তু আমাদের আত্যন্তিক প্রলয় হলেই মোক্ষ বা মুক্তি সম্ভব। তাই আমাদের সবারই লক্ষ্য হওয়া উচিত আত্যন্তিক প্রলয়। ভগবান শ্রীকৃষ্ণ নিজ মুখেই অভয়বাণী দিয়েছেন যে, বৈরাগ্যরূপ শস্ত্র দ্বারা সুদৃঢ়মূল অশ্বত্থবৃক্ষরূপ সংসারকে ছেদন করতে সক্ষম হলে জীবের আর পুনর্জন্ম হয় না। (গীতা, ১৫/৩-৪) ❑

**সহায়ক গ্রন্থাবলী :**

১) ঋগ্বেদ-সংহিতা, হরফ প্রকাশনী, কলকাতা, ২০১০ খ্রীষ্টাব্দ

২) উপনিষদ (অখণ্ড সংস্করণ) –অনুবাদ ও সম্পাদনা : অতুল চন্দ্র সেন, সীতানাথ তত্ত্বভূষণ, মহেশচন্দ্র ঘোষ, হরফ প্রকাশনী, ২০০০ খ্রীষ্টাব্দ

৩) বেদব্যাস বিরচিত শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ, গীতা প্রেস, গোরক্ষপুর, ২০১১ খ্রীষ্টাব্দ

৪) বেদব্যাস বিরচিত মহাভারত (রাজ সংস্করণ) –অনুবাদ : কালীপ্রসন্ন সিংহ, তুলি-কলম, কলকাতা, ১৪১৫ বঙ্গাব্দ (২০০৮ খ্রীষ্টাব্দ)

৫) শ্রীমদ্ভগবদ্গীতা (সুবৃহৎ সংস্করণ) –সম্পাদনা : জগদীশচন্দ্র ঘোষ, প্রেসিডেন্সী লাইব্রেরী, কলকাতা, ২০০৬ খ্রীষ্টাব্দ

৬) শ্রীমদ্‌ভগবদ্গীতা রহস্য (কর্ম্মযোগ শাস্ত্র) –বাল গঙ্গাধর তিলক (বঙ্গানুবাদ : জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর), প্রোগ্রেসিভ বুক ফোরাম, কলিকাতা, ১৪১৪ বঙ্গাব্দ (২০০৭ খ্রীষ্টাব্দ)

যে একাদশী দেবী তাঁর প্রিয় ভক্ত সন্তান বা সাধকের মনের যত কূটপ্রশ্ন ও বিতর্কের অবসান করিয়ে ভগবদ পদ লাভের শুভ ইচ্ছার জন্ম দেন, তিনিই হলেন 'শ্রীশ্রী উৎপন্না একাদশী দেবী'। এই দেবী 'উৎপত্তি' একাদশী দেবী নামেও খ্যাত।

ভগবান শ্রীকৃষ্ণ এইসব তথ্যাদি সবিস্তারে তাঁর ভক্তদের জানিয়েছেন যে, অন্যান্য একাদশী ব্রত পালনের মতো এই একাদশীর ব্রত পালন করলে পুণ্যফল প্রদান করে থাকেন। আর অন্তিমে দেবলোক প্রাপ্তি হয় যেখানে গুরুর ধ্বজ ভগবান নারায়ণ বিরাজ করেন তাঁর নিষ্ঠাবান ভক্তজনের জন্য।

**মোক্ষা একাদশী**

অগ্রহায়ণ মাসে শুক্লপক্ষের একাদশী তিথিকে বলা হয় মোক্ষা একাদশী তিথি।

অর্থাৎ যে একাদশী দেবী তাঁর একান্ত অনুরক্ত ও অনুগত ভক্ত বা সাধককে জাগতিক সমস্ত কামনা বাসনা থেকে মুক্ত করে পরমপথের অর্থাৎ মোক্ষের পথে পৌঁছে দেন, তিনিই মোক্ষা একাদশী দেবী, 'মৌনী' একাদশী নামেও তিনি খ্যাত।

পুরাণের মতে, প্রাচীনকালে কোনও একসময় চম্পক নগরে বাস করতেন বৈখনাস নামে এক রাজা। তিনি ছিলেন বিষ্ণুভক্ত। অত্যন্ত সুখেই জীবন কাটছিল তাঁর।

রাজা একদিন রাতে একটি ভয়ঙ্কর স্বপ্নে জানতে পারলেন যে, তাঁর পিতৃদেব নিদারুণ নরক যন্ত্রণা ভোগ করছেন। তখন রাজা পিতৃদেবের বৈকুণ্ঠবাসের জন্য গেলেন পর্বতমুনির আশ্রমে। মুনিবর ধ্যান যোগে কোনও এক অপকর্মের কথা জানতে পেরে উপদেশ দিলেন, বৈখনাস সপরিবারে শাস্ত্রীয় বিধান মেনে 'মোক্ষা একাদশী' ব্রত পালন করলে তবেই তাঁর পিতৃদেব মুক্তিলাভ করবেন। তখন সেই ব্রত পালন করে এক গণ্ডুষ জলযোগে পিতৃদেবের উদ্দেশ্যে পুণ্যফল প্রদান করলে তিনি সদগতি প্রাপ্ত হন। অন্তিমে রাজা বৈখনাস নিজেও গমন করলেন বৈকুণ্ঠলোকে।

ভগবান শ্রীকৃষ্ণ এ কথা বলেছেন নকুল সহদেব প্রমুখ পাণ্ডবদের। তিনি একথাও বলেন, মোক্ষা একাদশী অন্যান্য উপবাসের মতো পুণ্যফল প্রদান করে। অন্তিমে সাধক বা ভক্তজনের মোক্ষপ্রাপ্তি হয়।

**সফলা একাদশী**

পৌষমাসে কৃষ্ণপক্ষের একাদশী তিথিকে বলা হয় 'সফলা একাদশী তিথি'।

এই একাদশী তিথি সাধক বা ভক্তকে পরিপূর্ণ করেন ত্যাগ ও বৈরাগ্যে। এবং ভগবদ সাধনাকে সফলকাম করে পৌঁছে দেন বিষ্ণুলোক তথা পরমধামে। তাই 'সফলা একাদশী দেবী' নামে মর্ত্যলোকে তিনি সুখ্যাত।

পুরাণের কথা। সুদূর অতীতে মাহিস্মতি নামে এক ন্যায় ও ধর্মপরায়ণ রাজা রাজত্ব করতেন চম্পাবতী নগরে। তাঁর জ্যেষ্ঠ পুত্র ছিল অত্যন্ত দুরাচারী। সকলে তাঁকে লুম্ভক বলে সম্বোধন করত। কালের নিয়মে একসময় অত্যাচারী রাজপুত্র রাজ্যচ্যুত হলেন। পরে রাজ্যের বাইরে গিয়ে এক জঙ্গলের মধ্যে বিশাল একটি বৃক্ষের নীচে বাস করতে লাগলেন। প্রায় প্রতিদিন রাতে চুরি-ডাকাতি করতেন। দিনের বেলায় নিদ্রা যেতেন বৃক্ষের তলায়। কখনও ধরা পড়লে কমবেশি দণ্ড পেতেন।

একদিন তিনি দেখলেন ওই বৃক্ষকে অসংখ্য ব্যক্তি দেবতারূপে পুজো করার জন্য এসেছে। পুজো করছে দেবতা জ্ঞানে। সংবাদ নিয়ে জানলেন যে, ওরা সফলা একাদশী ব্রত উপবাস পালন করছেন, ওঁদের এই একাদশী মাহাত্ম্য কথা শুনে লুম্ভক ওই ব্রত শুরু করলেন পরম নিষ্ঠার সঙ্গে। কালের নিয়মে তিনি দুর্দশামুক্ত হলেন সফলা একাদশী পালন করে। তারপর একদিন ফিরে গেলেন নিজরাজ্যে। তার প্রত্যাবর্তনে সকলে তাঁকে বরণ করলেন সাদরে। ব্রতের পুণ্যফলে ধন্য হল জীবন মন। নির্বাণলাভ করলেন অন্তিমে।

ভগবান শ্রীকৃষ্ণের কথানুসারে এই একাদশী ব্রত পালন করলে মানুষ মোক্ষলাভের অধিকারী হয়। এতে কোনও সন্দেহ নেই।



**পুত্রদা একাদশী**

পৌষমাসে শুক্লপক্ষের একাদশীকে বলে 'পুত্রদা একাদশী তিথি'।

যে একাদশী দেবী 'নিত্যানিত্যবস্তুবিচার' করে তাঁর সামনে আসা ভক্তের মনে জন্ম দেন বৈরাগ্যের এবং মাতৃবৎ সদাসর্বদা কাছে থেকে আধ্যাত্মিক বিপর্যয় থেকে রক্ষা করে পৌঁছে দেন নিত্যধামে, তিনিই হলেন শ্রীশ্রীপুত্রদা একাদশী দেবী। এই তিথি 'বৈকুণ্ঠ একাদশী' নামেও প্রসিদ্ধ।

পুরাণের কথা। সুদূর অতীতে ভদ্রাবতী নামে এক রাজ্য ছিল। সেই রাজ্যের রাজা ছিলেন সুকেতুমান, রানি চম্পা। উভয়েই প্রকৃত ধার্মিক ছিলেন। প্রজাদের দেখতেন সন্তানজ্ঞানে, তবে রাজকার্য পরিচালনার জন্য বিশ্বস্ত পুত্রবৎ কর্মীর বড্ড অভাব ছিল। রাজদম্পতি অনিশ্চিত ভবিষ্যতের কথা ভেবে অনেক কষ্ট ও ত্যাগ স্বীকার করে অন্য রাজ্যে গেলেন বিশ্বদেব মুনির কাছে। তাঁর শরণাপন্ন হয়ে আনুপূর্বিক জানালেন সমস্ত ঘটনার কথা।

তখন মুনিবর শাস্ত্রীয় বিধি মেনে পুত্রদা একাদশী ব্রত পালনের পরামর্শ দিলেন রাজদম্পতিকে। এতে রাজা ও রানির মনস্কামনা পূর্ণ হল। দেহত্যাগের পর তাঁদের স্থান হল অমৃতলোকে।

ভগবান শ্রীকৃষ্ণ ধর্মরাজ যুধিষ্ঠিরসহ পাণ্ডবদের বলেছেন, 'শ্রীশ্রীপুত্রদা একাদশী ব্রত' পালন করলে মানুষের আধ্যাত্মিক কামনা পূর্ণ হয়। ভগবান শ্রীহরি সহায়ক হন সাধকের।

### ষটতিলা একাদশী

মাঘমাসে কৃষ্ণপক্ষের একাদশী তিথিকে বলা হয় 'ষটতিলা একাদশী' তিথি। পবিত্র এই তিথিতে ব্রতের সময় তিলের বহুবিধ ব্যবহার হয়।

তিলযুক্ত জলে স্নান, দানপাত্রে তিল, আহারে ও পানীয় জলে তিল, গায়ে তিলতেল মর্দন, হোমে তিল–এই ছয়টি ক্ষেত্রে তিলের ব্যবহার বিধেয়।

অর্থাৎ যে একাদশী দেবী তাঁর একনিষ্ঠ ভক্ত বা সাধকের অন্তরের কামাদি ষটগুণকে ক্ষণে ক্ষণে (তিলে তিলে) সস্নেহে পরিণত করেন সত্বগুণে এবং যিনি চতুর্বর্গ লাভে সহায়ক হন, তিনিই শ্রীশ্রীষটতিলা একাদশী দেবী নামে প্রসিদ্ধি লাভ করেছেন।

পুরাণের কথায়, পুরাকালে একবার ষটতিলা একাদশী ব্রতের আলোচনা হচ্ছিল পুলস্ত্যমুনির সঙ্গে দালভ্যঋষির। দালভ্যঋষির এক প্রশ্নের উত্তরে পুলস্ত্য মুনি বলেছেন যে, এই পুণ্যদিনে ভগবান বিষ্ণুর পূজা-অর্চনা করতে হবে দিনে, আর হোমকার্য সমাপন করতে হবে রাত জেগে।

এরপর মুনিবর আরও জানিয়েছেন, ভগবান শ্রীকৃষ্ণ তাঁর একজন শরণাগত ভক্তের পরীক্ষা নিতে গিয়ে কপিল নামক একজন ব্রাহ্মণের রূপ ধরে ওই ভক্তকে উপদেশ দিয়েছিলেন ষটতিলা একাদশী ব্রতের।

তিনি আরও বলেছেন, এই ব্রতের মুখ্য বিষয় হল, ত্যাগ ও সংযম। নিষ্ঠা ও একাগ্রচিত্তে যাঁরা ষটতিলা একাদশী ব্রত পালন করেন, তাঁদের সাংসারিক ও পারলৌকিক জীবনে দুঃখ-কষ্ট ও দুর্ভোগের অধীন হতে হয় না। তাঁরা চতুবর্গ ফললাভ করেন অন্তিমে। এ কথার উল্লেখ আছে ভবিষ্য পুরাণে।

### জয়া একাদশী

মাঘ মাসে শুক্লপক্ষের একাদশী তিথি অভিহিত হয়েছে জয়া একাদশী নামে।

অর্থাৎ যে একাদশী দেবী তাঁর পদাশ্রিত একনিষ্ঠ সাধক বা ভক্তকে সাধন পথের বাধা অতিক্রম করার শক্তি দিয়ে অন্তিমে বৈকুণ্ঠলোকে পৌঁছে দেন তিনিই হলেন শ্রীশ্রী জয়া একাদশী দেবী। পুরাণের কথা। পুরাণের কালে কোনও একসময় দেবরাজ ইন্দ্রের রাজসভায় নাচ ও গানের জন্য অনুষ্ঠানে আগত গন্ধর্বের পুত্র মাল্যবান পুষ্পদন্ত এবং চিত্রসেন গন্ধর্বের কন্যা পুষ্পবতীর ছন্দপতন ঘটে। তখন দেবরাজ ইন্দ্রের অভিশাপে তারা বিতাড়িত হন রাজসভা থেকে। এঁরা দু'জনেই ছিলেন বিষ্ণুভক্ত। তাই পিশাচে রূপান্তরিত হলেও সর্বদা চিন্তা করতেন ভগবান বিষ্ণুর। একদিন ভগবান বিষ্ণু দৈববাণী যোগে জানালেন, তাঁরা জয়া একাদশী ব্রত পালন করলে সর্ব পাপমুক্ত হবেন। অন্তিমে হবেন বৈকুণ্ঠবাসী।

এইসব ঘটনার কথা ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনদের জানিয়ে বলেছেন, এই পুণ্যময় ব্রত পালন করলে মানুষের সমস্ত মনোকামনা পূর্ণ হয়। বৈকুণ্ঠলোকে গমন করেন।

### বিজয়া একাদশী

ফাল্গুন মাসে কৃষ্ণপক্ষের একাদশী তিথি বিজয়া একাদশী তিথি নামে খ্যাত।

অর্থাৎ যে একাদশী দেবী তাঁর সমাগত ভক্তের অসহনীয় ব্যাকুলভাবকে শান্ত করে সমস্ত প্রতিকূলতার মধ্যে থেকে উদ্ধার করে সর্বত্র বিজয়ী করে অবশেষে যাবতীয় ভববন্ধন মুক্ত করেন, তিনিই শ্রীশ্রীবিজয় একাদশী দেবী।

পুরাণের কথা। দেবর্ষি নারদের সঙ্গে পিতামহ ব্রহ্মার একসময় কথোপকথনে নারদের জিজ্ঞাসার উত্তরে পিতামহ বলেছেন, অপহৃতা সীতার খোঁজে বেরিয়ে শ্রীরামচন্দ্রের সেবকরা বাধা পেলেন সমুদ্রের কিনারে এসে। কারণ তারা লঙ্কায় যেতে পারছিলেন না সমুদ্রের উপর দিয়ে। তখন তিনি পরামর্শ নিলেন দালভ্যমুনির। এরপর সপার্ষদ শাস্ত্রীয় বিধান মেনে পালন করলেন বিজয়া একাদশী দেবীর ব্রত। তারপরই শ্রীরামচন্দ্র জয় করলেন সমুদ্রকে।



ভগবান শ্রীকৃষ্ণ এই একাদশী দেবী প্রসঙ্গে বলেছেন, এই পুণ্যব্রত পালন করলে সাধক বা দেবীর ভক্তজনেরা ইহলোক ও পরলোকে বিজয়লাভ করতে পারেন। শুধু তাই নয়, মোক্ষলাভ হয় অন্তিমে। এটাই বিজয়া একাদশী ব্রতের বিশেষ তাৎপর্য।

### আমলকী একাদশী

ফাল্গুন মাসে শুক্লপক্ষের একাদশী তিথিকে বলা হয় আমলকী একাদশী তিথি।

অর্থাৎ যে একাদশী দেবী ভগবদ উপাসকের মনের যাবতীয় মলিনতা ও চিত্তের দুষ্টতার পরিবর্তন করে চতুবর্গ ফললাভের পথ প্রশস্ত করে দেন তিনিই পুরাণে "শ্রীশ্রী আমলকী একাদশী দেবী"।

বৃহদ্ধর্ম পুরাণের কথায়, দেবী পার্বতী একবার প্রবাসে গিয়েছিলেন সখীদের নিয়ে। সেখানে গিয়ে সকলে মুখরিত হয়ে ওঠেন ভগবান শিবের জয়গানে। সেই সময় সেখানে পড়েছিল সকলের আনন্দ অশ্রু। যথাসময়ে সেই অশ্রু থেকে উৎপন্ন হয় যে বৃক্ষ– তার নামই হয় আমলকী বৃক্ষ বা আদিভূত বৃক্ষ। পদ্মপুরাণের কথায়, এই বৃক্ষের উৎপত্তি হয় ভগবান শ্রীবিষ্ণুর মুখ থেকে।

এই বৃক্ষের মূলে বিরাজ করেন ভগবান শ্রীবিষ্ণু, তার উপরে পিতামহ ব্রহ্মা, কাণ্ডে রুদ্র, পাতায় বসু এবং ফলে প্রজাপতি প্রমুখ। ব্রহ্মাণ্ড পুরাণের কথা; ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন, যে কোনও সাধক ভক্তিভরে আমলকী একাদশী ব্রত পালন করলে নিঃসন্দেহে তিনি গমন করেন বিষ্ণুলোকে।

**পাপমোচনী একাদশী**

চৈত্রমাসে কৃষ্ণপক্ষের একাদশী তিথিকে বলা হয় 'পাপমোচনী একাদশী তিথি'।

যে দেবী তাঁর শ্রীচরণে আগত ভক্তিমান ও শ্রদ্ধাবনত সাধকের পার্থিব জীবনের কামনা বাসনা পাপকর্ম থেকে মুক্ত করে অর্থাৎ ভববন্ধন মুক্ত করে মোক্ষদান করেন, তিনিই হলেন 'শ্রীশ্রীপাপমোচনী একাদশী দেবী'। মতান্তরে দেবী 'পাপমোচনিকা' নামেও আখ্যাত।

পৌরাণিক উপাখ্যানের কথায়, রাজা মান্ধাতার প্রশ্নের উত্তরে মুনীন্দ্র লোমশ জানালেন, একবার এক বসন্ত ঋতুতে কুবের তাঁর 'চৈত্ররথ' নামক বন-উদ্যানে আয়োজন করেছিলেন সঙ্গীত ও নৃত্যের। সেখানে উপস্থিত হয়েছিলেন নানা দেশের রাজা প্রজা মুনি-ঋষি প্রমুখ। ওই নৃত্যানুষ্ঠানে ভগবদ মননের প্রতিবন্ধক হয়ে দাঁড়ায় অপ্সরা মঞ্জুঘোষ ও চ্যবনপুত্র মেধাবী মুনি।

একসময় পরিসমাপ্তি হয় অনুষ্ঠানের। কিন্তু তাঁদের অনৈতিক অভিনয় চলতে থাকে দীর্ঘদিন ধরে। তারপর একসময় অপ্সরা মঞ্জুঘোষ ফিরে যেতে চাইলে তাঁকে অভিশাপ দিয়ে ও মানবী রূপে পরিণত করেন মেধাবী মুনি। এরপর পিতা চ্যবনের পরামর্শ মেনে তাঁরা উভয়েই ভক্তিভরে পালন করেন 'পাপমোচনী একাদশী ব্রত'। এরফলে তাঁরা দু'জনেই মুক্ত হলেন অশুভ ও অনৈতিক কর্মের প্রভাব থেকে। বিষ্ণুপদ লাভ করেন অন্তিমে।

লোমশ মুনি আরও বলেছেন, যে মানুষ এই পবিত্র ব্রত শাস্ত্রীয় বিধি-নিষেধ মেনে পালন করবে, সে পরমপদলাভ করবে। সমস্ত অশুভ কর্মের প্রভাব থেকে মুক্ত হবে। এতে কোনও সন্দেহ নেই।

**কামদা একাদশী**

চৈত্রমাসে শুক্লপক্ষের একাদশী তিথিকে বলা হয় কামদা একাদশী তিথি।

এই দেবীর শরণে আগত নিষ্ঠাবান সাধক বা ভক্তের হৃদয়ে জন্ম দেন সদকামনার, সর্বদা পরিচালিত করেন মুক্তিলাভের পথে। সেই জন্যই এই দেবী 'শ্রীশ্রী কামদা একাদশী' নামে সুখ্যাত।

পুরাণের মতে, সূর্যবংশীয় রাজা ছিলেন দিলীপ। তিনি একবার তাঁর গুরু বশিষ্ঠকে প্রশ্ন করে জেনেছিলেন, নাগপুর মতান্তরে রত্নপুরের রাজা ছিলেন পুণ্ডরীক। তিনি ছিলেন ধার্মিক বিষ্ণুভক্ত এবং সঙ্গীতপ্রিয়। একবার রাজা পুণ্ডরীক সপার্ষদ নৃত্যগীতের অনুষ্ঠানের আয়োজন করে তা উপভোগ করেন। সেই সময় রাজার চিত্ত বিক্ষেপের জন্য গন্ধর্ব ললিতের ছন্দপতন হয় ফলে অভিশাপগ্রস্ত হয়ে তিনি রূপান্তরিত হন পিশাচে। তারপর যথা নিয়মে সস্ত্রীক পাহাড়ে, পথে প্রান্তরে, নানা জনপদে ভ্রমণ করে যারপরনাই যন্ত্রণা ভোগ করে একসময় আসেন বিন্ধ্যাচল পর্বতের শিখরে। তারা শৃঙ্গমুনির দর্শন লাভ করেন সেখানে। তখন তাঁরই পরামর্শে পালন করেন কামদা একাদশী ব্রত। এর শুভ ফলে ললিত সস্ত্রীক ফিরে পান পূর্বরূপ। অন্তিমে গমন করেন বৈকুণ্ঠে।

বরাহপুরাণে মুনিরাজ বশিষ্ঠের কথায়, যে কামদা একাদশী দেবীর ব্রত নিষ্ঠার সঙ্গে শাস্ত্রমতে পালন করবে সে সাধক বা ভক্ত দিব্যধামে গমন করবে সর্বপাপমুক্ত হয়ে।

**পরমা একাদশী**

পুরুষোত্তম মাস/মল মাসে কৃষ্ণপক্ষের একাদশী তিথিকে বলা হয় পরমা একাদশী তিথি।

অর্থাৎ যে একাদশী দেবী তাঁর চরণে আশ্রিত বা আগত একনিষ্ঠ ভক্ত বা সাধকের মন থেকে অনিত্য জগৎ সংসারের জ্ঞান পরিহার করেন এবং ওই ভক্ত বা সাধকের পরম গতি তথা মোক্ষ প্রাপ্তির সহায়ক হন তিনিই হলেন শ্রীশ্রীপরমা একাদশী দেবী। পুরাণের কালে কোনও এক সময় অবন্তীপুরে ছিলেন শিবশর্মা নামে এক বিষ্ণুভক্ত। তিনি ছিলেন ব্রাহ্মণ পণ্ডিত। তাঁর পাঁচটি পুত্রের মধ্যে পঞ্চমটি ছিল দূরাচারী। সে একসময় বিতাড়িত হয় সমাজ থেকে। ধর্মকর্মে এতটুকুও মন ছিল না দূরাচারী এই পুত্র জয় শর্মার।

দীর্ঘদিন পথে প্রান্তরে অনাহারে অনিদ্রায় জীবন প্রায় সংশয়ের পথে। শেষকালে তিনি প্রয়াগে মুনি হরিমিত্রের শরণাপন্ন হন। মুনিবরের কাছে তাঁর কুকীর্তির সমস্ত কথা বর্ণনা করেন সবিস্তারে। তখন মুনিবর তাঁকে পরমা একাদশী দেবীর ব্রত পালনের পরামর্শ দেন। যথা নিয়মে জয় শর্মা নিষ্ঠার সঙ্গে সেই ব্রতপালন করলেন। তাতে তাঁর পরম কল্যাণ হল। ভগবান বিষ্ণুর আদেশে শ্রীশ্রীলক্ষ্মী দেবী তাঁকে দর্শন দিয়ে বাঞ্ছিত বর দান করেন এবং প্রয়াণকালে তিনি গমন করেন আনন্দলোক তথা বিষ্ণুধামে।

পদ্মপুরাণে এই কাহিনির কথা সবিস্তারে বর্ণনা করেন ভগবান শ্রীকৃষ্ণ। তিনি জানিয়েছেন, যারা নিষ্ঠাভরে শাস্ত্রীয় নিয়মে এই ব্রত পালন করবে, তাদের দুর্লভ মানব জন্ম সার্থক হবে। শুধু তাই নয়, তার ভগবদ প্রাপ্তি হবে।

**পদ্মিনী একাদশী**

পুরুষোত্তম মাস/মল মাসে শুক্লপক্ষের একাদশী তিথিকে বলা হয় পদ্মিনী একাদশী তিথি।

অর্থাৎ যে একাদশী দেবী তাঁর একান্ত অনুগত ভক্ত বা সাধককে পরাজ্ঞান এবং পরমাগতি প্রদান করেন তিনিই হলেন শ্রীশ্রীপদ্মিনী একাদশী দেবী মতান্তরে সুভদ্রা একাদশী।

পুরাণের মতে দেবর্ষি নারদের এক প্রশ্নের উত্তরে পুলস্ত্যমুনি বলেন, ত্রেতাযুগে মাহিস্মতিপুরে হৈহয় বংশের রাজা ছিলেন কৃতবীর্য এবং রানি পদ্মিনী। তারা দু'জনেই রাজ্যের সকলের ছিলেন শ্রদ্ধাভাজন। তবে তাঁদের মনে বিশেষ কোনও কারণে কষ্ট ছিল। কিন্তু কেউই

কোনও সুচিন্তিত পরামর্শ দিতে পারছিলেন না। ফলে এক সময় গন্ধমাদন পর্বতে উভয়ে কঠোর তপস্যা করে কর্দম ঋষির কন্যা অনসূয়ার দৃষ্টি আকর্ষণ করেন। পরে অনসূয়ার পরামর্শে নিষ্ঠার সঙ্গে পালন করেন 'পদ্মিনী একাদশী'। এতে রাজা ও রানি উভয়েরই অপার আনন্দলাভ করেন এবং পূর্ণ হয় যাবতীয় মনোকামনা। একাদশীর এই ব্রতের পুণ্য ফলে অন্তিমে তাঁরা পরমাগতি লাভ করেন।

এই ঘটনাগুলির সমস্ত কথা ভগবান শ্রীকৃষ্ণ সবিস্তারে বলেছিলেন পঞ্চপাণ্ডবদের। এই একাদশী ব্রত শাস্ত্র বিধি মেনে পালন করলে পরম কল্যাণ এবং অন্তিমে শ্রীহরিপদ প্রাপ্তি হয়।



**উপবাস বিধি**

পুরাণসমেত বিভিন্ন শাস্ত্রে একাদশী ব্রত পালনের উপবাস প্রসঙ্গে বলা হয়েছে। এই সুকঠিন ব্রতের দিন সাধক জল পর্যন্ত গ্রহণ করবে না। যদিও স্নান আচমন ইত্যাদি বিষয়ে জল ব্যবহার চলবে। একে বলা হয় 'নির্জলা' ব্রত।

দ্বিতীয়ত শরবত, দুধ, ডাবের জল ইত্যাদি সাধক বা ব্রতকারী গ্রহণ করতে পারেন শারীরিক অক্ষমতার জন্য। একে বলে 'উপবাস' ব্রত।

তৃতীয়ত শুধু রাত্রিতে ফলাহার যদি হয়, তবে তাঁকে 'নক্ত' ব্রত বলা হয়।

চতুর্থত উপবাসের দিনে যে কোনও সময়ে যদি ফলাহার করা হয়, তবে তাকে 'একভোক্ত' ব্রত বলে। যা কিছু গ্রহণ করা হবে তা ঈশ্বরে অর্পণ করে তাঁর প্রসাদ হিসেবে গণ্য হবে।

ভগবান শ্রীকৃষ্ণ শ্রীমদ্ভগবদ্‌গীতায় অর্জুনকে বলেছেন, যা কিছু আহার করবে, তা যেন তাঁকে প্রথমেই সমর্পণ করা হয়।

বায়ুপুরাণের মতে রাতে হবিষ্যান্ন, ফল, দুধ, তিল, জল, ঘৃত ইত্যাদি। যজ্ঞকর্তা পুরোহিতের উপদেশ প্রশস্ত বলে পরিগণিত হয়। এসব দ্রব্য সমেত ব্রাহ্মণ-কামনা, গুরুবাক্য এবং ওষুধপত্র গ্রহণ ইত্যাদিকে ব্রতনাশক বলা হয় না। আট বছরের নীচে শিশু এবং অশীতিপর বৃদ্ধ, অশক্ত, অপটু, রোগী ও উন্মাদ প্রমুখ একাদশী ব্রত পালনের পক্ষে অনুপযোগী বলে গণ্য করা হয়।

কৃষ্ণপক্ষের একাদশীতে রবিবার, সংক্রান্তি, ব্যতীপাত যোগ ও শ্রাদ্ধদিবসে গৃহস্থ সাধক উপবাস করবে না।

একাদশী তিথি পালনে আরও অসংখ্য শাস্ত্রীয় বিধি নিয়ম নিষেধ ও পুজোপাঠের কথা বলা হয়েছে মহাভারত ও বিভিন্ন পুরাণে। সে সব কথা অনেক কথা। শেষ কথাটা শেষ করি ঠাকুর শ্রীরামকৃষ্ণপরমহংসদেবের কথা দিয়ে,

'কলিতে অন্নগত প্রাণী। উপবাসী থাকলে ঈশ্বরের দিকে মন যায় না।' মিছরির জল, শরবত খেতে বলতেন। বলতেন 'একাদশী করা ভালো, তবে খই দুধ খাবে কেমন। খই দুধ সাত্ত্বিক আহার, খুব ভালো।'

**কৃতজ্ঞতা স্বীকার–** এ লেখায় মহাভারতম– শ্রীহরিদাস সিদ্ধান্ত বাগীশ ভট্টাচার্য, শ্রীশ্রী দেবী ও তিথি রূপে একাদশী, স্বামী নিত্যাত্মানন্দ এবং 'আহারে অনন্য শ্রীরামকৃষ্ণ' গৌরী মিত্রের গ্রন্থের সাহায্য নিয়েছি কোথাও হু-বহু, আবার কোথাও ভাষা বানানের পরিবর্তন করে। ❑

**"সবসময় কারো দোষ খুঁজে বেরিও না। পারলে তাকে সমাধানের পথটা দেখিয়ে দিও।"**

**–চানক্য**



# রক্ষা হরিনাম

শুভ্রা শিউলী সাহা

অফিসে আমার কলিগ প্রায়ই বলে– তুমি আছো বলেই প্রতিদিন কাজে আসতে ইচ্ছে করে। পরিচিত স্বজনদের কাছ থেকে এই সব ছোট ছোট স্নেহ, ভালোবাসার প্রাপ্তিই আমার জীবনে বন্ধু সুন্দরের শ্রেষ্ঠ দান, এছাড়া আর তেমন কোনো বলবার মতো অর্জন নেই। সেবার রঘুনাথপুরের শ্রীমন্দির থেকে প্রভুর একখানা মীনা করা প্রতিকৃতি কিনে গলায় পরেছিলাম। কেউ কেউ জানতে চায় তোমার গলার চেইনে ওটা কার ছবি? বলি ওটা আমার বন্ধু সুন্দর, আমার লর্ড, আমার গড্। বয়স ঘাড়ে চাপছে, পেছনে তাকিয়ে অতীতের দিনগুলো ফিরে দেখতে বেশ ভালো লাগে আজকাল। আমার শোবার ঘরে জানালা দিয়ে আকাশে তাকিয়ে তারার আলোকে, স্নিগ্ধ অন্ধকারে, অন্তরের নিস্তব্ধলোকে প্রভুকে খুঁজি পরম শান্তিতে। যখন অনন্ত আকাশে অনিমেষ নেত্রের দৃষ্টি দেই কেমন যেন পরম শান্তি অনুভব করি প্রভুর অসীম কৃপাতে।

প্রভু বন্ধু সুন্দরের সাথে পরিচয় সেই শৈশব থেকে পারিবারিক ধারাবাহিকতায়। তখন আমি ৫ম শ্রেণীতে পড়ি, মায়ের সাথে গিয়েছিলাম ঝালোকাঠি হরিসভায়। কানায় কানায় লোকে লোকারণ্য। আসরের মাঝে দাঁড়িয়ে বক্তৃতা দিচ্ছিলেন ড. মহানামব্রতজী। কথাগুলো কানে আসছিল ঠিকই কিন্তু তা বুঝতে পারার মতো বোধ-বুদ্ধি কোনোটাই ছিল না। শুধু একটি শব্দ 'মহাউদ্ধারন' মাথায় ছিল। পরে মাকে বললাম মা এই প্রভু কে, মহাউদ্ধারন মানে কি? মা বললো, এই প্রভুর কৃপাতেই আমরা চলছি, পৃথিবীতে ফুল ফোটে, তারাগুলো জ্বলছে। প্রভু চেয়ে আছে আকাশ ভরে, নিশিদিন অনিমেষে দেখছে আমাদের। তিনি আছেন অন্তরের মাঝখানে। তাঁর কৃপাতেই তাঁকে উপলব্ধি করা যায়। তাঁর সাথে সম্বন্ধ বা সম্পর্ক স্থাপন করলেই তাঁকে পাওয়া যায়। শ্রী অরবিন্দ জেলখানায় বসে ভগবানের দর্শন পেয়েছিলেন, রামপ্রসাদ পেয়েছিলেন নিজের মেয়ের মতো করে। এই মহাউদ্ধারন থেকেই এসেছে মহানাম। প্রভুর অসীম করুণাঘন কৃপা ধন্য মা তার সারাজীবন কাটিয়েছেন প্রভুকে সঙ্গে নিয়ে। পরদিন সকালে মা আমাকে নিয়ে দেখা করতে গেলেন গুরুদেবের সাথে, প্রণাম করে সবিনয়ে বলল, বাবা মেয়েটাকে আশীর্বাদ করুন যেন ভক্তি, জ্ঞান, বিদ্যা অর্জন করতে পারে। সে পরিক্রমায় গুরুদেবের সঙ্গে ছিলেন ড. উজ্জ্বলা কুণ্ড, তাঁকে বললেন আমাকে ১০৮ বার হাতে কর গোনা শিখিয়ে দিতে, তারপর তিনি আমায় নাম দিলেন। ডাকলেন প্রেমা বলে। সেই থেকে প্রভুকে অন্তরে ধারণ করে পথ চলছি– সবসময়, সবখানে। সেই একমাত্র সাথী। জীবনের যেকোনো সংকটে প্রভু আলো দেখান। অষ্টম শ্রেণীতে বৃত্তি পরীক্ষার ফল প্রকাশের পর আমার এক সহপাঠী বললো আমার নাম নাকি নেই, সে কি মন খারাপ। মা বললো হতেই পারে না গুরুদেব তোকে আশীর্বাদ করেছেন, তুই সাধ্যমত চেষ্টা করেছিস নিশ্চই তোর নাম থাকবে। কি অবাক কাণ্ড! ঠিক তাই, অবশেষে জানলাম হ্যা প্রভুর কৃপায় আমি বৃত্তি পেয়েছি।



আমার বিয়ের পর আশীর্বাদ চেয়ে গুরুদেবকে চিঠি লিখেছিলাম। সে চিঠির তিনি উত্তর পঠিয়েছিলেন আমাকে 'প্রেমা' নামে সম্বোধন করে। অন্তর্যামী গুরুদেবের পরিপূর্ণ ঠিকানাবিহীন চিঠিখানা অনেকটা অলৌকিকভাবেই পৌঁছেছিল আমার বরের অফিসে তারপর আমার কাছে। তাকে নিয়ে একদিন ঢাকার টিকাটুলীর মঠে গেলাম, কান্তি বন্ধু মামা কী যে অমৃতসম প্রসাদ খাওয়ালেন তা ভোলার নয়। সেই থেকে প্রভুর সঙ্গে পরিচয় আমার বরের। অথচ এই মঠের সামনের রাস্তা দিয়ে আমার বর প্রতিদিন মটরসাইকেলে করে সাইটে যাতায়াত করতো। ঢাকা-মাওয়া রোডে তখন সে জুনিয়ন ইঞ্জিনিয়ার। তার ঠিক দু'দিন বাদে সেই মঠের সামনে দিয়ে কাজ থেকে ফেরার সময় মোটরসাইকেল চালাতে চালাতে ঘুমে তন্দ্রার মতো হয়েছিল, সঙ্গে সঙ্গে ট্রাকের ধাক্কায় একদম মঠের সামনে পড়ে গেলো। কিন্তু একদম অক্ষত, ট্রাক ড্রাইভার বেরিয়ে এসে বললেন, আপনি বেঁচে আছেন কি করে? কী বিচিত্র প্রভুর লীলা। এভাবে প্রভু উদ্ধার করে তাঁর ভক্তকে। চারিদিকে ষড়রিপুর হানাহানি, তাণ্ডবলীলা চলেছে; কিন্তু এতো বেসুর এসে সুরকে লুপ্ত করতে পারে না! সকল বিরোধ, সকল বিপ্লব, সকল যুদ্ধবিগ্রহের ভিতর দিয়ে এই সুর বেজে উঠে। জগৎ সংসারে যে যার কাজে ব্যস্ত– বাজার করছে, খেলা করছে, আরও কতো কি। প্রভু খনির ভিতর থেকে রত্নকে উদ্ধার করতে চান, তিনি বিরোধের এই কোলাহলের মধ্য থেকেই তাঁর ভক্তকে উদ্ধার করেন।

বন্ধু সুন্দরের কৃপায় দুই ছেলের জননী হলাম, সবসময় প্রভুর কাছে মিনতি জানাই ওরা যেন ভগবতমুখী হয়। একদিন ওদের স্কুল থেকে ফেরার সময় দুই শিশু সন্তানকে নিয়ে ঢাকার মহাপ্রকাশ মঠে যেতেই দেখা হলো জগত্বরন ব্রহ্মচারীর সাথে। ক'দিন পরেই রওনা হচ্ছি কানাডার পথে, আমার সব কথা শুনে বললেন– কাল ভোরে ওদের নিয়ে আসুন ওদের দীক্ষা দেয়ার আয়োজন

করবো। যেই কথা সেই কাজ। আনন্দ পুরুষোত্তম শ্রীশ্রী প্রভু জগদ্বন্ধু সুন্দরের মহানাম দেয়া হলো ওদের কানে। প্রভুর অসীম কৃপায় আজ ওরা বিশ্ববিদ্যালয় থেকে গ্রাজুয়েশন শেষ করে এখন পুরোপুরি কর্মযোগী।

এই কোলাহলের জীব মানুষ শান্তি পায় তখন– যখন সে প্রভুকে আত্মসমর্পণ করে। সে শান্তি আর কোথাও নেই, জনহীন সমুদ্রে নেই, মরুভূমির স্তব্ধতায় নেই, পর্বতের দুর্গম শিখরে নেই। আত্মার মধ্যে সেই গভীর শান্তি। চারিদিকের কোলাহল তাকে আক্রমণ করতে গিয়ে পরাস্ত হয়; কোলাহলের ভিতরে নিবিড়রূপে সুরক্ষিত সেই শান্তি। হাট বসে গিয়েছে, বেচা-কেনার রব উঠেছে; তারই মধ্যে প্রত্যেক মানুষ তার আপনার আত্মার ভিতরে প্রভু কৃপা ধারণ করছে। ষড়রিপুর ক্ষোভ-বিক্ষোভ-বিরোধের মাঝখানে অক্ষত শান্তি। সেখানে আমরা প্রভুর নামে প্রদীপ জ্বালি, কোনো অশান্ত বাতাস তাকে নেভাতে পারে না। ফলের গর্ভে শস্য যেমন তিক্ত আবরণের ভিতরে থেকে রক্ষা পায়, সেইরূপ কোলাহলের দ্বারাই বেষ্টিত হয়ে চিরকাল মানুষের শান্তি রক্ষা পেয়ে এসেছে।

**এই কোলাহলের জীব মানুষ শান্তি পায় তখন– যখন সে প্রভুকে আত্মসমর্পণ করে। সে শান্তি আর কোথাও নেই, জনহীন সমুদ্রে নেই, মরুভূমির স্তব্ধতায় নেই, পর্বতের দুর্গম শিখরে নেই। আত্মার মধ্যে সেই গভীর শান্তি।**

রবীন্দ্রনাথের মতো করে বলতে ইচ্ছে হয়, জীবনের হাটে– যেখানে কেনাবেচার বিচিত্র লীলা চলেছে, এরই মধ্যে, এই মুখর কোলাহলের মাঝে অন্তরে সদাই প্রভুর নাম বাজছে। নিজেকে সপে দেই প্রভুর নামে সেখানে কোনো কোলাহল নেই, ভীড় নেই, ঠেলাঠেলি নেই; কতো যুদ্ধবিগ্রহ বিরোধ সংগ্রামের কতো বিচিত্র সুর শব্দ ঝংকৃত হচ্ছে, তার বৈচিত্র্যের সীমা নেই। কিন্তু এই সমস্ত বৈচিত্র্যের মধ্যে, বিরোধের মধ্যে, শান্তির সুর বাজে। প্রিয় ভক্তরা তার বৈষয়িকতার বুকের উপর প্রতিষ্ঠিত করেছে প্রভুকে। সেখানেই মুক্তি, ভক্তি আছে, যার ভক্তি নেই, বিষয়ী ব্যবসায়ী পাপী, সকলেরই মধ্যে প্রভুর কৃপা বর্ষিত হচ্ছে। তিনি মহা উদ্ধারকারী, রক্ষা করছে সবাইকে সেই রক্ষা হরিনাম দিয়ে। ❑






# পুরাণ : ধর্ম ও ভূগোল

সুব্রত দাসগুপ্ত

"পুরা অপিনবম্" পুরানো হয়েও যা নতুন তাই হলো পুরাণ। সৃষ্টি, প্রলয়ান্তে নতুন সৃষ্টির বিকাশ, দেবতা ও ঋষিকুলের বংশ বর্ণনা, মনুগণের শাসনকাল, রাজন্যমণ্ডলীর বংশের ইতিহাস যে গ্রন্থে বর্ণিত তাই হলো পুরাণ।

মিথ বা পুরাতত্ত্ব নিয়ে বর্তমানে প্রচুর লেখালেখি হচ্ছে। আধুনিক যুক্তিবাদী এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে পুরাণকে বিচার বিশ্লেষণ করা হচ্ছে। পুরাণ হচ্ছে ইতিহাস। পুরাণ পাঠকালে পাঠকের মনে রাখা দরকার যে কয়েক হাজার বছর পূর্বে পুরাণ রচনাকারীরা পুরাণ লিখিতভাবে জনগণের নিকট পেশ করেননি। পুরাণ লিখিত আকারে এসেছে হাজার দেড়েক বছর পূর্বে। ফলে কালের পরিবর্তনের সঙ্গে সঙ্গে পুরাণের বিষয়বস্তুর মধ্যে অনেক অলৌকিকতা প্রবেশ করেছে। মনে রাখতে হবে হাজার হাজার বছর পূর্বের বহু স্থানের নামের পরিবর্তনের সঙ্গে সঙ্গে আবহাওয়া পরিবর্তন, প্রাকৃতিক বিপর্যয়ের কারণে ভৌগলিক পরিবেশের পরিবর্তন হয়েছে। উদাহরণস্বরূপ বলা যায় যে, বৈদিক যুগের প্রধান নদী সরস্বতী এখন পুঁথিসাহিত্য বিদ্যমান, বাস্তবে নেই। অনেক দেশের নাম স্থানের নাম পরিবর্তিত হয়ে গিয়েছে। যেমন সিংহল হলো শ্রীলংকা, বার্মা হলো মায়ানমার, হিন্দুস্থান হয়ে গিয়েছে পাকিস্তান, ভারত, বাংলাদেশ।

**পৃথিবীর ভৌগলিক বিন্যাস সম্পর্কে যে পুরাণসমূহ আলোচনা করেছে তাদের প্রত্যেকটিই সপ্তদ্বীপময়ী (৭টি মহাদেশ!) পৃথিবীর উল্লেখ আছে। বায়ুপুরাণ ও মার্কণ্ডেয় পুরাণে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে সাতটি দ্বীপ হলো জম্বু, প্লক্ষ, শামল, কুশ, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর।**

প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, বেদের পাঠ সম্পূর্ণ শুদ্ধ ও অবিকৃত রাখার জন্য সংহিতা পাঠ, পদপাঠ, জনাপাঠ, ঘনপাঠ প্রভৃতি দশরকম পাঠ প্রথা যে যুগের ঋষিরা চালু করে রেখেছিলেন ফলে বেদে কোনো শব্দ প্রক্ষিপ্ত হতে পারেনি। কিন্তু পুরাণ পাঠে সেরকম কোনো বাধ্যবাধকতা না থাকায় বিভিন্ন পুরাণে একই ঘটনা বিভিন্ন রকমে এসেছে, এসেছে অলৌকিকতা, এসেছে অতিমানবিক কাজ, অকল্পনীয় বয়স ইত্যাদি। পুরাণে এতবিচিত্র বিষয় নিয়ে আলোচনা হয়েছে যে, তাদের মধ্যে সাম্যের ঐক্য বেঁধে দেওয়া সম্ভব নয়। তারপরও বলতে হবে পুরাণ সাহিত্য ভারতীয় মনিষার এক উজ্জ্বল সৃষ্টি। ভারতীয় ধর্মের যে সরল ও সনাতন রূপ পুরাণে পাওয়া যায় আপামর জনসাধারণ তা সহজেই বুঝতে পারে। এই সনাতন ধর্মের স্বরূপ, ঈশ্বর, আত্মা, সৃষ্টি ও মানব জীবনের চরম লক্ষ্য কি –এ সমস্ত বিষয়ই পুরাণে আলোচিত হয়েছে। মানবধর্মকে সুদৃঢ় ভিত্তির উপর স্থাপন করা, মানবতার জয়গান রচনা করা পুরাণের অন্যতম বৈশিষ্ট্য।

পৌরাণিক ধর্মের অন্যতম উল্লেখযোগ্য বৈশিষ্ট হলো, ভারতবর্ষের বিভিন্ন সম্প্রদায়কে ঐক্য সূত্রে বেঁধে দেওয়ার প্রয়াস এই পুরাণ সাহিত্যে দেখতে পাই। বিশাল ভারতবর্ষের বিস্তীর্ণ ভূখণ্ড জুড়ে রয়েছে নানা নগর, নদ-নদী, বন-পর্বত, উপত্যকা ইত্যাদি। পুরাণ এইসব স্থানের মাহাত্ম্য প্রচার করে ভারতবাসীর মনে এদের প্রতি মহত্ত্ববোধ এবং শ্রদ্ধাবোধ জাগিয়েছে। যেকোনো সম্প্রদায়ের লোকই হোন, শৈব কিংবা শাক্ত, বৌদ্ধ বা জৈন নিজ অন্তকরণ শুদ্ধি রহস্য এইসব স্থান দর্শন করেন। পুরাণ পাঠের ফলে এইসব স্থান জনসাধারণের কাছে তীর্থক্ষেত্রে পরিণত হয়েছে। গঙ্গা নদীর পুণ্য গাঁথা, মানস সরবরের পবিত্র কাহিনী, নৈমিষারন্যর মাহাত্ম্য, হিমালয়ে পবিত্র দেবস্থানের বিবরণ পুরাণকার-রা দিয়েছেন।

ভারতবর্ষের এক প্রান্তকে অন্য প্রান্তের সঙ্গে সমান গুরুত্ব ও মর্যাদার প্রয়াস পুরাণকার-রা করেছেন। বৈদিক সাহিত্য প্রধাণতঃ ব্রাক্ষণ ধারার ইতিহাসকেই বহন করে। সে যুগে বেদ ছিল মুনি-ঋষি ও শিক্ষিত উচ্চবর্ণের ব্যক্তিবর্গের কাছে সীমাবদ্ধ। সাধারণ জনসাধারণ ও নিম্নবর্ণের লোকদের বেদমার্গে পাঠের, এমনকি শ্রবণ করার অধিকার ছিল না। এই দিক দিয়ে বিচার করলে বৈদিক ধর্মকে আমজনগণের ধর্ম বলা চলে না। পুরাণ সেই ধর্মকে লোকশিক্ষার বাহনরূপে সাধারণ মানুষের মধ্যে প্রচার করলো। সেইজন্য দেখা যায় ভাষার কাঠিন্যকে দূর করে, শুষ্ক কর্মকাণ্ডকে ভক্তিরসে সঞ্জীবিত করে বৈদিক ধর্মের এক নবীন ভাষ্য পুরাণে বর্ণিত হয়েছে। সনাতন ভারতীয় ধর্মের এই যুগোপযোগী সাহিত্যরচনা ব্যাসদেবেরই অন্যতম কীর্তি। ব্যাসদেব ও তাঁর অনুগামী ঋষিদের প্রচেষ্টার ফলে বৈদিক ঋষিদের সাধনালব্ধ এক অখণ্ড ব্রক্ষ পৌরাণিক প্রেমের দৃষ্টিতে ভক্তির মধুময় স্পর্শে অনেক হয়ে উঠল। একটিই পরমতত্ত্ব ভিন্নরূপ ও নামে বিচিত্র শক্তিসম্পন্ন, সামর্থ্যযুক্ত এবং সৌন্দর্যমণ্ডিত হয়ে নিজেকে বিকশিত করলো একই সৃষ্টির লীলাবিলাস বলে। ইতিহাস বর্ণনা পুরাণের অন্যতম লক্ষ্য হলেও এর প্রধান উদ্দেশ্য সমস্ত সংসার শ্রীভগবানের লীলাবিলাস একথা প্রতিপন্ন করা।

পণ্ডিতদের মধ্যে পুরাণের মোট সংখ্যা নিয়ে যেমন বিভেদ দেখা যায় না তদ্রূপ নাম নিয়েও তীব্র বিরোধ নেই। বিভিন্ন পুরাণে ও অন্যান্য গ্রন্থে পুরাণের যে তালিকা পাওয়া যায় তা হলো নিম্নরূপ :

(১) ব্রক্ষপুরাণ (২) পদ্মপুরাণ (৩) বিষ্ণুপুরাণ (৪) বায়ুপুরাণ (শিবপুরাণ) (৫) ভাগবত পুরাণ (৬) নারদ পুরাণ (৭) মার্কণ্ডেয়

পুরাণ (৮) অগ্নি পুরাণ (৯) ভবিষ্য পুরাণ (১০) ব্রহ্মবৈবর্ত পুরাণ (১১) লিঙ্গ পুরাণ (১২) বরাহ পুরাণ (১৩) স্কন্দ পুরাণ (১৪) বামন পুরাণ (১৫) কূর্ম পুরাণ (১৬) মৎস পুরাণ (১৭) গরুড় পুরাণ (১৮) ব্রহ্মণ্ড পুরাণ। কোনো কোনো পণ্ডিত এই ১৮টি পুরাণকে ৩টি শ্রেণীতে বিভক্ত করেছেন যেমন সাত্ত্বিক পুরাণ, যে পুরাণসমূহে বিষ্ণুর মাহাত্ম্য বর্ণনা করা হয়েছে। রাজস পুরাণে ব্রহ্মার মাহাত্ম্য ও তামস পুরাণে শিব মাহাত্ম্য প্রচার হয়েছে। এই শ্রেণী বিভাগের মূলে এমন কোনো তাৎপর্য নেই যার জন্য মনে হতে পারে যে স্বাত্তিক পুরাণ শ্রেষ্ঠ, রাজস মধ্যম ও তামস পুরাণসমূহ নিকৃষ্ট। মনে রাখতে হবে সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণই অখিল বিশ্বজগতের উপাদান। পরমেশ্বর এই তিনগুণের দ্বারা মিলিত হয়েই ব্রহ্মা, বিষ্ণু ও শিবরূপে পরিচিতি হন। ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এই তিন দেবের এক মিলিত মূর্তি পরমেশ্বর। প্রাচীন তামিলগ্রন্থে পুরাণসমূহ পাঁচটি শ্রেণীতে বিভক্ত। ব্রহ্মার প্রাধান্য অনুসারে ব্রহ্ম পুরাণ ও পদ্মপুরাণ, সূর্যের গুরুত্ব অনুসারে ব্রহ্মবৈবর্ত পুরাণ, অগ্নির ব্যাপকতা অনুসারে অগ্নি পুরাণ, শিব যেখানে প্রধান সেগুলো বায়ু (শিব পুরাণ), স্কন্দপুরাণ, লিঙ্গ পুরাণ, কূর্ম ইত্যাদি; বিষ্ণুর প্রাধান্য অনুসারে নারদ, গরুড়, ভাগবত ও বিষ্ণু পুরাণ।

আধুনিককালেও পুরাণের শ্রেণীবিভাগ করা হয়েছে তবে মূলকথা এই যে, পুরাণসমূহে এতবিচিত্র বিষয় নিয়ে আলোচনা হয়েছে যে তাদের মধ্যে কোনো সাম্যের ঐক্যসূত্র বাঁধা সম্ভব নয়। ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই তিন প্রধান দেবতার কথাই প্রত্যেকটি পুরাণে আলোচনা হয়েছে বলে কোনোভাবেই পুরাণের শ্রেণীবিভাগ সম্ভব নয়।

কোনো দেশের প্রাচীন ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে জ্ঞান অর্জন করতে হলে এই দেশের ভূগোল আলোচনা করা দরকার হয়ে পড়ে। প্রাচীন শাস্ত্রে যেসব নদ-নদী, পাহাড়-পর্বত ইত্যাদির কথা বলা হয়েছে সেগুলোর মধ্যে অনেকগুলোর নাম কালের গতির সঙ্গে পরিবর্তিত হলেও সেগুলোর সঠিক অবস্থান জানতে পারলে, এইসব স্থানের গুরুত্ব ও মাহাত্ম্য সম্পর্কে পাঠকের মনে শ্রদ্ধার ভাব জাগরিত হয়।

ঋগ্বেদেই সর্বপ্রথম ভারত ও বৃহত্তম ভারতের ভূ-সংস্থাপনের কিছু পরিচয় পাওয়া যায়। তবে প্রাচীন ভারত ও তখনকার পৃথিবীর ভৌগলিক পরিচয় প্রদানে পুরাণকারই সবচেয়ে বেশি কৃতিত্বের দাবী করতে পারেন। পুরাণের ভূগোল পর্যালোচনায় প্রথমেই মেরুপর্বতের কথা আসে। মেরু পর্বতটি আসলে কোন পর্বত? পুরাণকারের বর্ণনা অনুসারে পৃথিবীর কেন্দ্রে অবস্থিত মেরু পর্বতের স্বরূপ না জানলে পুরাণের ভূগোল জ্ঞান অসম্পূর্ণ থেকে যাবে। পুরাণ অনুসারে মেরু অত্যন্ত উন্নত পর্বত, ব্রহ্মার নাভীবন্ধন থেকে এই পর্বতের উৎপত্তি, বহু বিস্তৃত এর আয়তন। অগ্নি ও অন্যান্য পুরাণের বিবরণ অনুসারে জম্বুদ্বীপের (এশিয়া মহাদেশ) কেন্দ্রভাগে অবস্থিত ইলাবৃত বর্ষের মধ্যেই মেরু পর্বতের অবস্থান। বিভিন্ন পুরাণে বর্ণিত মেরুপর্বতের ভৌগলিক অবস্থানের উপর ভিত্তি করে এর বর্তমান অবস্থান নির্ণয় করা খুব কঠিন নয়। পণ্ডিতদের কিছু অংশ পামীর মালভূমিকে মেরুপর্বত বলে মনে করেন। তাদের এরকম ধারণার কারণ হলো পামীর পিঠ থেকে চারদিকে পর্বতমালা প্রসারিত। অবশ্য অনেকের মতে উত্তর এশিয়া, সাইবেরিয়া ও মঙ্গোলিয়ার অবস্থিত আলতাই পর্বতমালাই প্রাচীন মেরুপর্বত। "আলতাই" শব্দটি প্রাচীন মঙ্গলীয় শব্দ "আলতেন উলা" থেকে এসেছে যার অর্থ সুবর্ণ পর্বত। প্রায় সব পুরাণেই মেরু পর্বতকে সুবর্ণ নিম্মিত বলা হয়েছে। পৌরাণিক বয়ান অনুসারে হিমালয়ের উত্তরে হেমকুট, তার উত্তরে নিষধ এবং তারই উত্তরে মেরু পর্বত অবস্থিত। বর্তমানে হিমালয় ও আলতাই পর্বতের মধ্যে থিত্রনশন এবং কূত্রনলুন পর্বতমালা রয়েছে। অতএব বলা যেতে পারে যে, প্রাচীন হেমকূটই বর্তমানের থিত্রনশন ও কূত্রনলুন। পুরাণে মেরু পর্বতের যে ভৌগলিক বিবরণ দেওয়া হয়েছে তা অনেক অংশেই আলতাই পর্বতের চারিদিকের অবস্থানের সঙ্গে মিলে যায়।

পৃথিবীর ভৌগলিক বিন্যাস সম্পর্কে যে পুরাণসমূহ আলোচনা করেছে তাদের প্রত্যেকটিই সপ্তদ্বীপময়ী (৭টি মহাদেশ!) পৃথিবীর উল্লেখ আছে। বায়ুপুরাণ ও মার্কণ্ডেয় পুরাণে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে সাতটি দ্বীপ হলো জম্বু, প্লক্ষ, শামল, কুশ, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর। এই সাতটি দ্বীপের মধ্যে জম্বু দ্বীপই প্রধান। পুরাণে জম্বু দ্বীপ সম্পর্কে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে এবং বিবরণ দেখে মনে হয় জম্বু দ্বীপ হলো বর্তমান এশিয়া মহাদেশ। এছাড়াও আরও ৬টি দ্বীপ তাদের মধ্যে কুশ ও শাকদ্বীপ সম্পর্কে পুরাণে কিছু তথ্য পাওয়া যায়। সম্ভবতঃ কুশ ও শাকদ্বীপ বর্তমানের ইউরোপ ও আফ্রিকা। কিন্তু অন্য ৪টি দ্বীপ সম্ভবতঃ উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, অস্ট্রেলিয়া ও এন্টার্কটিকা মহাদেশ তথা অন্য ৪টি দ্বীপের বিবরণ সম্পর্কে নীরব। এতে মনে হয় এই ৪টি মহাদেশের অস্তিত্বের কথা জানলেও বিশদ বিবরণ জানা ছিল না। পুরাণকারগণ জম্বু দ্বীপকে আবার মোট ৯টি বর্ষে ভাগ করেছেন তার মধ্যে অন্যতম ভারতবর্ষ। যে ৯টি বর্ষের বিবরণ দেওয়া হয়েছে তার সবগুলি এশিয়া মহাদেশে বলে চিহ্নিত করা যায়। ভারতবর্ষকে আবার ৯টি বিভাগে ভাগ করা হয়েছে।

প্রাচীন ভারতীয় অনেক পুঁথি, লিখিত দলিল ১১ শতাব্দি হতে স্বাধীনতার পূর্ব পর্যন্ত বিদেশি আক্রমণকারী ও শাসকদের আমলে মন্দির, বিশ্ববিদ্যালয় লুণ্ঠন করার সময় ধ্বংস করা হয়েছে। বকতীয়ার খিলজী কর্তৃক নালান্দা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে সংগ্রহকৃত কয়েক হাজার পুঁথি আগুনে পুড়াতে বেশ করে ক'দিন সময় ব্যয় হয়েছিল।

পরিশেষে বলা যায় প্রায় ৭ শতয্যমর বিদেশী শাসনকালে যেসব মূল্যবান প্রাচীন পুঁথি বিনিষ্ট করা হয়েছে তা না হলে পুরাণ সাহিত্য আরও তথ্যবহুল সমৃদ্ধ হতো। ❑

*তথ্যসূত্র : বিভিন্ন পুরাণ।*

# খনার বচন কি আজও মেলে?

## তাপসী দত্ত দাস, গুঞ্জন ঘোষ ও ডা. সুবল কুমার মাইতি



*[ খনার বলতে মনে ভাসে এক ক্ষণজন্মা কিশোরীর মুখ। মাত্র সাত-আট বছর বয়সেই নিজের আশ্চর্য বচনে তাক লাগিয়ে দিয়েছিলেন তিনি। বচন বানাতেন মুখে মুখে। জীবনের প্রতিটি ক্ষেত্রে আগাম পরিণতি বলে দেওয়ায় খনার বচনের কদর ছিল ঘরে ঘরে। তিনি এদেশের নারীদের কাছে হয়ে আছেন এক উজ্জ্বলতম তারা। অথচ কী নিদারুণ জীবন তাঁর! রাজসভায় দশম রত্ন হিসেবে স্থান পাওয়ার আগেই শ্বশুর বরাহের নির্দেশে স্বামী মিহিরের হাতে তাঁর জিভ কাটা যায়। যা খনার মৃত্যুর কারণ হয়ে দাঁড়ায়। শেষ হয়ে যান বাংলার প্রথম আবহাওয়াবিদ। খনা তাঁর অসাধারণ প্রজ্ঞা ও জ্ঞানের আলোকে বাংলার কৃষিব্যবস্থায় সংযোজন করেছিলেন নতুন দিকনির্দেশ। জ্যোতিষ গণনার ক্ষেত্রে তাঁর যোগ্যতা ছিল প্রশ্নাতীত। যুক্তিবাদী মন মানতে না চাইলেও খনা কালজয়ী। তাঁর বচন আজও প্রাসঙ্গিক। তাঁর জীবন ও বচনের কথা বলেছেন–* ***তাপসী দত্ত দাস, গুঞ্জন ঘোষ ও ডা. সুবল কুমার মাইতি ]***

### ক্ষণজন্মা খনা

তাপসী দত্ত দাস

তাঁর গল্পটা অনেক পুরনো, কিংবদন্তির ঘেরাটোপে বন্দি। তবু যেটুকু খুঁজে পাওয়া যায় তাতে জানা যায় তিনি এক বিদূষী জ্যোতিষী। স্বামী মিহিরের মতোই। খনার বচনের সঙ্গেও জুড়ে আছে মিহির নামটি। তাঁর বচনে রয়েছে, 'ডাক দিয়ে বলে মিহিরের স্ত্রী, শোন পতির পিতা / ভাদ্র মাসে জলে মধ্যে নড়েন বসুমাতা। রাজ্য নাশে, গো নাশে হয় অগাধ বান / হাতে কাটা গৃহী ফেরে কিনতে না পান ধান / ফাল্গুনে আট, চৈত্রের আট / সেই তিল দায়ে কাট।' কৃষিবিষয়ে এই ছড়াই বলে খনা ছিলেন পণ্ডিত। জ্যোতিষশাস্ত্রেও তাঁর ছিল অগাধ জ্ঞান।

খনার শ্বশুরমশাই ছিলেন যশস্বী জ্যোতিষী বরাহ। পুত্রজায়ার যশ, খ্যাতি ও বিদ্যার প্রভাব সন্দর্শনে বরাহের হীনমন্যতা ও ঈর্ষা। পুরুষের এই ঈর্ষাটুকু বোঝা ততটা কঠিন নয়। কঠিন থাকেওনি। শ্বশুরের নির্দেশে লীলাবতীর জিহ্বা কেটে নেওয়া ও তাঁর 'খনা' হয়ে ওঠার গল্প পেরিয়েছে প্রজন্মের সীমানা। তাই একবিংশ শতকেও হাতড়ে বেড়ানো খনার বচন। বাংলা সাহিত্যের প্রথম নারী কবি তিনিই। ছোট ছোট বাক্যে ছড়া আকারে রচিত কৃষি ও স্বাস্থ্যসম্পর্কিত খনার বচন আজও বাংলার অমূল্য লোকশাস্ত্র।

এই কাহিনী এগিয়েছে চন্দ্রকেতু গড়কে কেন্দ্র করে। যেখানে আজও রয়েছে খনা-মিহিরের ঢিবি। লঙ্কাদ্বীপ থেকে খনা মিহিরকে সঙ্গে করে পৌঁছে দেন তাঁর পিতা বরাহের কাছে। বরাহ তখন দেউলানগর বা দেউলনগরের রাজা ধর্মকেতুর রাজজ্যোতিষী।

পুত্র মিহিরের জন্মকোষ্ঠী ভুল গণনা করে তাঁকে ভাসিয়েছিলেন বিদ্যাধরীর জলে। সেই মিহিরকে নিয়েই পরে খনা হাজির হন শ্বশুর বরাহপণ্ডিতের সামনে, ভুল প্রমাণ করেন তাঁর গণনা। ধর্মকেতুর রাজসভায় পরিচিতি হন মিহির ও লীলাবতী। রাজসভাসদ পদও লাভ করেন। বরাহ মেনে নিতে পারেন না পুত্রবধূর এই উত্থান।

অন্যদিকে খনা তখন নতুন দেশের নতুন মানুষদের সঙ্গে মিশে যান বাঁধনহারাভাবে। অনার্যদের কাছে জ্যোতিষবিদ্যা অধ্যয়ন করে আসেন। প্রশ্ন হয়ে দাঁড়ান শাসককুলের সামনে। তবে আপন রচনায় মগ্ন মহিয়সী খনা, এ সব সামাজিক ভাবনায় আবদ্ধ নন। তিনি তখন নিন্দা-মন্দ, ভয়কে সরিয়ে গেঁথে চলেছেন একের পর এক কৃষি সংক্রান্ত বচন। যা বেঁচে আছে আজও বাংলার কৃষকদের মুখে মুখে। লীলার প্রজ্ঞায় ঈর্ষান্বিত হয়ে, তাঁর কাছে তর্কে হেরে গিয়ে, তাঁকে দমিয়ে রাখার জন্য, চিরকালের জন্য তাঁর মুখ বন্ধ করে দেওয়ার জন্য ক্রুদ্ধ বরাহ পুত্রকে আদেশ করেন খনার জিহ্বা কর্তন করে তাঁকে উৎসর্গ করতে।

ঘটনাক্রমে সেই জিহ্বার কাটা অংশ খেয়ে ফেলে একটি টিকটিকি। ফলে টিকটিকিটি খনার জ্ঞান লাভ করে। ভালো-মন্দ, সঠিক-বেঠিক, সত্য-মিথ্যা যাচাই করতে পারে। জ্ঞান লাভ করলেও মানুষের মতো কথা তো আর বলতে পারে না। তাই মানুষের কোনও কথায় সত্যতা খুঁজে পেলে তাতে সমর্থন করে টিক-টিক-টিক শব্দের মাধ্যমে।

এরপর ধীরে ধীরে ওই টিকটিকির বংশধর বাড়তে থাকে এবং খনার জ্ঞানসম্পন্ন টিকটিকিতে দেশ ছেয়ে যেতে থাকে। বর্তমানে যেসব টিকটিকি দেখতে পাই তার সবই নাকি সেই খনার জিব খাওয়া টিকটিকির বংশধর। তারা উপযুক্ত সময়ে টিক টিক শব্দের মাধ্যমে জানিয়ে দেয় সত্যের সমর্থন। এই ঘটনা তো স্রেফ একটি উপকথা বা লোকবিশ্বাস ছাড়া আর কিছুই নয়। ঘটনা সত্য হোক কিংবা মিথ্যা, খনা নামে যে একজন জ্ঞানী নারীর অস্তিত্ব ছিল তা অস্বীকার করার উপায় কই!



ইতিহাস বলছে, মাত্র সাত-আট বছর বয়সেই নিজের মেধাবী বচনে তাক লাগিয়ে দিতেন খনা। নিজে শ্লোক বানাতেন মুখে মুখে। আজও গ্রামগঞ্জে কদর সেই খনার বচনের; 'কলা রুয়ে না কেটো পাত / তাতেই কাপড় তাতেই ভাত।' অর্থাৎ, কলার চারাটি রুয়ে চাষিরা যেন ফলন শেষে গোড়াটি সুদ্ধো কেটে না ফেলে। তাতেই সারা বছর ভাত, কাপড় জুটবে চাষার ঘরে।

এভাবেই প্রতিটি ঋতুর বিষয়ে ও আগাম ভবিষ্যৎ সচেতনতা রূপে খনার বচনের কদর ঘরে ঘরে বেড়েছে সেই কবেই খনা এদেশে কন্যাজন্মের একটি উজ্জ্বলতম তারার মতো। যেন অলৌকিক। খনা বলতে ভাস্বর হয় আলোকদ্যুতিময় এক ক্ষণজন্মা কিশোরী কন্যার বিদূষী জ্যোতিষ্কসম মুখ।

দুনিয়ার তাবড় তাবড় কৃষি বিজ্ঞানীরা যা জানতে বছরের পর বছর কালঘাম ছুটিয়ে দেন, শ্লোকের ঢঙে সেসব জটিল তথ্য সেই কবেই বলে গিয়েছেন খনা।

> 'ষোল চাষে মূলা,
> তার অর্ধেক তুলা;
> তার অর্ধেক ধান,
> বিনা চাষে পান।'

ষোলোটি চাষ করে মুলো বপন করলে ফলন পাওয়া যাবে ভালো। তুলো চাষ করতে হলে এর অর্ধেক চাষ অর্থাৎ আটটি চাষ করলেই হবে। ধান রোপণে এত চাষের প্রয়োজন নেই, মুলোর অর্ধেক পরিমাণ অর্থাৎ চারটি চাষ করলেই যথেষ্ট। অন্যদিকে পান উৎপাদন করলে কোনও চাষেরই প্রয়োজন নেই।

> 'শীষ দেখে বিশ দিন
> কাটতে মাড়তে দশ দিন।'

অর্থাৎ, চাষি যখন তাঁর ধানের গাছে শীষ দেখতে পাবে তার ঠিক কুড়ি দিন পরেই যেন সেই ধান কাটে। শীষ বের হওয়ার কুড়ি দিন পর ধান কাটার এবং মাড়াই করার উপযুক্ত সময়।

খনা শোনালেন,

> 'শুনরে বাপু চাষার বেটা
> মাটির মধ্যে বেলে যেটা
> তাতে যদি বুনিস পটল
> তাতে তোর আশা সফল।'

বেলে মাটিতে যদি পটল চাষ করা হয় তাহলে চাষি তাঁর আশা অনুরূপ ফলন পাবে।

আবহাওয়া নিয়ে খনার পূর্বভাস–

> 'পুবে ধনু নিত্য ঝরা
> পচ্চিমে ধনু নিত্য খরা।'

অর্থাৎ, আষাঢ়-শ্রাবণ মাসে পুব আকাশে রংধনু দেখা দিলে বৃষ্টি হবে এবং পশ্চিমে দেখা গেলে খরা হবে। লোককথায় এরকম আরও শত শত খনার বচন প্রচলিত আছে। খনার এইসব বচনের মধ্যে টিকে থাকা শত বছরের আগের জল, মাটি, ফসল আর মানুষের গন্ধ মাখা জ্ঞান আর সত্যটুকু কি সত্যি লীলাবতীর? না কি এই সত্য-তথ্য সবই এই ভুখণ্ডের বৃষ্টি জল হাওয়ার সঙ্গে মিশে থাকা যুগ যুগান্তরের সমষ্টিগত জ্ঞানের সংকলন?

খনার জন্মের সময় সঠিক জানা যায় না। তিনি আদৌ বাংলার নারী ছিলেন কি না এই সম্পর্কেও বহু মতভেদ রয়েছে। তবে বাংলার পথ-ঘাট, শস্যক্ষেত, ফল-ফুল, জল-বৃষ্টি, আবহাওয়া, পুষ্টি, রোগবালাই নিয়ে খনা যেসব ছড়া তৈরি করে গেছেন, তা এতটাই বাংলাদেশের মাটি, জলের সঙ্গে সম্পৃক্ত যে এখানে বাস না করলে এগুলো লেখা সম্ভব নয়।

তাই মনে করা হয়, তাঁর শৈশবের একটা অংশ সিংহল বা উজ্জয়িনীতে কাটলেও সাবালিকা বা জীবদ্দশার একটা বড় অংশ কেটেছে এই বাংলায়।

কথিত আছে, খনার জন্ম হয়েছিল তৎকালীন বাংলার চব্বিশ পরগণা জেলার বারাসতের দেউলি গ্রামে। দেউলির আদি নাম ছিল কেতুগ্রাম। খনার বাবার নাম অটনাচার্য। তবে অটনাচার্যই যে তাঁর বাবা, এর প্রামাণ্য কোনও ভিত্তি নেই। শুধু খনার একটি বচনে তাঁর উল্লেখ আছে মাত্র। বচনটি হল : 'আমি অটনাচার্যের বেটি / গোনা-বাছায় কারে বা আঁটি।'

এই যদি তাঁর পরিচয় হয়ে থাকে তাহলে এই ধারণা অনুসারে খনা বেড়ে উঠেছিল রাজা ধর্মকেতুর আমলে। রাজা ধর্মকেতুর

প্রপৌত্র রাজা চন্দ্রকেতুর রাজত্বকালে রাজ্যটি সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়। সেই এলাকায় মাটি খনন করে বেশ কিছু প্রাচীন নির্দশন পাওয়া গিয়েছে। ধারণা করা হয় এগুলোই রাজা ধর্মকেতুর রাজ্যে চন্দ্রকেতুর ধ্বংসাবশেষ। এখানে একটি ঢিবির মতো অংশ খুঁজে পাওয়া যায়। স্থানীয় মানুষ জায়গাটিকে চিহ্নিত করে 'খনা-মিহিরের ঢিবি' বলে। কিন্তু সত্যিই কি তাই?

উত্তর ২৪ পরগণার বেড়াচাঁপার চন্দ্রকেতুগড়ের ইতিহাস পুরোপুরি আজও জানা যায়নি। আগে নাকি এই অঞ্চলে খনার বচনের পুঁথি পাওয়া যেত। আজ যা বিলুপ্ত কালের গর্ভে।

তবে খনার উপাখ্যানে রাক্ষস সম্প্রদায়ের সঙ্গে তাঁর যোগসূত্রের কাহিনীও উঠে এসেছে। এই কথা-কাহিনী শুনে একে নিছক পুরাকালের পরমকথা বলে হেসে উড়িয়ে দেওয়ার উপায় নেই।

গঙ্গার তীরে বাংলার দুর্ধর্ষ গঙ্গারিধি জাতি বহুবার থামিয়ে দিয়েছিল বহিরাগত শত্রুর বিজয় অভিযান, পরাক্রমশালী আলেকজান্ডারও সাহস করেননি এই এলাকায় অভিযানের, আর্যরাও ঢুকতে পারেনি বহুকাল, আর তাই বহিঃশত্রুরা ব্যর্থ মনোরথ হয়ে অপমান-ক্ষোভে প্রায়ই বাংলার মানুষকে তাদের সাহিত্যে আখ্যা দিয়েছে রাক্ষস, দানব, বানর হিসেবে। তাই এই খনা উপাখ্যানে বর্ণিত রাক্ষসকুল হয়তো লঙ্কা অর্থাৎ সিংহলের নয়। এই মহীয়সী নারী বাংলারই জল-হাওয়ায় লালিত পালিত।

আবার একটি প্রাচীন সিংহলি পালি গ্রন্থে পাওয়া যায়, লীলাধিপতি অর্থাৎ রাঢ়াধিপতি সিংহবাহুর পুত্র বিজয়সিংহ পিতৃপরিত্যক্ত হয়ে তৎকালীন বিখ্যাত বাণিজ্যকেন্দ্র সিংহলে বাণিজ্য করতে গিয়ে ক্রমে দারুণ প্রতিপত্তিশালী হয়ে সেখানকার অধিপতি হয়ে বসেন। তাঁর প্রতিষ্ঠিত রাজবংশ সিংহলে বহু শতাব্দী রাজত্ব করে। অতঃপর গণ-অভ্যুত্থানে এই রাজবংশের অবসান ঘটে। অনেক পণ্ডিতের মনে খনা হয়তো এই বংশেরই কোনও দুর্ভাগা কন্যা। বংশ পরম্পরায় যার মাতৃভাষা ছিল বাংলা। তাছাড়া সিংহলী ভাষার সঙ্গে বাংলা ভাষার মিলটাও লক্ষণীয়।

দক্ষিণ ভারতের চোল বংশের ইতিহাসে পাওয়া যায় যে, প্রথম রাজারাজ চোল ৯৯৩ সালে সিংহল আক্রমণ করেন। তখন সিংহলে পঞ্চম মাহিন্দারের শাসন চলছিল। খনার কিংবদন্তিতে পাওয়া গেছে সিংহলে বহিরাক্রমণের কথা। মনে করা হয়, তা হয়তো প্রথম রাজারাজ চোল দ্বারা সংঘটিত আক্রমণ। অর্থাৎ খনার জীবনকাল প্রায় ৯০০ থেকে ১০০০ অব্দের ভেতরে এই কিংবদন্তি ঐতিহাসিক সত্য। তবে সিংহলে বাঙালি রাজবংশটি কতকাল রাজত্ব করেছিল, সে সম্পর্কে অবশ্য কিছু জানা যায় না।

'খনার বচন' এর বৈশিষ্টগুলি লক্ষ্য করলে বোঝা যায় সেগুলি প্রায় গুপ্ত সাম্রাজ্যের সমসাময়িক। গুপ্ত সাম্রাজ্যের সময়কাল ৩২০ খ্রিষ্টপূর্ব থেকে ৬০০ অব্দ পর্যন্ত ধরা হয়। ইতিহাস বলে, খনা পঞ্চম শতাব্দী বা ষষ্ঠ শতাব্দীর প্রথমার্ধের মহিলা কবি। কাল গণনায় তিনি বরাহ, কালিদাস, চাণ্যক্য এবং বিক্রমাদিত্যের সমসাময়িক। এই সময় খনা ছাড়াও আরও দু'জন মহিলা কবির কথা জানা যায়– যাঁরা খনার মতোই ছড়া রচনা করতেন। তবে এঁদের ছড়ার ভাষা অনেকটা খনার মতো হলেও ছন্দ এবং ব্যাকরণের সুষ্ঠু প্রয়োগের অভাব লক্ষ্য করা গেছে। ভাবক ও নারায়ণ লক্ষ্মী নামক এই দুই মহিলা কবির অনেক ছড়া খনার বচনের সঙ্গে একাকার হয়ে গেছে বলে গবেষকরা অভিমত প্রকাশ করেছেন।

এখানেই প্রশ্ন উঠছে যে, পঞ্চম শতাব্দীতে রচিত খনার বচন কী করে এত পরিশীলিত বাংলার রূপ পেল? তা হলে কি পঞ্চম শতাব্দীতেও উজ্জয়িনীতে বাংলা ভাষার প্রচলন ছিল?

এই ধারণার স্বপক্ষে গবেষকদের জোরালো সমর্থন না থাকলেও গবেষণায় দেখা গেছে সপ্তম শতাব্দীর পূর্বে বাংলাদেশে সংস্কৃত



ভাষায় রচিত কোনও গ্রন্থ নেই, দেবনাগরীতে রচিত গ্রন্থের সন্ধানও দুর্লভ। তাই মনে করা হয় সেসময়ে দেবনাগরী ভাষা বাংলায় প্রচলিত ছিল কি না তাই নিয়েও রহস্য রয়েছে। যদিও অসমর্থিত তথ্যের ভিত্তিতে দাবি করা হয় যে, দেবনাগরী খ্রিষ্টের জন্মের আগেও নাকি বাংলায় প্রচলিত ছিল।

গবেষকদের দাবি, আর্যরা মগধী ভাষাকে ঘৃণা করত। তাই মগধী ভাষাকে তাঁরা এড়িয়ে গিয়ে দেবনাগরী এবং সংস্কৃত ভাষার গুণগান করেছেন। ফলে মগধী এবং আর্য মগধী ভাষার সঙ্গে নিবিড় সম্পর্কযুক্ত ভাষা বাংলা তাদের কাছে 'পক্ষীর ভাষা' বলে বিবেচিত হয়েছে।

আর্যদের কাছে বাংলা ভাষা 'পক্ষীর ভাষা' রূপে বিবেচিত হওয়ার কারণ বোধ হয় এর দুর্বোধ্যতা। আর্যরা বাংলা ভাষা বুঝতেন না বলেই একে 'পক্ষীর ভাষা' বলেছেন। অথচ মগধী ভাষাই ভারতের ভাষাসমূহের মূল বলে ভাষাতাত্ত্বিকরা অভিমত দিয়েছেন। এ কারণেই বোধ হয় ওড়িয়া এবং বাঙালিরা উভয়েই খনার বচনকে তাদের নিজস্ব সম্পদ বলে মনে করে। ওড়িয়া ভাষায় খনার বচনের সংখ্যা ও প্রচলন বাংলা ভাষার চেয়ে বেশি। মৈথেলী ভাষাতেও খনার বহু বচনের ব্যবহার দেখা যায়। নেপালেও খনার বচনের ব্যবহার রয়েছে।

এ হেন খনার জীবন ও জন্মবৃত্তান্ত রহস্যে মোড়া। তাঁর কাহিনীর পরতে পরতে রয়েছে মিথ, কল্পনা, কিংবদন্তি। তাঁর জীবনবৃত্তান্ত সম্বন্ধে অনেক প্রবাদ আছে। রয়েছে বহুজনের বহু মত।

কিংবদন্তি বলছে, মহারাজ বিক্রমাদিত্য যখন উজ্জয়িনীর রাজা ছিলেন, তখন মালাবার প্রদেশের চুঙ্গি নামে খণ্ড গ্রামে বিখ্যাত জ্যোতিষাচার্য বরাহের ঔরসে ধরাদেবীর গর্ভে মিহির জন্ম নেন। পুত্র ভুমিষ্ঠ হওয়ার সঙ্গে সঙ্গে বরাহ গণনা করে দেখেন, তাঁর পুত্রের আয়ু মাত্র এক বছর। জ্যোতিষশাস্ত্রে বিচক্ষণ ব্যক্তি বরাহ পুত্রের আয়ু মাত্র এক বছর জানতে পেরে দুঃচিন্তায় নিমগ্ন হলেন। আবার গণনা করে দেখলেন অবিকল আগের মতো তথ্যই মিলছে।

বরাহপণ্ডিত ভাবলেন, এই পুত্রকে বৃথাই লালন-পালন করে মায়ামোহের পাশে আবদ্ধ হয়ে কোনও লাভ নেই তাই অনেক চিন্তার পর মায়া কাটিয়ে সদ্যোজাত শিশুকে একটি তাম্রপাত্রে করে সমুদ্রের জলে ভাসিয়ে দিলেন। সেই পাত্রটি জলে ভাসতে ভাসতে এসে হাজির হয় একেবারে সিংহল বা লঙ্কা দ্বীপে। তখন সিংহলের অধিপতি ছিলেন ময়দানব।



দুরন্ত রাক্ষসগণ বিজয়সিংহকে নিধন করে তাঁর একমাত্র গুণবতী ও রূপবতী কন্যাকে জীবিত রেখেছিলেন। তাঁরা জানতেন, অজস্র মায়াজাল এবং জ্যোতির্বিদ্যা। খনাকে কন্যা হিসেবে লালন-পালন করে তাঁকে জ্যোতির্বিদা শিক্ষা দিয়েছিলেন তারাই। খনা ক্রমে রক্ষকুলের অনুকম্পায় জ্যোতির্বিদ্যায় অশেষ পারদর্শিতা লাভ করে তাঁদের আশ্রয়ে পালিতা হয়ে বড় হতে থাকেন। এদিকে তাম্রপাত্রটি যখন ভেসে ভেসে সিংহলের সমুদ্র তীরে গিয়ে হাজির হল তখন খনা কয়েকজন রাক্ষসী রমণীর সঙ্গে সাগরজলে স্নান করতে গিয়েছিলেন। খনা ভাসমান পাত্রে একটি সুন্দর শিশুকে দেখে তার পরমায়ু গণনা করে দেখেন, এই শিশুর আয়ু একশো বছর। ভ্রমবশত তার পিতা বরাহ তাঁকে পরিত্যাগ করেছেন। ক্রমে ক্রমে রাক্ষসদের ও খনার আশ্রয়ে থেকে তাঁদের লালন-পালনে মিহির বড় হল। এ লোককাহিনী প্রমাণ করে খনা শৈশব থেকেই জ্যোতিষশাস্ত্রে পারদর্শী এবং মিহিরের থেকে বয়সে খনা বড়।

বয়স বাড়ার সঙ্গে সঙ্গে মিহিরও রাক্ষসীদের কাছে জ্যোতিষশাস্ত্র শিক্ষা করে ব্যুৎপত্তি লাভ করলেন। তারপর রাক্ষসীগণ মিহিরকে যোগ্য পাত্র স্থির করে তাঁদের সকলের একমাত্র আদরের কন্যা খনাকে বিয়ে দিলেন। এভাবে মিহির ও খনার বাল্যকাল থেকে যৌবনকাল রাক্ষসদের আশ্রয়ে অতিবাহিত হয়।

কয়েকদিন পরে জ্যোতিষতত্ত্ব মাধ্যমে মিহিরের নিজের পূর্ব বৃত্তান্ত অবগত হন। স্বদেশে জন্মভূমিতে ফিরে যাওয়ার জন্য তাঁর মন চঞ্চল হয়ে ওঠে। কিন্তু এই বিশাল জলধিবেষ্টিত রাক্ষসদ্বীপ থেকে কেমন করে ফিরবেন তাই নিয়ে চিন্তায় পড়ে গেলেন। স্বামীর বিষণ্ণতা দেখে খনা বিচার করে বুঝতে পারলেন, তাঁর স্বামীর মন চাইছে নিজের মাতৃভূমিতে ফিরতে। তাই খনা একদিন মিহিরকে ডেকে বললেন, এখন মাহেন্দ্রক্ষণ উপস্থিত, আমাদের যাত্রা করার শুভ সময়। এই সময় যাত্রা করলে কোনও রকম বাধা বিঘ্ন দেখা দেবে না। রাক্ষপ্রধান সব কথা শুনে বললেন, তাঁরা মাহেন্দ্রক্ষণে যাত্রা করেছে। সুতরাং, তাঁদের আর কোনও বিঘ্ন ঘটতে পারে না। তিনিই ভৃত্যকে আদেশ করলেন, দু'জনকে সমুদ্রের পারে রেখে এসো। তখন মায়াবী রাক্ষস মায়াবলে কাষ্ঠের জলযানে ভারতের উপকূলে তাঁদের পৌঁছে দিল। এভাবে সুদূর সিংহল থেকে ভারতে ফিরে এসে তাঁরা সোজা চলে যান তাঁদের পিতা বরাহের কাছে। প্রথমে বরাহ তাঁদের কথা বিশ্বাস করতে পারলেন না। কারণ, আবার তিনি গণনা করে দেখলেন, মিহিরের আয়ুষ্কাল মাত্র এক বছর। বরাহের গণার বিষয় লক্ষ্য করে খনা বললেন–

কিসের তিথি কিসের বার / জন্ম নক্ষত্র কর সার। / কি কর শ্বশুর মতিহীন / পলকে আয়ু বারো দিন...।

খনার জ্যোতির্বিদ্যার অদ্ভুত ক্ষমতা দেখে বরাহ অবাক হয়ে গেলেন। আর কালবিলম্ব না করে বরাহ পুত্র ও গুণবতী বধূমাতাকে সাদরে গৃহে স্থান দিলেন। সেই থেকে খনাদেবী শ্বশুরালয়ে স্বামীসহ সুখে শান্তিতে বসবাস করতে থাকেন।

এদিকে ক্রমে ক্রমে মিহিরও পিতার মতো মহারাজ বিক্রমাদিত্যের রাজসভায় বিশেষ প্রতিপত্তি লাভ করে জ্যোতিষবিদ্যায় যশস্বী হয়ে উঠলেন। সভায় তিনি নবরত্নের মধ্যে অন্যতম রত্নরূপে পরিগণিত হলেন। একদিন রাজা বিক্রমাদিত্য পণ্ডিত রত্নদের মধ্যে এক প্রশ্ন ছুঁড়ে দিলেন, আকাশে নক্ষত্র সংখ্যা কত? কোনও পণ্ডিত হিসাব করে কোনও কিছু বলতে সাহস পেলেন না। তখন বরাহ ও মিহির পিতাপুত্র নানা প্রকার গণনা করে যথাযথ উত্তর না দিতে পেরে মহারাজের কাছে মাত্র একদিনের সময় নিয়ে ঘরে ফিরে এলেন। মহাগুণবতী খনা শ্বশুর ও স্বামীর মুখে গোটা বৃত্তান্ত শুনে অনায়াসে

তা গণনা করে বলে দিলেন। মিহির গিয়ে রাজার কাছে সঠিক উত্তর দিতেই রাজা খুশি ও আনন্দিত হলেন। তবে কীভাবে এই গণনা করলেন তাঁর সদুত্তর দিতে পারলেন না। রাজা বিক্রমাদিত্য গুপ্তচরের মাধ্যমে গুণবতী খনার কাহিনী জানতে পেরে আরও কঠিন কঠিন প্রশ্ন করতে থাকে বরাহ-মিহিরকে। খনা সমস্ত প্রশ্নের সঠিক উত্তর বলে দিতেন।

অল্পকালের মধ্যে খনার যশ ও খ্যাতির সৌরভ চারদিকে ছড়িয়ে পড়ে। রাজা বিক্রমাদিত্য খনাকে তাঁর সভার জনৈক রত্ন করে রাখবেন বলে ঘোষণা করলেন। বরাহকে আদেশ করলেন খনাকে রাজসভায় আনতে। বরাহ ভাবলেন, বাড়ির বউকে রাজসভায় দেখলে সমাজ মন্দ বলবে ও কলঙ্কে দেশ ভরে যাবে। সুতরাং, খনা সেখানে থাকলেও যাতে কথা না বলতে পারেন, সে জন্য তাঁর 'জিহ্বা কর্তন' করাই ভালো।

বরাহ কলঙ্কের ভয়ে ছেলেকে খনার বাকশক্তি লোপ করার জন্য তাঁর জিহ্বা কর্তন করতে আদেশ দিলেন। পিতার নিদারুণ আদেশ শুনে মিহির আর স্থির থাকতে পারেননি। তাঁর মাথায় যেন আকাশ ভেঙ্গে পড়ে। পিতার আদেশ পালন করতে ইতস্তত করতে লাগলেন।

তখন খনা স্বামীর মনের অবস্থা উপলব্ধি করে বললেন, 'আমার মৃত্যুকাল আসন্ন স্বামী। আপনি আপনার পিতার আদেশ পালন করুন।'

মিহির ভাবলেন, একদিকে পিতার আদেশ, অপরদিকে স্ত্রীর অন্তিম অনুরোধ। বেশ তা-ই হোক। ধারালো ছুরি হাতে ধরলেও মিহিরের হাত কাঁপতে থাকে কিন্তু শ্রীহরির নাম নিয়ে উভয়ের আদেশ ও আবেদন রাখতে খনার জিহ্বা টেনে ছেদন করলেন। কিছুক্ষণ পর রক্তক্ষরণেই খনার মৃত্যু হয় বলে জনশ্রুতি রয়েছে।

এখানেই খনার জীবন নাটকের যবনিকা পতন ঘটে। কিন্তু মহামতি খনা তাঁর অমর সৃষ্টি 'খনার বচনের' মধ্যে দিয়েই বেঁচে থাকেন মানুষের হৃদয়ে। তাঁর নাম কীভাবে খনা হল তা নিয়েও মতভেদ রয়েছে। প্রচলিত ধারণা অনুসারে লীলাবতীর জন্ম হয়েছিল এক শুভক্ষণে। এজন্য তিনি ক্ষণা। এখান থেকেই পরিবর্তিত হয়ে খনা নামটি এসেছে। আরেকটি ধারণানুসারে খনা নামের উৎপত্তি সঙ্গে জড়িয়ে রয়েছে তাঁর নির্মম ভাগ্যহীনতার ইতিহাস। উড়িয়া ভাষায় খোনা মানে হল বোবা। মিহির লীলাবতীর জিব কেটে দেওয়ায় তিনি বোবা হয়ে যান বলে সেখান থেকে তাঁর নাম খোনা বা খনা হয়ে থাকতে পারে।

বিভিন্ন নথিতে স্পষ্ট, তিনি বাঙালি সনাতন হিন্দুধর্মাবলম্বী বিবাহিত নারী। স্বাস্থ্যবতী ও হাস্যোজ্জ্বল ছবি। বিদূষী এই নারীর চুল কালো ও দীর্ঘ। সব ছবিতেই এই নারী তাঁর ডান হাত বরাভয়ের মুদ্রা নিয়ে উপস্থাপিত। রং তুলিতে আঁকা এই নারীই খনা। তবে সব ছবিতেই খনাকে একটি বৃত্তের ভিতর আঁকা হয়েছে। কোথাও এই বৃত্তকে পৃথিবী এবং কোথাও সৌরমণ্ডল হিসেবে দেখানো হয়েছে। খনার চারদিকে শনি, মঙ্গল গ্রহ ও নক্ষত্ররাজি ঘুরে বেড়াচ্ছে। খনা বিষয়ে গরিব, নিম্নবর্গের চিন্তাজগতে যে রূপ তৈরি হয়েছে, তাই উপস্থাপিত হচ্ছে এসব চিত্রের ভিতর। কিংবা অন্যভাবে দেখলে খনার এই চিত্র আমাদের গরিব, নিম্নবর্গের খনাবিষয়ক এক রূপকল্প।

শ্রেণীবিভাজিত সমাজের নিম্নবর্গ মানুষেরা তাদের নিজেদের জায়গা থেকে খনাকে গ্রহণ করেছে আপন লড়াইয়ের প্রতীক হিসেবে। তাই অধিপতি ধারার বিরুদ্ধে খনার এই রূপচিত্র হয়তো গরিব মানুষের সমাজের পাল্টা হাতিয়ার। হয়তো তাই, বিদূষী নারী খনা তাঁর অসাধারণ প্রজ্ঞা ও জ্ঞান দিয়ে বাংলার কৃষিব্যবস্থায় সংযোজন করেছিলেন নতুন দিকনির্দেশ।

**খনার বচন আবর্তিত হয়েছে সমাজ সংসারকে ঘিরে। খনার এমন কোনও বচন নেই, যেখানে তা ধর্মের আশ্রয়ে আশ্রিত হয়েছে। তাই তো খনার বচন কোনওভাবেই হিন্দু কী মুসলমান, বাঙালি কী আদিবাসীর আখ্যান হয়ে দাঁড়ায়নি।**

চাষপদ্ধতিতে তাঁর বচন প্রয়োগ করে অভিজ্ঞ হয়েছিল কৃষক এবং সাফল্য এনেছিল তাদের ফসল উৎপাদনে।

বিশেষজ্ঞরা অনুমান করেন, বাংলাদেশে কৃষির সূচনাপর্বে খনা তাঁর বচন রচনা করেছিলেন। খনা কৃষকদের কাছে হয়ে উঠলেন আপনজন। দ্রুত জনপ্রিয় হয়ে উঠেছিলেন তিনি। উপিন্দর সিং (২০০৮) তাঁর আ হিষ্ট্রি অব অ্যানশিয়েন্ট অ্যান্ড আর্লি মেডিয়াভাল ইন্ডিয়া : ফ্রম দ্য স্টোন এজ টু দ্য ১২ সেঞ্চুরি বইতে খনাকে বরাহমিহিরের পুত্রবধূ হিসেবে পরিচয় দিয়ে ডাক ও খনার বচনকে 'প্রাচীন বাংলার জনপ্রিয় কৃষি ভাষ্য' হিসেবে উল্লেখ করেছেন।

প্রচলিত খনার বচনের ভাষা লক্ষ্য করলে এমন একটা ধারণা জন্মায় যে, ওই ভাষা আনুমানিক দু'শো বছর আগের গ্রামবাংলার ভাষা। খনার যে বচনগুলি কৃষি, আবহাওয়া, খাদ্য সম্বন্ধে সেগুলো গ্রাম বাংলার মানুষ আপন করে নিয়েছিল। যেহেতু বচনগুলো লেখা হয়নি তাই মানুষের মুখে মুখে প্রচারিত হওয়ার সময় কালের নিয়মে পরিমার্জিত ও পরিবর্তিত হয়েছে। আর সময়ের সঙ্গে সঙ্গে হারিয়ে না গিয়ে ভাষাগত পরিবর্তনের মধ্যে দিয়ে আজ লোকসাহিত্যের অঙ্গ হয়ে রয়েছে।

তবে খনার জন্ম কিংবা বেড়ে ওঠা সিংহল, উজ্জয়িনী, চন্দ্রকেতুর গড় যেখানেই হোক না কেন, খনা সমাজ ও পরিবেশে, রাজনীতিকে তাঁর অধ্যয়নের বিষয়ে করে তুলেছিলেন। খনার বচনের ভিত্তি তাই কঠিন বাস্তব। কোনও অস্তিত্বহীন যুক্তিহীন বিষয়ের বেড়াজালে তিনি তাঁর বচনকে আবদ্ধ করেননি। তাই হয়তো কালের গণ্ডি পেরিয়ে আজও সমানভাবে প্রাসঙ্গিক।

খনা তাঁর কালজয়ী বচনে কৃষিতত্ত্বজ্ঞানকে সমাজের সামনে বেদবাণীর মতোই উপস্থাপিত করেছেন। এককালে তা অশোক অনুশাসনের মতো কিংবা চাণক্য-শ্লোকের মতো ব্যাপকভাবে প্রচার করা হয়েছিল কিনা কে জানে। তা না হলে গোটা পূর্ব ভারতে এক ক্ষণজন্মা মহিলার কথা মানুষের কাছে এত ব্যাপক ও সুশৃঙ্খলভাবে ছড়াল কীভাবে? কে

না জানে, খনার বচন এককালে গীত হয়ে উঠেছিল এবং পরবর্তী সময়ে বিভিন্ন জায়গায় খোদাই করে রাখা হয়েছিল।

খনার বচন বা সরল জ্যোতিষ বচন (যদিও মলাটে পুস্তকটির নাম লেখা হয়েছে শুধু খনার বচন) নামে কলকাতা থেকে পণ্ডিত রামপদ ভট্টাচার্যের সংকলিত একটি বই প্রকাশিত হয়। বইটিতে ১৭২টি খনার বচনসহ খনার জীবনী, যাত্রাকালীন শুভাশুভ বিচার, শস্য রোপণ প্রণালী, ঝড়বৃষ্টি, অনাবৃষ্টি, বর্ষগণনা, ভূমিকম্প, দুর্ভিক্ষ ও মড়ক, ধর্মার্থে উপবাসের দিন, অতিবৃষ্টি, অতিবন্যা, শনির অবস্থানভেদে চৈত্র মাসের ফল, স্বামী-স্ত্রীর অগ্র-পশ্চাৎ মৃত্যুগণনা, গর্ভস্থ সন্তান পরীক্ষা, জন্মলগ্নের শুভাশুভ গণনা, পরমায়ু গণনা, প্রশ্ন গণনা, অন্নপ্রাশন, বিদ্যারম্ভ, উপনয়ন, বিবাহের শুভাশুভ কথন, আদ্যঋতুর বারফল, নক্ষত্রফল, গ্রহাদির গোচরফল, জন্মতিথি, ক্ষৌর কর্মাদি ও কর্ণবেধ, হাঁচি, টিকটিকির ফল, তিলতত্ত্ব, যতুকতত্ত্ব ও স্বপ্নতত্ত্ব বর্ণনা করা হয়েছে।

তবে খনার বচন প্রসঙ্গে আলোচনার মূল বিষয় হয়ে দাঁড়ায় 'কৃষিবৃত্তি', 'আবহাওয়া' ও 'লোকসংস্কৃতি'।

ভাদরে আশ্বিনে না রুয়ে ঝাল
যে চাষা ঘুমিয়ে কাটায় কাল
পরেতে কার্তিক অঘ্রান মাসে
যদি বুড়ো গাছ খেতে পুঁতে আসে
সে গাছ মরিবে ধরিবে ওলা
পাবে না মাল চাষার পোলা।

খনার বচনের অর্থটি এমন যে, ভাদ্র-আশ্বিন মাসে লঙ্কার চাষ করলে ফল ভালো হয়। তা না করে যদি আলস্যে সময় কাটিয়ে কার্তিক-অঘ্রান মাসে চাষ করা হয়, তাহলে ধসা রোগে গাছ নষ্ট হয়ে যায়। লঙ্কা পাওয়ার কোনও আশাই থাকে না। লক্ষ্য করলে দেখা যায়, বৈশাখ মাসকে কেন্দ্র করে খনার খুব বেশি বচন নেই। কারণ, বৈশাখ মাস ফল-ফসলের তেমন মাস নয়, রবিশস্যেরও নয়। সেই কারণেই বৈশাখকে নিয়ে বচন তৈরি করার তেমন কোনও সুযোগ ছিল না খনার। কিন্তু শীতের সময় চাষবাস নিয়ে রয়েছে তাঁর বচনে। –'যদি বর্ষে মাঘের শেষ, ধন্যি রাজার পুণ্য দেশ। যদি বর্ষে ফাল্গুনে, রাজা যায় মাগুনে।'

মাঘ মাসের অকাল বৃষ্টি চাষের পক্ষে ভালো। আবার যদি বৃষ্টি হয় ফাল্গুন মাসে তবে তা খরার কারণ হতে পারে।

বাংলার জমিদারি সমাজকাঠামোর গরিব চাষি, নিম্নবর্গের কথা বলেছেন তাঁর বচনে, বলেছেন তাঁদের রুচি-রুজির কথা। আর এখানেই খনার বচন হয়ে উঠেছে সার্থক সমাজ বিজ্ঞান।

প্রশ্ন হল, খনার বচন কি বিজ্ঞান? খনার সব বচনই সীমাবদ্ধতা থেকে মুক্ত নয়। বিশেষত জ্যোতিষশাস্ত্র ও জ্যোতির্বিজ্ঞানের সঙ্গে কৃষির সম্পর্ক নিয়ে তাঁর অনেক বচনকে বৈজ্ঞানিকভাবে প্রমাণ করা কঠিন। আবার খনার বচনের বিজ্ঞানভাবনা ও দর্শন নিয়ে কিছু বিচ্ছিন্ন চিন্তাও কখনও কখনও প্রকাশ করেছেন অনেকে।

কিন্তু, এটা না মেনে উপায় নেই, খনাই এ দেশে সর্বপ্রথম কৃষি ঐতিহ্য গড়ে তুলেছিলেন তাঁর বচনের জাদুকরি স্পর্শে। বলাবাহুল্য, আজও পল্লীবাংলায় খনার বচনই 'কৃষি দর্শন' হিসেবে গণ্য হয়ে আসছে। বাংলার কৃষকরা এই দর্শনের উপর ভিত্তি করেই ফসল বোনেন, লাগান ও কাটেন। কৃষি ঐতিহ্য এই বিদূষী নারীরই অবদান।

খনার বচন আবর্তিত হয়েছে সমাজ সংসারকে ঘিরে। খনার এমন কোনও বচন নেই, যেখানে তা ধর্মের আশ্রয়ে আশ্রিত হয়েছে। তাই তো খনার বচন কোনওভাবেই হিন্দু কী মুসলমান, বাঙালি কী আদিবাসীর আখ্যান হয়ে দাঁড়ায়নি।

প্রতিষ্ঠিত জ্যোতিষ বরাহ যখন নিজ পুত্রের আয়ু এক বছর গণনা করেন, প্রচলিত নিয়মানুসারে এটিই বিশ্বাস করার কথা। কিন্তু খনা তা বিশ্বাস করেননি। কারণ, মিহিরের বেঁচে থাকার জীবনকালের সত্য তাঁকে বাধ্য করেছিল প্রতিষ্ঠিত গণনা-প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলতে। খনা তাই বারবার গণনার সত্য ব্যাকরণকে উদ্ধার করার চেষ্টা করেছেন এবং গণনার সত্য উপায়টি খুঁজে বের করেছেন। পুস্তকি-গরিমা আর গ্রন্থগিরিকে খনা তুমুলভাবে প্রত্যাখ্যান করেছেন তাঁর বিজ্ঞান-প্রক্রিয়ার ভিতর দিয়ে।

খনার পরিচয় ঘিরে তৈরি হয়েছে এক দীর্ঘ বৈষম্যের গণিত ও উপস্থাপনের রাজনীতি।

খনা যে সময়ে জীবিত ছিলেন (আনুঃ ৮০০-১২০০) তখন ভারত ছিল পুরুষ শাসিত সমাজ। সেকালে নারীদের তেমন মর্যাদা দেওয়া হত না। তবে এমন নয়তো যে, খনার কবিত্ব, জ্যোতিষ চর্চা, গাণিতিক জ্ঞান সেকালের পুরুষ শাসিত সমাজ সর্বসমক্ষে প্রচার করতে চাননি। তাই কোনও গ্রন্থে খনার নাম উল্লেখ করেননি। মহাকবি কালিদাস রচিত 'জ্যোতির্বিদ্যা ভরণ' গ্রন্থে দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজসভার নবরত্নদের নাম পাওয়া যায়– ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির, বররুচি। এঁরা প্রত্যেকেই পুরুষ। তবে সম্পূর্ণ দেশে একজন নারী রত্ন ছিল না? এর কোনও উত্তর নেই।

চন্দ্রগুপ্ত বা বরাহমিহিরের সমগ্র জীবনের কথায় খনার উল্লেখ পাওয়া যায় না। তাই কোনও কোনও গবেষক খনাকে পুরুষ বলে প্রমাণ করার চেষ্টা করেন। পুরুষের উর্ধ্বে কোনও নারীর এত জ্ঞান তো মানা যায় না, এ-ই ছিল তাঁদের দৃষ্টিভঙ্গি।

পুরুষতন্ত্রের হাতে নারীর প্রজ্ঞা মুছে ফেলার আরও প্রমাণ এই যে, ভারতীয় জ্যোতিষশাস্ত্রের ইতিহাসে বিদূষী খনার উল্লেখ নেই। খনার বচনকে 'খনার বচন' করে তোলার ক্ষেত্রে রয়েছে তাঁর নিজের হার না মানা লড়াই। রাক্ষসপুরী থেকে রাজপুরী। কোথাও খনার স্বাধীন উপস্থিতি ছিল না। প্রতিটি পদক্ষেপই তাঁকে শরীর ও মগজ দিয়ে অর্জন করতে হয়েছে। তাই খনা তাঁর শারীরিক মৃত্যুকে মেনে নিয়েছেন, কিন্তু বিজ্ঞান-দর্শনের মৃত্যুকে মেনে নেননি। মৃত্যুর আগে পর্যন্ত তাই তিনি তাঁর জ্ঞান ছড়িয়ে দেওয়ার চেষ্টা করে গেছেন। স্বামী মিহিরের কাছে প্রার্থনা করেছেন তাঁর শেষ ইচ্ছা হিসেবে বচনগুলি উচ্চারণ করার।

খনা প্রকৃতিকন্যা। প্রকৃতির মতোই কখনও চঞ্চল-অস্থির, কখনও বা সৌম্য-শান্ত। যখন যে বিচার করে গ্রহ-নক্ষত্ররাজি তখন সে একরকম। যখন সাধারণ মানুষের সঙ্গে মিশে তখন আরেক রকম। কৃষকের সোঁদামাটির গন্ধে পাগলপারা খনা সর্বরূপে আবির্ভূত হন আমাদের সম্মুখে।

তাই খনা বলেছেন, 'মেঘের দেখ জলের রেখা।' খনা মেঘবিজ্ঞানের সূত্র মেঘের ভিতরেই রয়েছে, এটা উপলব্ধি করতে শিখিয়েছেন। মূলত খনা প্রকৃতির সঙ্গে বিজ্ঞানের সম্পর্ক ও সূত্রকে তাঁর বিজ্ঞান-দর্শন হিসেবে হাজির করেছেন। আর এসব কারণেই খনাকে ইতিহাস থেকে ইতিহাসে ক্ষমতাশালীদের চোখ রাঙানি এবং দূরে সরিয়ে রেখেছে।

তাই এখনও পর্যন্ত খনার বচনের কোনও পূর্ণাঙ্গ দলিল আমাদের নাগালে নেই। শুধুমাত্র গ্রামীণ কৃষক সমাজের মৌখিক সংরক্ষণ-প্রক্রিয়ার ওপর যাবতীয় দায়দায়িত্ব ছেড়ে দিয়েছি।

ঔপনিবেশিক আমলে তৎকালীন ইংরেজ শাসক ও পণ্ডিতরা বাংলা লোকসাহিত্য সংগ্রহে এত আগ্রহী হলেও খনার বচন সংগ্রহের প্রতি তাঁদের তেমন উৎসাহ দেখা যায়নি। খনার বচনকে দাবিয়ে রাখার ঔপনিবেশিক স্বার্থ ছিল বাংলার গ্রামীণ জগৎ থেকে কৃষির আপন রীতি ও দার্শনিক ভিত্তি গায়েব করে দেওয়া, যাতে ঔপনিবেশিক নিয়ন্ত্রণ ও ক্ষমতাগিরি আরও সক্রিয় ও বৈধ হতে পারে। হয়তো তাই।

'থোড় তিরিশে, ফুলো বিশে
ঘোড়ামুখো তেরো জেন,
বুঝে সুঝে কাটো ধান্য।'

খনাই তো বাংলার গরিব চাষিদের শিখিয়ে গিয়েছিলেন, থোড় জন্মানোর তিরিশ দিন পরে, ফুল বার হওয়ার কুড়ি দিন পরে, শিষ নত হওয়ার তেরো দিন পরে ধান কাটতে হবে। অন্যথায় লাভের আশা থাকে না।

'যদি না হয় আগনে বৃষ্টি
তবে না হয় কাঁঠালের সৃষ্টি
সকাল শোয় সকাল ওঠে
তার কড়ি না বৈদ্য লুটে
আলো হাওয়া বেঁধো না
রোগে ভোগে মরো না।
গাছগাছালি ঘন রবে না।
গাছ হবে তার ফল হবে না
বামুন বাদল বাণ
দক্ষিণা পেলেই যান।'

আবার খনা কখনও বলছেন,

'ব্যাঙ ডাকে ঘন ঘন
শীঘ্র হবে বৃষ্টি যেন।'

এই বচন বলে যে, ব্যাঙের ডাক বৃষ্টি হওয়ার লক্ষণ। আসলে খনার বচনে আছে কৃষিকাজের বিবিধ রীতি-পদ্ধতি ও নিয়ম-নির্দেশ। হাল, চাষ, বলদ, ভূমি, বীজ, ফলন, বৃষ্টি, বন্যা, শিলা, ঝঞ্ঝা, মাস, ঋতু ও সপ্তাহের বিভিন্ন বার প্রভৃতি সম্বন্ধে জ্যোতিষী ব্যাখ্যা এগুলোর মধ্যে পাওয়া যায়। বৃষ্টি ও আবহাওয়া সম্পর্কে রচিত বচনে সাধারণত বৃষ্টি, বন্যা, খরা, সম্পর্কে ভবিষ্যদ্বাণী থাকে। বর্ষায় বৃষ্টি হলে কৃষক চাষ করবে, বীজ বুনবে, চারা রোপণ করবে, ফসল ফলাবে। সেই সঙ্গে লক্ষ্য রাখবে বন্যায় না– ভেসে যায় ফসল।

কোন ফসলের সঙ্গে বা পাশে কোন ফসল উৎপন্ন করলে ফলন ভালো হবে, কত দূরে দূরে চারা রোপণ করতে হবে, সবই বিস্তারিত বলা হয়েছে খনার বচনে। বচনগুলো তাই বাংলার 'কৃষিদর্শন'।

জীবনের অন্যান্য অংশ নিয়েও কম বচন রেখে যাননি এই অনন্য পর্যবেক্ষক। অনেক কথাই তো আমরা সবাই প্রতিনিয়ত ব্যবহার করি, কিন্তু জানি না যে এটি খনার বচন।

যেমন– 'সূর্যের চেয়ে বালি গরম! নদীর চেয়ে প্যাক ঠাণ্ডা!'

অথবা 'সমানে সমানে কুস্তি, সমানে সমানে দোস্তি।'

কর্মফল নিয়ে তিনি যেন এইখানে দাঁড়িয়েই উপদেশ দিচ্ছেন, 'যা-ই করিবে বান্দা তা-ই পাইবে / সুঁই চুরি করিলে কুড়াল হারাইবে।'

তবু মাত্র কৃষিনামা, আবহাওয়া, জ্যোতিষশাস্ত্র থেমে থাকেনি এই নারীর জ্ঞানের পরিধি। স্বাস্থ্য সম্পর্কিত তাঁর বচনগুলো আজও সমানভাবে প্রাসঙ্গিক।

'জর ভিটায় তুলে ঘর,
সে আসে তারই জর।'

অর্থাৎ অপরিচ্ছন্ন স্যাঁতস্যাঁতে জায়গায় ঘর করলে সে ঘরে অসুখ বিসুখ লেগেই থাকে।

'পীড়ে উঁচু মেঝে খাল,
তার দুঃখ চিরকাল।'

অর্থাৎ ঘরের মেঝে চারদিকের ভিটের চাইতে নিচু হলে সে ঘর স্বাস্থ্যসম্মত নয়।

আধুনিক চিকিৎসাশাস্ত্র যে কথা আজ বলে সে কথাই বহুকাল আগে খনা বলে গেছেন সহজ ছড়ার বুনুনে।

উনা ভাতে দুনা বল,
অতি ভাতে রসাতল।
অতিরিক্ত খাদ্য গ্রহণ স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর।
বারো মাসে বারো ফল,
না খেলে যায় রসাতল।

খনা বলেছেন, সব মৌসুমেই কিছু কিছু মৌসুমি ফল খেতে হয়। যে কথা আজও চিকিৎসা বিজ্ঞানের কল্যাণে আমরা আপ্ত বাক্যের মতো মেনে চলি তা তিনি বলে গেছেন সহজ সরল ছন্দে।

প্রভাতকালে উঠে যে খাবে ঠাণ্ডা জল,
তাহার ঘরে বদ্যি না যাবে কোন কাল।

খনার বচন বলে সকালে উঠে ঠাণ্ডা জল পান করতে হয়।

এইসব সূত্র শুধু আধুনিক নয়, বিজ্ঞানসম্মত। আর আজও আমরা এগুলি মেনে চলি। কি সহজ অথচ জীবনবোধে টইটুম্বুর খনার বচন, যেন ছন্দে ছন্দে গাঁথা জীবনের মানে! বাঙালি লোকসাহিত্যের বৃত্ত খনার বচন ছাড়া সম্পূর্ণ নয়। এটি একটি নির্দিষ্ট সময়ে রচনা করা হয়েছে ঠিকই, কিন্তু এর আবেদন আটকে থাকেনি শুধু সেই সময়টিতেই। আজও খনার বচন পড়লে আপনি আনমনে বলে উঠবেন– 'ঠিকই তো!' আর সেই মিথ মেনে চলা টিকটিকিটিও খনার বচন শুনে আজ একবার বলে উঠতেই পারে– 'ঠিক ঠিক!'

তবে খনার বচনে বিস্ময়করভাবে অনুপস্থিত নারী নির্যাতন কিংবা অবদমনের ইঙ্গিত অথবা পৌরুষত্বের আস্ফালন। খনার প্রচলিত বচনগুলোর মধ্যে কেবল দুটি বচনে নারী-নিন্দার আভাস রয়েছে। অনেকেই মনে করেন খনার বচন সম্ভবত চার্বাক বা লোকায়ত দর্শন দ্বারা প্রভাবিত। চার্বাকরা বস্তুবাদী ও নিরীশ্বরবাদী। চার্বাকদের জীবনচর্চা ও ভারত উপমহাদেশে এই লোকায়ত দর্শনের ধারণা ও প্রচারের সূচনা অনেক আগেই, প্রায় ঋগ্বেদের সময়। কিন্তু হিন্দু পুনর্জাগরণের জোয়ারে অন্যান্য অনেক লোকজ বিশ্বাসের সঙ্গে চার্বাক দর্শনকেও স্বমূলে উৎখাত করা হয়। আর একই কারণে তাদের উচ্ছেদের পর চার্বাকদের কোনও গ্রন্থ, প্রচারপত্র, পরামর্শ বা উপদেশের চিহ্ন রাখেননি তারা পরবর্তী কালের জন্যে।

তবে অষ্টম শতকে আবার সংঘবদ্ধ হয়েছিল চার্বাক বা লোকায়ত বিশ্বাসের লোকেরা। যারা মৃত্যুর পর আত্মা বেঁচে থাকার কথা অগ্রাহ্য করে; যারা প্রমাণ ছাড়া কোনও কিছুতে বিশ্বাস স্থাপন করে না, ঈশ্বর বা পরলোক মানে না, ইত্যাদি। ইহলৌকিক ভোগ বাসনায় এবং দৈনন্দিন জাগতিক ব্যাপারে ও বস্তুগত বিষয়ে নিজেদের ও অপরের উন্নতি সাধনে তারা সর্বদা সতর্ক ছিল। খনার বচনের রচনাকাল, ও খনার জীবন ৮০০-১১০০ সালের মধ্যে বলে স্বীকৃত। অনেকেই মনে করেন খনা হয়তো চার্বাক দর্শনের অনুরাগী ছিলেন।

শুধুই কি একজন নারী বলে তাঁর পরিণাম নির্মম, না কি তিনি নারী হয়ে মিশেছিলেন 'চাষাভুষোর সনে', সেই তাঁর কাল? পুরুষতন্ত্র, না শ্রেণী কাঠামো? না, সমাজ খনার বিপ্রতীপে?

কারও পরোয়া না করা জীবন ত্যাগী নেশার ঘোর তাঁকে নিয়ে যায় দিগন্তের ওপার। খনার সত্য শুধু থেকে যায় কৃষকের মুখে। তবু প্রশ্ন থাকে, খনার সত্যই কি একক সত্য? না কি আজকে নির্ভুল, যা কাল তা হতে পারে অসত্য? শুধু সত্যের পক্ষে দাঁড়ানোর যে মৃত্যুনেশা তাঁর, সেই নেশা কি একরোখা জেদ? খনা নিজেই নিজেকে প্রশ্ন করেছেন।

খনা বন্দি জীবন মেনে নেয়নি। প্রকৃতির সঙ্গে বেড়ে ওঠা মেয়ে যা সত্য তাই বলেছে। তার শ্বশুর জ্যোতিষী বরাহর গণনা মিথ্যা প্রমাণিত করেছে। জ্যোতিষী বরাহ তার ছেলে মিহিরকে দিয়ে খনা তথা লীলাবতীকে ক্ষমা চাইতে বলেছে কিন্তু খনা তাঁর সিদ্ধান্তে অটল, স্থির, দৃঢ়প্রতিজ্ঞ। যা সে সত্য বলে মেনেছে জেনেছে তাই সে বলেছে। তাঁর হত্যার পরিকল্পনা সে জানত! তবু সে সত্য থেকে সরে আসেনি। স্বামী মিহিরকে ভালোবেসেই বিয়ে করেছেন। কিন্তু সেই ভালোবাসার মানুষটিই পিতা বরাহের হুকুমে খনার জিব কেটে দিয়েছিলেন! শ্বশুর বরাহ ও স্বামী মিহির সুযোগসন্ধানী, কুটকৌশলী। ছলে-বলে-কৌশলে নিজের আসন ধরে রাখাতেই তাঁদের বীরত্ব। মিহিরের মতো মানুষেরা কোনওকালেই না প্রেমিক, না স্বামী। এদের একটাই পরিচয়, এরা দাম্ভিক, আত্মকেন্দ্রিক ও স্বার্থপর। আসলে পুরুষশাসিত সমাজের নির্যাতিত নারীর প্রতিচ্ছবি শুধু নয়, খনা একই সঙ্গে অনেক চরিত্রের প্রতিভূ।

খনার কান্না শুধু একজন নারীর কান্না নয়, তার কান্নায় রয়েছে সত্য হারানোর বেদনা। রয়েছে স্বামীর বিশ্বাসভঙ্গের চাতুরীপনা। দেশকে ভালোবাসার শাস্তি তিনি পেয়েছেন আপনজনের কাছ থেকে। খনা সাহসী। নির্ভীক। আর এই স্বাধীনসত্তার জন্য খনা হয়ে ওঠেন প্রাচ্যের সক্রেটিস।

খনা সত্য প্রতিষ্ঠায়, কৃষকের স্বার্থরক্ষায়, প্রকৃতিকে ভালোবেসে, শ্রেণিসংগ্রামকে আবক্ষ ধারণ করে জীবন বিসর্জন দিয়েছেন। যার তুলনা মেলে কেবল সক্রেটিসের হেমলক পানের সঙ্গে। জীবন-কর্ম ও দর্শনের নিরিখে খনা কোথাও যেন সক্রেটিসের উত্তরসূরি। যিনি জবান (জিব কেটে ফেলা হয়েছিল তাঁর) দিয়ে সত্য প্রতিষ্ঠা করে গেছেন, অমরত্ব দিয়ে গেছেন সক্রেটিসের মতোই তাঁর বিশ্বাসকে। তাই শতক-সহস্রকের চৌকাঠ পেরোনোর পরও আজও খনার বচন কৃষকের কাছে অমৃততুল্য–

'যদি বর্ষে মুষলধারে, মধ্য সমুদ্রে বগা চরে। যদি বর্ষে ছিটেফোঁটা, পর্বতে হয় মীনের ঘটা। যদি বর্ষে রিমিঝিমি, শস্যের ভার না সহে মেদিনী।'

'হেসে সূর্য বসেন পাটে, চাষার বলদ বিকোয় হাটে।'

'থেকে গরু না বায় হাল, তার দুঃখ চিরকাল। থোড় তিরিশে ফুল বিশে, ঘোড়ামুখো তেরো দিন দেখে শুনে ধান কিন্।'

'আষাঢ়ে রোয়া শ্রাবণে পোয়া, ভাদ্রে যুবা, আশ্বিনে বুড়া, কার্তিকে দেয় উড়া। উত্তম ক্ষেতি যে হাল চষে, মধ্যম ক্ষেতি যে সঙ্গে রহে। ঘরে বসে পুছে বাত, ইবার যা-তা উবার হাভাত।'

এসব কি শুধুই কথার কথা? নাকি প্রতিটি বাক্য একেকটি দর্শন। যে-দর্শনে কৃষক খুঁজে পায় তার করণীয় সম্পর্কে। যদিও শাস্ত্রবিদরা খনাকে দেন না দার্শনিকের মহিমা ও মর্যাদা।

তবু প্রজন্ম থেকে প্রজন্মে খনার বচন থেকে যায়। এখানেই খনার বিশিষ্টতা। খনার নির্মম সত্য আসলে সমাজ ও সংস্কারের নামে এক বিদূষী কন্যাজন্মের ইতি!

**তথ্যসূত্র :**

"Varahamihira : The ancient astrologer, astronomer and mathematician" by Meera Sashithal; The Free Press Journal; (Weekly News Paper); Oct 3; 2015।
কিংবদন্তী খনা ও খনার বচন; লেখিকা পূরবী বসু।
ভারতবর্ষের ইতিহাস (আদি যুগ); গোপাল চন্দ্র সিন্হা।
সিংহল বিজয় কাব্য : শ্রী শ্যামচরণ শ্রীমানী।
প্রাচীন বাংলার গৌরব : শ্রী হরপ্রসাদ শাস্ত্রী।
Bhaskaracharya's Lilavathi by Nithin Nagaraj.



# কৃষি নিয়ে খনার বচন

ডা. সুবল কুমার মাইতি

বিভিন্ন সূত্র থেকে জানা যায়, কৃষি বিজ্ঞানে বিশেষ জ্ঞান অর্জন করেছিলেন খনা। আশ্চর্য ব্যাপার হল, কৃষি বিষয়ে ছড়ার আকারে খনা যে সমস্ত কথা বলে গিয়েছেন, সেই সব কথা চাষীরা অক্ষরে অক্ষরে পালন করে আসছেন বহু যুগ ধরে। চাষবাস নিয়ে আধুনিক বৈজ্ঞানিক গবেষণাও কিন্তু খনার বচনগুলিকেই সমর্থন করছে, যেমন–

খনা বলছেন,

'আষাঢ়ে কাড়ান নামকে, শ্রাবণে কাড়ান ধানকে,
ভাদ্রে কাড়ান শিষকে, আশ্বিনে কাড়ান কিসকে ॥'

অর্থাৎ, আষাঢ় মাসে ধান রুইয়ে দিলে চাষ ভালো হবে না! শ্রাবণে হলে ধান ভালো হয়। ভাদ্রে চাষ করলে 'শিষ' হয় মাত্র। আশ্বিনে ধান রুইলে কোনও ফল পাওয়া যায় না। প্রসঙ্গত উল্লেখ্য, খনার সময়কালে ধানের চারা রুইয়ে দেওয়ার প্রক্রিয়াকে বলা হতো 'কাড়ান'।

আধুনিক বিজ্ঞানও বলছে, শ্রাবণ মাসে ধান রোয়া শুরু করে ভাদ্র মাসের প্রথমে শেষ করে দিতে হবে। তবেই ধানের ফলন ভালো হবে।

খনা আর কী বলছেন?–

'কোন পাতলা ডাগরগুছি, লক্ষ্মী বলে সেথাই আছি ॥'

অর্থাৎ জমিতে পাতলা করে ধানের গোছা নিয়ে রুইতে হবে। গুছি মানে অনেকগুলি ধানের চারা। সেই চারা একসঙ্গে গোছ করে জমিতে পুঁতে দিতে হবে। এরও কারণ রয়েছে। দক্ষিণবঙ্গে মাঝেমধ্যে অতিবৃষ্টির কারণে সব ধান চারা বাঁচে না। কিন্তু 'গুছিতে' অনেকগুলি ধানের চারা রাখলে বেশিরভাগ বেঁচে থাকবে। আর পাতলা করে রুইলে চারাগুলি বেড়ে ওঠার পর্যাপ্ত জায়গা পাবে, ঝাড় হয়ে ধানগাছ বড় হবে, ধানও প্রচুর হবে!

চাষের সময় নিয়েও সতর্কবার্তাও রয়েছে খনার–

ধানাদি রোপণ পুরো শ্রাবণ মাস এবং ভাদ্রের ১২ তারিখের মধ্যে শেষ করা উচিত। বিজ্ঞানও সেই বক্তব্য সমর্থন করছে। হ্যাঁ, আধুনিক বিজ্ঞান কঠোরভাবে ১২ তারিখের সীমারেখা না দিলেও, ভাদ্র মাসের ১৫ তারিখের মধ্যে যে রোপণ শেষ করা দরকার সেই নিয়ে দ্বিমত পোষণ করে না।

আবার–

'দিন রোদ, রাতে জল,
দিন দিন বাড়ে ধানের ফল ॥'

অর্থাৎ ধানের জমিতে রাতে বৃষ্টি হলে, আর সারাদিন রোদ পেলে ধানের ফলন ভালো হয়। বৈজ্ঞানিক বিশ্লেষণও কিন্তু এই মতের সমর্থন করে। রাতে বৃষ্টি পড়লে ধানের পাতা পরিষ্কার হয়ে থাকে। দিনের বেলায় সেই পাতায় রৌদ্র পড়ে সালোকসংশ্লেষ প্রক্রিয়া ত্বরান্বিত হয় ও গাছের বেড়ে উঠতে সুবিধা হয়।

শুধু ধান নয়, অন্যান্য ফসলের চাষ নিয়েও তাঁর পর্যবেক্ষণ ছিল স্পষ্ট–

'ষোলো চাষে মূলা, তার অর্ধেক তুলা,
তার অর্ধেক ধান, বিনা চাষে পান ॥'

অর্থাৎ মূলা চাষ করতে হলে লাঙল দিয়ে জমি চষতে হবে ১৬ বার। তুলা চাষ করতে হলে ৮ বার। ধান চাষে ৪ বার। আর পান চাষ করতে হলে লাঙল না দিলেও চলবে।

এবার এক জায়গায় দেখা যাচ্ছে, তিনি বলছেন–

'সরিষা বুনে কলাই-মুগ,
বুনে বেড়াও চাপড়ে বুক ॥'

অর্থাৎ, একই খেতে সর্ষে ও কলাই-মুগ চাষ করা যায়। ফলে একইসঙ্গে দুটি শস্য চাষী ঘরে তুলতে পারে। তখন আনন্দে বুক বাজাতে পারে কৃষক!

'আশ্বিনের উনিশ–কার্তিকের উনিশ,
বাদ দিয়ে মটর কলাই বুনিস ॥'

অর্থাৎ আশ্বিন মাসের শেষ ও কার্তিক মাসের প্রথম ১৯ দিন বাদ দিয়ে মটর-কালাইয়ের ডাল বুনতে হবে। তবেই ভালো ফসল পাওয়া যাবে।

'ফাগুনের আট, চৈত্রের আট,
সেই তিল দায়ে কাট ॥'

অর্থাৎ ফাল্গুন মাসের শেষ ৮ দিন ও চৈত্র মাসের শেষ ৮ দিন, মোট ১৬ দিনের মধ্যে তিল বুনতে হবে। তবেই তিলের ফলন উৎকৃষ্ট হবে ও কাস্তে দিয়ে কেটে ঘরে তোলা যাবে!

তিনি আরও লক্ষ্য করেছিলেন–

'মাছের জলে লাউ বাড়ে, ধেনো জমিতে ঝাল বাড়ে ॥'

অর্থাৎ লাউগাছের গোড়ায় মাছ ধোয়া জল দিলে সরেস লাউ মেলে। আর ধানের জমিতে লঙ্কা চাষ করলে তৃপ্তিদায়ক ফলন হয়।

এই যে বাজারে এত লঙ্কা পাওয়া যায়, তা কিন্তু ধানের জমিতেই চাষ করা হয়!

অতএব খনার বচন শুধু কতকগুলো ছড়া নয়। বরং নিবিড় পর্যবেক্ষণ বলাই শ্রেয়! শত শত বছর আগে যখন আবহাওয়া অফিস ছিল না, তখন, খনার এই পর্যবেক্ষণগুলিই ছিল গরিব কৃষকের একমাত্র অবলম্বন! লিপিবদ্ধ যুগজয়ী সেই দর্শন যে ভুল ছিল না, তার প্রমাণ আজও মিলছে। আর সেখানেই খনার বচনের সার্থকতা।

তথ্য সহায়তায় : ভারত সরকারের আয়ুর্বেদ গবেষণা বিভাগের অবসরপ্রাপ্ত চিকিৎসা বিজ্ঞানী, অধ্যাপক

অনুলিখন : সুপ্রিয় নায়েক



## খনার বচন আজও প্রাসঙ্গিক

গুঞ্জন ঘোষ

খনা কি সত্যদ্রষ্টা, নাকি ক্রান্তদর্শী?

খনা সেকালের অত্যন্ত প্রগতিশীল, উদারমনা এক নারী যিনি সত্যের মুখোমুখি হতে ভয় পাননি। সে যুগের নিরিখে যা বৈপ্লবিক সেটাই খনা করে দেখিয়েছিলেন, শ্বশুরের ভুল ধরিয়ে দিয়ে।

মহৎ ব্যক্তি আর শাস্ত্রমুখে সত্য লাভ করে ধৈর্য ধরে প্রারব্ধভোগ করাই যখন গৃহীর ধর্ম, সেইকালে খনাই প্রথম এই প্রথার বাইরে গিয়ে দেখিয়েছিলেন মানবতাবাদই শ্রেষ্ঠ। সেকালে খনার মতো এমন সমাজবিজ্ঞান মনস্কতাও আর দেখা যায়নি। আর জ্যোতিষ গণনার ক্ষেত্রে তাঁর যোগ্যতা ছিল প্রশ্নাতীত। তিনি যেন এই শাস্ত্রের প্রতিমূর্তি ছিলেন। তাঁকে বলা হয়– 'হোরাশাস্ত্রপারগমনে নূনং সমর্থো মহান / পাট্যার্খ্যে গণিতে চ বীজগণিতে / যো দর্ভগর্ভাগ্রধীরঃ। / সিদ্ধান্ত স্ফুট বাসনা প্রকথনৈর্ভেদৈরনেকৈর্যুতৈঃ / গোলে স্যাৎ কুশলঃ স এব গণকো / যোগফলদেশকঃ ॥'

জ্যোতিশাস্ত্রের কিছু গুণাবলী যেমন, হোরাশাস্ত্র, বিভিন্ন গণিত, ভূগোল, গ্রহ-নক্ষত্রের স্ফুট গণনায় তিনি সিদ্ধহস্ত। তিনি এই বিদ্যার সহজাত গুণগুলি নিয়ে জন্মেছিলেন।

সিংহল রাজকন্যার এক মহাশুভক্ষণে জন্ম বলে তাঁর নাম হল ক্ষণা। ক্রমে তা থেকে খনা। বাঙালির ভীষণ কাছের জন খনা। কিংবদন্তি হল, সিংহলে দানবরাজের কাছে লালিত খনার বিয়ে হয় বরাহ পণ্ডিতের ছেলে মিহিরের সঙ্গে। জন্মসময়ে মিহিরের ভাগ্য গণনা করে বরাহপণ্ডিত দেখেছিলেন পুত্রের আয়ু মাত্র এক বছর। অতএব, মায়া না বাড়িয়ে পুত্রকে পাত্রে রেখে সমুদ্রে ভাসিয়ে দেন। সেই পাত্র ভাসতে ভাসতে সিংহলে পৌঁছলে দানবরাজার লোকজন মিহিরকে উদ্ধার করে লালনপালন করে। বড় হলে তার সঙ্গে খনার বিয়ে হয়। জ্যোতিষের ক্ষণজন্মা, প্রাজ্ঞ মানবী খনা স্বপ্রতিভার বলে এই বিদ্যা আয়ত্ত করেছিলেন।

অনেকে বলে থাকেন, খনার জন্যই জ্যোতিষ মর্যাদাপ্রাপ্ত হয়। সেই যুগে খনার জ্যোতিষ পারদর্শীতার সঙ্গে কেউই এঁটে উঠতে পারতেন না। আর এই খনাকে চিনে নিতে ভুল হয় না রাজা বিক্রমাদিত্যের। তিনি দূত মুখে শুনেছিলেন বরাহপণ্ডিতের এই গুণবতী পুত্রবধূর বিদ্যাবত্তা ও প্রতিভার কথা। রাজা বিক্রমাদিত্য কৌশল করে দুরূহ এক প্রশ্নের মুখে ঠেলে দিয়েছিলেন পিতাপুত্র বরাহ-মিহিরকে। প্রশ্নটি অত্যন্ত জটিল এবং খানিকটা অবিশ্বাস্যও বটে। প্রকৃতপক্ষে আকাশে কত তারা আছে? বিক্রমাদিত্যের প্রশ্নটি ছিল এটিই। ভরা রাজসভায় পিতাপুত্র কেউই এর সঠিক উত্তর দিতে পারেননি। উত্তর দেওয়ার জন্য কিছুটা সময় চেয়েছিলেন তাঁরা। গৃহে ফিরে খনার কাছে সাহায্য চেয়েছিলেন।

খনাই বলে দেন সঠিক উত্তর। রাজাকে সেই উত্তর বরাহ-মিহির জানালে রাজা বিক্রমাদিত্য তুষ্ট যেমন, তেমনই এর পেছনে কার হাত আছে সেটিও জেনে যান। একদিন তিনি খনাকে রাজসভায় আনার আদেশ দিলেন। এইখান থেকেই মর্মান্তিক ঘটনার পূর্বাভাষ পাওয়া গেল।

নারীর মর্যাদা উলঙ্ঘন যেমন বরাহের ভয়ের একটি কারণ, পাশাপাশি রাজবৃত্তে নিজের প্রতিপত্তিহানির ভয়েও পণ্ডিত অশনি সংকেত দেখলেন। পুরুষশাসিত সেকালের একরোখা সমাজের একজন শক্তিশালী ব্যক্তি হিসেবে বরাহপণ্ডিত অদ্ভুত একটা চাল চাললেন। রাজার অবাধ্য না হয়ে সানন্দে পুত্রবধূকে রাজসভায় যাওয়ার অনুমতি দিলেন। কিন্তু সে যাতে কোনও কথা বলতে না পারে তার জন্য খনার জিভটি কেটে নেওয়ার আদেশ দিলেন। সেই অমানবিক কাজটি করবে পুত্র মিহির। এই ষড়যন্ত্রের কথা প্রকাশ্যে এল না। যথারীতির খনার জিভ কাটা গেল। অল্পক্ষণ পরেই তাঁর মৃত্যু হয়। খনা তাঁর মৃত্যু সময় গণনা করে যা দেখেছিলেন স্বামী হাতে অকালে তাঁর মৃত্যু হবে। এবার সত্যিই তা হুবহু মিলে গেল। একটা কথা বলা দরকার, এই কিংবদন্তির ঐতিহাসিক সত্যতা নিয়ে নানাজনের নানা মত।

অনেক পণ্ডিত বলেন বরাহের পুত্র মিহির এটি ইতিহাস স্বীকৃত নয়। তাঁরা বলেন বরাহমিহির একই ব্যক্তি। খনার বচনগুলি বাংলায় লেখা। এর ভাষা থেকে অনুমান করা যায় সেগুলি চারশো বছরের বেশি নয়। বরাহমিহিরের আবির্ভাবকাল প্রায় দেড় হাজার বছর আগেকার। বরাহমিহিরের 'জাতকাদি জ্যোতিষ' গ্রন্থের সঙ্গে খনার বেশকিছু বচনের অদ্ভুত মিল দেখা যায়। হয়তো এই কারণের জন্য অনেকে বরাহমিহিরের সঙ্গে তাঁকে মিশিয়ে ফেলেন। আবার আরও এক বিস্ময়ের ব্যাপার, তিনি বচন বলতেন। লিখতেন না। তাই কোনও পুঁথি নেই। শ্রুতি নির্ভর হয়ে রয়ে গেছে খনার এই বচনগুলি।

কোনও কোনও ঐতিহাসিক মনে করেন খনা আসলে ব্যক্তি বিশেষ কেউ নন। গ্রামবাংলার চারণকবিদের প্রকৃতিনির্ভর ছড়া যা প্রাচীন বাংলা সাহিত্যের আদিরূপ। একাধিক চারণছড়াকারদের মিলিত সৃষ্টিই খনা নামের সঙ্গে জুড়ে দেওয়া হয়েছে। এই তত্ত্ব নিয়েও বিস্তর বিতর্ক আছে। মহাকবি কালিদাসের 'জ্যোতির্বিদ্যাভরণ'

গ্রন্থে বিক্রমাদিত্যের নবরত্ন সভার যে বিবরণ আছে তা থেকে প্রমাণিত হয় বরাহ, মিহির বাস্তবিক চরিত্র।

খনা তাঁর বচনে সিদ্ধ বিশেষত চাষবাস, আবহাওয়া, প্রাকৃতিক দুর্যোগ, আয়ু গণনা, স্বামী-স্ত্রীর মৃত্যুগণনা, জন্মলগ্নে শুভ অশুভ গণনা, বিদ্যারম্ভ, গ্রহনক্ষত্রফল, তিল ও জড়ুলতত্ত্ব ইত্যাদি বিষয়ে। তাঁর বচন চিরকালীন। চাষবাসের ক্ষেত্রে এই ইন্টারনেটের যুগেও গ্রামের কৃষিজীবীরা এখনও নির্ভর করেন পূর্বপুরুষদের কাছে শোনা ও শেখা 'পটল বুনলে ফাগুনে, ফল বাড়বে দ্বিগুণে / ফাগুনে না বুনলে ওল, শেষে হয় গণ্ডগোল / খনা বলে চাষার পো, শরৎ শেষে সরষে রো। / সরিষে বুনে কলাই মুগ, বলে বেড়াও চাপড়ে বুক। / কার্তিকের উনো জলে, দুনো ধান খনা বলে।'

এ তো আজও অস্বীকার করার উপায় নেই 'বাদল, বামুন, বান / দক্ষিণাতেই যান।' কিংবা 'মঙ্গলে ঊষা বুধে পা, যথা ইচ্ছা তথা যা।'

খনার কৃতিত্ব কোথায়? আজও বহু জ্যোতিষী স্বীকার করেন তাঁর পরমায়ুতত্ত্বের গূঢ় রহস্যে। এর পেছনেও সেই কাহিনী। সুদূর সিংহল থেকে স্বামী মিহিরের সঙ্গে শ্বশুরবাড়িতে এসেছেন খনা। কিন্তু শ্বশুর বরাহ বেজায় অখুশি। তিনি আবার পুত্রের আয়ু গণনা আরম্ভ করলেন। খনা তখন শ্বশুরের গণনা পদ্ধতির ভুল ধরিয়ে দিয়ে গূঢ় রহস্যটি ভেদ করলেন এই বলে,

'কীসের তিথি কীসের বার। জন্ম-নক্ষত্র কর সার ॥
কি কর শ্বশুর মতিহীন। পলকে আয়ু বারোদিন ॥
নরা গজা বিশে শয়। তার অর্ধ বাঁচে হয় ॥
বাইশ বলদা তের ছাগলা। তার অর্ধ বরা পাগলা ॥'

এই হিসেব দেখে বরাহপণ্ডিত নিজের ভুল ধরতে পারলেন। স্বামী স্ত্রীর অগ্রপশ্চাৎ মৃত্যু গণনা এই বিষয়টি সামাজিকভাবে সেকালে ভীষণ গুরুত্বপূর্ণ ছিল। এই প্রশ্নটি আজকের দিনে কী প্রাসঙ্গিক নয়? খনা জানাচ্ছেন–

'অক্ষর দ্বিগুণ, চৌগুণ মাত্রা। নামে নামে করি সমতা ॥
তিন দেয়ে হরে আন। তাহে মরা বাঁচা জান ॥
এক শূন্যে মরে পতি। দুই রহিলে মরে যুবতী ॥'

এমনও অনেক মানুষ আছেন যাঁরা আজও কোথাও যাওয়া আসার ক্ষেত্রে যাত্রার শুভাশুভ বিচার করেন। খনা এখানেও সোচ্চার। মজার ব্যাপার হল, যাত্রাকালীন ক্ষেত্রে তিনি যেসব শুভাশুভ লক্ষণগুলির কথা বলেছেন তা কাকতালীয় মনে হলেও অনেক ক্ষেত্রে বহু মানুষের কাছে সত্য হয়ে দাঁড়ায়। যেমন–

'শূন্য কলসি শুকনা না। শুকনা ডালে ডাকে কা ॥'

'ভরা হতে শূন্য ভালো যদি ভরতে যায়।
আগে হতে পিছে ভালো যদি ডাকে মায় ॥'

'যদি দেখ মাকুন্দ চোপা। এক পা না বাড়াও বাপা ॥'

'মরা হতে জ্যান্ত ভালো যদি মরতে যায়।
বাঁয়ে হাতে ডাইনে ভালো যদি ফিরে চায় ॥'

'খনা বলে এরেও ঠেলি। যদি সামনে না দেখি তেলি ॥'

অতিবৃষ্টি কিংবা অনাবৃষ্টি প্রকৃতির এই খামখেয়ালিপনায় লোকদরদি খনা তাঁর বচন দিয়ে কৃষিজীবীদের চিন্তামুক্ত করেছেন–

'পাঁচ রবি মাসে পায় ঝরায় কিংবা খরায়।'

শনি মহারাজকে কে না ভয় পায়। তাঁর কোপ থেকে বাঁচতে রাজা-মহারাজ থেকে নগণ্য মানুষ তৎপর। খনা সেখানেও তাঁর নিদান দিয়ে গেছেন–

'মধুমাসের ত্রয়োদশ দিনে যদি হয় শনি।
সে বক্ষসর শস্যহানি বলে খনা গনি ॥'

আদ্য-ঋতুর নক্ষত্র ফলে বোঝা যায় সেকালের জ্যোতিষ চর্চা কতখানি সূক্ষ্ম এবং ব্যাপক ছিল। এই প্রসঙ্গে খনা জানাচ্ছেন– 'ত্রিপূর্বা ভরণী আদ্রা ফণীতে বিধবা। মেষে শোক পুনর্বসু বন্ধবী জানিবা ॥ কৃত্তিকা অথবা জ্যেষ্ঠা নক্ষত্র হইলে। দরিদ্র নিশ্চয় ইহা জ্যোতিষেতে বলে ॥'



বহুমুখী প্রতিভার অধিকারিণী খনা জ্যোতিষ সংহিতা, সিদ্ধান্ত জ্যোতিষ এবং ফলিত জ্যোতিষে বিশেষ পারদর্শী ছিলেন। এর মধ্যে তাঁর খ্যাতিলাভ ফলিত জ্যোতিষেই।

সাধারণভাবে নবগ্রহ জ্যোতিষ গণনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। তুঙ্গী গ্রহ সম্বন্ধে খনার বচন আজও যথেষ্ট মান্যতা পেয়ে আসছে। যেমন–

রবি–মেষে যবে থাকে দিবাকর, সোনায় রূপায় ভরে ঘর। / ভূমিধন বিশ্রামধাম, পণ্ডিত হয় পায় মান। / যোগে জ্ঞানে হয় সিদ্ধি, পথে

পড়িয়া পায় নিধি / নাট দেখে গীত শুনে, হাসে খেলে আপন মনে ॥

চন্দ্র–বৃষের চন্দ্রে তুঙ্গ ফল, উদর ডাগর কলেবর। / আটা আঁখি পায়ে পাদুক, ডাগর মাথা বড় বুক। / বাপের ধন ভাই খায়, আপন কাজ সিদ্ধি পায়। / সর্বকাল স্থির মনা, এই তুঙ্গ বলে খনা ॥

কুজ–মকরে মঙ্গল উচ্চ স্থান, অল্পকালে সহে মান।
রাজায় প্রজায় বলে ভালো, নিজ বলে ঠাকুর ভালো।
নাট্য গীত সুখে যায়, রূপার দোলায় পাও ফেলায়।
ঘোড়ার ফৌজে উনমতা, মাথায় ধরে ধবল ছাতা।
নহে গোরা নহে কাল, শ্যাম সুন্দর দেখি ভাল।
জ্যেষ্ঠ কনিষ্ঠের মান পায়, আপন বুদ্ধে সুখে যায়।
সকল কাল শুদ্ধমনা, এই তুঙ্গ বলে খনা ॥
বুধ–কন্যার বুধ ভাগ্যে পাই, শতেক বৎসর হয় পরমাই।
শব্দ করি বোলে রাজা, গিয়ে কুটুম্বে কর পূজা।
জ্যেষ্ঠ শ্রেষ্ঠ বাপে মায়, ধর্ম করে তীর্থ যায়।
নানা সুখে পায় মান, পুণ্য হয় স্থানে স্থান ॥
গুরু–কর্কটে জীবা বেদ বাখানে, বিনা পড়নে আখর চিনে।
অল্প খায় বিস্তর আনে, ঘরে বসিয়া গীত শুনে।
ধন হয় সর্ব কাল, আগে পাছে দেখে ভাল।
শুক্র–মীনে শুক্র উচ্চ ফল, মহাশক্তি মহাবল।
এহেন তুঙ্গ বাখান না যায়, বোলে খনা সকল পায় ॥

শনি–তুলায় শনি মহাভোগ, রাজার তুলনা তাহা ভোগ।
নরের মধ্যে সেনের পতি, শতেক হয় কুল যুবতী।
চট ঝাড়িতে পড়ে ধন, কিবা ঘর কিবা বন।
লঙ্কার ধন তাহার ঘরে, খায় বিলায় পরে পরে।
দুধ ভাত কাঁকুড় খায়, শতেক বৎসর হেলায় খুয়ায় ॥
রাহু–রাহু মিথুনে আগে দেখি, পৌরুষ সম্পদ মহালক্ষ্মী।
পুঁথি পাঁজি পড়ে সু হয়, রাশি রাশি বৈসা খায়।
শতেক দেখে সুন্দরীর মুখ, শতেক বৎসর তাহার সুখ ॥
তুঙ্গ গ্রহ সম্বন্ধে খনার এই বচনগুলি আজও গ্রহণীয়।

যুক্তিবাদী মন মানতে না চাইলেও খনা কালজয়ী। তাঁর বচন আজও প্রাসঙ্গিক বলে মনে করেন অনেকেই। ❑


মা দুর্গা সকলের মঙ্গল করুক

Honesty is My Main Policy

Cell : 416 721 1497

E-mail : mitonkanti@yahoo.ca



MITON KANTI PARIAL

M. Com., Smrititirtha

- Mortgage Agent & Real Estate Sales Person
- Accountant and Tax Return Preparer
- Hindu Priest and Pandit

# তৎ-ত্বম্-অসি

স্বামী যুক্তানন্দ

চার বেদে চারটি মহাবাক্য আছে। সেগুলি হল–অয়মাত্মা ব্রহ্ম, অহং ব্রহ্মাস্মি, সোঽহং ও তত্ত্বমসি। অর্থাৎ এই আত্মাই ব্রহ্ম, আমিই ব্রহ্ম, আমিই সেই ও তুমি হচ্ছ সেই পরমাত্মা।

এর মধ্যে এই 'তত্ত্বমসি' সম্পর্কে ঋষি উদ্দালক আরুণি তার পুত্র শ্বেতকেতুকে শিক্ষা দিতে গিয়ে বলছেন– যিনি অণুর চেয়েও অণু, যিনি সূক্ষ্ম হতেও সূক্ষ্মতম, সেই তিনিই এই বিশ্ব-জগতে নানা রূপ ধরে আছেন। এ সবই তারই বিকাশ, তারই প্রকাশ। তিনি সত্যসৎস্বরূপ। তিনি হচ্ছেন আত্মা। ত্বৎ-ত্বম্-অসি–তুমিই তিনি।

শ্বেতকেতু যেন কথাটা ঠিক মত বুঝতে পারলেন না। তাই তিনি পিতাকে আবার উপদেশ দিতে বললে ঋষি বলেন–

হে সৌম্য, মৌমাছিরা যখন মধু সংগ্রহ করে তখন তারা নানা রকমের গাছের ফুল থেকে মধু এনে এনে মৌচাকে সংগ্রহ করে। সেই মধু যখন চাক থেকে কেউ ভেঙ্গে নিয়ে আসে তখন যদি তাকে জিজ্ঞাসা করা হয়– এটা কোন ফুলের মধু, কোন গাছের মধু? তাহলে তা কি বলা সম্ভব? সম্ভব নয়। সুতরাং সে বলবে এটা কোন গাছের, কোন ফুলের মধু তা তো বলা সম্ভব নয়। তবে এটা যে মধু তা নিয়ে সন্দেহ নেই। তেমনি প্রাণী যখন ঘুরতে ঘুরতে একসময় গভীর ঘুমে ডুবে যায়, অর্থাৎ সুষুপ্তিতে মগ্ন থাকে তখন বুঝতেই পারে না যে সে সৎস্বরূপের সঙ্গে এক হয়েছিল। তাই ঘুম ভেঙ্গে যেতেই তার বিচার শুরু হয়ে যায় কে বাঘ, কে সিংহ, কে শূকর, কে কীট-পতঙ্গ, কে দংশক-মশক ইত্যাদি। কারণ তখন তারা তাদের সুষুপ্তির সময়ের যে আসল পরিচয় সেটা ভুলে গেছে। সেই যে সূক্ষ্ম থেকে সূক্ষ্মতম বস্তু এই হলো সেই সৎবস্তু। তিনিই পরমার্থ সত্য, তিনিই আত্মা। শ্বেতকেতু ত্বৎ-ত্বম্-অসি'-তুমি সেই সৎ।

**আমাদের এই শরীরের সেই সৎ-স্বরূপ আত্মা সূক্ষ্মরূপে সব সময়ই আছেন। তুমি তাকে শুধু দেখতে পাচ্ছো না। এই যে সূক্ষ্মরূপে যিনি বর্তমান তিনিই আত্মা। তিনি সত্য, তিনিই নিত্য।**

শ্বেতকেতু ব্যাপারটা আরো ভালোভাবে বুঝতে চাইলে আরুণি বলেন– নদী ও সমুদ্র দেখেছ। সমুদ্র থেকেই সৃষ্টি হয় নদীর। আবার নদী গিয়ে মিশে সেই সমুদ্রেই। পূর্ববাহিনী নদীগুলি পূর্বদিকে যাচ্ছে। আর পশ্চিমবাহিনী নদীগুলি পশ্চিম দিকে বয়ে চলেছে। কিন্তু যে যেদিক দিয়েই প্রবাহিত হোক সেই এক সমুদ্রেই গিয়ে সকলে লীন হচ্ছে, সব এক হয়ে যাচ্ছে। নদী সমুদ্রে মিশে যাওয়ার পর সেই জলের কোনটা সমুদ্রের আর কোনটা নদীর জল তা যেমন বলা যাবে না, তেমনি বলা যাবে না কোনটা কোন নদীর জল সে কথাও। সেরকমই এই জগতের সকল জীবগণ এসেছে সেই সৎ থেকে। আবার তারা মৃত্যুর পর গিয়ে মিশবেও সেই সৎ-তেই। কিন্তু যতদিন তারা বেঁচে থাকে ততদিনই তারা পৃথক পৃথক বা বাঘ, সিংহ, শূকর, কীট-পতঙ্গ প্রভৃতির মত সুষুপ্তি থেকে জেগে উঠে, যে যা ছিল তাই নিয়েই বিচার করে। তাদের যে সৃষ্টি কোথা থেকে এবং কোথায় গিয়ে পুনরায় মিলতে হবে তা তারা ভুলেই যায়।

তাই পুত্র! সেই যে সূক্ষ্ম থেকে সূক্ষ্মতম বস্তু এই হল সেই তিনিই পরমার্থ সত্য। শ্বেতকেতু, ত্বৎ-ত্বম্-অসি –তুমি সেই সৎ।

শ্বেতকেতু বিষয়টিকে আরও সহজভাবে বুঝতে চাইলে ঋষি বলেন–

ওই যে তোমার সামনে খুব বড় গাছটাকে দেখতে পাচ্ছ, যদি গাছটার গায়ে কেউ কুঠার দিয়ে কোপ মারে তাতে গাছটার গা থেকে রস বের হবে। গাছটার অন্য যে কোন জায়গায় কোপ মারলেও একই অবস্থা হবে। কিন্তু গাছটা মরবে না। পরন্তু গাছটা যেমন ছিল তেমনভাবেই বেঁচে থাকবে। কেননা গাছের মধ্যে সূক্ষ্মরূপে যে আত্মা আছেন– তিনি অক্ষত। কেউ গাছটার একটা ডাল কেটে ফেলে, সে ডালটা শুকিয়ে যাবে। তারপর আবার একটা ডাল কাটলে সেটাও শুকিয়ে যাবে। এভাবে যদি গোটা গাছটারই গোড়ায় কেটে দেওয়া হয় তবে পুরো গাছটাই শুকিয়ে যাবে।

কিন্তু গাছটি শুকিয়ে গেলেও আত্মার মৃত্যু নেই। আত্মা যখন জীবদেহ ছেড়ে চলে যায়, তখন দেহটাই মারা যায়। আত্মা মারা যায় না। সেই যে সূক্ষ্ম হতেও সূক্ষ্মতম বস্তু তিনিই পরমার্থ সত্য, তিনিই আত্মা। শ্বেতকেতু, ত্বৎ-ত্বম্-অসি –তুমিই সেই সৎ। তুমিই সেই আত্মা।

বিষয়টি জটিল, তাই শ্বেতকেতু আরও ভালোভাবে তা বুঝতে চাইলেন।

ঋষি বলতে শুরু করলেন। তাদের সামনেই থাকা বিরাট বটগাছ থেকে একটি ফল তুলে আনার জন্য আরুণি শ্বেতকেতুকে বললেন। শ্বেতকেতু ফলটি তুলে আনলে ঋষি বলেন ওটিকে টুকরো কর। শ্বেতকেতু টুকরো করলে আরুণি জিজ্ঞাসা করেন– ওতে কি দেখছ? শ্বেতকেতু বলেন, কতকগুলি অতি ছোট ছোট অণুর মত বীজ। আরুণি এবার বলেন ওই বীজগুলোর মধ্য থেকে একটাকে নিয়ে ভাঙ্গ। শ্বেতকেতুও তা ভাঙ্গেন। এবার ঋষি জিজ্ঞাসা করেন ওতে কি দেখছো। তিনি বলেন– কিছুই দেখছি না।

আরুণি বলেন– না, ওই বীজের মধ্যে যে সূক্ষ্মতম অংশটি চোখে দেখতে পাচ্ছ না এই যে বিরাট বটগাছটা হয়েছে ওটা কিন্তু তা থেকেই। শেতকেতু বিষয়টিকে আরও সহজ করে বুঝাতে চাইলে ঋষি এবার বলেন–

এক গ্লাস জলে কিছুটা নুন দিয়ে রাখতে বললেন। শ্বেতকেতু তাই করলেন। পরদিন তিনি আরুণির কাছে গেলে তিনি বলেন, কাল রাত্রে জলের মধ্যে যে নুনটা দিয়ে রাখতে বলেছিলাম সেই নুনটা এখন নিয়ে এস। শ্বেতকেতু ঋষির কথামত নুনটা খুঁজে আনতে গিয়ে নুন খুঁজেই পেলেন না। কারণ সেটা তো গলে জলের সঙ্গে মিশে গেছে। সুতরাং ফিরে পাওয়ার কোন উপায় নেই। তাই নুন না নিয়েই ফিরে এলেন তিনি। ঋষি বলেন– নুন পেলে না-তো! আচ্ছা, ওই গ্লাসের ওপর থেকে একটু জল পান কর। তিনিও তাই করলেন। ঋষি জিজ্ঞাসা করলেন– কি? কেমন লাগল? শ্বেতকেতু বলেন, নোনতা।

আরুণি বলেন– তাহলে এবার গ্লাসের মাঝখান থেকে একটু জলপান কর।

তিনি তাই করে এলে ঋষি জিজ্ঞাসা করলেন– কেমন লাগলো? শ্বেতকেতু বলেন, নোনতা।

ঋষি বলেন– এবার তাহলে গ্লাসের নীচ থেকে একটু জলপান করে এস। তিনি তাই করে এলে ঋষি জিজ্ঞাসা করেন, এবার কেমন লাগল? শ্বেতকেতু বলেন, নোনতা।

এরপর আরুণি বলেন– দেখ, গ্লাসের জলটা আগে কি নোনতা ছিল? ছিল না। কিন্তু পরে নোনতা হয়ে গেল। কারণ, ওই জলের সঙ্গে নুন মিশিয়েছিলে। আর নুনটা জলে মিশে যাওয়ার জন্যই তুমি নুনটাকে খুঁজে পাওনি। পুরো জলের সঙ্গেই নুনটা মিশে জলকেই নোনতা করে ফেলছে। সেজন্য নুনটাকে চোখে দেখা যাচ্ছে না। তাই বলে তুমি বলতে পার না যে, নুনটা নেই। সেরকম আমাদের এই শরীরের সেই সৎ-স্বরূপ আত্মা সূক্ষ্মরূপে সব সময়ই আছেন। তুমি তাকে শুধু দেখতে পাচ্ছো না। এই যে সূক্ষ্মরূপে যিনি বর্তমান তিনিই আত্মা। তিনি সত্য, তিনিই নিত্য। শ্বেতকেতু তৎ-ত্বম্-অসি –তিনিই পরমার্থ সত্য, তুমিই সেই সৎ।

এরপরও আরুণি শ্বেতকেতুকে বোঝানোর জন্য বলতে থাকেন– গান্ধার দেশ থেকে কোন একটি লোকের চোখ বেঁধে নিয়ে গিয়ে দূরে এক নির্জন জায়গায় ছেড়ে দেয়। লোকটির তখন বাড়ি ফেরার আগ্রহ খুবই। কিন্তু চোখ বাঁধা থাকায় সে কিছুই বুঝতে পারছে না। তাই কোন দিকে, কিভাবে যাবে তাও ঠিক করতে পারছে না। শুধু এখানে সেখানে ঘুরছে। তখন হয়তো সে চিৎকার করে তাকে ডেকে নিজের অবস্থার কথা বলে বাঁধন খুলে দেওয়ার জন্য বলে। তারপর বাঁধন খুলে দিলে লোকটি নানা লোককে জিজ্ঞাসা করতে করতে এক সময় এসে ঠিক নিজ বাড়ি গান্ধারে এসে পৌঁছে যায়। সেরকম যাঁরা ব্রহ্মজ্ঞান লাভ করতে চান, তারা গুরুর উপদেশ মত চলে ব্রহ্মজ্ঞান লাভ করেন। যতক্ষণ পর্যন্ত তার দেহবোধ না যায়, অর্থাৎ দেহ থেকে তিনি মুক্ত না হন ততক্ষণ তিনি ব্রহ্মে লীন হতে পারেন না বা ব্রহ্মলাভ হয় না। অর্থাৎ তার ব্রহ্মত্ব প্রাপ্তি ঘটে না। দেহবোধ গেলেই তিনি গান্ধারবাসীর মতো নিজের দেশে চলে যান।

শেতকেতু ত্বৎ-ত্বম্-অসি –তুমিই সেই সৎ। তুমিই সেই আত্মা।

বিষয়টি কঠিন হলেও শ্বেতকেতু তা বুঝতে পারছেন, তাই মনে আনন্দ হচ্ছে এবং তিনি ঋষির কাছে আরও শোনার ইচ্ছা প্রকাশ করেন। ঋষি বলতে থাকেন–

একটি লোক খুবই জটিল রোগে আক্রান্ত। তার প্রাণ যায় যায় অবস্থা। সেই সময় তার আত্মীয় ও বন্ধুজন সবাই তাকে ঘিরে জিজ্ঞাসা করছে– আমাকে চিনতে পারলে? যতক্ষণ পর্যন্ত ওই লোকটির বাক্ মনে, মন প্রাণে, প্রাণ তেজে, তেজ পরম দেবতায় বিলীন না হচ্ছে ততক্ষণই সে সকলকে চিনতে পারছে। কিন্তু যখনই বাক্ মনে, মন প্রাণে, প্রাণ তেজে, তেজ পরম দেবতায় লীন হয়ে গেল, তখন সে হয়ে গেল নিষ্প্রাণ। তখন আর সে কাউকেই চিনতে পারে না।

এই যে সূক্ষ্মস্বরূপ আত্মা– তিনিই সারা জগতের আত্মা। তিনিই সৎ-স্বরূপ সত্য। শ্বেতকেতু, ত্বৎ-ত্বম্-অসি –তিনিই পরমার্থ সত্য। তুমিই সেই।

শ্বেতকেতুর শোনার আগ্রহ আরও বেড়ে উঠলে ঋষিও বলতে থাকেন।

একটি লোককে চোর বলে সন্দেহ করা হচ্ছে। সুতরাং তাকে পরীক্ষা করার জন্য আগুনে কুড়োল গরম করতে বলা হলো। রাজকর্মচারীরা যাকে চোর বলে সন্দেহ করে এনেছে, সে চুরি করেও অস্বীকার করতেই পারে। আর সে চুরি করে অস্বীকার করার জন্য বা মিথ্যা বলার জন্য ওই শাস্তিই পাবে এবং লোহার গরম কুড়োল তার ক্ষতি করবে। কিন্তু যদি সে সত্যই চুরি না করে, তাহলে সে সত্য কথাই বলবে এবং সে সত্যকে আশ্রয় করে থাকার জন্য লোহার গরম কুড়োলও তার কোন ক্ষতি করবে না। তখন সে স্বভাবতই দোষ থেকে মুক্ত হয়ে যায়।

এই যে লোকটি যেমন সত্যকে আশ্রয় করে থাকার জন্য তাকে লোহার গরম কুড়োলে কিছুই ক্ষতি করতে পারলো না, সত্যই তাকে রক্ষা করলো। তেমনি লোকে এই সত্য বলেই আত্মবান হয়। জগতের এই সমস্তই সেই সত্য, তিনিই আত্মা। তিনিই সেই ত্বৎ-ত্বম্-অসি। তুমিই সেই।

এভাবেই ব্রহ্মজ্ঞ পিতা উদ্দালক আরুণির কৃপায় শ্বেতকেতু জেনেছিলেন সূক্ষ্মাতিসূক্ষ্ম সেই সৎ-স্বরূপকে। আর মন-প্রাণ ভরে তাকে উপলব্ধি করে ধন্য হয়েছিলেন। ধন্য হয়েছিলেন তিনিই যে সেই ত্বৎ-ত্বম্-অসি তা অনুভব করে। এতকাল বেদ মুখস্থ করেও তিনি পাননি।

উপনিষদের এই দৃষ্টান্তের সার কথাই যেন স্বামী প্রণবানন্দজীর কণ্ঠে প্রতিধ্বনিত। তিনি বলছেন–

আত্মানুভূতি ও আত্মদর্শন– এই অবস্থা মানুষ চায়। কিন্তু এই আত্মানুভূতি ও আত্মদর্শন কেবলমাত্র গুরুর কৃপায় ও গুরুর প্রসাদেই লাভ হয়ে থাকে। তাই বীর সন্ন্যাসী একমাত্র গুরুর আদেশ-উপদেশকেই জীবনের প্রধান সাধনা ও তপস্যা বলিয়া ধরিয়া থাকে। ❑

*–ছান্দোগ্য উপনিষদ থেকে*

# উপনিষদ সমগ্র–প্রাক্-কথন

কালিকানন্দ অবধূত

উপনিষদ বৈদিক সাহিত্যের অন্তর্গত। বেদ দুই ভাগে বিভক্ত। মন্ত্র বা সংহিতা এবং ব্রাহ্মণ। যজ্ঞ প্রভৃতি কার্যে প্রযোজ্য মন্ত্রগুলির সংগ্রহ হলো মন্ত্র বা সংহিতা। ব্রাহ্মণ অংশে উপনিষদ। উপনিষদ বেদের জ্ঞানকাণ্ড। বেদের শেষ অংশে বা অন্তে এই জ্ঞানকাণ্ড থাকে বলে এর আর এক নাম 'বেদান্ত'। উপনিষদ শব্দটির অর্থ-ব্যাখ্যা নিয়েও অনেক রকম মত আছে। অনেকে বলেন, গুরুর সমীপে (উপ) এসে তাঁর পদপ্রান্তে উপবেশন করে জিজ্ঞাসু বিদ্যার্থী ব্রহ্মবিদ্যা গ্রহণ করতেন, তাই বলা হয় উপনিষদ। আবার কারও মতে, ব্রহ্মবিদের নিকট উপস্থিত (উপ) হয়ে নিশ্চয়ের সঙ্গে অনুশীলন করলে অবিদ্যাদি সংসারবন্ধন বিনাশপ্রাপ্ত হয় (সদ্), তাই একে উপনিষদ বলে।

উপনিষদের অপর অর্থ 'রহস্য'। অতি দুর্লভ এবং গোপনীয় এই ব্রহ্মজ্ঞান গুরু সকলকে নির্বিচারে দান করতেন না, প্রকৃত অধিকারীকেই একমাত্র দেওয়া হত। তাই 'রহস্য' বলা।

উপনিষদসমূহকে চার শ্রেণীতে ভাগ করা যায়।

**প্রথম শ্রেণী :** গদ্যে রচিত ছয়খানি উপনিষদ– ঐতরেয়, কৌষীতকি, তৈত্তিরীয়, বৃহদারণ্যক, ছান্দোগ্য এবং কেন। রচনাকাল সম্ভবতঃ পানিনি পূর্বযুগ অর্থাৎ খৃষ্টপূর্ব ৪র্থ শতাব্দীর শেষ ভাগ।

**দ্বিতীয় শ্রেণী :** পদ্যে রচিত। প্রথম শ্রেণীর রচনাকালের পরে রচিত, তবে বৌদ্ধ যুগের পূর্বে (সম্ভবত খৃষ্টপূর্ব ৫৬৩ হতে খৃষ্টপূর্ব ৪৮৩)। এই শ্রেণীর উপনিষদগুলি সংখ্যায় পাঁচটি– কঠ, শ্বেতাশ্বতর, ঈশ, মুণ্ডক এবং মহানারায়ণ (তৈত্তিরীয় আরণ্যকের চতুর্থ প্রপাঠক)।

**তৃতীয় শ্রেণী :** গদ্যে এবং পদ্যে বৌদ্ধোত্তর কালে রচিত তিনটি উপনিষদ– প্রশ্ন, মাণ্ডুক্য এবং মৈত্রায়নী।

**চতুর্থ শ্রেণী :** বুদ্ধ পরবর্তীকালের অসংখ্য উপনিষদ। বেদের সঙ্গে তাদের সম্পর্ক গৌণ। এই সব উপনিষদ সম্পূর্ণভাবে ব্রহ্মতত্ত্ব প্রতিপাদকও নয়। বিভিন্ন সম্প্রদায় কেবল নিজ নিজ মতকে প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে এগুলি উপনিষদ নামে প্রচার করবার চেষ্টা করেছে। কয়েকটি আবার প্রধানতঃ পুরাণ ও তন্ত্রের অনুগামী। এইভাবে শাক্ত, বৈষ্ণব প্রভৃতি বহু সাম্প্রদায়িক উপনিষদের উদ্ভব হয়েছে, যোগ, সন্ন্যাস ইত্যাদি বিষয় আলোচিত হয়েছে, এমন কি মোগল যুগে রচিত 'আল্লোপনিষদ' নামেও একখানি উপনিষদ পাওয়া গিয়েছে। এই সকল গ্রন্থকে কোনভাবেই বৈদিক সাহিত্যের অন্তর্গত উপনিষদ বলে মেনে নেওয়া যায় না। আচার্য শঙ্কর বৈদিক উপনিষদের যে তালিকা করে গিয়েছেন তাতে কেবল বারোটি উপনিষদ রয়েছে– প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, কেন, ছান্দোগ্য, ঈশ, বৃহদারণ্যক, কঠ, তৈত্তিরীয়, শ্বেতাশ্বতর, ঐতরেয় এবং কৌষীতকি।

বর্তমান উপনিষদ সমগ্র'তে উপরের বারোটি ছাড়াও আরও দুটি ব্রহ্ম প্রতিপাদক বিষয়ক উপনিষদ– 'মৈত্রায়নী' এবং 'কৈবল্য' সংযোজিত হয়েছে। কৃষ্ণ-যজুর্বেদের অন্তর্গত মৈত্রায়নী এবং অথর্ব বেদের অন্তর্গত কৈবল্যোপনিষদে ব্রহ্ম উপলব্ধি এবং সাধনার কথা এবং তত্ত্ব আছে। অশ্বলমুনির পুত্র পণ্ডিত আশ্বলায়ন সাধন-সিদ্ধ হয়ে ব্রহ্ম উপাসনা সম্বন্ধে উপদেশাদি দিয়েছেন কৈবল্যোপনিষদে এবং ব্রহ্মসমাজ কর্তৃক প্রকাশিত কৃষ্ণযজুর্বেদের অন্তর্গত মৈত্রায়নী উপনিষদেও ব্রহ্মসম্বন্ধে চিন্তা ভাবনা রয়েছে। বিষয়বস্তুতে এই দুটি উপনিষদ বৈদিক সাহিত্যের অন্তর্গত ১২ টি উপনিষদের খুব কাছাকাছি। তাই 'উপনিষদ সমগ্র'এ এই দুটি সংযোজিত হলো।

**যে প্রথম শ্রেণীর মধ্যে তথাকথিত ভক্তিভাব বেশি থাকে। এই ভক্তি শুদ্ধা ভক্তি নয়। এটা সাংসারিক স্বার্থজনিত ভয়মিশ্রিত ভক্তি। এই শ্রেণীর ভক্তিকে দোকানদারী বলা যায়। এঁরা দেবদেবীদের বলছেন, আমি তোমাকে কিছু দিচ্ছি (পূজাপাঠ, ব্রাহ্মণভোজন, জোড়াপাঠা ইত্যাদি) তুমি আমাকে কিছু দাও (অর্থ, শান্তি, রোগমুক্তি, উন্নতি, স্ত্রীপুত্র এমনকি স্বর্গলাভ কামনা করাও স্বার্থবুদ্ধির পরিচায়ক)।**

উপনিষদে আছে আত্মবিদ্যার আলোচনা। আত্মাই ব্রহ্ম, তাই আত্মবিদ্যাই ব্রহ্মবিদ্যা। উপনিষদ অনুযায়ী বিদ্যা দুই প্রকারের– পরা ও অপরা। উপনিষদ ব্রহ্মজ্ঞান সঞ্চার করে, তাই এটি পরাবিদ্যা। ভারতীয় দর্শনের মূল তত্ত্বগুলির অধিকাংশেরই ভিত্তি এই পরাবিদ্যাযুক্ত উপনিষদ। একে অবলম্বন করেই পরবর্তীকালে অদ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ, শুদ্ধাদ্বৈতবাদ, দ্বৈতবাদ প্রভৃতি মতবাদের উদ্ভব হয়েছে।

উপনিষদের তাৎপর্য বিচারার্থে বহু গ্রন্থ রচিত হয়েছিল। এদের মধ্যে প্রধান ব্রহ্মসূত্র। উপনিষদ, ব্রহ্মসূত্র এবং শ্রীমদ্ভগবদ্গীতাকে একত্রে বলা হয় প্রস্থানত্রয় বা ত্রয়ীবিদ্যা।

উপনিষদের কাব্যসুষমাবৃত শ্লোকগুলিতে রূপকের মাধ্যমে মানুষকে দ্বৈতভাব থেকে চূড়ান্ত অদ্বৈতভাবে নিয়ে যাওয়ার যে ইঙ্গিত আছে স্বামী বিবেকানন্দ তা বিস্তৃতভাবে ব্যাখা করে আবেগভরে লিখেছেন– "উপনিষদের এই অপূর্ব কবিত্ব মহত্ত্বের চিত্র, মহোচ্চ ভাবসমূহ দেখাইবার জন্য শত শত উদাহরণ উল্লেখ করা যাইতে পারে। উপনিষদের ভাষা, ভাব সব কিছুরই ভিতর কোন কুটিল ভাব নাই, উহার প্রত্যেক কথাই তরবারী ফলকের মতো, হাতুড়ির

ঘায়ের মতো সাক্ষাৎভাবে হৃদয়ে আঘাত করে। উহাদের অর্থ বুঝিবার কিছুমাত্র ভুল হইবার সম্ভাবনা নাই– সেই সঙ্গীতের প্রত্যেকটি সুরের একটা জোর আছে, প্রত্যেকটি তাহার সম্পূর্ণ ভাব হৃদয়ে মুদ্রিত করিয়া দেয়। কোন হেরফের নাই, একটিও অসম্বদ্ধ প্রলাপ নাই, একটিও জটিল বাক্য নাই, যাহাতে মাথা গুলাইয়া যায়। উহাতে অবনতির চিহ্নমাত্র নাই, বেশি রূপক-বর্ণনার চেষ্টা নাই। বিশেষণের পর বিশেষণ দিয়া ভাবটিকে ক্রমাগত জটিলতর করা হইল, প্রকৃত বিষয়টি একেবারে চাপা পড়িল, মাথা গুলাইয়া গেল, তখন সেই শাস্ত্ররূপ গোলক ধাঁধাঁর বাহিরে যাইবার আর উপায় রহিল না– উপনিষদে এ ধরণের চেষ্টার কোন পরিচয় পাওয়া যায় না। যদি ইহা মানব-প্রণীত হয়, তবে ইহা এমন এক জাতির সাহিত্য, যে জাতি কখনও তাহার জাতীয় তেজবীর্য এক বিন্দুও হারায় নাই। ইহার প্রতি পৃষ্ঠা আমাদিগকে তেজবীর্যের কথা বলিয়া থাকে।" উপনিষদ সাহিত্যের ব্যবহৃত সংস্কৃত ভাষা ও তার ভাবের এমন অন্তরঙ্গ মূল্যায়ণ স্বামীজী ছাড়া আর কেউ এমনভাবে করেছেন কিনা সন্দেহ। স্বামীজীর মতে, জগতে উপনিষদের মত 'অপূর্ব কাব্য' আর কিছু নেই।

**বেদ উপনিষদ কাদের রচনা :**

বেদ হচ্ছে সনাতন ভারতবর্ষের সমাজ এবং অধ্যাত্মচেতনার পূর্ণ দলিল। প্রশ্ন আসে বেদ লিখেছেন কারা? এ বিষয়ে কোন সন্দেহ নেই যে বেদের স্রষ্টা সে যুগের ভারতীয় সমাজবিজ্ঞানীরা। বিদেশী ইতিহাসবিদ্‌রা ভারতের গৌরবময় অতীত সহ্য করতে পারেননি, হয়তো বা ধারণাতেও আনতে পারেননি। তাই গল্প খাড়া করেছেন যে পশ্চিম এশিয়া থেকে আর্যরা এদেশে এসে আর্য সভ্যতার পত্তন করে বৈদিক সভ্যতার উন্মেষ ঘটিয়েছিল। কিন্তু এ ধারণা ভ্রান্ত। তথাকথিত আর্যরা এবং তৎকালীন সমাজ বিজ্ঞানীরা এ দেশেরই ছিলেন। ভুলে গেলে চলবে না তখনকার ভারতবর্ষ বা জম্বুদ্বীপ বর্তমান ভারতের ভৌগোলিক সীমারেখার মধ্যে সীমাবদ্ধ ছিল না। দক্ষিণ রাশিয়ার কিয়দংশ, পশ্চিম পাকিস্তান, আফগানিস্তান প্রভৃতি জম্বুদ্বীপের অন্তর্গত ছিল। হিটলার যেমন জার্মানিকে সর্বশ্রেষ্ঠ জাতিরূপে পরিগণিত করার জন্য উঠেপড়ে লেগেছিলেন, বিদেশী ঐতিহাসিকরাও সেই একই রকম ভাবে তৎকালীন ভারতীয়দের বন্য, অনার্য, রাক্ষস জাতি ইত্যাদি আখ্যায় ভূষিত করে বহিরাগতদের শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করতে সচেষ্ট ছিলেন। তা না হলে কিসের ভিত্তিতে তাঁরা লেখেন যে পশ্চিম এশিয়া থেকে পুরন্দরের (ইন্দ্র) নেতৃত্বে একদল আর্য সিন্ধুসভ্যতার পত্তন করেন এবং স্থানীয় অধিবাসীদের যুদ্ধে হারিয়ে বিতাড়ন করেন? পুরন্দর এবং ইন্দ্র একই ব্যক্তি। অথচ ইন্দ্রের অস্তিত্ব আমরা বেদে পাই, যেখানে বলা হয়েছে– "যেহেতু পরমাত্মা জীবদেহে প্রবিষ্ট হয়ে আপনাকে ইদম্‌ রূপে (আমি ইহা, আমি ব্রহ্ম) অপরোক্ষ দর্শন করেছিলেন সেই হেতু তিনি ইদন্দ্র নামে অভিহিত। তিনি ইদন্দ্র হলেও ব্রহ্মবিদ্‌গণ তাঁকে ইন্দ্র নামে অভিহিত করেন কারণ দেবতারা পরোক্ষ নাম গ্রহণই ভালবাসেন।" (ঐতরেয় ১/৩৪/১৪)।

বিশ্বামিত্রের পুত্র মধুছন্দা ঋষি গায়ত্রী ছন্দে ইন্দ্রের যে স্তুতি রচনা করেছেন সেগুলি পড়লে ইন্দ্র যে পশ্চিম এশিয়া থেকে আগত পুরন্দর নন, এটাই প্রমাণিত হয়। এ ছাড়াও এই মন্ত্রগুলি ঋগ্বেদের, যা সর্বাপেক্ষা প্রাচীন গ্রন্থ বলে পরিচিত। দু-একটি মন্ত্রের ভাবার্থ এখানে দেওয়া হলো।

ক) হে মনুষ্যগণ, সূর্যরূপ ইন্দ্র নিদ্রায় সংজ্ঞারহিতকে সংজ্ঞা দান ক'রে, অন্ধকারে রূপরহিতকে রূপ দান করে জ্বলন্ত রশ্মির সাথে উদিত হন। (প্রথম মণ্ডল ৬ সূক্ত, মন্ত্র সংখ্যা - ৩)

খ) তারপর মরুৎগণ (২) যজ্ঞার্হ নাম ধারণ করে স্বীয় প্রকৃতি অনুসারে মেঘের মধ্যে জলের গর্ভাকার রচনা করলেন। (ঐ, মন্ত্র সংখ্যা-৪)

গ) এ পৃথিবী হতে অথবা অন্তরীক্ষ হতে অথবা মহৎ অন্তরীক্ষ হতে ধন দানের জন্য ইন্দ্রের নিকট যাঞ্চা করি।

ঘ) ইন্দ্র হরিদ্বয়কে বচনমাত্রে যোজিত করে সকলের সাথে মিশছেন, তিনি বজ্রযুক্ত ও হিরন্ময়। (৭ সূক্ত, মন্ত্র সংখ্যা-১০)।

এছাড়াও শাকল্যের প্রশ্নের উত্তরে যাজ্ঞবল্ক্য বলেছিলেন, অশনিই ইন্দ্র এবং যজ্ঞই প্রজাপতি। আরও বলেছিলেন, যে বীর্য প্রাণীগণকে সংহার করে তাই বজ্র এবং যেহেতু তা ইন্দ্রের কর্ম তাই বজ্রই ইন্দ্র। এরকম বহু মন্ত্রের মাধ্যমে ইন্দ্রের স্বরূপত্ব প্রকাশ পেয়েছে। কাজেই ইন্দ্রকে ইরাণ হতে আগত পুরন্দর বলে মেনে নেওয়া যায় না। ৫,০০০ থেকে ১০,০০০ হাজার বছর আগে ভারত জ্যোতির্বিজ্ঞান, অঙ্কশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র, সৌর ও চন্দ্রমণ্ডল বিষয়ক জ্ঞানে এত উন্নত ছিল যে সভ্যতার মাপকাঠি নির্ণয়ের জন্য ভারতের কোন বহিরাগতের প্রয়োজন ছিল না। এ সম্বন্ধে স্বামী বিবেকানন্দ 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধে লিখেছেন–

"ঐ যে ইউরোপী পণ্ডিত বলছেন যে আর্যেরা কোথা হতে উড়ে এসে ভারতের 'বুনো' দের মেরে কেটে জমি ছিনিয়ে নিয়ে বাস করলেন– ও সব আহাম্মকের কথা। আমাদের পণ্ডিতরাও দেখছি সে গোঁয়ে গোঁ– আবার এ সব বিরূপ মিথ্যা ছেলেপুলেদের শোনানো হচ্ছে। এ অতি অন্যায়। ...ইউরোপীরা যে দেশে বাগ পান, আদিম মানুষকে নাশ করে নিজেরা সুখে বাস করেন, অতএব আর্যরাও তাই করেছে। ওরা হা-ঘরে, 'হা-অন্ন, হা-অন্ন' করে কাকে লুঠবে মারবে বলে ঘুরে বেড়ায়–আর্যরাও তাই করেছে। বলি, এর প্রমাণটা কোথায়– আন্দাজ? ঘরে তোমার আন্দাজ রাখবে।

কোন্‌ বেদে, কোন্‌ সূক্তে, কোথায় দেখেছ যে, আর্যরা কোন বিদেশ থেকে এদেশে এসেছে? কোথায় পাচ্ছ যে, তাঁরা বুনোদের মেরে কেটে ফেলেছেন? খামকা আহম্মকির দরকারটা কি?"

তৎকালীন কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডের ভাণ্ডার ছিল বেদ। উপনিষদ বেদের জ্ঞানকাণ্ড। আমাদের তৎকালীন বিদ্যা বুদ্ধি চিন্তা সমস্ত আধ্যাত্মিক বিকাশকে লক্ষ্য রেখে ভারতের ঋষিরা বুঝতে পেরেছিলেন– "মাটি, পাথর, গাছপালা, জন্তু, মানুষ, দেবতা, এমন কি ঈশ্বর স্বয়ং– এর মধ্যে ঐক্য রয়েছে।" অদ্বৈতবাদী এর চরম সীমায় পৌঁছুলেন, বললেন, সমস্তই সেই একের বিকাশ।

বেদ যখন লেখা হয়েছিল তখন পশ্চিম এশিয়া বা ইউরোপে তেমন সভ্যজাতিই ছিল না। ঋগ্বেদের সময়কাল অন্ততঃ ৫/৭ হাজার বছর আগে। তখন কোথায় কোন্ সভ্য দেশ ছিল? এমনকি ইরাকের প্রাচীন সভ্য ভাষা আবোস্ভর আবির্ভাব (গাথ্য অংশ) ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ভাষাতত্ত্বের ভিত্তিতে আনুমানিক খৃ.পূর্ব. ৬০০ অর্থাৎ সংস্কৃত বেদের বহুকাল পরে। এমনকি ম্যাক্সমূলর সাহেব ঋক্বেদ এবং উপনিষদ সমূহকে অতি প্রাচীন হিসেবে চিহ্নিত করেছেন যদিও তিনি ইউরোপীয় ধ্যান ধারণা পুরোপুরি ছাড়াতে পারেননি। উত্তর-পশ্চিম ভারতে (বর্তমান পাকিস্তান) হরপ্পা ও মহেঞ্জোদারোতে যে নগরভিত্তিক সভ্যতার অস্তিত্বের প্রত্নতাত্ত্বিক প্রমাণ পাওয়া গেছে এর ফলে আদিম ভারতীয়গণ অসভ্য ছিল, বুনো ছিল– এ ধারণা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে।

উপস্থিত কেবল বেদ অন্তর্ভূক্ত বৈদিক ব্রহ্মবাদী উপনিষদসমূহ নিয়ে আলোচনা করা যাক। এগুলির মূল জিজ্ঞাস্য বিশ্বসত্তা বিষয়ক, সৃষ্টিরহস্য এবং ব্রহ্মবাদ। এরূপ উপনিষদ বারো খানি। যেমন–

১। ঈশ– শুক্ল যজুর্বেদের অন্তর্গত। ২। বৃহদারণ্যক– শুক্ল যজুর্বেদের অন্তর্গত। ৩। তৈত্তিরীয়– কৃষ্ণ যজুর্বেদের অন্তর্গত। ৪। ঐতরেয়– ঋক্বেদের অন্তর্গত। ৫। কৌষীতকি– ঋক্বেদের অন্তর্গত। ৬। কেন– সামবেদের অন্তর্গত। ৭। ছান্দোগ্য– সামবেদের অন্তর্গত। ৮। প্রশ্ন– অথর্ববেদের অন্তর্গত। ৯। মুণ্ডক– অথর্ববেদের অন্তর্গত। ১০। মাণ্ডুক্য– অথর্ববেদের অন্তর্গত। ১১। কঠ– কৃষ্ণ যজুর্বেদের অন্তর্গত। ১২। শ্বেতাশ্বতর– কৃষ্ণ যজুর্বেদের অন্তর্গত।

এছাড়াও আরও দুটি ছোট ছোট উপনিষদ যাতে ব্রহ্ম বা ঈশ্বর নিয়ে আলোচনা আছে– যেমন কৈবল্য উপনিষদ এবং মৈত্রায়নী উপনিষদ এই 'উপনিষদ সমগ্র'এ আলোচিত হয়েছে।

উপনিষদগুলির মধ্যে আয়তনে সবচেয়ে বড় বৃহদারণ্যক এবং সবচেয়ে ছোট মাণ্ডুক্য।

তৎকালীন ছাত্রদের জিজ্ঞাস্য বিষয় ছিল বিশ্বসত্তা, জীবসত্তা, সৃষ্টিরহস্য এবং সবার মূলে যে পরমচিন্তা বা ভাবনা সেই ব্রহ্মবাদ। অর্থাৎ মানুষের মনকে প্রয়োজনবোধের ঊর্ধে নিয়ে গিয়ে জ্ঞানমার্গে প্রতিষ্ঠিত করা এবং জ্ঞানমার্গের ব্যবহারিক প্রয়োগ। সেজন্য বোধহয় স্বামী বিবেকানন্দ উপনিষদের শিক্ষা ও প্রয়োগকে ব্যবহারিক বেদান্ত বলেছেন। কৃষ্ণ ও শুক্ল যজুর্বেদে এই চিন্তাভাবনার প্রতিফলন বেশি দেখি। অবশ্য অন্য তিন বেদেও এসব আলোচনা রয়েছে।

তৃতীয় স্তরে ষড়দর্শন। এই সময় ব্যবহারিক প্রয়োজনবোধ ফিরে এসেছে, কিন্তু অন্যভাবে। মানে ব্যবহারিক প্রয়োজনবোধের 'প্যাকেজিং' পরিবর্তিত হয়েছে। দুঃখ হতে পরিত্রাণ বা মুক্তি নয়, জন্মবন্ধন হতে মুক্তির উপায় প্রধান আলোচ্য বিষয়। এই স্তরের মূল স্তম্ভ রয়ে গিয়েছে জ্ঞানমার্গের মধ্যে। গুরু বলছেন বদ্ধ জীবের মুক্তির উপায়। পরমাত্মার সাথে জীবাত্মার যোগ– এই দুই সত্য উপনিষদের নানা স্থানে ব্যক্ত হয়েছে।

শেষ স্তরে পুরাণের যুগ। এই অবস্থায় বিশ্বসত্তা ব্যক্তিরূপী ঈশ্বর হিসাবে কল্পিত হয়েছেন এবং সেই তথাকথিত ব্যক্তি-ঈশ্বরের প্রতি অহেতুক ভক্তি হয়ে উঠেছে সাধনার রীতি। এসব স্তরে দ্বৈতবাদ এবং অদ্বৈতবাদ উভয়ই আলোচিত। ভক্তিবাদী উপনিষদে এসবের আলোচনা বেশি।

এইভাবে আত্ম-জিজ্ঞাসা এবং ধর্ম-জিজ্ঞাসার পথ পরিক্রমার মাধ্যমে ধর্মপ্রসঙ্গ, আত্মজ্ঞান এবং পরমার্থীয় তত্ত্ব সম্বন্ধীয় যে পাঠ্যনির্ঘণ্ট আজকের দিনে নির্ধারণ করা সম্ভব, তা তৈরি হয়েছে বিভিন্ন মুনি-ঋষি-মহামানবের উপদেশসমূহ মন্থন করে এবং উপস্থাপন করা হয়েছে তিনরকম ভাবে। এগুলি নিম্নরূপ–

(১) সাধারণ ব্যক্তি বিশেষ যাদের এই বিষয়ে বেশি পড়াশুনা নেই, জ্ঞানমার্গে চিন্তা করার প্রবৃত্তি নেই, যোগমার্গ থেকে দূরে থাকেন অর্থাৎ অতি সাধারণ জনসাধারণ– তাঁদের জন্য রামায়ণ-মহাভারত-পুরাণাদি। ধর্মকথা এবং শাস্ত্রকথা গল্পের মাধ্যমে বলা হয়েছে, গল্পগুলো তাঁরা হৃদয়ঙ্গম করতে পারেন, মনে রাখতে পারেন এবং ব্যবহারিক জগতে প্রয়োগও করতে পারেন। ধরে নিচ্ছি এই যে পাঠ্যনির্ঘণ্টের জন্য যোগ্যতা দরকার নিরক্ষর ব্যক্তিসমূহ অথবা খুব বেশি হলে দশ ক্লাস পাশ। এঁদের লক্ষ্য দেবদেবীদের সোপান হিসাবে ব্যবহার করে শেষে একেশ্বরবাদে পৌঁছানো। অবশ্য বর্তমানে দেবদেবীদের উপাসনা মোটামুটি নিজ স্বার্থ চরিতার্থ করতে অথবা ভয় নিবারণ করতে ব্যবহার করা হয়। কিন্তু যদি একেশ্বরবাদের সোপান হিসাবে এই সব দেবদেবীর কল্পনা করা হয়ে থাকে তবে তাঁদের উপাসনার জন্য চাই নিষ্কাম মন এবং কামনামুক্ত চিত্ত।

(২) এর পরের পাঠ্যনির্ঘণ্ট পণ্ডিতদের জন্য। ধরে নিই স্নাতক শ্রেণীর জন্য। এঁরা যথেষ্ট পড়াশুনা করেন, দর্শনাদি পড়েন ও আলোচনা করেন, গীতা-উপনিষদের অর্থসমূহ হৃদয়ঙ্গম করেন কিন্তু অধিকাংশ সময় নিজেদের ব্যবহারে বা কর্মে তার প্রয়োগ হয় না। অহংকার, অভিমান এবং স্বার্থের দাপট তাঁদের আত্মজিজ্ঞাসা এবং কর্ম পদ্ধতিকে আচ্ছন্ন করে রাখে। এঁদের অধিকাংশই শাস্ত্রাদি পড়েন, কিন্তু নিজ নিজ স্বার্থবুদ্ধির কারণে দেবদেবীর পূজাপাঠও করেন।

(৩) তৃতীয় শ্রেণীর পাঠ্যনির্ঘণ্ট আধুনিক যুগে বলা যায় ডক্টরেটদের জন্য, যাঁরা বিষয়ের মূলে প্রবেশ করে নিজকর্মের মাধ্যমে ব্যবহারিক জগতে তার সার্থক প্রয়োগ করেন। এঁরাই প্রকৃত সন্ন্যাসী।

এজন্য শাস্ত্রের সবরকম ভাষ্যেরই প্রয়োজনীয়তা রয়েছে। ক্ষেত্র বিশেষে পাঠ্যনির্ঘণ্ট নির্ধারিত করতে হবে।

এখানে উল্লেখ্য যে প্রথম শ্রেণীর মধ্যে তথাকথিত ভক্তিভাব বেশি থাকে। এই ভক্তি শুদ্ধা ভক্তি নয়। এটা সাংসারিক স্বার্থজনিত ভয়মিশ্রিত ভক্তি। এই শ্রেণীর ভক্তিকে দোকানদারী বলা যায়। এঁরা দেবদেবীদের বলছেন, আমি তোমাকে কিছু দিচ্ছি (পূজাপাঠ, ব্রাহ্মণভোজন, জোড়াপাঠা ইত্যাদি) তুমি আমাকে কিছু দাও (অর্থ, শান্তি, রোগমুক্তি, উন্নতি, স্ত্রীপুত্র এমনকি স্বর্গলাভ কামনা করাও স্বার্থবুদ্ধির পরিচায়ক)।

যোগসাধনা করে আত্মজ্ঞানী না হলে নির্মল ভক্তি আসে না। সেজন্য গীতাতে অষ্টাদশ অধ্যায়ে ভগবান শ্রীকৃষ্ণ ভক্তিযোগ নিয়ে

আলোচনা করেছেন। লক্ষ্য করার বিষয় মন, বুদ্ধি এবং জ্ঞানকে ঠিকঠাক চালনা করে এবং অভ্যাস করে তারপর ভক্তিযোগ শিক্ষা দিয়েছেন পরমমিত্র জ্ঞানী অর্জুনকে ভগবান শ্রীকৃষ্ণ।

উপনিষদ আলোচনা করার আগে একটু গৌরচন্দ্রিকা করে নেওয়া প্রয়োজন ছিল কারণ, তত্ত্বজিজ্ঞাসু হিসাবে নিজ নিজ মানসিক ক্ষেত্র যদি এ আলোচনা চায় এবং পরবর্তী সময়ে সংসারে তার সার্থক প্রয়োগের সদিচ্ছা হয় তবেই উপনিষদ আলোচনা মনোগ্রাহী এবং আনন্দদায়ক হয়ে উঠতে পারে।

স্বার্থকে বড়ো করে দেখে উপনিষদ পড়ার বা বোঝার কোন অর্থ হয় না। রবীন্দ্রনাথ বলেছেন– "স্বার্থ জিনিসটা যে কেবল নিজে ক্ষুদ্র তা নয়, যার প্রতি সে হস্তক্ষেপ করে তাকেও ক্ষুদ্র করে তোলে। ...জগৎকে অত্যন্ত ব্যবহারের সামগ্রী করে তুলেছি– এই জন্য তার জল স্থল বাতাসকে আমরা অবজ্ঞা করি– তাদের আমরা অহংকৃত হয়ে ভৃত্য বলি এবং জগৎ আমাদের কাছে একটা যন্ত্র হয়ে ওঠে। এই অবজ্ঞার দ্বারা আমরা নিজেকেই বঞ্চিত করি। যাকে আমরা বড়ো করে পেতুম তাকে ছোট করে পাই, যাতে আমাদের চিত্তও পরিতৃপ্ত হতো তাতে আমাদের কেবল পেট ভরে মাত্র।

যাঁরা জল স্থল বাতাসকে কেবল প্রতিদিনের ব্যবহারের দ্বারা জীর্ণ সংকীর্ণ করে দেখেননি, যাঁরা নিত্য নবীন দৃষ্টি ও উজ্জ্বল জাগ্রত চৈতন্যের দ্বারা বিশ্বকে অন্তরের মধ্যে সমাদৃত অতিথির মতো গ্রহণ করেছেন এবং চরাচর সংসারের মাঝখানে জোড়-হস্তে দাঁড়িয়ে উঠে বলেছেন–

যো দেবোহগ্নৌ যোহপসু যো বিশ্বং ভুবনমাবিবেশ।
য ওষধিষু যো বনস্পতিষু তস্মৈ দেবায় নমো নমঃ ॥

তাঁদের উচ্চারিত এই সজীব মন্ত্রটিকে জীবনের মধ্যে গ্রহণ করে ঈশ্বর যে সর্বব্যাপী এই জ্ঞানকে সর্বত্র সার্থক করো। যিনি সর্বত্র প্রত্যক্ষ, তাঁর প্রতি তোমার ভক্তি সর্বত্র উচ্ছ্বসিত হয়ে উঠুক।

উপনিষদ বলেছেন–

আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কদাচন।

ব্রহ্মের আনন্দ যিনি জেনেছেন তিনি কদাচই ভয় পান না। সেই ব্রহ্মের আনন্দকে কোথায় দেখবো, তাকে জানবো কোন্‌খানে? অন্তরাত্মার মধ্যে আত্মাকে একবার অন্তরনিকেতনে, তার নিত্যনিকেতনে দেখো– যেখানে আত্মা বাহিরের হর্ষশোকের অতীত, সংসারের সমস্ত চাঞ্চল্যের অতীত, সেই নিভৃত অন্তরতম গুহার মধ্যে প্রবেশ করে দেখো– দেখতে পাবে আত্মার মধ্যে পরমাত্মার আনন্দ নিশিদিন আবির্ভূত হয়ে রয়েছে, এক মুহূর্ত তার বিরাম নেই। পরমাত্মা এই জীবাত্মায় আনন্দিত। যেখানে সেই প্রেমের নিরন্তর মিলন সেইখানে প্রবেশ করো, সেইখানে তাকাও। তা হলেই ব্রহ্মের আনন্দ যে কী, তা নিজের অন্তরের মধ্যেই উপলব্ধি করবে এবং তা হলেই কোনোদিন কিছু হতেই তোমার আর ভয় থাকবে না।"

এই যে পরমাত্মার রসাস্বাদন তা কিন্তু অদ্বৈতবাদের মধ্যে দিয়ে প্রকাশিত হয় না। এজন্যও দ্বৈতভাব আবশ্যক। জ্ঞাতা এবং জ্ঞেয়, ভোক্তা এবং ভোগ্যের ভিত্তিতে যে আনন্দলহরী ফুটে উঠে তার ছন্দই গীতিময়। বৃহদারণ্যক তাই বলছেন, "মধুবাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ"। সর্বত্রই মধু। পৃথিবী সকলের কাছে মধুস্বরূপ এবং পৃথিবীর কাছে সকল প্রাণীও মধুস্বরূপ।

তৈত্তিরীয় উপনিষদ বললেন, "রসো বৈ সঃ। রসং হ্যেবায়াং লবধ্বানন্দী ভবতি।" অর্থাৎ ব্রহ্ম রসস্বরূপ। তিনি রস পেলে আনন্দ পান। নিজের অন্তরতম দেশে সেই রসকে অনুভূত করে আনন্দ পেতে হবে। কোন দেবদেবী নেই। কোন স্বার্থবুদ্ধি নেই। –সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম নিহিতং গুহায়াম– নিজের হৃদয়গুহায় সেই সত্যকে উপলব্ধি কর এবং রসাস্বাদন কর। মনে রাখা দরকার সংসার ক্রমশঃই দূরে সরে সরে যাচ্ছে, সংসারকে ধরে রাখা যায় না, কিন্তু ব্রহ্ম চিরন্তন সত্য, তাঁকে জানতে পারলে চিরতরে ধরা দেন তিনি।

ব্রহ্মকে জেনে মুক্তমনা হতে হবে। রবীন্দ্রনাথের ভাষায়– সেইজন্যই উপনিষৎ বলেছেন, তে সর্বগং সর্বতঃ প্রাপ্য ধীরা যুক্তাত্মানঃ সর্বমেবাবিশন্তি– সেই সর্বব্যাপীকে যাঁরা সকল দিক থেকেই পেয়েছেন তারা ধীর হয়ে, যুক্তাত্মা হয়ে, সর্বত্রই প্রবেশ করেন। প্রথমে তারা ধৈর্য লাভ করেন, আর তারা নানা বিষয় ও নানা ব্যাপারের মধ্যে কেবলই বিক্ষিপ্ত হয়ে উদভ্রান্ত হয়ে বেড়ান না, তাঁরা অপ্রগল্‌ভ অপ্রমত্ত ধীর হন। তাঁরা যুক্তাত্মা হন, সেই পরম একের সঙ্গে যোগযুক্ত হন। নিজেকে কোন অহংকার, কোনো আসক্তি দ্বারা স্বতন্ত্র বিচ্ছিন্ন করেন না, একের সঙ্গে মিলিত হয়ে আনন্দে বিশ্বের সমস্ত বহুর মধ্যে প্রবেশ করেন, সমস্ত বহু তখন তাঁদের পথ ছেড়ে দেয়।

সেই সকল ধীর সেই সকল যুক্তাত্মাদের প্রণাম করে তাঁদেরই পথ আমরা অনুসরণ করব। সেই হচ্ছে একের সঙ্গে যোগের পথ, সেই হচ্ছে সকলের মধ্যেই প্রবেশের পথ, জ্ঞান প্রেম এবং কর্মের চরম পরিতৃপ্তির পথ। ❑

নাগপুর, ১লা বৈশাখ, ১৪১৮



# প্রশ্ন উপনিষদ

পৃথ্বীরাজ সেন

**প্রথম প্রশ্ন**

সুকেশা হলেন ঋষি ভরদ্বাজের পুত্র। শিবির পুত্রের নাম সত্যকাম। গর্গবংশে জন্মগ্রহণ করেছেন সৌর্যায়ণী। অশ্বলপুত্র কৌসল্য। বিদর্ভ দেশে জাত ভৃগুপুত্র ভার্গব, কত্যপুত্র কবন্ধী। তাঁরা সকলেই ছিলেন ব্রহ্মপরায়ণ এবং ব্রহ্মনিষ্ঠ। পরব্রহ্মের তত্ত্ব জানার ইচ্ছে জাগল তাঁদের মনের মধ্যে। তাঁরা সকলে মিলে গেলেন পূজনীয়া আচার্য পিপ্পলাদের কাছে।

পিপ্পলাদ ঋষি হলেন সর্বজ্ঞ আচার্য। তিনি ব্রহ্মবিদ্যা সম্পর্কে কথা বলার অধিকারী। আর অনেক দিন ধরে গুরুকুলে বাস করে যে সমস্ত শিক্ষার্থীরা ব্রহ্মচর্যের অনুষ্ঠান করেছেন, তাঁরাই শুধু এই ধরনের বিদ্যা শ্রবণ ও গ্রহণের যোগ্য।

এই বিদ্যার্থীরা যজ্ঞের কাঠ হাতে নিয়ে আচার্যের কাছে গেলেন। কারণ প্রাচীনকালে নিয়ম ছিল যে, কোনো বিদ্যার্থী কখনও শূন্য বা রিক্ত হাতে আচার্যের কাছে যাবেন না।

শিষ্যদের দেখে পিপ্পলাদ খুবই খুশি হলেন। কিন্তু তিনি তখনই তাঁদের ব্রহ্মবিদ্যা সম্পর্কে কিছু বললেন না। তিনি জানতেন যে, এই শিষ্যরা সকলেই দীর্ঘকাল তপস্যা করেছেন। তথাপি আচার্য তাঁদের আরও এক বছর গুরুগৃহে অবস্থান করতে বললেন। গুরুগৃহে বাস করে গুরুর সেবা করে গুরুকে সন্তুষ্ট করতে হবে। তবেই গুরু খুশি মনে বিদ্যাদান করবেন। আরও বেশি চিত্তশুদ্ধির জন্য আচার্য তাঁদের আরও এক বছর সময় কাটাতে বললেন।

দেখতে দেখতে এক বছর কেটে গেল। এবার বিদ্যার্থীদের অন্যতম কত্যপুত্র কবন্ধী এগিয়ে এলেন। তিনি বললেন–হে গুরুদেব, আপনার কথামতো আমরা আরও এক বছর কঠিন কঠোর জীবনযাপনের মধ্যে দিয়ে কাটিয়েছি। আশা করি, এখন আমরা আপনার মুখনিঃসৃত অমৃতবাণী শ্রবণ করতে পারব। অনুগ্রহ করে আপনি বলুন যে, কোথা থেকে এই প্রাণীসকল জন্মলাভ করেছে?

এই কথা শুনে পিপ্পলাদ কিছুক্ষণ চিন্তা করলেন। তাঁর শিষ্যরা ব্রহ্মতত্ত্ব সম্পর্কে জানতে আগ্রহী ছিলেন। কিন্তু তাঁদের একজন প্রজাসৃষ্টির সম্বন্ধে প্রশ্ন করছেন কেন? পরক্ষণে তিনি বুঝতে পারলেন যে, সৃষ্টিতেই ব্রহ্মের প্রকাশ। ব্রহ্ম সৃষ্টির মাধ্যমেই নিজেকে বিস্তৃত করেছেন। তাঁর সৃষ্ট জীবনজগৎই হল তাঁর মহিমা বা বিভূতির জায়গা। তাই এইসব জীব সম্পর্কে জ্ঞানলাভ করতে হবে। সৃষ্টজগৎ থেকে শুরু করে আমরা ধীরে ধীরে সৃষ্টির অতীত ব্রহ্মে পৌঁছুতে পারব। যেহেতু ব্রহ্মের সঙ্গে জীবের ঘনিষ্ঠ সম্পর্ক আছে, তাই ব্রহ্মকে জানতে হলে তাঁর সৃষ্ট জীবদের সম্পর্কে জানা উচিত। ব্রহ্মজিজ্ঞাসু শিষ্য তাই জীবের উৎপত্তি বিষয়ে প্রশ্ন করেছিলেন।

এবার পিপ্পলাদ সৃষ্টিতত্ত্বের ব্যাখ্যা করতে বসলেন। তিনি বললেন যে, সৃষ্টিকর্তা হিসাবে ঈশ্বর যখন প্রথম প্রকাশিত হয়েছিলেন, তখন তিনি ছিলেন প্রজাপতি। প্রজাপতির প্রধান কাজ হল প্রাণীদের সৃষ্টি, বৃদ্ধি এবং রক্ষা করা। প্রাণীবর্গের সৃষ্টির জন্য প্রজাপতি দীর্ঘকাল একমনে তপস্যা অর্থাৎ সংকল্প করেন। সৃষ্টি হল তাঁর আসল তপস্যা। তাঁর সংকল্পও তপস্যা থেকে দ্বন্দ্বাত্মক মিথুন আবির্ভাব হল। তিনি নিজেকে এক দ্বন্দ্ব হিসাবে প্রকাশ করলেন।

এই মিথুন বা দ্বন্দ্ব কিন্তু দুটি তত্ত্ব নয়, এক তত্ত্বের দুটি দিক। একের সঙ্গে অন্যটি অঙ্গাঙ্গীভাবে যুক্ত হয়ে আছে। এই মিথুনের একটিকে আমরা প্রাণ বলি, অন্যটিকে রয়ি বা জড় বলা হয়। আমরা যাকে নির্জীব পদার্থ বলি, তার মধ্যেও প্রাণের ক্রিয়া আছে। তবে এই ক্রিয়া এত মৃদু যে, আমরা তা অনুভব করতে পারি না।

**বছরে দুটি অয়ন বা নির্দিষ্ট পথ আছে। একটিকে আমরা বলি উত্তরায়ণ, অন্যটিকে বলি দক্ষিণায়ন। বিষুবসংক্রান্তি থেকে ছ'মাস উত্তরায়ণ, পরবর্তী ছ'মাস দক্ষিণায়ন। উত্তরায়ণে সূর্য উত্তরদিকে এবং দক্ষিণায়নে সূর্য দক্ষিণ দিকে গমন করে।**

সৃষ্টিতে আদিত্য এবং চন্দ্ররূপে প্রাণ ও জড়ের প্রধান প্রকাশ। আদিত্য হলেন প্রাণের প্রতীক এবং চন্দ্র রয়ি বা জড়ের প্রতীক।

কাজেই আদিত্য ভোক্ত স্বরূপ এবং চন্দ্র অন্ন স্বরূপ। আদিত্য বা সূর্যকে প্রাণ বা ভোক্তা বলা হয়েছে। কারণ আদিত্যই হলেন প্রাণের উৎস। রোজ সকালে সূর্য উদিত হলে সবকিছু প্রাণবন্ত হয়ে ওঠে। আবার যখন সূর্য অস্তাচলে যায় তখন সমস্ত প্রাণী নিদ্রার কোলে ঢলে পড়ে।

চন্দ্রকে জড়ের প্রতীক এবং ভোগ্য বলা হয়েছে। কারণ চন্দ্রের দ্বারা বিভিন্ন শস্যের জন্ম হয়। এইসব শস্য জীবেরা খাদ্য হিসাবে গ্রহণ করে।

চন্দ্র যখন জড় পদার্থের প্রতীক, তখন জগতের মূর্ত-অমূর্ত সবকিছু জড়ের প্রতীক স্বরূপ বিরাজ করে। প্রকৃতপক্ষে প্রত্যেক সৃষ্ট বস্তুর একটি আলাদা মুক্তি আছে। যাকে আমরা অমূর্থ বলে থাকি, তারও একটি মূর্তি আছে, কিন্তু সেই মূর্তিটি এত সূক্ষ্ম যে, আমরা তাকে ইন্দ্রিয়ের দ্বারা উপলব্ধি করতে পারি না। সব অর্থ বিবেচনা করে আমরা আদিত্যকে প্রাণস্বরূপ বলে থাকি। সূর্যই হলেন মূর্ত প্রাণশক্তি। সূর্যের আবির্ভাবের আগে অর্থাৎ সূর্যোদয়ের আগে বিশ্বচরাচর অন্ধকারে সমাচ্ছন্ন থাকে। প্রাণীরা নিদ্রিত থাকে। সূর্য

যখন পূর্বদিকে উদিত হন তখন তিনি পূর্বদিকের সমস্ত প্রাণীকে উজ্জীবিত করে তোলেন। তাদের মধ্যে প্রাণশক্তির প্রকাশ ঘটে। অন্যান্য দিকের প্রাণীরাও ধীরে ধীরে সূর্যের দ্বারা প্রকাশিত এবং সঞ্জীবিত হয়ে ওঠে।

তাই সূর্যকে বলা হয়েছে বৈশ্বানর এবং বিশ্বরূপ। এই বিশ্বে যত বিভিন্ন রূপ দেখা যায় সেই সমস্ত সূর্যেরই প্রকাশ রূপ। তিনি সর্বজীবাত্মক, আবার বিশ্বের ধারক। জীব এবং জগৎ তাঁর প্রকাশ ছাড়া আর কিছু নয়। তিনি এমন এক অসীম প্রাণশক্তি, যাঁর দ্বারা সকলকে সঞ্জীবিত করা সম্ভব। আবার তিনি অন্য রূপে অর্থাৎ অগ্নিরূপে সকলের প্রকাশক। তাই সূর্যকে প্রাণ এবং অগ্নির স্বরূপ বলা হয়েছে। আসলে ওই তিনটি হল একই শক্তির বিশ্বরূপ। এদের আধিদৈবিকরূপ সূর্য, আধিভৌতিক রূপ হল অগ্নি আর আধ্যাত্মিক রূপ হল প্রাণ।

অসংখ্য রশ্মিগুচ্ছের মাধ্যমে সূর্যের বহিঃপ্রকাশ। সূর্য তেমনি অসংখ্য প্রাণের সৃষ্টি করেছেন। তাই পণ্ডিত ব্যক্তিবর্গ সূর্যকে বিশ্বরূপ গোষ্ঠী মান জাত গ্রহ এবং একমাত্র জ্যোতি তাপ প্রদাতা হিসাবে জানেন।

সৃষ্টিক্রমে সূর্য এবং চন্দ্র বছরে পরিণত হয়। কারণ চন্দ্র এবং সূর্যের আবর্তন দ্বারাই বছরের গণনা হয়ে থাকে। এই বছরও প্রজাপতি স্বরূপ, কারণ এর দ্বারা প্রজা সৃষ্টি এবং প্রজার রক্ষা হয়ে থাকে।

বছরে দুটি অয়ন বা নির্দিষ্ট পথ আছে। একটিকে আমরা বলি উত্তরায়ণ, অন্যটিকে বলি দক্ষিণায়ন। বিষুবসংক্রান্তি থেকে ছ'মাস উত্তরায়ণ, পরবর্তী ছ'মাস দক্ষিণায়ন। উত্তরায়ণে সূর্য উত্তরদিকে এবং দক্ষিণায়নে সূর্য দক্ষিণ দিকে গমন করে। উত্তরায়ণ হল প্রাণ অংশ এবং দক্ষিণায়ন হল অ-প্রাণ অংশ।

উত্তরায়ণকে আমরা সূর্যের পথ বলে থাকি। যেহেতু সূর্য প্রাণ, জ্যোতি এবং জ্ঞানের প্রতীক। তাই যাঁর ইহজীবনে ব্রহ্মের জ্ঞানলাভ করেন, তাঁরা উত্তরায়ণ দ্বারা সূর্যালোকে গমন করতে পারেন।

অপরদিকে দক্ষিণায়ন হল চন্দ্রলোকের পথ। চন্দ্রলোক অজ্ঞানের লোক। যে সমস্ত অজ্ঞানী মানুষ জীবনে জ্ঞানলাভের কোনো চেষ্টা করেননি, যাঁরা কেবলমাত্র কামনা-বাসনার দ্বারা প্রভাবিত হয়ে দিন কাটিয়ে দেন এবং পুত্রকন্যা উৎপাদন করেছেন, যাঁরা স্বর্গলাভের আকাঙ্ক্ষায় কোনো অনুষ্ঠানের আয়োজন করেননি, তাঁরা মৃত্যুর পর দক্ষিণায়ন দ্বারা চন্দ্রলোকে গমন করেন। সেখানে কিছুদিন স্বর্গসুখ ভোগ করেন। আবার পার্থিব লোকে ফিরে আসেন। তাঁরা কখনোই মোক্ষলাভ করতে পারেন না।

তাঁরা সারাজীবন একাগ্রচিত্তে ব্রহ্মচর্য পালন করেছেন, তাঁরা আত্মার জ্ঞান লাভ করেন এবং উত্তরায়ণ পথে গমন করেন। তাঁরা শেষপর্যন্ত আদিত্যলোক প্রাপ্ত হন। আদিত্য লোককে আমরা জ্ঞানের লোক বলতে পারি। এটি এমন একটি জগৎ যেখানে মৃত্যুর প্রবেশ নিষেধ। এখানে মানুষ ভয়বর্জিত হয়ে দিন কাটাতে পারে। সত্যিকারে অমৃতের সন্ধান পায়। জ্ঞানীবর্গের কাছে এটি হল পরম ঈপ্সিত লোক, একে আমরা ব্রহ্মালোক বলে থাকি।

এই লোকে যাঁরা প্রাপ্ত হন, তাঁদের আর পৃথিবীতে ফিরে আসতে হয় না। সেক্ষণেই সমস্ত গমনাগমনের সমাপ্তি ঘটে যায়।

সূর্য সাতটি ঘোড়ার রথে অধিষ্ঠিত আছেন। তিনি তাঁর প্রজ্বলিত কিরণ দ্বারা পৃথিবী থেকে জল গ্রহণ করেন। আবার আকাশ থেকে বৃষ্টি ঝরে পড়ে, বৃষ্টিকে আমরা সূর্যদেবের বর্জ্যপদার্থ বলতে পারি।

সূর্যের আবর্তনের ফলে মাস এবং বছর গণনা করা হয়। প্রতি মাসে দুটি পক্ষ আছে—একটিকে বলে শুক্লপক্ষ, এটি প্রাণের প্রতীক। অপরটি হল কৃষ্ণপক্ষ। এটি অপ্রাণের প্রতীক। শুক্লপক্ষকে আমরা জ্ঞানের সঙ্গে তুলনা করি এবং কৃষ্ণপক্ষকে বলি অজ্ঞানের অঙ্গীকার।

যাঁরা প্রাণদর্শী জ্ঞানবান, তাঁরা সকল সময় প্রাণকে দেখতে পান। তাঁরা যে যজ্ঞ বা শুভ কাজ করেন সেটি শুক্লপক্ষে করে থাকেন। আর যাঁরা প্রাণকে দেখতে পান না, তারা যে যজ্ঞ বা কর্ম করেন তা কৃষ্ণপক্ষেই করে থাকেন।

সৃষ্টির ক্রমানুসারে প্রজাপতি মাসরূপে অবস্থান করেন। তাঁর দেহাবয়ব প্রতি মুহূর্তে বিবর্তিত হয়। দিবাভাগে আমরা প্রাণের প্রকাশ দেখতে পাই, আর রাত্রিভাগে জড়ত্বের প্রকাশ ঘটে। এইভাবে প্রাণ এবং অপ্রাণের মধ্যে এক ছন্দ বজায় আছে।

দিবাভাগ প্রাণরূপী। এইসময় রতিক্রিয়া করলে যে শুক্রস্খলন ঘটে, তার ফলে প্রাণশক্তি বর্জিত হয়। তাই দিনের বেলা স্ত্রী-সঙ্গম করা আয়ু, বল ও বীর্যের পক্ষে ক্ষতিকর। রাত্রিকালে যারা ঋতুমতী ভার্যাতে উপগত হয়, তারা ব্রহ্মচর্যের অনুষ্ঠান করে। এটি আয়ুষ্কর এবং সন্তান-সন্ততি উৎপাদনের পক্ষে একটি অবশ্য কর্তব্য।

সৃষ্টির ক্রমানুসারে সূর্য, চন্দ্র, বছর, মাস এবং অহোরাত্রের ক্রিয়ার দ্বারা অন্ন উৎপাদিত হয়। অন্নরূপ প্রজাপতি সৃষ্টিক্রমে শুক্র হিসাবে পরিণত হন। আর অন্নই জীবদেহে জীর্ণ হয়ে রস, রক্ত ও শুক্র উৎপন্ন করে। তাই শুক্রকে আমরা প্রজাপতি স্বরূপ বলে থাকি। শুক্র সৃষ্টির কাজে সক্ষম। পুরুষ বীর্যকে প্রাণাত্মক এবং স্ত্রী বীর্যকে জড়াত্মক বলা হয়েছে। এই উভয়ের সংযোগে প্রাণীদের জন্ম হয়।

তাহলে প্রথম প্রশ্নের উত্তর এভাবেই দেওয়া হল। কীভাবে প্রাণীবর্গ জন্মগ্রহণ করেছে তা আমরা জানতে পারলাম। প্রাণস্বরূপ প্রজাপতি থেকে সূর্য, চন্দ্র, বছর, মাস, অহোরাত্র এবং অন্নাদি ক্রমে বীর্যের উৎপাদন হয়। বীর্য থেকেই প্রাণীদের জন্মলাভ হয়ে থাকে।

যে সমস্ত পুরুষরা সংসার জীবনের সমস্ত কর্তব্য পালন করেন এবং সংযত হয়ে সন্তান উৎপাদন করেন, তাঁরা প্রজাপতি ব্রতের অনুষ্ঠাতা। কারণ প্রজাপতির কাজই হল সন্তান উৎপাদন করে সৃষ্টিধারাকে অব্যাহত রাখা। তাই এই সমস্ত মানুষ প্রজাসৃষ্টির কাজ করে প্রজাপতির ইচ্ছে পূর্ণ করেন। এঁদের আমরা প্রজাপতির সাক্ষাৎ ব্রতচারী বলতে পারি। কিন্তু এই কাজ সংযত হয়ে করতে হবে। উচ্ছৃঙ্খল আচরণ দ্বারা এই মহৎ কাজকে অশুভ করা উচিত নয়। তাই একে এক মহান ব্রত বলা হয়েছে।

যাঁরা কায়মনোবাক্যে সংযম অবলম্বন করে একাগ্রচিত্তে প্রজাপতির ব্রত পালন করেন, তাঁরা মৃত্যুর পর চন্দ্রলোকে স্থান পান। কারণ

তাঁরা হলেন সত্যনিষ্ঠ এবং সদাচারী। তাঁরা প্রজাপতিব্রত পালন করেছেন, সত্যাচারণ পুণ্য কাজের অনুষ্ঠান করেছেন, কিন্তু তাঁরা এই কাজ করতে গিয়ে স্বর্গলাভের আকাঙ্ক্ষা করেছেন–কিন্তু অনাসক্ত হয়ে আত্মজ্ঞান লাভের চেষ্টা করেননি। এইজন্য আত্মজ্ঞানের অভাবে তাঁদের স্থান হয় চন্দ্রলোকে। তাঁদের পুণ্যক্ষয় হলে তাঁরা আবার মর্ত্যলোকে ফিরে আসেন।

যে সমস্ত ব্যক্তিরা গার্হস্থ্য ধর্ম পালনে নিষ্ঠা দেখিয়েছেন এবং প্রজাপতি ব্রতের অনুষ্ঠান করে পুত্র-কন্যা উৎপাদন করেছেন, তাঁদের মধ্যে কোনো অজ্ঞান মোহ থাকে না। তাঁরা জীবনের সবকটি অধ্যায়ের ওপর নজর দিয়েছেন। বানপ্রস্থ এবং ভিক্ষু আশ্রমে প্রবেশ করেছেন। তাঁদের মধ্যে কপটতা বা মিথ্যাচারণ নেই। বিষয়াসক্তি সম্পর্কে তাঁরা কিছুই জানেন না। শেষঅব্দি তাঁরা নির্মল ব্রহ্মলোকে গমন করেন। সেখানে স্থিতিলাভ করেন। তাঁরা সত্যের অনুষ্ঠাতা, তাঁদের হৃদয়ে কোনো মলিনতা নেই। তাঁরা সংসারত্যাগী, তাই বিষয়াসক্তিজনিত অজ্ঞান মুহূর্ত থেকে তাঁরা মুক্ত হতে পেরেছেন। স্বর্গলাভের আকাঙ্ক্ষা না করে তাঁরা শুধুমাত্র আত্মজ্ঞান লাভ করতে চান। তাই জ্ঞানময় ব্রহ্মলোকের দরজা তাঁদের জন্য উন্মুক্ত থাকে।

দ্বিতীয় প্রশ্ন

এবার এলেন বিদর্ভদেশীয় ভৃগু পুত্র। তিনি পিপ্পলাদ ঋষিকে প্রশ্ন করলেন–ভগবন্, ক'জন দেবতা (ইন্দ্রিয়শক্তি) প্রাণীর শরীরকে বিশেষভাবে ধারণ করেন? জ্ঞানেন্দ্রিয় এবং কর্মেন্দ্রিয় ভেদে বিভক্ত দেবগণের মধ্যে কারা এই শরীরের ভেতর নিজের মাহাত্ম্য প্রকাশ করেন? এই সব দেবতাদের মধ্যে কে শ্রেষ্ঠ?

তাঁর প্রশ্নের ভেতর যে বিশ্লেষণ লুকিয়ে আছে তা একবার ব্যাখ্যা করা যাক। আমরা জানি, শরীরের বিভিন্ন অংশ স্বীয় স্বীয় কর্তব্য সাধন করে। আমরা ইন্দ্রিয়দেরও আমাদের শরীরের উপাদান বলতে পারি। তারা কেউই নিজের সব কাজ করতে পারে না। অন্য শক্তির দ্বারা চালিত না হলে তারা কর্মশীল থাকতে পারবে না। একা বা সম্মিলিতভাবে কোনো কাজ করতে পারবে না। যে শক্তির দ্বারা ইন্দ্রিয়রা প্রতি মুহূর্তে পরিচালিত হয়, তাকে বলে অদম্য প্রাণশক্তি।

এখন প্রশ্ন উঠেছে যে, এই প্রাণশক্তির উৎসে কার অবস্থান? আবার কে এঁদের মধ্যে শ্রেষ্ঠ? এবার আমরা এই বিষয়ে আলোচনা করব।

ঋষি উপলাদ ভৃগুপুত্রকে বললেন–আকাশ, বায়ু, অগ্নি, জল এবং পৃথিবী–এরা জীবদেহের উপাদান। চক্ষু, কর্ণ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয়সমূহ জ্ঞানলাভের পক্ষে একান্ত আবশ্যক। হাত-পা প্রভৃতি কর্মেন্দ্রিয়ের দ্বারা আমরা কর্মসম্পাদন করতে পারি। তবে আপাত দৃষ্টিতে যাদের ক্রিয়াশীল বলে মনে হয়, আসলে তারা কিন্তু নিজে থেকে কোনো কাজ করতে পারে না। এদের স্বতন্ত্র বা নিজস্ব কোনো শক্তি নেই। এরা প্রতি মুহূর্তে প্রাণশক্তি দ্বারা চালিত হয় এবং সঞ্জীবিত হয়। তবেই নিজ নিজ কর্তব্য সম্পাদন করতে পারে। এই বিচার বিবেচনা করে আমরা প্রাণশক্তিকেই দেহের ধারক ও বাহক বলতে পারি।

বরিষ্ঠ প্রাণ হল মুখ্য প্রাণ। প্রাণ, অপ্রাণ, সমান, ব্যান ও উদান–এই পাঁচটি প্রাণশক্তি জীবদেহে বিভিন্ন বিভিন্ন কার্য সম্পাদন করে এবং সর্বদা বিদ্যমান। তবে এদের আমরা একের থেকে আলাদা করতে পারি না। এরা হল মুখ্য প্রাণশক্তির বিভিন্ন প্রকাশ। এই মুখ্যশক্তিকেই বলা হয়েছে বরিষ্ঠ প্রাণ।

শরীরের বিভিন্ন অংশের মধ্যে একটি সংযোগ সূত্র স্থাপিত হয়েছে। এইভাবেই শরীর আরও সুদৃঢ় হয়ে উঠেছে। বিভিন্ন প্রাণশক্তিগুলি তাদের ওপর ন্যস্ত কর্তব্য ঠিক মতো সম্পাদন করে। তাদের মধ্যে সংযোগ এবং সামঞ্জস্য স্থাপন করে শরীরকে রক্ষা করা মুখ্য প্রাণের কাজ। এইভাবেই তারা শরীরকে রক্ষা করে চলে।

এই সব কাজের অন্তরালে আছেন ওই মুখ্য প্রাণ। তিনি একবার শরীর থেকে বের হবার উপক্রম করলেন। তিনি শরীর থেকে নির্গত হবার সঙ্গে সঙ্গে অন্যসকলে তাঁকে অনুসরণ করল। আবার তিনি স্থির হলে সকলে স্থির হল। প্রসঙ্গত একটি গল্পের কথা বলা যায়। যদি আমরা মৌমাছিদের রাণীকে উড়ন্ত অবস্থায় দেখি, তাহলে সমস্ত মৌমাছি উড়তে শুরু করে। রাণী সুস্থির হলে আবার সকলেই সুস্থির হয়। বাক্, মন, চক্ষু, কর্ণের স্বভাবও ঠিক এইরকম। তারা নির্গত প্রায় মুখ্য প্রাণের দিকে তাকিয়ে অস্থির হয়ে উঠলেন। শেষঅব্দি তাঁরা একমনে প্রাণের স্তব করতে লাগলেন।

প্রাণশক্তির সাথে ব্রহ্মের অভিন্নতা আছে। তাই আমাদের উচিত প্রাণশক্তির স্তব করা। কারণ প্রাণ হল এক সর্বাত্মক সত্তা। প্রাণশক্তি বিভিন্ন দেবতা হিসাবে জগতের সমস্ত কাজ সম্পাদন করেন। কখনো তিনি অগ্নি হিসাবে তাপ দেন। সূর্য হিসাবে জগৎকে প্রকাশিত করেন। প্রাণই ইন্দ্র, বায়ু, পৃথিবী, চন্দ্র এবং মেঘ হিসাবে আবির্ভূত হন। যা কিছু মূর্ত এবং অমূর্ত, দৃশ্য এবং অদৃশ্য, স্থূল এবং সূক্ষ্ম–সবই হল প্রাণ। প্রাণই অমৃত, প্রাণই সেই অবিনাশী তত্ত্ব, যা এই বিনাশশীল জগৎকে ধারণ করে আছে।

রথচক্রের নাভিতে শলাকা প্রবিষ্ট থাকে বলে সেটি স্খলিত হতে পারে না। ঠিক একইভাবে বিশ্বের সমস্ত বস্তু প্রাণে প্রতিষ্ঠিত হয়েছে। তারা প্রাণ দ্বারা বিধৃত আছে বলেই কখনো বিচ্ছিন্ন হয় না। রথচক্রের গতি দ্বারা যেমন শলাকা গুলির গতি নির্ধারিত হয়, ঠিক সেইভাবে প্রাণের গতিশক্তির দ্বারা জগতের সমস্ত পদার্থের চলন নির্ধারিত হয়ে থাকে।

বেদ হল জ্ঞানের আকর এবং কর্মের প্রবর্তক। তাই বেদকে আমরা প্রাণ বলতে পারি। যজ্ঞকে আবার এখানে সমস্ত কর্মের প্রতীক স্বরূপ ধরা হয়েছে। যেহেতু প্রাণই সমস্ত কর্ম, তাই প্রাণশক্তির দ্বারাই কর্ম সম্পন্ন হয়। প্রাণই এখানে মনুষ্য বর্গের প্রতীক। পৃথিবীর সমস্ত মানুষ ওই প্রাণসত্তাকে আশ্রয় করে বিদ্যমান আছে।

প্রাণ যে কেবল জীবগণের প্রতিষ্ঠাতা তা নয়, প্রজাসৃষ্টির মূলেও আছে প্রাণের অবদান। প্রাণই প্রজাপতি হিসাবে স্ত্রীগর্ভে সন্তান স্বরূপ বিচরণ করে। আবার পিতামাতার প্রতিরূপ হয়ে পৃথিবীতে আসে। প্রাণের কী অসীম লীলা!

জীবনের প্রতিটি মুহূর্তে প্রতিটি জীব কর্মচঞ্চলতার মধ্যে সময় কাটায়। চলিষ্ণুতাই জীবনের আরেক নাম। আর জীবের এই চলমানতার অন্তরালে আছে প্রাণের ক্রিয়া। প্রাণ হল দেহের সমস্ত কর্মের নিয়ন্ত্রক। প্রজারা যেমন রাজাকে উপহার দেয়, চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়রা তেমনই বিভিন্ন উপহার নিয়ে প্রাণের কাছে পৌঁছে দেয়। বাক্, মন–সকলেই প্রাণের একান্ত অনুগত। তাই আমরা প্রাণকে আত্মা হিসাবে গ্রহণ করতে পারি।

প্রাণের স্তব করে আমাদের শাস্ত্রে বলা হয়েছে যে, প্রাণ, তুমি দেবতাদের জন্য প্রদত্ত যজ্ঞীয় দ্রব্যের শ্রেষ্ঠ বাহক। তুমি শ্রাদ্ধে পিতৃগণের উদ্দেশ্যে প্রথম প্রদত্ত অন্নের প্রাপক। তুমি চোখ প্রভৃতি ইন্দ্রিয়দের দেহধারণের প্রয়াস। তুমি আঙ্গিরসভূত ইন্দ্রিয়গণের মধ্যে শ্রেষ্ঠ। তাই তোমাকে প্রণাম।

হে প্রাণ, তুমি ইন্দ্র অর্থাৎ পরমেশ্বর। তুমি রুদ্র হিসাবে জগৎকে সংহার করো, আবার স্থিতিকালে তুমি সমস্ত জগতের রক্ষক, তুমি উদয় এবং অস্ত গমন দ্বারা অন্তরীক্ষে চলাচল করো। তুমি সূর্য, তুমি সমস্ত জ্যোতিষ্কমণ্ডলীর অবিসংবাদিত সম্রাট।

হে প্রাণ, তুমি মেঘ হিসাবে বর্ষণ করো, আর তোমার বর্ষণে মানুষ আনন্দে অধীর হয়। তারা বুঝতে পারে, এবার তাদের মুখে অন্ন উঠবে।

হে প্রাণ, তুমি ব্রাত্য, অর্থাৎ উপনয়ন ইত্যাদি সংস্কারহীন। আমরা জানি, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, এই তিন জাতির বালকদের উপনয়ন না হলে তাদের ব্রাত্য বলা হয়। ব্রাত্যরা পাতকী বা পতিত বলে গণ্য। যেহেতু প্রাণ সর্বপ্রথমে জাত, তাই তখন তাকে উপনয়ন সংস্কার দেবার মতো কেউ ছিল না। সংস্কারের অভাবে প্রাণের ব্রাত্যদোষ ঘটা সম্ভব নয়। প্রাণ সম্ভবত বিশুদ্ধ বলে তার আর সংস্কারের প্রয়োজন হয় না।

প্রাণকে প্রণাম করে বলা হয়েছে যে, প্রাণ তুমি একর্ষি নামক অগ্নিরূপে সমস্ত যজ্ঞীয় দ্রব্যের ভক্ষক। তুমি বিদ্যমান এই বিশ্বের পতি এবং নিয়ন্ত্রক। আমরা তোমাকে নিয়মিত ভোজ্যদ্রব্য দান করি। হে প্রাণ, তুমি আমাদের পিতৃস্বরূপ।

মুখ্য প্রাণের পাঁচটি তনু বা অবয়ব আছে। অপাঙ রূপ তনু বাচ্যে অবস্থান করে। ব্যানরূপ তনুর অবস্থান আমাদের কর্ণে। প্রাণরূপ তনু চোখে, সমান রূপ তনু মনে ব্যাপ্ত রয়েছে। বাগিন্দ্রিয়, দর্শনেন্দ্রিয় এবং মন–এদের কাজ মুখ্য প্রাণের শক্তিতেই নিয়ন্ত্রিত হয়। তাই উপাসক বারবার প্রাণের কাছে প্রার্থনা করছেন।

তিনি করজোড়ে নতমস্তকে বলছেন–হে প্রাণ, বাক, কর্ণ, চক্ষু ও মনে তুমি যেমন প্রতিষ্ঠিত আছো, তা কল্যাণকর করো। অর্থাৎ আমার বাক্য, শ্রবণ, দর্শন এবং মনন যেন সর্বদা কল্যাণকর হয়। আমি যেন তাদের সাহায্যে কল্যাণসাধন করতে পারি। তুমি কখনো আমার দেহ থেকে নিষ্ক্রান্ত হয়ো না। কারণ তাহলে আমার সমস্ত ইন্দ্রিয়ের কাজকর্ম একেবারে বন্ধ হয়ে যাবে। আমি আর আমার ইন্দ্রিয়দের পরিচালনা করে জগতের কল্যাণ করতে পারব না।

এই ত্রিলোকের মধ্যে যা কিছু প্রতিষ্ঠিত আছে তার সবের প্রভু হল প্রাণ। তুমি ঈশ্বর রূপে কাজ করো। তাই তোমাকে সর্বদা স্তব করি। তুমি শুধু আমাদের রক্ষা কর্তা নও, তুমি মায়ের মতো স্নেহময়ী, আমরা তোমার পুত্রস্থানীয়, বিপদের হাত থেকে তুমি সর্বদা আমাদের রক্ষা করো। তুমি সমস্ত পুরুষার্থের বিধাতা। তাই তোমার কাছে আমরা করজোড়ে সম্পদ এবং বুদ্ধি অর্থাৎ বোধি প্রার্থনা করছি। ❑



# ঈশ উপনিষদ

## রাম কৃষ্ণ তালুকদার

উপনিষদ হল ব্রহ্ম প্রতিপাদক যাবতীয় আধ্যাত্মিক জ্ঞানের আকর এবং বেদের সারসত্য। উপনিষদ শব্দের অর্থ হল আভ্যন্তরীণ জ্ঞান বা ব্রহ্মবিদ্যা। বেদের অন্তে বা শেষ অংশে থাকে বলে উপনিষদকে 'বেদান্ত' বলা হয়। আবার জীবনের অতি গূঢ় রহস্যময় আত্মতত্ত্বকে অবলম্বন করে আছে বলে কেউ কেউ 'রহস্য বিদ্যা'ও বলে। উপনিষদ শ্রুতির সর্বোচ্চরূপ এবং উহার দার্শনিক মতবাদগুলি হল দ্বৈতবাদ, বিশিষ্টাদ্বৈতবাদ, শুদ্ধাদ্বৈতবাদ এবং অদ্বৈতবাদ। এ সকল মতবাদগুলি একে অপরের বিরোধী নয়, কিন্তু অদ্বৈতবাদে চূড়ান্ত পরিণতি লাভ করে।

ঈশ উপনিষদ শুক্ল যজুর্বেদের অন্তর্গত বাজসনেয় সংহিতার শেষ অধ্যায়। ছন্দোবদ্ধ উপনিষদগুলির মধ্যে ঈশ উপনিষদ প্রাচীনতম। এ উপনিষদ অদ্বৈত তত্ত্বের উপর প্রতিষ্ঠিত এবং এ তত্ত্বই জীব মুক্তির একমাত্র উপায়। এ উপনিষদের সর্বমোট ১৮টি মন্ত্রের প্রতিটির অন্তরালে রয়েছে অন্তর্নিহিত ভাবধারা এবং একমাত্র চরম সত্যে উপনীত হওয়ার লক্ষ্যে বিচার বিশ্লেষণের দ্বারা আধ্যাত্মিকতার এক সত্য থেকে অন্য এক উচ্চতর সত্যে অগ্রসর হওয়ার ইঙ্গিত দেওয়া রয়েছে সেখানে।

> **যিনি তৎস্বরূপকে (ব্রহ্মকে) বিদ্যা (ব্রহ্মবিদ্যা) এবং অবিদ্যা (কর্মতত্ত্ব) এই উভয়রূপে জানেন, তিনি অবিদ্যার দ্বারা মৃত্যুকে অতিক্রম করে বিদ্যার দ্বারা অমরত্ব লাভ করেন।**

এ উপনিষদে অনেক আপাদ বিরুদ্ধ বিষয়সমূহের সামঞ্জস্য ও সমন্বয় করা হয়েছে। কোথাও কোনো বিষয়ের নিন্দা করা হয়েছে দেখলে বুঝতে হবে যে, অন্য পরিপ্রেক্ষিতে সেসব বিষয়ে প্রশংসা করতে হবে বলেই এমনটা করা হয়েছে।

এ উপনিষদের আকার বা আয়তন সংক্ষিপ্ত হলেও বৈদান্তিক সাহিত্যে এবং আধ্যাত্মিক বিচারে এর অবস্থান অনেক উপরে।

প্রত্যেক উপনিষদই শান্তিপাঠ দিয়ে আরম্ভ করা হয়। ঈশোপনিষদের শান্তিপাঠ নিম্নরূপ–

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ॥
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।

মন্ত্রার্থ : ওঁ পরব্রহ্ম পূর্ণ অর্থাৎ সর্বব্যাপী, নাম ও রূপে (নামরূপাত্মক) অবস্থিত সোপাধিক ব্রহ্মও পূর্ণ, সমস্ত ভিন্ন ভিন্ন সত্তা পরিপূর্ণ ব্রহ্ম থেকে উদ্গত বা প্রকাশ লাভ করলেও পূর্ণ পরব্রহ্মই অবশিষ্ট থাকেন।

ওঁ ত্রিবিধ বিঘ্ন আধ্যাত্মিক (শারীরিক, মানসিক), আধিদৈবিক (আকস্মিক ঘটনাসমূহ) ও আধিভৌতিক (হিংস্র প্রাণিগণ দ্বারা হিংসাদি) –উপশান্ত হোক।

গুরুর সমীপে শ্রদ্ধালু শিষ্য সবিনয়ে পরমাত্মা সম্পর্কে জানতে চাইলে গুরু বললেন–

ঈশা বাস্যমিদং সর্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ধনম্ ॥ ১ ॥

মন্ত্রার্থ : এই বিশ্বজগতে যা কিছু পরিবর্তনশীল (অনিত্য) বস্তু আছে সে সমস্তই ঈশ্বরের (আত্মা হতে অভিন্ন পরমাত্মা) দ্বারা আচ্ছাদিত। যথাযথ ত্যাগের আশ্রয়ে (ঈশ্বরের ভাবনার অবলম্বনে) সেসব ভোগ করতে হবে। নিজের কিংবা অপরের ধনে আকাঙ্ক্ষা করো না ॥ ১ ॥

উপনিষদের প্রথম মন্ত্রেই নিখিল বিশ্বের সমস্ত বস্তুর মধ্যে পরমেশ্বরকে (ব্রহ্মকে) সংস্থাপিত করে এবং সার্বিক ত্যাগের আশ্রয়ে ভোগ করার আদেশ দিয়ে সমগ্র উপনিষদের ভিত্তি স্থাপন করা হয়েছে। জগতের সমস্ত বস্তুই হল বিশ্বের অভ্যন্তরে বিশ্ব অর্থাৎ একের অভ্যন্তরে বহু এবং বহুর অভ্যন্তরে এক। অপরের কিংবা নিজের ধনেও লোভ করা যাবে না, কারণ ধন কারো নয়।

"নৈতিক শাসনে বাধ্য হয়ে বিষয় ভোগ থেকে আত্মাকে বঞ্চিত রাখবার বা দৈহিক ভোগ প্রত্যাখ্যান করার আদেশ দেওয়া হল না, দাবী করা হল কোনো সাকার পদার্থের উপর আসক্তি বা আকাঙ্ক্ষা থেকে সম্পূর্ণ নিষ্কৃতি। এই ত্যাগের অর্থ হল যে, বিশ্বের কোনো দ্রব্যকে অধিকার করা প্রয়োজন বলে মনে করবে না, কোনো বস্তুকে নিজের বা অপরের সম্পত্তি বলে কিংবা হৃদয়ের বা ইন্দ্রিয়ের লোভের বিষয় বলে ভাববে না (অরবিন্দ, উপনিষদাবলী, পৃ. ৮১)।"

সুতরাং, এ বিশ্ব অভিব্যক্তির অভিপ্রায় হল নির্লিপ্তির দ্বারা নিজেকে আচ্ছন্ন রেখে সামগ্রিক ত্যাগের দ্বারা সমস্ত কিছু ভোগ করা। মনে রাখতে হবে যে, পরমাত্মা বিভিন্ন দেহে অবস্থান করলেও সব তাঁরই অন্তর্ভুক্ত, কারণ পরমাত্মা ও জীবাত্মা অভিন্ন।

অতএব, বহির্বিষয়ক সমস্ত কামনা ও জড় আসক্তি পরিত্যাগপূর্বক অহংকার অতিক্রম করে এবং বৈরাগ্য বিচারের সাধনার দ্বারা দিব্যজ্ঞান লাভ করে সর্বত্র ও সর্বভূতে ঈশ্বরের উপস্থিতি উপলব্ধি করতে হবে। ত্যাগের অনুশীলনের এরূপ আত্মোপলব্ধি জন্মালে পরমাত্মাকে নিজেরই আত্মা বলে উপলব্ধি হবে। দিব্য জীবনের জন্য ইহাই বিশ্ব অস্তিত্বের উদ্দেশ্য।

পরবর্তী মন্ত্রে ঈশ্বর ভাবনা দ্বারা কর্ম করার উপদেশ দেওয়া হয়েছে–

কুর্বন্নেবেহ কর্মানি জিজীবিষেৎ শতং সমাঃ।
এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম লিপ্যতে নরে ॥ ২ ॥

মন্ত্রার্থ : যিনি ইহজগতে শতবর্ষ জীবিত থাকতে ইচ্ছুক হবেন তিনি যথাযথ কর্ম করেই, কর্ম পরিহার করে নয়, বাঁচতে ইচ্ছা করবেন। হে মানুষ, তোমার পক্ষে এছাড়া অর্থাৎ সর্বদা ঈশ্বর ভাবনার অবলম্বনে কর্ম করা ব্যতীত অন্য কোনো উপায় নেই, যাতে কোনো অশুভ কর্মে লিপ্ত হতে না হয় ॥ ২ ॥

এই মন্ত্রে অনাসক্তভাবে সকল অনুষ্ঠেয় কর্ম সম্পাদনের সুস্পষ্ট আদেশ দিয়ে বলা হয়েছে যে, ইহজগতে পূর্ণায়ু পর্যন্ত নিষ্কাম কর্মে ব্যপৃত থাকার অঙ্গিকারই জীবনের বিধান। কিন্তু অনেকে মুক্তির সাথে কর্ম সঙ্গতিপূর্ণ নয় মনে করে কর্ম থেকে বিরত থাকার পক্ষে। তাদের ধারণা কর্ম করলেই কোনো না কোনোভাবে কর্মফলের অধীনে আবদ্ধ হতে হয়। আপাতদৃষ্টিতে এ ধারণাকে অনেকটা সত্যি বলে মনে হলেও বাস্তবে তা নয়।

কারণ, জীবন ধারণের জন্য এবং সামাজিক জীবনে সবাইকে কাজ করতে হয়। এ ব্যাপারে অজ্ঞানীর মতো জ্ঞানীদেরকেও প্রায় একই ধরণের কার্য করতে হয়। কিন্তু জ্ঞানীর ও অজ্ঞানীর কর্মের অন্তরালে অন্তর্নিহিত উদ্দেশ্যের উপর কর্মফল নির্ভর করে। সামগ্রিক বাসনা ও আসক্তি ত্যাগ করে যথাযথ কর্মের অনুষ্ঠান করে বলে জ্ঞানীরা প্রাপ্ত হন অনন্ত আনন্দ ও মুক্তি। পক্ষান্তরে, একই কর্ম সম্পাদন করে অজ্ঞানীরা প্রাপ্ত হন কামনা-বাসনা ও অসক্তিজনিত বন্ধন। তাই কর্ম মাত্রই বন্ধনের কারণ নয়। অজ্ঞানতাবশতঃ মানুষ ব্রহ্মের আনন্দ না চেয়ে কাম্য বিষয়ে আনন্দের সন্ধান করে বিপথ গামী হন। এ অজ্ঞানতা অপসারিত হলে কাম্য বিষয়ে আর কেউ আনন্দের খোঁজ করবে না।

অনাসক্তভাবে কর্ম সম্পাদন করলে এবং সমস্ত কর্ম ঈশ্বরের চরণে নিবেদিত হলে কর্মবন্ধনে আবদ্ধ হতে হয় না।

এ প্রসঙ্গে কবিগুরু রবীন্দ্রনাথ বলেছেন–

"কর্মীরে শিখালে তুমি যোগযুক্ত চিত্তে সর্বকর্ম-ফল ব্রহ্মে দিতে উপহার।"

"সক্রিয় ব্রহ্ম এই বিশ্বে কর্মের দ্বারাই পূর্ণতা লাভ করেন। মানুষও কর্মের দ্বারা নিজের সার্থকতা লাভের উদ্দেশ্যে দেহ ধারণ করে। তার পক্ষে আর কোনো উপায় নেই (অরবিন্দ, উপনিষদাবলী, পৃ. ৮২)।"

সুতরাং, উপনিষদের শিক্ষা হল, জীবনকে অতিক্রম করতে হবে বলে কর্মকেও উত্তীর্ণ হতে হবে নিষ্কামভাবে সম্পাদন করার মাধ্যমে। যাঁরা আত্মজ্ঞানহীন এবং ভোগাসক্ত হয়ে অহংকারের বশবর্তী হয়ে কর্ম করেন তাদের পরিণতির কথা পরের মন্ত্রে বলা হয়েছে–

অসূর্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ।
তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ ॥ ৩ ॥

মন্ত্রার্থ : যারা আত্মঘাতী (আত্মার স্বরূপ বুঝতে না পেরে ভোগাসক্ত হয়ে কর্ম করেন) তারা মৃত্যুর পর পরলোকে সূর্যহীন ঘোর অন্ধকার লোকসমূহে গমন করে থাকেন ॥ ৩ ॥

যারা আত্মজ্ঞান বিমুখ অর্থাৎ অজ্ঞানতাবশতঃ আত্মার বিদ্যমানত্বের কথা অস্বীকার করেন তাদেরকে "আত্মঘাতী" বলে চিহ্নিত করা হয়েছে। পার্থিব জীবন থেকে প্রয়ানের পর দেহের বিনাশ হলেও অবিনাশী আত্মা এ জড় বিশ্বের বাইরে বিভিন্ন লোকসমূহে প্রবেশ করেন। এই সমস্ত লোকগুলির কোনোটি আলোকিত, আবার কোনো কোনোটি ঘোর অন্ধকারে আচ্ছন্ন। যারা অহংকারের বশে আত্মার অস্তিত্বকে অস্বীকার করে আত্মাকে নিজের স্বার্থে কুটিল পথে পরিচালিত হতে বাধ্য করেন এবং অন্যায়ভাবে জীবন অতিবাহিত করেন তাদেরকে অন্ধকারাচ্ছন্ন লোকেই স্থান করে নিতে হয়। পরের মন্ত্রে আত্মতত্ত্ব বা আত্মার স্বরূপ সম্পর্কে উপদেশ দেয়া হয়েছে–

অনেজৎ একং মনসো জবীয়ো নৈনদ্দেবা আপ্নুবন্ পূর্বমর্ষৎ।
তদ্ধাবতোহন্যানত্যেতি তিষ্ঠৎ তস্মিন্নপো মাতরিশ্বা দধাতি ॥ ৪ ॥

মন্ত্রার্থ : সেই আত্মতত্ত্ব (ব্রহ্ম) স্পন্দনরহিত হয়েও মনের চেয়ে বেগবান। পূর্বগামী দেবতারাও বা ইন্দ্রিয়গণ এই আত্মস্বরূপকে অবগত হতে পারে না, কারণ তিনি স্থির থেকেও দ্রুতগামী সকলকে অতিক্রম করে যান। এই সচ্চিদানন্দ আত্মা অধিষ্ঠিত আছেন বলেই প্রাণশক্তি প্রাণীগণের মধ্যে নিয়মিতভাবে প্রদান করেন ॥ ৪ ॥

এ মন্ত্রে আত্মার স্বরূপ বর্ণনা করে বলা হয়েছে যে, আত্মা যেমন নিশ্চল বা গতিহীন, তেমনি স্থির থেকেও মনের চেয়েও দ্রুতগামী। আপাতদৃষ্টিতে এটিকে পরস্পর বিরোধী সিদ্ধান্ত বলে মনে হলেও বাস্তবে তা নয়।

আমাদের অস্তিত্ব দেহ-মন-প্রাণ এ তিনটি উপাদান দ্বারা গঠিত। মন দেহের অভ্যন্তরে অবস্থান করলেও অনায়াসেই সে যে কোন স্থানে গমন করতে পারে। কিন্তু মন যেখানেই যাক না কেন সেখানেই ব্রহ্ম বা আত্মার উপস্থিতি দেখতে পায়। পরমাত্মা (আত্মা থেকে অভিন্ন) বা ব্রহ্ম সর্বব্যাপী, তাঁর সত্তায় সমস্ত কিছুই সত্তাবান, তিনি দেশকালের অতীত। তাই মন যেখানেই যায় সেখানেই আত্মাকে অর্থাৎ সর্বব্যাপী ব্রহ্মকে দেখতে পায়। একারণেই আত্মা অচল হলেও মনের চেয়ে দ্রুতগামী বলে প্রতীয়মান হয়।

আবার দেবতাদের ক্ষমতাও ব্রহ্মের সাময়িক সৃষ্টি। জ্ঞানেন্দ্রিয়গণকে দেব বলা হয় এবং মন ইন্দ্রিয়গণের রাজা বলে তারা মনের অধীন। তাই মনই যখন আত্মাকে অবগত হতে পারে না, তখন ইন্দ্রিয়গণ কি প্রকারে অবগত হতে পারে? তাই আত্মা ইন্দ্রিয়গণের জানার অতীত।

এ জড় জগতে "মাতরিশ্বা" বিশ্বজনীন "প্রাণ" বা ক্রিয়া সম্পন্ন হিরণ্যগর্ভ। "মাতরিশ্বা" এ জগত-গতিতে ব্রহ্মেরই প্রতিরূপ। প্রাণের অধ্যক্ষ প্রাণশক্তি প্রাণীগণের কর্ম ও কর্মফল নিয়মিতভাবে প্রদান করেন।

এ আত্মতত্ত্ব অতিশয় সূক্ষ্ম বলে গুরু আরও বিষদভাবে উপদেশ দিয়েছেন–

তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে।
তদন্তরস্য সর্বস্য তদু সর্বস্যাস্য বাহ্যতঃ ॥ ৫ ॥

মন্ত্রার্থ : তিনি সেই সত্তা যিনি চলেন আবার চলেন না, তিনি দূরে (অজ্ঞানীদিগের পক্ষে) আবার নিকটেও (জ্ঞানীদিগের পক্ষে) আছেন। সেই আত্মা এ জগতের অভ্যন্তরেও আছেন এবং বাইরেও আছেন ॥ ৫ ॥

এ নিখিল বিশ্বের সমস্ত কিছুই ব্রহ্মের বিকাশ এবং সমস্ত কিছুর অন্তরালেই রয়েছেন তিনি। তাই তাঁকে আমাদের অস্তিত্বের মধ্যে এবং বাইরে সামগ্রিকভাবে জানতে হবে। সংসারাক্ত (জন্মে আসক্ত হয়ে জন্ম-মৃত্যুর চক্রে আবর্তিত হওয়াকেই সংস্কৃতে 'সংসার' বলে) অজ্ঞানী ব্যক্তিগণের নিকট তিনি দূর হতেও অনেক দূরে, কারণ তারা আত্মতত্ত্ব অবগত নন বলে তাদের কাছে দূর হতেও বহু দূরে অনুভূত হয়। আবার আত্মতত্ত্ব সম্পর্কে সম্যক অবগত জ্ঞানী ব্যক্তিগণের নিকট চৈতন্যস্বরূপ এ আত্মা অতি নিকটে, বহু দূরে এবং সর্বত্রই বিরাজমান বলে উপলুব্ধ হন।

সুতরাং, সর্বাতীত ব্রহ্মকে এ বিশ্ব প্রপঞ্চের অভ্যন্তরে ও বাইরে সর্বত্র অনুভবই পূর্ণ উপলব্ধি।

এ মন্ত্রে আত্মজ্ঞান লাভের ফল বর্ণিত হয়েছে–

> যস্তু সর্বানি ভূতানি আত্মন্যেবানুপশ্যতি।
> সর্বভূতেষু চাত্মানং ততো ন বিজুগুপ্সতে ॥ ৬ ॥

মন্ত্রার্থ : যিনিই সমস্ত বস্তুকে (ব্রহ্ম থেকে তৃণ পর্যন্ত) আত্মাতেই এবং সমস্ত বস্তুতে আত্মাকেই দর্শন করেন, এ প্রকার উপলব্ধির ফলে তিনি কাউকেও নিন্দা বা ঘৃণা করেন না ॥ ৬ ॥

এ মন্ত্রে সমদর্শিতার দ্বারা বিশ্ব চরাচরের সমুদয় বস্তু আত্মাতেই অবস্থিতির কথা বলা হয়েছে, অর্থাৎ সর্বভূতের অন্তরাত্মা আমিই এরূপে পরমেশ্বরকে সর্বভূতে উপলব্ধি করতে হবে। ঈশ্বরকে যিনি অন্তরে ও বাহিরে উপলব্ধি করেন তাঁর নিকট পরমেশ্বর ব্যতীত অন্য কিছু উপলুব্ধ না হওয়ায় কাউকেই নিন্দা বা ঘৃণা করতে পারেন না।

সর্বভূতে এক আত্মাই আছে– "সর্বভূতাত্মভূতাত্মা অর্থাৎ সর্বভূতের আত্মাই যার আত্মস্বরূপ (গীতা ৫/৭)।" এরূপ জ্ঞানসম্পন্ন কেউ অপরের প্রতি একাত্ম না হয়ে পারেন না, কারণ তাঁর কাছে আপন পরের অনুভূতি আসতেই পারে না। এ মন্ত্রটি কিঞ্চিত পরিবর্তিত আকারে গীতায় আছে–

> "সর্বভূতস্থমাত্মানং সর্বভূতানি চাত্মনি।
> ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্বত্র সমদর্শনঃ ॥"

অর্থাৎ এরূপ যোগযুক্ত পুরুষ সর্বত্র সমদর্শী হয়ে আত্মাকে সর্বভূতে এবং সর্বভূতকে আত্মাতে দর্শন করে থাকেন (৬/২৯)।

এরূপে অন্যকে আপন থেকে পৃথক না ভাবলে অন্যের প্রতি ঘৃণার ভাব দূরীভূত হয়। এ অবস্থায় উন্নীত হলে চিত্ত হয়ে যায় নির্মল, শুদ্ধ ও নিষ্কলুষ। সুতরাং, সর্বভূতকে আত্মাতে এবং সর্বভূতে আত্মাকে উপলব্ধিই হল আত্মদর্শন এবং সমদর্শিতার চরম অনুভূতি।

একাত্মদর্শীর অনুভূতির কথা এ মন্ত্রে বলা হয়েছে–

> যস্মিন্ সবানি ভূতানি আত্মৈবাভূদ্বিজানতঃ।
> তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ ॥ ৭ ॥

মন্ত্রার্থ : সাধনার যে অবস্থায় সর্বভূত যাঁর আত্মাই হয়ে গেল, তখন সেই আত্মতত্ত্ব দর্শনকারীর মোহই বা কি, আর শোকই বা কি? আত্মজ্ঞান দ্বারা একত্ব (একই আত্মাকে) দর্শনকারী জ্ঞানীর শোক বা মোহ থাকতে পারে না ॥ ৭ ॥

জ্ঞানীর চিত্ত শুদ্ধ, নির্মল, অহংকারমুক্ত ও আসক্তহীন হওয়ায় তিনি আত্মাকে সর্বাত্মা বা বিশ্বাত্মারূপে উপলব্ধি করতে পারেন। তাঁর অভিব্যক্তি উচ্চতর অবস্থায় উন্নীত হওয়ায় শোক বা কামনা-বাসনার মোহ থাকে না। অবিবেকী মানুষ মন-প্রাণ-দেহের অধিনস্থ হয়ে ইন্দ্রিয় সুখ বা আনন্দের সন্ধান করে এবং অন্ধকারময় কুটিল পথে বিচরণ করেন। কিন্তু মানব জীবনের চরম লক্ষ্য হল ইহলকে এবং এ দেহে অবস্থান করেই মুক্তি লাভ করা। আর "মানবের অন্তরস্থ এক পরমাত্মা সর্বভূতকে নিজের অন্তর্ভুক্ত করবেন বলে নিজেকে প্রসারিত করেন। (অরবিন্দ, উপনিষদাবলী, পৃ. ৭১)।"

আত্মার স্বরূপ সম্পর্কে আরও বিষদ উপদেশ প্রদত্ত হয়েছে পরের মন্ত্রে–

> স পর্যগাৎ শুক্রমকায়মব্রনমস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্।
> কবির্মনীষী পরিভূঃ সয়ম্ভূর্যাথাতথ্যতোহর্থান্ ব্যদধাৎ শাশ্বতীভ্যঃ সমাভ্যঃ ॥ ৮ ॥

মন্ত্রার্থ : পরমাত্মা হতে অভিন্ন আত্মা হলেন সর্বব্যাপী, জ্যোতির্ময়, দেহহীন, অক্ষত, স্নায়ুহীন, বিশুদ্ধ, পাপপুণ্যরহিত, সর্বদর্শী, মনের নিয়ামক, সর্বোত্তম, কবি মনীষী ও স্বয়ম্ভূ (নিজেই নিজের কারণ)। অনাদিকাল থেকে তিনি যথাযথভাবে জীবের কর্মফল বা কর্তব্যসমূহ বিধান করে দিয়েছেন ॥ ৮ ॥

এ মন্ত্রে ব্রহ্মের অব্যয়ত্ব প্রকাশ করতে ব্যবহার করা হয়েছে ক্ষতহীন, শিরাহীন, কবি, পাপপুণ্যরহিত ইত্যাদি বিশেষনে।

এ প্রসঙ্গে স্বামী বিবেকানন্দ বলেছেন– "তিনি সর্বব্যাপী, অদ্বিতীয়, তিনি বিদেহী, চির বিশুদ্ধ, তিনি বিশ্বের কবি। তাঁর কাব্যছন্দে ছন্দময় হয়ে উঠেছে গ্রহ-নক্ষত্রসহ সমগ্র সৌরজগৎ (বিবেকানন্দ রচনা সমগ্র, ২য় খণ্ড, পৃ. ৭৩৩)।"

আমাদের অন্তর বিশুদ্ধ ও অনাসক্ত থাকলেই আমরা ঈশ্বর রচিত এ ছন্দময় কাব্য পাঠ ও উপভোগ করতে পারব। আর তখনই সেই ছন্দে নিখিল বিশ্বের সমস্ত কিছুই ব্রহ্মময় হয়ে উঠবে।

> অন্ধং তমঃ প্রবিশন্তি যেহবিদ্যামুপাসতে।
> ততো ভুয় ইব তে তমো য উ বিদ্যায়াং বতাঃ ॥ ৯ ॥

মন্ত্রার্থ : যাঁরা ভোগাসক্ত হয়ে বিদ্যাবিরোধী সকাম কর্মের অনুষ্ঠান করেন, তারা অজ্ঞানরূপ অন্ধকারে প্রবেশ করেন। আবার তাঁরা অধিকতর অন্ধকারেই প্রবেশ করেন যাঁরা কর্মবিহীন বিদ্যাতে নিয়োজিত থাকেন ॥ ৯ ॥

বিদ্যার উপাসনা অবিদ্যার উপাসনা থেকে উচ্চতর হলেও এ মন্ত্রে বলা হয়েছে যে, যাঁরা শুধুমাত্র বিদ্যার উপাসনা করেন তাঁরা অবিদ্যার উপাসনাকারীদের চেয়ে অধিকতর অন্ধকারে প্রবেশ

করেন। ব্যাপারটি পরস্পরবিরোধী মন্তব্য বলে মনে হলেও বাস্তবে তা নয়।

ব্রহ্ম এ জগৎ সৃষ্টির উদ্দেশ্য সাধনের জন্য একত্ব বা অদ্বিতীয় ও বহুত্ব বা নানাত্ব উভয় উপাধিই ধারণ করে আছেন। একত্বের জ্ঞানকে বলা হয় বিদ্যা বা ব্রহ্মজ্ঞান এবং বহুত্বের জ্ঞানকে বলা হয় অবিদ্যা বা অজ্ঞান। একত্ব হল চিরন্তন মৌলিক সত্য এবং বহুত্ব তার আত্মবিস্তার, তাই বহুত্বকে বৈচিত্রের মধ্যে একত্বের সন্ধান বলা যেতে পারে।

"বহুত্ব হল পরম অদ্বয়ের লীলা বা নানাভাবে আত্মবিস্তার। একত্বের মধ্যে বহুত্ব হয় ব্যক্ত না হয় প্রচ্ছন্ন থাকে। বহুত্ব ব্যতীত একত্ব অনস্তিত্বের শূন্য হতো অথবা নির্বিশেষে আত্মসমাহৃতিতে বা রিক্ত নিবৃত্তির অবস্থাতে অক্ষম ও বন্ধ্যাভাবে সীমাবদ্ধ থাকত (অরবিন্দ, উপনিষদাবলী, পৃ. ১১২)।"

অতএব, কেবলমাত্র বিদ্যা কিংবা অবিদ্যা যে কোন একটিকে অনুসরণ করলে ঈশ্বরের অভিপ্রায় পূর্ণ হয় না। তাই বলা হয়েছে, যাঁরা বহুত্ব বা অবিদ্যার উপাসনা করে তাঁরা অজ্ঞানতাহেতু ভ্রমবশতঃ একত্ব থেকে দূরে চলে যায় এবং পরিণতিতে অন্ধকারে প্রবেশ করেন। আর যারা অবিদ্যা বা বহুত্বকে পরিত্যাগ করে কেবলমাত্র বিদ্যার বা একত্বের উপাসনায় নিয়োজিত থাকে, তাঁরা ব্রহ্মের সমগ্রত্বের (একত্ব ও বহুত্ব) উপাসনাকে স্বেচ্ছায় সজ্ঞানে অস্বীকার করায় গভীরতম অন্ধকারেই প্রবেশ করেন।

বিদ্যা এবং অবিদ্যার পৃথক পৃথক ফলের কথা এ মন্ত্রে বলা হয়েছে–

> অন্যদেবাহুর্বিদ্যয়া অন্যদাহুরবিদ্যয়া
> ইতি শুশ্রুম ধীরানাং মে নস্তদ্বিচচক্ষিরে ॥ ১০ ॥

মন্ত্রার্থ : যে সমস্ত তত্ত্ববিদগণ বা জ্ঞানীগণ আমাদেরকে বিদ্যা (ব্রহ্মজ্ঞান) ও অবিদ্যার (কর্মতত্ত্ব) বিষয়ে বিশেষভাবে ব্যাখ্যা করেছেন, তাঁদের কাছে আমরা শ্রবণ করেছি যে, বিদ্যা ও অবিদ্যার ফল আলাদাই হয়ে থাকে ॥ ১০ ॥

বিদ্যা (ব্রহ্মবিদ্যা) ও অবিদ্যার (কর্মতত্ত্ব) উপাসনার ফল ভিন্নতর বলে একটিকে পরিহার করে অন্যটির উপাসনা নিষ্কামভাবে সম্পন্ন করলেও পূর্ণফল লভ্য নয়। কিন্তু মানবজীবনের চরম লক্ষ্য হল ব্রহ্মকে পরিপূর্ণভাবে জানা অর্থাৎ বিদ্যা ও অবিদ্যা উভয়রূপেই অনুভব করা।

> বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ।
> অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে ॥ ১১ ॥

মন্ত্রার্থ : যিনি তৎস্বরূপকে (ব্রহ্মকে) বিদ্যা (ব্রহ্মবিদ্যা) এবং অবিদ্যা (কর্মতত্ত্ব) এই উভয়রূপে জানেন, তিনি অবিদ্যার দ্বারা মৃত্যুকে অতিক্রম করে বিদ্যার দ্বারা অমরত্ব লাভ করেন ॥ ১১ ॥

বিদ্যা অথবা অবিদ্যা যে কোন একটি পথ অনাসক্তভাবে অনুসরণ করে মানবাত্মা ক্ষণস্থায়ী কিছু ফল লাভ করলেও তা ব্রহ্মের অনুসৃত যথার্থ পথ নয়। কারণ ব্রহ্ম তাঁর সৃষ্টিতে সঙ্গতি ও পরিপূর্ণতা লাভের লক্ষ্যে বিদ্যা ও অবিদ্যা উভয়কেই তাঁর অভিব্যক্তিতে অন্তর্ভুক্ত করেছেন। তাই ব্রহ্মকে সামগ্রিকভাবে অনুভব করতে হলে বিদ্যা বা অবিদ্যা কোন একটির প্রতি বেশি আসক্ত না হয়ে উভয় পথ অনুসরণ করাই হল পূর্ণজ্ঞান। "মহৎ একত্ব লাভের উদ্দেশ্যে জীবের প্রস্তুতি ও অগ্রগতির জন্য অবিদ্যার উপর বিদ্যাকে নির্ভর করতে হয় (অরবিন্দ, উপনিষদাবলী, পৃ. ১১৫)।"

অহংকারের বশবর্তী হয়ে মানুষ পরম অদ্বিতীয়ের থেকে বিচ্ছিন্ন হয়ে জন্ম-মৃত্যুর অধীনতা প্রাপ্ত হয়। নিজেদেরকে অধিক জ্ঞানসম্পন্ন মনে করে ব্রহ্মের সর্বময়ত্বকে (বিদ্যা ও অবিদ্যা) অস্বীকার করে সম্ভোগ ও আমিত্বের মিথ্যা প্রলোভনে আবদ্ধ হয়। কিন্তু আমাদের কর্তব্য হল ক্রমবর্ধমান আত্মোন্নতির মাধ্যমে আত্মার ধারণাকে এতটা প্রসারিত করা যে অবস্থায় সমস্ত জীবের মধ্যেই আমরা নিজেদেরকে দেখতে পাই। এ ব্যাপারে বিদ্যার দায়িত্ব হল অবিদ্যাকে আশ্রয় দিয়ে বিদ্যাভিমুখী করা এবং একত্ব বা অদ্বিতীয়ের দিকে আকৃষ্ট করা। এভাবে আত্মোন্নতির পথ ক্রমেই বিদ্যাভিমুখী হতে থাকলে অবিদ্যার মধ্যে অবস্থান করেই অজ্ঞানতা থেকে মুক্ত হয়ে বিদ্যার যোগ্যতা অর্জিত হয় অর্থাৎ বহুত্বের জ্ঞানে থেকেই আমরা একত্বের জ্ঞান লাভ করতে পারি।

এভাবে অবিদ্যার উদ্দেশ্য সম্পন্ন হলে বিদ্যা ও অবিদ্যার মধ্যকার বিভাজন রেখাটি অপসারিত হয়। তখন উপাসক অবিদ্যার দ্বারা মৃত্যুকে অতিক্রম করেন এবং ব্রহ্মবিদ্যার দ্বারা প্রাপ্ত হন অমরত্ব।

নিম্নের মন্ত্রে দুটি বিষয়ের পৃথক পৃথক উপাসনার ফল বর্ণিত হয়েছে–

> অন্ধং তমঃ প্রবিশন্তি যেহসম্ভূতিমুপাসতে।
> ততো ভূয় ইব তে তমো য উ সম্ভূত্যাং রতাঃ ॥ ১২ ॥

মন্ত্রার্থ : যাঁরা অব্যক্ত প্রকৃতির (অসম্ভূতির) উপাসনা করে তাঁরা অজ্ঞানরূপ অন্ধকারে প্রবেশ করেন। কিন্তু যাঁরা মূল প্রকৃতি থেকে ব্যক্ত হিরণ্যগর্ভের (সম্ভূতির) উপাসনা করেন তাঁরা অধিকতর অন্ধকারাচ্ছন্ন জগতে প্রবেশ করেন ॥ ১২ ॥

এ মন্ত্রে সম্ভূতি ও অসম্ভূতির কথা আলোচিত হয়েছে। যার কোনো উৎপত্তি নেই তাকেই বলা হয় অসম্ভূতি বা অব্যক্ত প্রকৃতি বা জড় প্রকৃতি। আর মূল অব্যক্ত প্রকৃতি থেকে জাত প্রথম সৃষ্টিকে সম্ভূতি বা হিরণ্যগর্ভ বলে। ব্রহ্ম তাঁর চেতনার গতিতে নিজেকে বিভিন্নভাবে প্রকাশ করেছেন, সেই প্রকাশের বিভাবই হল সম্ভূতি।

যাঁরা অসম্ভূতি বা জড় প্রকৃতির উপাসনা করে তাঁরা সাধারণতঃ উপাসনা পদ্ধতি সঠিকভাবে অবগত না হয়েই অনেকটা অনুমানের উপর নির্ভরশীল হয়ে আকাঙ্ক্ষিত কিছু পাওয়ার আশায় বিনাশশীল বস্তুসমূহের উপাসনা করে। বিবেকহীন লোক অহংকারের বশবর্তী হয়ে সঠিক পথের সন্ধান না পেয়ে ভ্রমবশতঃ এ ধরণের উপাসনায় নিয়োজিত হওয়ায় অজ্ঞানরূপ অন্ধকারময় জগতে প্রবেশ করেন।

আবার, যাঁরা সম্ভূতি বা হিরণ্যগর্ভের বা কার্য ব্রহ্মের উপাসনা করেন তাঁদের উপাসনা অহংবোধ ও লোভের বশবর্তী হয়ে থাকে।

তাই এ উপাসনাতে কোনো আত্মজ্ঞান অর্জিত হয় না। এ ধরণের উপাসকদের অনেকেই শাস্ত্রের তাৎপর্য ও ঈশ্বরের প্রকৃত স্বরূপ না জেনেই কৃত্রিমতার আশ্রয় নিয়ে নিজেদের পাণ্ডিত্য প্রদর্শনের জন্য তর্ক-বিতর্কে নিয়োজিত হয়। কিন্তু নিষ্কামভাবে কোনো কর্মের অনুষ্ঠান বা উপাসনা তাঁরা করেন না। সুতরাং, স্বেচ্ছায় জেনে শুনে নিজেদের পাণ্ডিত্যাভিমান ও অহংবোধের হেতু এ ধরণের উপাসনায় লিপ্ত ব্যক্তিগণকে গভীরতর অন্ধকার জগতের বাসিন্দা হতে হয়।

অন্যদেবাহুঃ সম্ভবাৎ অন্যদাহুরসম্ভবাৎ।
ইতি শুশ্রুম ধীরানাং মে নস্তদ্বিচ্চক্ষিরে ॥ ১৩ ॥

মন্ত্রার্থ : তত্ত্ববিদগণ (জ্ঞানী ব্যক্তিবর্গ) আমাদেরকে সম্ভূতি (হিরণগর্ভ) ও অসম্ভূতির (জড় প্রকৃতির) উপাসনার ফল বিশেষভাবে ব্যাখ্যা করেছেন। আমরা তাঁদের এই বাণী শ্রবণ করেছি যে সম্ভূতি ও অসম্ভূতির উপাসনার পৃথক পৃথক ফলই উল্লেখিত হয়েছে ॥ ১৩ ॥

সম্ভূতি (হিরণগর্ভ) ও অসম্ভূতি (জড় প্রকৃতি) উপাসনার ফল পৃথক পৃথক হওয়ায় একটিকে পরিত্যাগ করে অন্যটির উপাসনা নিষ্কামভাবে সম্পন্ন করলেও পূর্ণফল অর্জিত হবে না, কারণ ব্রহ্মের অভিপ্রায় হল উভয়কেই সম্পূর্ণরূপে জানা।

সম্ভূতিং চ বিনাশং চ যস্তদ্বেদোভয়ং সহ।
বিনাশেন মৃত্যুং তীর্ত্বা সম্ভূত্যামৃতমশ্নুতে ॥ ১৪ ॥

মন্ত্রার্থ : যে উপাসক একাধারে অসম্ভূতি (বিনাশ বা প্রকৃতি) এবং সম্ভূতি (হিরণ্যগর্ভ) এই উভয়কেই একত্রে উপাসনা করেন, তিনি বিনাশের বা প্রকৃতির উপাসনা দ্বারা চিত্তশুদ্ধ হলে মৃত্যু অতিক্রম করে হিরণ্যগর্ভের উপাসনা দ্বারা অমৃতত্ত্ব প্রাপ্ত হন ॥ ১৪ ॥

সম্ভূতি (জন্ম) ও অসম্ভূতি (বিনাশ) ব্রহ্মের অস্তিত্বের দুই বিভাব মাত্র। তাঁকে সম্পূর্ণরূপে উপলব্ধি করতে হলে সাধককে উভয়ের উপাসনা একইসাথে করতে হবে। মানবাত্মার পক্ষে পরস্পর বিরোধী এ দুই অবস্থাকে একসঙ্গে গ্রহণ করে ক্রমবর্ধমান আত্মোপলব্ধির দ্বারা এ মর্ত্য অবস্থা থেকে অমর্ত্য অবস্থায় উন্নীত হওয়া সম্ভব হতে পারে। জীবের জন্মের শৃঙ্খল হল অহংবোধ এবং এখানে 'বিনাশ' বলতে অহংবোধের বিনাশ বুঝানো হয়েছে।

কিন্তু, সম্ভূতিই হোক বা অসম্ভূতিই হোক কোনো অবস্থার প্রতিই আমাদের আসক্ত হওয়া যাবে না, কারণ আসক্তি মাত্রই অজ্ঞানতা এবং সত্যকে অস্বীকার করে পরম একত্বের ধারণা থেকে মানুষকে বিচ্ছিন্ন করে।

আবার "আমাদের জন্মের মধ্যেই অমরত্ব লাভ করা সৃষ্টির অভিপ্রায় (অরবিন্দ, উপনিষদাবলী, পৃ. ১৪৮)।" তাই সম্ভূতি (জন্ম) আমাদের বন্ধন নয়, বন্ধন হল অজ্ঞানতার কারণে সৃষ্ট অহংবোধ।

অতএব, উপাসক একইসাথে অসম্ভূতির (বিনাশ) উপাসনা নিষ্কামভাবে সম্পন্ন করার মাধ্যমে চিত্ত নির্মল হলে ভোগাসক্তিরূপ মৃত্যুকে অতিক্রম করে হিরণ্যগর্ভের উপাসনা নিষ্কামভাবে পালনের দ্বারা অমরত্ব প্রাপ্ত হন অর্থাৎ প্রারব্ধ সম্পূর্ণরূপে ক্ষয়প্রাপ্ত হলে এবং জন্মে আসক্তি না থাকলেই মুক্তি।

হিরন্ময়েন পাত্রেন সত্যস্যাপিহিতং মুখম্।
তত্ত্বং পূষন্ অপাবৃনু সত্যধর্মায় দৃষ্টয়ে ॥ ১৫ ॥

মন্ত্রার্থ : হে জগতের পরিপোষক সূর্যদেব, তোমার সুবর্ণবৎ উজ্জ্বল মণ্ডলরূপ পাত্র দ্বারা সত্যবৎ প্রতীয়মান আদিত্যমণ্ডলস্থ পুরুষের মুখ আবৃত আছে। হে জগতের পোষক, সত্যস্বরূপ আমার উপলব্ধির জন্য, সে সত্যবৎ আবরণ অপসারণ কর ॥ ১৫ ॥

এ মন্ত্রে সূর্যের সমীপে প্রার্থনা আকারে বন্দনা করা হয়েছে। সূর্য হলেন পরম সত্যের প্রতীক এবং এ নিখিল বিশ্বের পরিপোষক। আমাদের কাছে বাহ্যিকভাবে প্রতীয়মান হয় যে, মনোমুগ্ধকর নাম-রূপাত্মক উজ্জ্বল হিরন্ময় পাত্রের দ্বারা সত্যের মুখ আবৃত রয়েছে, তাই প্রকৃত সত্য আমাদের কাছে উপলুব্ধ নয়। আমাদের জ্ঞান নাম ও রূপের মধ্যেই সীমাবদ্ধ, তাই "সত্যের রশ্মি" আমাদের কাছে কেবল নাম-রূপাত্মক। উপাধিহীন তৎস্বরূপের প্রকৃত সত্য আবৃত আছে নাম-রূপাত্মক আবরণের দ্বারা, তাই আমরা সমুজ্জ্বল সত্যবৎ প্রতীয়মানকেই দেখতে পাই।

অতএব, সূর্যদেবের সমীপে প্রার্থনা তিনি যেন আমাদের চেতনা থেকে নাম-রূপাত্মক জ্ঞান অপসারণ করে সামগ্রিক আত্মদৃষ্টি দান করেন যাতে আমরা নাম-রূপকে না দেখে নিরুপাধিক প্রকৃত সত্যকে (ব্রহ্মকে) অন্তরে ও বাহিরে উপলব্ধি করতে পারি।

পূষন্নেকর্ষে যম সূর্য প্রাজাপত্য ব্যূহ রশ্মীন্ সমূহ।
তেজো যত্তে রূপং কল্যানতমং তত্তে পশ্যামি
যোহসাবসৌ পুরুষঃ সোহংমস্মি ॥ ১৬ ॥

মন্ত্রার্থ : হে জগৎ পালক, হে একর্ষি, হে জগতের নিয়ন্তা যম, হে আলোকদাতা সূর্য, হে প্রজাপতি তনয়, তোমার কিরণসমূহ সুবিন্যস্ত কর, তোমার আলো সংহত কর। তোমার যে জ্যোতিঃস্বরূপ কল্যাণকর রূপ তাই যেন আমি দর্শন করতে পারি। সেই যে সূর্যমণ্ডলস্থ পুরুষ (পরমানন্দস্বরূপ পরমাত্ম) আমিই তিনি ॥ ১৬ ॥

সূর্য হলেন নিখিল বিশ্বের পরিপোষক, তিনিই পুষ্টি ও উপচয়ের কর্তা। তিনিই সামগ্রিক জ্ঞানের প্রতীক এবং মানুষের অন্ধকার সত্তাকে অপসারণ করে জ্যোতির্ময় করে তোলেন, প্রজাপতি থেকে জাত হিরন্ময় শক্তি তিনি। সত্যের রক্ষক বলে তাকে যমও বলা হয়। যম হলেন সত্যধর্মের প্রবর্তক ও রক্ষক। যম বলতে এখানে সূর্যকেই বোঝানো হয়েছে। এখানে সূর্যের রশ্মিকে সুবিন্যাসের আবেদন করা হয়েছে যাতে তার অন্তরালে প্রচ্ছন্ন যে সত্যসমূহ আছে তা আমরা জানতে পারি। এভাবে সামগ্রিক জ্ঞান লাভ করে আমরা একত্বে উপনীত হওয়ার সামর্থ্য অর্জন করতে পারি এবং উপলব্ধি করতে পারি যে আদিত্যমণ্ডলস্থ বিশ্বময় পুরুষের সঙ্গে আমাদের কোনো পার্থক্য নেই। আর "যোহসাবসৌ পুরুষঃ সোহংমস্মি অর্থাৎ ঐ যে সূর্যমণ্ডলস্থ পুরুষ (ব্রহ্ম), আমিই তিনি" – এ মহাবাণী দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে যে, পরমাত্মার সঙ্গে জীবাত্মার কোনো ভিন্নতা নেই।

বায়ুরনিলমমৃতমথেদং ভস্মান্তং শরীরং
ওঁ ক্রতো স্মর কৃতং স্মর ক্রতো স্মর কৃতং স্মর ॥ ১৭ ॥

মন্ত্রার্থ : হে আমার প্রাণবায়ু, তুমি অনন্তকাল স্থায়ী মহাবায়ুতে বিলীন হও। তারপর প্রাণহীন এ শরীর ভস্মীভূত হোক। ওঁ শব্দপ্রতীক ব্রহ্মের স্মরণে মনে অবস্থিত সংকল্পাত্মক (ক্রতু) অগ্নি, যা কিছু করা হয়েছে সমস্ত কিছু স্মরণ কর, সমস্ত কৃতকর্ম স্মরণ কর ॥ ১৭ ॥

এ মন্ত্রটি মৃত্যুর প্রাক-সময়কালীন ভাবনার প্রতিফলন। এখানে বলা হয়েছে, পূর্বে আমার প্রাণকে বিচ্ছিন্ন বলে বোধ হতো, এখন আমার অনুভূতি হচ্ছে প্রকৃতপক্ষে তা বিচ্ছিন্ন নয়, উহা বিশ্বপ্রাণেরই অন্তর্ভুক্ত। তাই আমার প্রার্থনা আমার প্রাণবায়ু যেন বিশ্বপ্রাণে অর্থাৎ মহাবায়ুতে বিলীন হয়।

আমার প্রাণ মহাবায়ুতে বিলীন হওয়ার পর স্থুল শরীর ভস্মীভূত হয়ে যাবে, ভস্মীভূত হওয়াই যার শেষ পরিণতি।

সবশেষে স্তুতি করে বলা হয়েছে, হে ক্রতো (অগ্নি), সংকল্প বিকল্পাত্মক মন তুমি স্মরণ করো আমাদের সর্ব কৃতকর্ম, 'যৎ কৃতকং তৎ অনিত্যং' অর্থাৎ যা কৃত তা অনিত্য। সুতরাং সমস্ত অনিত্য বস্তুর কথা স্মরণ করে একমাত্র নিত্যবস্তু পরমেশ্বরে মন স্থির কর।

এ উপনিষদের সর্বশেষ মন্ত্রে পরমেশ্বরের অনুভূতিতে মন দৃঢ় করার লক্ষ্যে প্রার্থনা করা হয়েছে–

অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান।
যুয়োধ্যস্মজ্জুহুরানমেনো ভূয়িষ্টাং তে নম উক্তিং বিধেম ॥ ১৮ ॥

মন্ত্রার্থ : হে অগ্নি, তুমি আমাদিগকে শুভ পথে, যে পথ তোমার নিকট চালিত করে নিয়ে যায়, সে পথে পরিচালিত কর। হে দেব, আমাদের কর্ম ও ভেতরের সব চিন্তা সবই তুমি জান, পাপের সব কুটিল প্রলোভন আমাদিগের থেকে সরিয়ে নাও। তোমার উদ্দেশ্যে আমরা বহুবার প্রণতির স্তব নিবেদন করি ॥ ১৮ ॥

এ উপনিষদের অন্তিম মন্ত্রে দিব্য সংকল্পের কাছে আত্মসমর্পণ করে ইহজগতের অনিত্যত্বের অনুভূতি দৃঢ়ভাবে ব্যক্ত করা হয়েছে। অগ্নি সমীপে আকুল প্রার্থনা করে বলা হয়েছে যে, আমাদের সমস্ত কর্ম ও উপাসনা তোমাতেই অর্পিত, তুমি আমাদিগকে সে পথে চালিত করে নিয়ে যাও যে পথ তোমার নিকট গমন করেছে। আমরা অনুধাবন করতে পেরেছি যে, এ জগতের সমস্ত কিছুই অনিত্য, তুমি আমাদিগকে একমাত্র সত্য ও নিত্য বস্তুর অভিমুখে চালিত করে নিয়ে যাও। এখানে অগ্নি বলতে দৃশ্যমান অগ্নিকে বোঝানো হচ্ছে না। অগ্নি নিজেই হলেন সত্যের পথ এবং তিনি সে পথের দিশারী। তিনি হলেন সেই দেবতা যিনি জগতের সমস্ত ব্যাপারে প্রচ্ছন্ন থেকেও জীবের মধ্যে আবির্ভূত হয়েছেন সার্বজনীন শক্তিরূপে। এ জগতে যা কিছু জন্মেছে এবং জন্মাবে তার উদ্দেশ্য, গতিপথ ও গন্তব্য সবকিছুই তার জানা। তাই অগ্নির উদ্দেশ্যে উপাসনা করে বলা হয়েছে– হে অগ্নি, তুমি জীবের সবকিছুই জান, সত্যের পথে আমাদিগকে পরিচালিত কর। পাপ ও প্রলোভনের কুটিল পথ থেকে আমাদিগকে সরিয়ে নাও। সত্যের পথে যা কিছু প্রতিবন্ধকতা আছে সে সমস্ত অপসারণ কর আমরা যাতে পরম অদ্বিতীয়ের সাথে একাত্মতা লাভ করতে পারি। তোমার উদ্দেশ্যে বহুবার প্রণাম নিবেদন করছি ॥ ১৮ ॥

সার্বিক বন্ধন থেকে মুক্ত হয়ে ত্যাগের পথ অনুসরণ করে আসক্তহীন জীবন অতিবাহিত করাই মুক্তি লাভের উপায়। মুক্তির অর্থ হল সমস্ত বাহ্যবস্তুর অধীনতা থেকে মুক্ত হয়ে পরমাত্মার সাথে জীবাত্মা একাত্ম হওয়া।

স্মরণ রাখতে হবে যে, পার্থিব সমস্ত কিছুই অনিত্য, জগৎও অনিত্য –এ অনিত্যত্ব উপলব্ধি করে একমাত্র সত্য ও নিত্যবস্তু পরমানন্দস্বরূপ পরমাত্মায় স্থিতিলাভ করাই ঈশ উপনিষদের অদ্বৈতবাদের শিক্ষা। ❑

**তথ্য সহায়ক গ্রন্থাবলী**

১) উপনিষদ গ্রন্থাবলী, স্বামী গম্ভীরানন্দ সম্পাদিত, উদ্বোধন কার্যালয়, কলিকাতা

২) উপনিষদাবলী, শ্রী অরবিন্দ ঘোষ

৩) উপনিষদ গল্প সমগ্র, পৃথ্বীরাজ সেন সম্পাদিত

৪) উপনিষদ সমগ্র (অখণ্ড সংস্করণ), ড. অশোক কুমার সেন সম্পাদিত

৫) বিষদ অর্থ–ব্যাখ্যাসহ উপনিষদ সমগ্র, কলিকানন্দ অবদূত সম্পাদিত

৬) শ্রীমদ্ভগবদ্গীতা, স্বামী অদ্বৈতানন্দ, ভারত সেবাশ্রম সঙ্ঘ

৭) শ্রীগীতা, শ্রী জগদীশ চন্দ্র ঘোষ

৮) বিবেকানন্দ রচনা সমগ্র, প্রথম ও দ্বিতীয় খণ্ড, অনুবাদ ও সম্পাদনা: সুধাংশু রঞ্জন ঘোষ



# শ্রীশ্রীরামঠাকুর

অরুনাংশু হোর

(পূর্ব প্রকাশিতের পর)

অনেকেই ভাবেন এবং মুখেও বলেন যাঁরা বেশিদিন ঠাকুরের সঙ্গ করেছেন এবং নানাভাবে তাঁর শ্রীদেহের সেবা করার সুযোগ পেয়েছেন, তাঁরাই ঠাকুরের অধিক প্রিয়, ঠাকুর তাঁদেরই বেশি কৃপা করেন এবং তাঁদের জীবনই ধন্য। এ ধারণা একেবারেই অমূলক। শ্রীশ্রীঠাকুর তখন আসামে যে ভক্তের বাসায় ছিলেন, তার একটি বড় কাঠের কারবার ছিল। সে সময় ঁউপেন্দ্র সাহা চৌমুহনিতে ঠাকুরকে রাখবার জন্য একটি স্থানের ব্যবস্থা করছিলেন। ঠাকুরের ব্যবহারের জন্য একখানা ভালো খাটের প্রয়োজন। ভক্তটি এ সংবাদ জানতে পেরে, তার কারখানায়ই ঠাকুরের জন্য একখানা খাট তৈরি করাবেন বলে ঁউপেনদা'কে লিখে দিলেন। তারপর ঠাকুরের পছন্দমতো একখানা খাট তৈরি করে চৌমুহনি পাঠিয়ে দিলেন। এর কিছুদিন পর এক উৎসব উপলক্ষে তিনি চাঁদপুর (বাংলাদেশ) গেলেন। ঠাকুর তখন সেখানে ছিলেন। ঠাকুরকে প্রণাম করেই তিনি বললেন, "বাবা, আমি অমুক।" ঠাকুর যেন শুনতেই পান না এমন ভাব দেখালেন। কিন্তু ভক্তটি বার বার তার পরিচয় দেওয়াতেও ঠাকুর তাকে চিনতেই পারলেন না। "আপনি কে? আপনারে তো চিনলাম না।" ভক্তটি ক্ষোভে এবং দুঃখে অশ্রু বিসর্জন করতে করতে অন্য ঘরে চলে গেলেন। তাঁর মনে আশা ছিল এবার উৎসবে তার একটু আলাদা মর্যাদা হবে, কারণ তিনিই সে ব্যক্তি, যিনি চৌমুহনিতে ঠাকুরের ব্যবহারের জন্য খাট বানিয়ে দিয়েছেন। কিন্তু এ-কি! ঠাকুর যে তাকে চিনতেই পারলেন না! বেলা যখন প্রায় ১২টা, তখন ঠাকুর এক ভক্তকে বললেন, "আসাম থেকে যে অমুকবাবু (নাম ঠাকুরের জানা ছিল) এসেছেন তিনি কোথায়?" খবর পেয়ে ভক্তটি ছুটে এসে ঠাকুরের চরণে পতিত হলেন। ঠাকুর স্নেহ-মধুর কণ্ঠে বললেন, "যান্ দুঃখ করবেন না। অখন গিয়া প্রসাদ পান। বেলা হইয়া গেছে।" এভাবে দয়াময় ভক্তটির অহংকার চূর্ণ করে দিলেন এবং সঙ্গে সঙ্গে আমাদেরও বুঝিয়ে দিলেন যে, ঠাকুরের শ্রীদেহের সেবা করলেই বড় ভক্ত হওয়া যায় না। ঠাকুরকে সতত স্মরণ করাই ভক্তের লক্ষণ।

ঠাকুরের নিকট কেউ বেশি প্রিয় বা কম প্রিয় নেই। তিনি সবাইকে সমভাবে ভালোবাসেন। তাঁর কাছে আমরা সবাই সমান। যারা চর্ম চোখে ঠাকুরকে শুধু একটিবার দেখেছেন, কিংবা শুধু পটের মধ্যেই ঠাকুরকে দেখেছেন, ঠাকুরের কাছে তারাও যেমন, আর যারা বহুদিন ঠাকুরের সঙ্গ করেছেন তারাও ঠিক তেমনিই। ঠাকুরকে বেশি দেখলেই কিংবা তাঁর শ্রীদেহের সেবা পরিচর্যা বেশি করলেই তাঁকে বেশি জানা যায় না। ঠাকুরকে জানতে হলে তাঁর বাক্য পালন করে চলার চেষ্টা করতে হবে, অর্থাৎ নিয়ত নামে যুক্ত থাকার চেষ্টা করতে হবে। নামকে জানলে তবে ঠাকুরকে জানা যায়। নাম করতে করতে যিনি ঠাকুরের সাথে যত ঘনিষ্ঠ হতে পেরেছেন, ঠাকুর তাঁর কাছেই তত বেশি ধরা দিয়েছেন। মোটকথা, আমি ঠাকুরের আশ্রয়ে আছি এ বোধ যার যত সুদৃঢ় তিনি তত বেশি ঠাকুরকে জেনেছেন ও পেয়েছেন। সুতরাং আজও যাঁরা নাম পাচ্ছেন এবং ঠাকুরের উপর নির্ভর করে চলার চেষ্টা করছেন– তাঁরাও কম ভাগ্যবান বা ভাগ্যবতী নন। ঠাকুরের কৃপা কোনো কিছুর অপেক্ষা করে না। এ কৃপা অহৈতুকী। এ কৃপায় যোগ্য-অযোগ্যের বিচার নেই। কারণ, শুধু এ একটি কাজের জন্যই তিনি স্থূল দেহের মাধ্যমে আমাদের কাছে এসেছিলেন। সে স্থূল দেহখানি এখন নেই, তথাপি তিনি আছেন। আজও যাঁরা নাম পাচ্ছেন– তাঁরাও তো ঠাকুরকেই পাচ্ছেন। কাজেই তাঁরা কম ভাগ্যবান হবেন কেমন করে?

**ঠাকুরের কৃপা কোনো কিছুর অপেক্ষা করে না। এ কৃপা অহৈতুকী। এ কৃপায় যোগ্য-অযোগ্যের বিচার নেই। কারণ, শুধু এ একটি কাজের জন্যই তিনি স্থূল দেহের মাধ্যমে আমাদের কাছে এসেছিলেন।**

কলকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যযুগীয় ও আধুনিক ইতিহাসের ভূতপূর্ব আশুতোষ অধ্যাপক ড. ইন্দুভূষণ বন্দ্যোপাধ্যায় ঠাকুরের একনিষ্ঠ ভক্ত ছিলেন। একবার রবিবার ছুটির দিন ইন্দুবাবু বিকেলে খেলতে যাচ্ছেন। পথে পরিচিত এক ভদ্রলোক জানালেন ঠাকুর এসেছেন। ইন্দুবাবু সেই ভদ্রলোকের কাছে জানতে চাইলেন, কোথায় আছেন ঠাকুর। আর যেতে চাইলেন সেখানে। ভদ্রলোক নিয়ে গেলেন তাঁকে। অনুসরণ করে ইন্দুবাবু গেলেন সেখানে। সেই বাড়ির পথ দেখিয়ে ভদ্রলোক চলে গেলেন। সিঁড়ি দিয়ে উঠলেন, দোতলায় ঠাকুর বসে আছেন। যারা ঠাকুরের কথা শুনছেন তাদের পেছন দিকটা দেখলেন। পেছন দিক থেকে দেখলেন অনেকেই পরিচিত। ঠাকুরকে সামনে থেকেই দেখলেন ইন্দুবাবু। জুতোর ফিতে খুলছেন ইন্দুবাবু, এমন সময় শ্রীশ্রী ঠাকুর বললেন, "আপনি এইখানে ক্যান?" ঠাকুর এমন করে বললেন যা অন্তর ভেদ করে গেলো ইন্দুবাবুর। ভীষণ মনোকষ্ট নিয়ে ফিরে এলেন। খেলতে আর যেতে পারলেন না, বাড়িতেই ফিরে গেলেন। কোনো কিছুতেই মন বসছে না। ইন্দুবাবু ভাবছেন, 'ঠাকুর আমার বাড়িতে আসেন, আমায় এতো ভালোবাসেন, আজ সবাই বসে শুনছেন কিন্তু আমায় কেন অনুমতি দিলেন না।' কি এমন অপরাধ হলো আমার। এই কষ্ট বয়ে বেড়ালেন এক বছর।

পরের বছর শ্রীশ্রীঠাকুর এলেন ইন্দুবাবুর বাড়িতে। ঠাকুর এসেছেন জেনেও অভিমানে, মনের কষ্টে যেতে পারেন নি ঠাকুরের কাছে। বাড়ির অন্যদের ওপর দায়িত্ব দিলেন ঠাকুরের সেবার। সকলের অনুরোধে অবশেষে ঠাকুরের কাছে গেলেন ভক্ত ইন্দুবাবু। দুঃখে, অভিমানে শ্রীশ্রীঠাকুরের রাতুল চরণে প্রণাম করে কাঁদতে

লাগলেন। এবার পিতা-পুত্রের বোঝাপড়া। টেনে নিলেন কাছে পরম আদরে। মাথায় পিঠে হাত বুলিয়ে বললেন, "এতোদিন কষ্ট পাইছেন মনে মনে অনেক। কিন্তু ওইখানে আপনে যাইবেন কি কইরা? ওনারা সবাই মৃত, স্বর্গ থেইক্যা আইছেন। এইখানে তো আপনে যাইতে পারেন না।" বিস্মিত ইন্দুবাবু জানতে চাইলেন, 'তাহলে আমাকে যিনি নিয়ে গেলেন তিনিও কি মৃত?' ঠাকুর বললেন, "হ"। ইতিহাসের অধ্যাপক মন একটু যাচাই করতে ইচ্ছে হলো। সেই ভদ্রলোক পরিচিত ছিলেন। তার বাড়িতে গেলেন। বাড়িতে মেয়েকে দেখতে পেয়ে বাবা কোথায় জানতে চাইলেন। মেয়েটি আকাশের দিকে হাত তুলে দেখিয়েছিল। বুঝতে অসুবিধে হয়নি ইন্দুবাবুর। তবু সন্ধানী মন, জানতে চাইলেন, কবে এই ঘটনা ঘটেছে? উত্তর যা পেয়েছিলেন তাতে হিসেব করে দেখলেন, যেদিন এ ঘটনা ঘটেছিল তার ক'দিন আগেই তিনি গত হয়েছেন। ঠাকুরের কথাতেই তো জেনেছি, "পেটে থাকতেই আপনেরা নাম পান, পরে স্মরণ করাইয়া দেই।" মৃত্যুর পরও তিনি তাঁর কাছেই রাখেন। সেখানেও তাঁর সঙ্গে নিত্য বাস।



ডক্টর ইন্দুভূষণ বন্দ্যোপাধ্যায় একদিন ১২ দেশপ্রিয় পার্ক রোডে নিজ বাড়িতে ঘুমিয়েছিলেন। ঘুম ভেঙ্গে গেলো হঠাৎ এক ডাকে। চশমাটি চোখে দিয়ে বিছানায় বসে তিনি নেমে এলেন শঙ্কাকুল চিত্তে। ভাবলেন, নিশ্চই কোনো আত্মীয় অথবা পরিচিত কারো বাড়িতে কিছু একটা হয়েছে। নইলে এতো রাতে কেউ কারো বাড়িতে আসে না। গেটের একপ্রান্তে তিনি দাঁড়াতেই কেউ একজন অনেকটা হুকুমের স্বরেই বলে উঠলেন, "শিগগির তিনশ টাকা নিয়ে আসুন।" এই শুনে ঢুলু ঢুলু চোখে অনেকটা রোবটের মতো ডক্টর বন্দ্যোপাধ্যায় মহাশয় ওপরে উঠে এলেন। পাশের ঘরে তার স্ত্রী তখন ঘুমে আচ্ছন্ন। তাঁর আঁচল থেকে চাবির গোছা খুলে নিয়ে তিনি টাকার বাক্সটা খুলে তিনশ টাকা নিয়ে আবার গিন্নীর আঁচলে চাবির গোছা বেঁধে রাখলেন। তারপর তাড়াতাড়ি তিনি নিচে নেমে টাকটা সেই অপরিচিত আগন্তুকের হাতে তুলে দিলেন গেটের ফাঁক দিয়ে। আগন্তুক টাকাটা নিয়েই চলে গেলেন। ডক্টর বন্দ্যোপাধ্যায় ওপরে উঠে এসে শোয়ার খাটে বসে ভাবলেন, এই রে, একটা বড় রকমের ভুল হয়ে গেলো। আগন্তুক কোত্থেকে এসেছেন, কি তার পরিচয়, এসব না জেনে এভাবে টাকাটা দেয়া কী ঠিক হলো? একটা সিগারেট টানতে টানতে ভাবলেন, যাকগে, আর্থিক সাহায্যটাই বড় কথা। কারো দুঃসময়ে পাশে গিয়ে দাঁড়ানো এবং প্রয়োজনমতো সাহায্য করা কোনো খারাপ কাজ হতে পারে না। এসব ভাবতে ভাবতে তিনি আবার ঘুমিয়ে পড়লেন। ভোর হতেই একটা শোরগোলে তার সকালের ঘুম ভেঙ্গে গেলো। দেখলেন, পরিবারের সবাই তিনশ' টাকা বাক্স থেকে উধাও দেখে কাজের লোকটাকে সন্দেহ করে বসেছে। এই শুনে তিনি তাড়াতাড়ি পাশের ঘরে গেলেন এবং পরিবারের যারা সেখানে উপস্থিত ছিলেন তাদের গতরাতের পুরো ঘটনাটা খুলে বললেন। এমনিতেই ড. ব্যানার্জী প্রতি মাসে তিনটে পরিবারকে নিয়মিত সাহায্য করেন, তাই এই নিয়ে তাঁর মনে কোনো কষ্ট হয়নি, তাঁর দুঃখ, চেনা নেই, জানা নেই, অপরিচিত এক লোক গভীর রাতে এসে তিনশ' টাকা চাইলেন আর তিনি তাই দিয়ে দিলেন মাসের শেষে? একবার জিজ্ঞেস পর্যন্ত করলেন না কোত্থেকে এসেছেন, কি-ই বা তার পরিচয়। কোনো কিছুতেই তাঁর আর মন বসছিল না। কাঠ-ঠোকরা পাখির মতো ঐ এক চিন্তা তাঁকে বারবার ঠোকরাচ্ছে। সেদিন ডক্টর ব্যানার্জী বিশ্ববিদ্যালয়ে কোনো ক্লাস ছিল না আর অন্য কোনো কাজও ছিল না যে এই একটানা দুশ্চিন্তার হাত থেকে মুক্তি পাবেন। সাধারণত রোজ সকালে কিংবা বিকেলে কেউ না কেউ তাঁর কাছে আসেন কিছু একটা নিয়ে আলোচনা করার জন্য। কিন্তু সেদিন কোনো লোকই আসেনি যে কিছুক্ষণ কথা বলে মনটা একটু হালকা করবেন। বিকেলে তাঁর হঠাৎ মনে পড়লো শ্রীশ্রীঠাকুর কলকাতাতেই আছেন আর যে বাড়িতে তিনি আছে, সেটা তাঁর বাড়ি থেকে বেশি দূরেও নয়। শ্রীশ্রীঠাকুর সেদিন অবিভক্ত বাংলার আইন পরিষদের সভাপতি স্বর্গীয় সত্যেন্দ্র চন্দ্র মিত্রের ২০, সাউথ এন্ড পার্কের বাড়িতে এসেছিলেন। তাই আর দেরী না করে তিনি সত্যেন্দ্র মিত্রের বাড়িতে এসে শ্রীশ্রীঠাকুরের সামনে এসে তাঁকে প্রণাম করার পর ঠাকুর স্নেহসিক্ত কণ্ঠে জিজ্ঞেস করলেন, "কেমন আছেন ইন্দুবাবু?" বিষণ্নমুখে ড. ব্যানার্জী জানালেন মোটামুটি ভালোই আছেন। সেসময় বাড়িতে আরো অনেক লোকজন বসে ঠাকুরের কথা শুনছিলেন। সন্ধ্যার পর থেকে সত্যেনবাবু মাঝে মাঝে এসে ঘরের লোকজনকে ডেকে নিয়ে যাচ্ছিলেন অন্য ঘরে প্রসাদ পাওয়ার জন্য। ডক্টর ব্যানার্জীকেও ডাকলেন মিত্রবাবু। "এখন থাক, পরে হবে", জানালেন ড. ব্যানার্জী। আসলে তাঁর ইচ্ছে, একান্তে ঠাকুরকে যদি একটু পান- তাহলে গত রাতের সবকিছু খুলে বলবেন আর বলে জানতে চাইবেন কেন এমন হলো। কিন্তু সেদিন ঠাকুরকে একান্তে পাওয়া যাচ্ছিল না। পাঁচজন এঘর থেকে যান তো সাথে সাথে আরো পাঁচজন এসে পড়েন। তবুও ধৈর্য ধরে ডক্টর ব্যানার্জী বসে আছেন যদি একটু সুযোগ মেলে। ইতোমধ্যে সত্যেনবাবু আরো বার দু'এক ডেকে গিয়েছেন। কিন্তু ডক্টর ব্যানার্জীর ওই একই উত্তর, "এখন না, পরে।" এই দেখে শ্রীশ্রীঠাকুর বললেন, "সেই বিকেল থেকে দেখছি আপনি ব্যাজার মুখে ঘরের এককোণে বসে আছেন। অত ভাবছেন কি? আপনার গত তিন জন্মের আগের এক মহাজন কাল রাতে এসে তিনশ' টাকা ফেরত নিয়েছে। আর আপনিও ঋণমুক্ত হয়েছেন। কোথায় আনন্দ করবেন, না আপনি ব্যাজার মুখে বসে আছেন। যান, আনন্দ করুন সবার সাথে প্রসাদ নিন।" এই শুনে ডক্টর ব্যানার্জী খুব খুশি হয়ে সবার সাথে প্রসাদ নেয়ার জন্য অন্য ঘরে চলে গেলেন। শ্রীশ্রীঠাকুরের কৃপাতে প্রারব্ধ ঋণ থেকে মুক্তি পেয়ে তাঁর মনটা আনন্দে ভরে উঠেছিল। ❑

# শ্রীমদ্ভগবদ্গীতা : গীতায় যজ্ঞ ভাবনা

শ্রীবিদ্যুৎ মজুমদার

বৈদিক সাহিত্যে বিশেষত কর্মকাণ্ডে একটি অতি প্রাচীন শব্দ হলো যজ্ঞ। যজ্ঞ কথাটির অর্থ হলো উৎসর্গ, সাধারণত শাস্ত্রীয় আচারগত উৎসর্গ। প্রত্যেক মতের, প্রত্যেক ধর্মের একটি অংশ হলো উৎসর্গ। আদি বৈদিক যুগে যজ্ঞ বলতে বোঝাতো অগ্নি প্রজ্জ্বলিত করে কিছু বৈদিক মন্ত্র উচ্চারণপূর্বক তাতে কিছু ঘৃত, অন্যরকমের শস্যসামগ্রী এবং হারবাল সামগ্রী ঈশ্বর বা অন্য কোনো দেবদেবীর উদ্দেশ্যে আহুতি দেওয়া বা উৎসর্গ করা। বৈদিক-বিশ্বাস মতে প্রথমে অগ্নি দেবতাকে উৎসর্গ করা হয় এবং অগ্নি দেবতা তা অন্যান্য দেবতাদের মধ্যে ভাগ করে দেন। তবে এই পদ্ধতি খুব সহজ নয় যাতে যেকোনো ব্যক্তি এ কাজ করতে পারে। পুরোহিত অথবা এবিষয়ে দক্ষ ব্যক্তি নিয়োগের মাধ্যমে নির্দিষ্ট বৈদিক নিয়ম-কানুন মেনে তা করতে হয়। বেদে বিভিন্ন ধরণের যজ্ঞ বা আচারের উল্লেখ রয়েছে :

- ব্রহ্ম-যজ্ঞ (বৈদিক মন্ত্র পাঠ, সকাল-সন্ধ্যায় ধ্যানাভ্যাস, যোগাভ্যাস, প্রতিদিন সকালে গীতা-পাঠ এবং গায়ত্রীমন্ত্র পাঠও ব্রহ্ম যজ্ঞেরই অংশ);
- দেব-যজ্ঞ (দেবতাদের জন্য, দেব যজ্ঞ বা অগ্নিহোত্রঃ –এই যজ্ঞে ঘি ও অন্যান্য দ্রব্য-সামগ্রী অগ্নিতে উৎসর্গ করা হয়। এর প্রতিটি মন্ত্রের শেষে উচ্চারণ করা হয় 'স্বাহা'; এর অর্থ– উৎসর্গীকৃত দ্রব্য গ্রহণ করুন);
- পিতৃ-যজ্ঞ (পিতৃলোকে আমাদের পূর্বপুরুষদের জন্য);
- ঋষি-যজ্ঞ (আমাদের প্রাচীন ঋষি, ঋষি);
- নৃ-যজ্ঞ (নৃ-যজ্ঞ বা বৈশ্যদেব যজ্ঞ– পশু-পাখি, আর্ত ও পীড়িতদের সেবা করা অর্থাৎ যারা অসমর্থ্য তাদের সেবা করাকে বৈশ্যদেব যজ্ঞ বলা হয়);
- ভুত-যজ্ঞ (সমস্ত জীবিত প্রাণী– প্রাণি, পাখি এবং পোকামাকরের জন্য)।

> **গীতার ভাবনা অনুযায়ী যজ্ঞ হলো, *তোমার ও তোমার কাছাকাছি সকলের কল্যাণের জন্য কর্ম করা, নিষ্কাম কর্ম করা বা ঈশ্বরের উদ্দেশ্যে কর্ম করা।***

আদি বৈদিক যুগে যে সকল যজ্ঞাদি সমাজে প্রচলিত ছিল, শ্রীকৃষ্ণ গীতামুখে বেদের কর্মকাণ্ডের কিছু সমালোচনা করলেন। এবং যজ্ঞাদি বিষয়ে সাধারণের দৃষ্টিভঙ্গি পাল্টে দিয়ে সেটাকে আধ্যাত্মিক দৃষ্টিভঙ্গির ওপর প্রতিষ্ঠিত করলেন। তিনি বললেন, ***'ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জুন (২/৪৫)'*** –হে অর্জুন, বেদের কর্মকাণ্ড শাস্ত্রের নিয়ন্ত্রণে; অর্থাৎ তিন গুণের প্রকাশক। যেমন– সত্ত্ব, রজঃ ও তমঃ। শ্রীকৃষ্ণ অর্জুনকে উপদেশ দিয়ে বললেন, তুমি শাস্ত্রাদির এলাকার পারে বা এদের নিয়ন্ত্রণের বাইরে চলে যাও; অর্থাৎ বেদের তিন গুণের পারে যাও। তুমি নিস্ত্রৈগুণ্য হও, অর্থাৎ গুণ্যাদির উর্দ্ধে চলে যাও। এই তিন গুণের প্রভাবে জড় জগতের প্রতিটি ক্রিয়ার প্রতিক্রিয়া বা কর্মফল দেখা যায়, তা জীবকে জড় জগতের বন্ধনে আবদ্ধ করে। বেদ সাধারণত সকাম কর্ম করার শিক্ষা দান করে। তোমার অধ্যাত্ম জীবনের সূচনা করতে বেদান্ত দর্শনের মর্ম উপলব্ধি করে পরা প্রকৃতি বা সত্ত্ব প্রকৃতিতে অধিষ্ঠিত হতে হবে।

শ্রীকৃষ্ণ বললেন, নানারকম যজ্ঞ আছে– দ্রব্যযজ্ঞ, জ্ঞানযজ্ঞ, সাধ্যায়যজ্ঞ ইত্যাদি। এই সব যজ্ঞ যারা করেন তারা সনাতন ব্রহ্মকে প্রাপ্ত হন। যজ্ঞ ভিন্ন কিছু হয় না। যজ্ঞ থেকে বৃষ্টি হয়, বৃষ্টি থেকে শস্য হয়। শস্য থেকেই প্রাণিদের শরীর উৎপন্ন হয়। ভগবান আরও বললেন যজ্ঞ করো, তবে শুধু নিজের জন্য করো না। ***'ভুঞ্জতে তে তু অঘং পাপা, যে পচন্তি আত্মকারণাৎ (৩/১৩)'*** যাঁরা শুধু নিজের জন্য পাক করে, তারা পাপান্ন ভোজন করে। সেজন্য অপরের জন্য পাক করো, অপরের জন্য যজ্ঞ করো, পরের কল্যাণের জন্য সমস্ত কিছু করো। শ্রীকৃষ্ণ বলেছেন, যজ্ঞের অর্থ হলো, তোমার ও তোমার কাছাকাছি সকলের কল্যাণের জন্য কর্ম করা। সমস্ত জীবনটাই যজ্ঞ। শাসন ব্যবস্থা এক যজ্ঞ, শিক্ষা ব্যবস্থা এক যজ্ঞ, রাজনীতি এক যজ্ঞ। শ্রীকৃষ্ণ এভাবেই যজ্ঞ কথাটি ব্যবহার করেছেন, এক ব্যাপকতম দৃষ্টি দিয়ে। এভাবে তিনি যজ্ঞের সঙ্গে বেদের কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডের সমন্বয় দেখালেন গীতার ভিতর। শ্রীকৃষ্ণ বলেছেন,

**কর্ম ব্রহ্ম উদ্ভবং বিদ্ধি, ব্রহ্মাক্ষর-সমুদ্ভবম্।**
**তস্মাৎ সর্বগতং ব্রহ্ম, নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ (৩/১৫)**

–জানবে যে, যজ্ঞাদি কর্ম বেদ থেকে উৎপন্ন হয়েছে, আর বেদের উৎপত্তি নিত্য অক্ষর পুরুষ থেকে। অতএব, সর্বার্থ প্রকাশক বেদ সর্বদা যজ্ঞে প্রতিষ্ঠিত।

শ্রীকৃষ্ণ বললেন, তোমার কাজকে যজ্ঞে পরিণত করলে, যে ব্রহ্মকে দূরে অবস্থিত বলে মনে হতো তাঁর সান্নিধ্য পাওয়া যাবে। পশু জাতি, উদ্ভিদ জাতি ও মানবজাতির রক্ষার দায়িত্ব আমাদের উপর ন্যাস্ত রয়েছে। কারণ, আমাদের ধীশক্তি রয়েছে, যার সাহায্যে আমরা এদের সকলকে যেমন ধ্বংস করতে পারি, তেমনি পারি তাদের রক্ষা ও পুষ্টিবিধান করতে। মানুষ যদি তাদের কর্মে যজ্ঞভাব এনে এই দায়িত্ব পালন না করে, তবে সে সব কিছুর বিনাশ সাধন করে শেষে নিজেরও বিনাশ সাধন করবে। তাই বলা হয়েছে, সবকিছুই যজ্ঞকেন্দ্রিক বা উৎসর্গভাবের ওপর প্রতিষ্ঠিত– কেবল অনুষ্ঠান নয়, উৎসর্গের মনোভাবে কাজ করতে হবে।

**স্বামী বিবেকানন্দ বলেছেন–** "ত্যাগ ও সেবাই আমাদের জাতীয় আদর্শ– ঐ দুটি বিষয়ে তাকে উন্নত করুন, তাহলে অবশিষ্ট যা কিছু আছে, তা আপনা হতেই উন্নত হবে।" কী চমৎকারই না এই শিক্ষা! সমগ্র নৈতিক জীবন দুটি নীতিতে কেন্দ্রীভূত– ত্যাগ ও সেবা। ত্যাগ কিসের? আত্মকেন্দ্রিক অহঙ্কার বা স্বার্থের ত্যাগ চাই। বিরাট আত্মার অভিব্যক্তি হোক। তখন প্রত্যেকটি কাজই সেবার রূপ ধারণ করবে। তাই ত্যাগ হলো প্রাক-মূল্য প্রাথমিক

আবশ্যকতা। পরবর্তী মূল্য হলো সেবা। কোনোরকম ত্যাগ না করে তুমি সেবা করতে পারো না। আমি যদি কোনো লোককে সাহায্য করতে চাই, তবে সেই অনুপাতে আমাকে ত্যাগ করতে হবে আমার নিজের স্বার্থ। আর তাই এই যজ্ঞ ভাবনা বলতে বোঝায়, ত্যাগ ও সেবা।

গীতার ভাবনা অনুযায়ী– যজ্ঞের অর্থ অনেক ব্যাপক, বিস্তৃত এবং সহজ। জীবনের সব দিক– অর্থাৎ গীতার ভাবনা অনুযায়ী যজ্ঞ হলো, ***তোমার ও তোমার কাছাকাছি সকলের কল্যাণের জন্য কর্ম করা, নিষ্কাম কর্ম করা বা ঈশ্বরের উদ্দেশ্যে কর্ম করা।*** যজ্ঞ ভাবটি গীতায় অত্যন্ত ব্যাপক অর্থে ব্যবহৃত হচ্ছে– আমরা যা করি, তা যেন যজ্ঞভাবে করি। শ্রীকৃষ্ণ বলেছেন– সমস্ত জীবনটাই যজ্ঞ, 'দান করা'; কী চমৎকার ভাব। লোকে রাজনীতিতে যে কাজ করে তা বস্তুত যজ্ঞই। রাজনীতির মূল কাজ হলো কোটি কোটি দেশবাসীকে শিক্ষা দিয়ে সচেতন করে তোলা যে– সে এক মহান গণতান্ত্রিক দেশের নাগরিক। এই সম্পূর্ণ সরকার সেই নাগরিকদের জন্যই, সরকারকে তাদের ওপর নির্ভর করতে হয়; তাদের কাছ থেকেই সরকার শক্তি পেয়ে থাকে। জীবনের ক্ষেত্র থেকে যজ্ঞভাবনাকে সরিয়ে নিলে জীবন হয়ে পড়ে অত্যন্ত সাধারণ, অথবা তার থেকেও নিম্নমানের। এতে মানবজাতির জীবনযাত্রা ক্ষতিগ্রস্ত হয়। জীবনে যজ্ঞভাবনার সামান্য কিছুও যদি পালিত হয় তবে সবকিছু উজ্জ্বল হয়ে উঠবে। শ্রীকৃষ্ণ বলেছেন,




**যজ্ঞার্থাৎ কর্মণো অন্যত্র, লোকো অয়ং কর্মবন্ধনঃ।**
**তদর্থং কর্ম কৌন্তেয়, মুক্ত-সঙ্গঃ সমাচর ॥ (৩/৯)**

–যে কাজ ঈশ্বরার্থে বা যজ্ঞের জন্য ছাড়া অন্য উদ্দেশ্যে করা হয় তা এই জগতের বন্ধনের কারণ হয়; হে অর্জুন, তাই তুমি কেবল অনাসক্ত (প্রত্যাশা বা সংকল্প বর্জিত) হয়ে যজ্ঞানুষ্ঠান বা ঈশ্বরার্থে কর্ম করো।

যজ্ঞ-বুদ্ধিতে বা ঈশ্বরার্থে কাজ না করা হলে, সেগুলি জগৎকে কর্ম-পাশে বেঁধে ফেলে। যদি ঐ কাজ যজ্ঞ বুদ্ধিতে (উৎসর্গ করার মানসে) কর তাহলে কোনো বন্ধনই সৃষ্টি হয় না। তাই তোমার কাজগুলি যজ্ঞ-বুদ্ধিতে করো, ঐ কাজ অনাসক্ত বা সংকল্প বর্জিত হয়ে করো, তবে কর্ম-পাশে আবদ্ধ হবে না। এর অন্তর্নিহিত ভাব হলো, ঈশ্বরের উদ্দেশ্যে কিছু উৎসর্গ করো, বাকিটা তোমার থাকবে। এই হলো যজ্ঞের নিগূঢ় ভাব। অতএব তুমি যজ্ঞাবশিষ্ট গ্রহণ করে জীবনযাত্রা নির্বাহ করো। প্রথমে দাও, দানের পর যা অবশিষ্ট থাকে তাই মঙ্গলদায়ক। বন্ধন তখনই আসে যখন তুমি নিজের জন্য রন্ধন করো, নিজের জন্য আহার করো। অর্থাৎ তুমি যদি তোমার রুটিন ওয়ার্ক বা তোমার জন্য নির্ধারিত কাজ করো, তাহলে কোনো বন্ধন সৃষ্টি হবে না। কিন্তু তুমি যদি তোমার প্রত্যাশা অনুযায়ী বা সংকল্প অনুযায়ী কাজ করো (কাজটি করে দেবার জন্য ঘুষ গ্রহণ, কাজটি করে দেবার জন্য কোনো কিছুর বিনিময় গ্রহণ, প্রতিদান গ্রহণ প্রভৃতি) তাহলে বন্ধন সৃষ্টি হবে। কিন্তু অন্যের জন্য কর্মানুষ্ঠান করার পর যখন তুমি আহার করো, সেই অবশিষ্ট অন্ন শুদ্ধ ও পবিত্র। শ্রীকৃষ্ণের ভাবনা অনুযায়ী এই জগতে মানুষ, পশু-পাখি, পাহাড়-পর্বত, নদী-সমুদ্র, গাছপালা প্রভৃতি সকলেই পারস্পরিক সম্বন্ধে আবদ্ধ। সুতরাং আমরা যে কাজই করি না কেন তা যদি যজ্ঞভাবনা নিয়ে করা হয়, তাতে সকলেরই মঙ্গল। শ্রীকৃষ্ণ বলেছেন,

**সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা, পুরোবাচ প্রজাপতিঃ।**
**অনেন প্রসবিষ্যধ্বম্ এষ, বো অস্তিষ্ট কামধুক্ ॥ (৩/১০)**

–সৃষ্টির প্রারম্ভে বিশ্বপ্রকাশক প্রজাপতি (সৃষ্টিকর্তা) যজ্ঞাদিসহ প্রজাসকল সৃষ্টি করে বলেছিলেন– 'এই যজ্ঞ দ্বারা তোমরা সদা সমৃদ্ধ হও; এই যজ্ঞই হবে তোমাদের বাসনাপূরণকারী দুগ্ধবতী গাভীর সমান।'

ঈশ্বর বা বিশ্বপ্রকাশক প্রজাপতি প্রথমে বিশ্বকে প্রকাশ করলেন, এই বিশ্বকে প্রতিপালনের জন্য এই যজ্ঞও প্রকাশ করলেন। তিনি বলেছিলেন– হে যজ্ঞ, তুমি এইসব জীবের কাছে আর্শিবাদস্বরূপ হও; তোমার কারণেই তারা সমৃদ্ধ জীবনযাপনে সক্ষম হবে। তোমাদের সকলের কাছে এটি যেন কামধেনু (বাসনাপূরণকারী গাভী) স্বরূপ হয়। এইভাবে আমাদের বলা হয়েছে যজ্ঞ-ভাবকে আরো শক্তিশালী করতে।

এই যজ্ঞ-ভাবনা কেবল পৃথিবীকে নিয়েই নয়, এ কেবল আমাদের মানবিক অভিজ্ঞতাতেই সীমিত নয়। এর একটি অতি জাগতিক মাত্রাও আছে। সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডই এই যজ্ঞ-ভাবনার ভিত্তিতে অবস্থান করছে। সর্বত্রই দেওয়া-নেওয়া চলছে, চিন্তাজগতে এ এক অপূর্ব অভিব্যক্তি, বেদান্তে যেমন এর উল্লেখ পাওয়া যায়, তেমনি পাওয়া যায় গীতাতে। নেবার আগে দাও; তা হলেই তুমি শ্রেষ্ঠ বস্তুটি পাবে। এই বিশ্বে একত্বভাব বিদ্যমান। প্রতিটি জিনিস অন্য জিনিসের সাথে সম্পর্কিত। একে অন্যের সাথে পারস্পরিক আদান-প্রদানের ভিত্তিতে টিকে আছে। যেমন– আমরা প্রাকৃতিক পরিবেশের কথা চিন্তা না করে প্রতিনিয়ত এর ক্ষতি সাধন করে চলেছি। ফলে বন্যা, মহামারী, প্লাবন প্রভৃতির সম্মুখীন হচ্ছি। প্রকৃতির পাওনা তাকে না দিলে সেও সেইভাবে প্রতিশোধ নিচ্ছে। তুমি যদি প্রকৃতির গাছ-পালা, খাল-নদী-বিল, পশু-পাখিকে রক্ষা করে চলো, তাহলে তারাও ঠিক সময়ে তোমাকে প্রতিদান দেবে। গীতোক্ত যজ্ঞ-ভাবনা প্রকাশিত হচ্ছে মানবিক সম্পর্কের ক্ষেত্রে। সমাজের ভেতর তোমরা পরস্পরকে সাহায্য করো। বর্তমানে স্ব-জাতীয় সমাজই আন্তর্জাতিক সমাজে রূপায়িত হয়েছে, এর মধ্যে জগতের উদ্ভিদ ও পশু সম্বলিত প্রাকৃতিক পরিবেশেরও স্থান হয়েছে। অতি উদার দৃষ্টির মধ্যে সবকিছুরই স্থান রয়েছে। শ্রীকৃষ্ণ বলেছেন,

**দেবান্ ভাবয়ত অনেন, তে দেবা ভাবয়ন্তু বঃ।**
**পরস্পরং ভাবয়ন্তঃ, শ্রেয়ঃ পরম্ অবাপ্'স্যথ ॥ (৩/১১)**

—এই যজ্ঞ দ্বারা তোমরা দেবগণকে সংবর্ধনা করো (অর্থাৎ দৈবী সম্পদের বৃদ্ধি করো) এবং দেবগণও যেন তোমাদের সাহায্য বা পোষণ করেন। এরূপ পরস্পরের ভাবনা দ্বারা তোমরা পরম মঙ্গল লাভ করবে।

এখানে পারস্পরিকতা বা পরস্পর নির্ভরশীলতার বিষয়টি উল্লেখযোগ্য; যজ্ঞ দ্বারা দেবগণকে সাহায্য বা পোষণ করো, দেবগণও তোমাদের সাহায্য বা পোষণ করবেন। তোমরা যদি ইন্দ্রাদি দেবগণকে সংবর্ধনা বা পোষণ করো দেবতাগণও তোমাদেরকে বৃষ্ট্যাদি দ্বারা শস্যাদি উৎপাদনপূর্বক অনুগৃহীত করবেন। এভাবে পরস্পর পোষণ ক্রিয়া চললে সকলেই শ্রেষ্ঠ পর্যায়ে উন্নীত হবে। পারস্পরিকতা, পরস্পর নির্ভরশীলতাই প্রগতির পথ, নিজেকে গুটিয়ে রেখে অপরের সংস্পর্শ বর্জিত থেকে নয়, পরস্পর লড়াই করে নয়, একে অন্যের দুর্বলতাকে কাজে লাগিয়ে স্বার্থসাধন করে নয়। আমরা প্রাকৃতিক নিয়ম লঙ্ঘন করি, ফলে আমরাও প্রকৃতির অবদান থেকে বঞ্চিত হই। নষ্ট করার জন্য প্রকৃতি সৃষ্টি হয়নি। প্রাকৃতিক সম্পদ ব্যবহার করা যেতে পারে, কিন্তু সে সম্পদের ভাণ্ডার আবার পূরণ করার ব্যবস্থাও করতে হবে। যদি তা পূরণ করা না হয় তুমিই কষ্টে পড়বে। আজকাল সারা পৃথিবী এই সমস্যা সম্বন্ধে সচেতন। শ্রীকৃষ্ণ বলেছেন,

**ইষ্টান্ ভোগান্ হি বো দেবা, দাস্যন্তে যজ্ঞ-ভাবিতাঃ।**
**তৈর্'দত্তান্ অপ্রদায় এভ্যো, যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ ॥ (৩/১২)**

—দেবতাগণ যজ্ঞ দ্বারা আরাধিত হয়ে তোমাদের বাঞ্ছিত ভোগ্যবস্তু দেবেন, তাই এই দেবতা-প্রদত্ত বস্তু দেবতাদের নিবেদন না করে যে ভোগ করে, সে নিশ্চই চোর।

*ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে*-এর অর্থ হলো, প্রকৃতির দেবতাগণ তোমার পক্ষে যা কল্যাণকর সেইসব বস্তু ফিরিয়ে দেবেন। *তৈর্দত্তান্ অপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে*-এর অর্থ হলো, যদি তুমি তাঁদের প্রদত্ত জিনিস ভোগ করো, অথচ তাদের ভাগ না দাও। **স্তেন এব সঃ**-এর কম লোক চোর বলে গণ্য হবে। প্রকৃতি ও দেবতাগণের প্রাপ্য যে ফিরিয়ে দেয় না, গীতা তাদের চোর বলে আখ্যা দেন। সে হিসাবে আধুনিক যন্ত্র-সভ্যতার মানুষগুলি চোর। চোরকে শাস্তি পেতেই হবে। কারণ, আমরা প্রকৃতি ও পরিবেশ বিপর্যয়ের কথা চিন্তা না করে, জ্ঞানে বা অজ্ঞানে প্রকৃতি ও পরিবেশের ক্ষতি করে চলেছি। ফলে বিভিন্ন রকম প্রাকৃতিক দুর্যোগ ও মহামারীর মত প্রতিকূল পরিবেশের সম্মুখীন হচ্ছি। তবে আশার কথা হলো দেরীতে হলেও আমরা বুঝতে শুরু করেছি, সেই মোতাবেক ব্যবস্থাও সকল দেশেই এখন গৃহীত হচ্ছে। যেমন— বনসৃজন, দূষিত নদী পরিষ্কারকরণ, বন্য প্রাণী ও পশু-পাখি সংরক্ষণ প্রভৃতি। শ্রীকৃষ্ণ বলেছেন,

**অন্নাদ্ ভবন্তি ভূতানি, পর্জন্যাদ্ অন্ন-সম্ভবঃ।**
**যজ্ঞাদ্ ভবতি পর্জন্যো, যজ্ঞঃ কর্ম-সমুদ্ভবঃ ॥ (৩/১৪)**

—অন্ন থেকেই প্রাণী-শরীর উৎপন্ন হয়; বৃষ্টি থেকে অন্নের উৎপত্তি; যজ্ঞ-ধূম থেকে মেঘ ও পরে বৃষ্টি-সৃষ্টি হয়; আর যজ্ঞ উৎপন্ন হয় কর্ম থেকে।

আমাদের সকলের উৎপত্তি অন্ন থেকে। অন্নের উৎপত্তি হয় বৃষ্টি থেকে। বৃষ্টিপাত বন্ধ হলেই, খাদ্য উৎপাদন কমে যায়। যখন তুমি সকল পরিবেশের ক্ষেত্রে এই যজ্ঞ ভাবনাকে জাগিয়ে রাখবে, তখন বৃষ্টিও যথাসময়ে পড়তে থাকবে; অন্যথায় নিজ পরিবেশ নষ্ট করে বারিপাত পদ্ধতির নিয়মশৃঙ্খলা তুমি নষ্ট করে ফেলতে পারো। যজ্ঞের উৎপত্তি কর্ম থেকে। ***যজ্ঞের অর্থ হলো, তোমার ও তোমার কাছাকাছি সকলের (মানুষ, পশু-পাখী, গাছপালা ও অন্যান্য সকল জীবজন্তু ইত্যাদি) কল্যাণের উদ্দেশ্যে কর্ম করা।*** এর নাম যজ্ঞ। যজ্ঞ হলো একটি কর্ম। তাই দেখা যাচ্ছে, অন্ন, পর্জনা (মেঘ), যজ্ঞ, আর এবার কর্ম-এই চারটি পর পর এসেছে। শ্রীকৃষ্ণ বলেছেন,

**এবং প্রবর্তিতং চক্রং, ন অনুবর্তয়তি ইহ যঃ।**
**অঘায়ুর্'ইন্দ্রিয় আরামো, মোঘং পার্থ স জীবতি ॥ (৩/১৬)**

—হে অর্জুন, এ জগতে যে ব্যক্তি ঈশ্বরকর্তৃক প্রবর্তিত কর্মচক্রের বা ব্রহ্মাণ্ড চক্রের অনুগামী না হয়ে পাপময় জীবনযাপন করে ও ইন্দ্রিয়ভোগে আনন্দ পায়, সে বৃথাই জীবনধারণ করে।

ঈশ্বরকর্তৃক প্রবর্তিত কর্মচক্র বা যজ্ঞ চক্র— এটি পারস্পরিক সম্পর্কের চক্র, বিশ্ব সৃষ্টির আদি থেকে প্রচলিত আছে। ব্রহ্মাণ্ড বিকাশের সঙ্গে সঙ্গেই এই ব্রহ্মাণ্ড-চক্র প্রচলিত হয়েছে— এই পারস্পরিক সম্পর্কে জড়িত বৃত্তটি। যে ব্যক্তি এই জীবনে ঐ চক্র অনুসরণ না করে, যে চক্র ভাবনাকে উপেক্ষা করে, ভঙ্গ করে, সে জীবনে একদেশ-দর্শী, স্বার্থপ্রণোদিত, স্বার্থকেন্দ্রিক প্রভৃতি নানা দোষে দুষ্ট করে ফেলে। এরূপ ব্যক্তির জীবন হয় পাপময়, অশুভ। কারণ সে কেবল ইন্দ্রিয়ভোগেই আনন্দ পায়, সে প্রকৃতিকে রক্ষা করার কোনো যত্ন নেয় না। ঠিক যেমন দুষ্টলোকে সরকারের নিষেধ সত্ত্বেও লুকিয়ে লুকিয়ে বনে শিকার করে, সুন্দর পাখি, সুস্প্রাপ্য প্রাণী এবং গাছপালা ইত্যাদি নষ্ট করে। কারণ তার আনন্দ কেবল ইন্দ্রিয়ভোগেই। এগুলি বিক্রয় করে তারা প্রচুর অর্থ লাভ করতে চায়। ইন্দ্রিয়াসক্তি চরিতার্থ করা একটা সীমার মধ্যে থাকলে— তা ভালো হতে পারে; কিন্তু সীমাকে অতিক্রম করে গেলে, তা বিপজ্জনক। শ্রীকৃষ্ণ বলেছেন,

**গতসঙ্গস্য মুক্তস্য, জ্ঞান-অবস্থিত-চেতসঃ।**
**যজ্ঞায় আচরতঃ কর্ম, সমগ্রং প্রবিলীয়তে ॥ (৪/২৩)**

—অনাসক্ত, মুক্ত, আধ্যাত্মিক জ্ঞানে প্রতিষ্ঠিত চিত্ত, একমাত্র যজ্ঞানুষ্ঠানের জন্যই কর্মে নিরত —এইরূপ ব্যক্তির সমগ্র কর্ম অর্থাৎ কর্মফল, লয়প্রাপ্ত হয় কর্মীকে আবদ্ধ করে না। { কারণ কর্মের ফল পরমাত্মা ও তিনি এখন অভিন্ন। সেজন্য ঐ মুক্ত পুরুষগণের নিজের জন্য কর্মের প্রয়োজন হয় না।}

***গত সঙ্গস্য***, যার সঙ্গ বা আসক্তি গত হয়েছে, দূরীভূত হয়েছে। ***মুক্তস্য***, সে মুক্ত হয়েছে, এখানে এখনই কাজের মধ্যে। ***জ্ঞানাবস্থিত চেতসঃ***, যার মন বা চিত্ত বা বুদ্ধি আধ্যাত্মিক জ্ঞানে প্রতিষ্ঠিত। অর্থাৎ মন জ্ঞানে প্রতিষ্ঠিত। তারপর ***যজ্ঞায়াচরতঃ*** কর্ম, যা কিছু কর্ম করা হয়— তা করা হয় যজ্ঞভাবে, ঈশ্বরোদ্দেশ্যে ত্যাগের ভাবে, উৎসর্গের ভাবে। ***সমগ্রম্ প্রবিলীয়তে***, একেবারে সবটাই লয়প্রাপ্ত হয়। কোনো কর্মই নেই; আর তবুও ঐ কর্মী কর্মরত। ❑

# সকলকে জানাই শারদীয় শুভেচ্ছা

DV
MORTGAGE
SOLUTION INC.

# DANFORTH VILLAGE

## Mortgage Solution

*One stop solution for your best financial interest.*

MORTGAGE ALLIANCE
In MTD



**Free expert advice on the Right Mortgage for you**

- SIMPLE, HASSLE-FREE SERVICE
- LOWER INTEREST RATE
- PURCHASE & REFINANCE
- DEBT CONSOLIDATION
- RENTAL PROPERTIES
- COMMERCIAL MORTGAGE

**Indrajit Mitra**
Consultant
**416-258-4786**

**Open late & Weekends**
**Please call for appointment or walk-in welcome**

**2986 Danforth Avenue Suite - 201** Toronto, ON M4C 1M6
imitra@mortgagealliance.com mitrainrajit@hotmail.com

# মহাভারতের রবীন্দ্র মূল্যায়ণ

## সুব্রত কুমার দাস

পৃথিবীর চারটি প্রধান মহাকাব্যের মধ্যে সংস্কৃত ভাষায় রচিত কৃষ্ণদ্বৈপায়নবেদব্যাসের মহাভারত অন্যতম। অন্যদিকে ভারতীয় ঐতিহ্যের প্রতিনিধিত্বকারী ব্যক্তিদের অন্যতম হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। ভারতবর্ষীয় সনাতন ঐতিহ্যের আবহাওয়ায় লালিত সে-লেখকের জীবনে মহাভারতের প্রভাব বিপুল। সে বিপুলতাতেই পরবর্তীকালে তাঁর সাহিত্য জুড়ে মহাভারতের জয়জয়কার। শৈশব থেকেই মহাভারতের কাহিনীকে শুনতে শুনতে বড় হয়েছিলেন বাংলাভাষার এই প্রধান কবি। আর তাই তিনি নিজে যখন কলম ধরলেন, তখন মহাভারতের দর্শন ও আখ্যান, ইতিহাস ও চরিত্র প্রভৃতি বিষয় এসে ক্রমে ভিড় করেছিল রবীন্দ্রনাথের নিজের লেখায়ও।

মহাকাব্য নিয়ে সমালোচনা রচনায় রবীন্দ্রনাথ প্রথম হাত দেন ১৮৭৭ সালে। মাইকেল মধুসূদন দত্তের মেঘনাদ বধ কাব্যের সমালোচনা সেটি। প্রথম সে দীর্ঘ এবং তীব্র সমালোচনাটি শুধুরামায়ণ আশ্রিত হয়েছিল। কিন্তু পাঁচ বছর পর রবীন্দ্রনাথ সে মহাকাব্যটির দ্বিতীয় আরেকটি সমালোচনা প্রকাশ করেন। তুলনায় ক্ষুদ্র কিন্তু অধিক পরিশীলিত সে আলোচনাটি কবির মহাকাব্য ভাবনার সৌধকে নির্মাণ করেছে। ১২৮৯ বঙ্গাব্দের ভাদ্র সংখ্যায় সাহিত্য পত্রিকা ভারতীতে প্রকাশিত সে প্রবন্ধটিতে রবীন্দ্রনাথমহাভারতকে একটি মহান ট্রাজেডি হিসেবে উল্লেখ করেছেন। ট্রাজেডির ব্যাখ্যা দিতে গিয়ে তিনি বলেছেন, সাধারণভাবে আমরা ধ'রে নেই যে, ঘটনার শেষে মৃত্যু না হলে ট্রাজেডি হয় না। মহাভারতের শেষে স্বর্গারোহণকালে দ্রৌপদী, ভীম, অর্জুন প্রমুখের মৃত্যু হয়েছিল বলেই মহাভারত একটি ট্রাজেডি তা নয়। কুরুক্ষেত্রের যুদ্ধে বড় বড় বীর যেমন ভীষ্ম, কর্ণ, দ্রোণসহ হাজার হাজার রাজা ও সৈন্য মরেছিল বলেই মহাভারত ট্রাজেডি নয়। রবীন্দ্রনাথের মতে কুরুক্ষেত্রের যুদ্ধে পাণ্ডবদের যে জয় হলো, তখনই তাদের প্রকৃত ট্রাজেডি শুরু হলো। কেননা এত দুঃখ, এত যুদ্ধ, এত রক্তপাতের পর তারা দেখলেন যে, যতটা তারা করেছেন সে তুলনায় প্রাপ্তি অতি সামান্য। একুশ বছরের যুবক রবীন্দ্রনাথের এ লেখায় একটা বিষয় স্পষ্ট হয় যে, তিনি মহাকাব্য, বিশেষ করে মহাভারত নিয়ে একটি দার্শনিকবোধে পৌঁছাতে যাচ্ছেন।

> **মহাভারতের বিভিন্ন মহৎ চরিত্র দ্বারা ক্ষুদ্র কাজ সম্পাদনের প্রসঙ্গ তুলে সমালোচক বলেছেন এমন আরোপ 'ছোট কবিদের সাহসে কুলাইত না।**

ইতোমধ্যে প্রকাশিত হয়েছে 'মনোগণিত', 'অনধিকার' এবং 'অধিকার' নামের প্রবন্ধগুলো। আর সেসবকে পার করে ১৮৯১ সালে প্রকাশ পায় 'নূতন ও পুরাতন' প্রবন্ধটি। স্বদেশ বইয়ের অন্তর্ভুক্ত সে প্রবন্ধে কবি প্রাচীন ভারতবর্ষের জ্ঞানের সঙ্গে বর্তমান ইউরোপের জ্ঞানের একটি তুলনা করেছেন। ভারতীয় পণ্ডিতদের পবিত্রতাগত যে শুচিবাই, কবিতাকে বাতিল করেছেন। বলেছেন, বিবিধ বিদ্যাও মানুষের যাতায়াতের কারণে প্রাচীন ভারতের ঐশ্বর্য বিনষ্ট হয়নি, বরং সেটি উত্তরোত্তর অগ্রগতি লাভ করেছে। উদাহরণ হিসেবে রবীন্দ্রনাথ মহাভারতকে আশ্রয় করেছেন। বলেছেন, 'এক মহাভারত পড়লেই দেখতে পাওয়া যায় আমাদের তখনকার সভ্যতার মধ্যে জীবনের আবেগ কত বলবান ছিল। তার মধ্যে কত পরিবর্তন, কত সমাজ বিপ্লব, কত বিরোধী শক্তির সংঘর্ষ দেখতে পাওয়া যায়।' সমাজে একদিকে লোভ, হিংসা, ভয়, দ্বেষ, অসংযত অহংকার, অন্যদিকে বিনয়, বীরত্ব, আত্মবিসর্জন, উদার মহত্ত্ব এবং অপূর্ব সাধুভাব মানুষের চরিত্রকে মথিত করে জাগ্রতকরে রেখেছিল বলে রবীন্দ্রনাথ মনে করেন। প্রাচীন সে সমাজে ভালো-মন্দের আলো-অন্ধকারের ভেতরেই জীবনের লক্ষণ ছিল বলে কবির ভাবনা। বিপরীত মানব চরিত্রের উপস্থিতির কথা বলতে গিয়ে তিনি উদাহরণ দিয়েছেন। বলেছেন যে, সে সমাজে বিশ্বমিত্রর মতো ক্ষত্রিয় ছিলেন, দ্রোণ বা কৃপের মতো ব্রাহ্মণ ছিলেন, কুন্তীর মতো সতী ছিলেন, যুধিষ্ঠিরের মতো ক্ষমাপরায়ণ ক্ষত্রিয় ছিলেন, আবার তেজস্বিনী কিন্তু শত্রুর রক্তলোলুপ দ্রৌপদীর মতো রমণীও ছিলেন। 'নূতন ও পুরাতন' রচনাকালে রবীন্দ্রনাথ ত্রিশের কোঠায় উপনীত। সেবছরগুলোতেই তিনি ক্রমে মহাভারতের কাহিনীকে আশ্রয় করে নিজে রচনা শুরু করেছেন কবিতা-নাটক। বোঝা যায় মহাভারতকে ছেনে ছেনে নতুন এই যে সাহিত্য নির্মাণ তা করতে গিয়েই রবীন্দ্রনাথ ক্রমে হয়ে উঠছেন একজন মহাভারত বিশেষজ্ঞ। তিনি নিজেই শুধু মহাভারত পড়ছেন না, মহাভারত যাতে অন্যদের পাঠযোগ্য হিসেবে উপস্থাপন করা যায়, সে বিষয়টিও তাঁর মাথায় ক্রিয়াশীল। আর সে কারণেই আমরা দেখবো এসময়ের কিছুদিন পর যখন তিনি পুত্রকন্যাদের শিক্ষাদান নিয়ে ব্যস্ত, তখন তিনি রামায়ণ ও মহাভারত-এর শিশুতোষ সংস্করণের ব্যাপারেও বিশেষভাবে উদ্যোগী হয়েছিলেন। ভাগিনেয় সুরেন্দ্রনাথ ঠাকুরকে (১৮৭২-১৯৪০) যিনি ইন্দিরা দেবীর (১৮৭৩-১৯৬০) ভাই, তাঁকে তিনি দায়িত্ব দিয়েছিলেন মহাভারতের তেমন একটি সংস্করণ করতে। গ্রন্থটির নাম ছিল কুরুপা-ব। বিশ্বভারতী গ্রন্থন বিভাগ থেকে প্রকাশিত সে গ্রন্থটির প্রথম সংস্করণ ছাপা হয় ১৩৩৮ বঙ্গাব্দে। ২৫ বৈশাখ তারিখে রচিত রবীন্দ্রনাথের ভূমিকাটি মাত্র আধা পৃষ্ঠার হলেও গ্রন্থের নামপত্রে কিন্তু রবীন্দ্রনাথের নামই মুদ্রিত ছিল। কৃষ্ণা দত্ত ও এনড্রিউ রবিনসন রচিত নয়াদিল্লি থেকে প্রকাশিত রবীন্দ্রনাথের ইংরেজি জীবনী Rabindranath Tagore: The Myriad-Minded Man বইতেও (প্রথম প্রকাশ ১৯৯৫, রূপা সংস্করণ ২০০০) এর ১২৫ পৃষ্ঠায় সে প্রসঙ্গটি উল্লেখ আছে।

সাহিত্য সমালোচনার এই ধারাতে রবীন্দ্রনাথের পরবর্তী প্রবন্ধ 'কৃষ্ণচরিত্র'। বাংলা উপন্যাসের জনক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের (১৮৩৮-১৮৯৪) একই শিরোনামের দীর্ঘ গবেষণা গ্রন্থ নিয়ে এ আলোচনা। মহাভারত-প্রাসঙ্গিকতার 'কৃষ্ণচরিত্র' বিশেষ মূল্যবান। 'বঙ্কিমচন্দ্র' শিরোনামেও রবীন্দ্রনাথের রয়েছে বেশ ক'টি প্রবন্ধ যেগুলো মহাভারত প্রেক্ষাপটে বিবেচনাযোগ্য। জীবনী স্মৃতিতে রয়েছে 'বঙ্কিমচন্দ্র' নামের একটি রচনা। ১৩০১ বঙ্গাব্দে বঙ্কিমচন্দ্রের মৃত্যুর পর আয়োজিত পরবর্তীকালে 'বঙ্কিমচন্দ্র' শিরোনামের আরও তিনটি রচনা রবীন্দ্রনাথ কর্তৃক পঠিত বা লিখিত হয়েছিল।

যাঁরা কৃষ্ণ চরিত্র শিরোনামে বঙ্কিমের গ্রন্থটি পাঠ করেছেন তাঁদের জানা আছে এটি রীতিমতো তথ্যবহুল, চিন্তা উদ্রেককারী এবং একই সঙ্গে ইতিহাস-নির্মাণকারী একটি প্রবন্ধ। এ বইটিই সম্ভবত প্রথম এমন একটি বই যেখানে হিন্দুধর্মের অবতার কৃষ্ণকে একটি ঐতিহাসিক চরিত্র হিসেবে প্রমাণ করার চেষ্টা করা হয়েছিল। যেসব হিন্দুধর্মীয় গ্রন্থে কৃষ্ণের উপস্থিতি রয়েছে সেসবকে অবলম্বন করেই এটির রচনা। মহাভারত, হরিবংশ এবং ভাগবতকে প্রধান বিবেচনায় এনে বঙ্কিম লিখেছেন, 'কৃষ্ণের ঈশ্বরত্ব প্রমাণ করা এ গ্রন্থের উদ্দেশ্য নহে। তাঁহার মানবচরিত্র সমালোচনা করাই আমার উদ্দেশ্য।' ১৮৯২ সালে প্রকাশিত সে গ্রন্থ নিয়ে রবীন্দ্রনাথের আলোচনাটি প্রকাশিত হয়েছিল ১৩০১ বঙ্গাব্দে।

'কৃষ্ণ চরিত্র' প্রবন্ধটিতে লেখক রবীন্দ্রনাথ ইতিহাস ও পুরাণ বিষয়ে তাঁর জ্ঞানের যৌথ মিলনকে উপস্থিত করেছেন সাহিত্যের মিশ্রণ ঘটিয়ে। ভূমিকা সেরেই তিনি বলেছেন "আমাদের মতে 'কৃষ্ণ চরিত্র' গ্রন্থের নায়ক কৃষ্ণ নহেন, তাহার প্রধান অধিনায়ক, স্বাধীন বুদ্ধি, সচেষ্ট চিত্তবৃত্তি।" ইতিহাস সমালোচনায় প্রথম সে গ্রন্থটির বিষয়ে যেহেতু আগে কেউ আলোকপাত করেনি, তাই সেটি ভাঙার ও গড়ার দায়িত্বও যে বঙ্কিমকে নিতে হয়েছে তা রবীন্দ্রনাথ উল্লেখ করেছেন। সুদক্ষ সমালোচকের মতো তিনি বলেছেন, 'কোনটা ইতিহাস তাহা স্থির করিবার পূর্বে কোনটা ইতিহাস নহে তাহা নির্ণয় করা বিপুল পরিশ্রমের ও বিচক্ষণতার কাজ। আমাদের বিবেচনায় বর্তমান গ্রন্থে বঙ্কিম সেই ভাঙিবার কাজ অনেকটা পরিমাণে শেষ করিয়াছেন– গড়িবার কাজে ভালো করিয়া হস্তক্ষেপ করিবার অবসর নাই।' বুঝতে বাকি থাকে না, রবীন্দ্রনাথ যুক্তির প্রাখর্য দিয়ে ইতিহাসের গভীরতাকে পরিমাপ করার চেষ্টা করেছেন এ প্রবন্ধে।

বঙ্কিমচন্দ্র তাঁর গ্রন্থে লিখেছিলেন, মহাভারতে বিভিন্ন সময়ে বিভিন্ন লেখকের হাত পড়েছে। রবীন্দ্রনাথ যুক্তি খতিয়ে সেটি মেনে নিলেও প্রশ্ন তুলেছেন বিভিন্ন সময়ে মহাভারতের বিভিন্ন হাতনির্ণয়ের উপায়হীনতা নিয়ে। বঙ্কিম যেভাবে কৃষ্ণের চরিত্রের অতিপ্রাকৃত অংশ বর্জনের সিদ্ধান্ত দিয়েছিলেন তাঁর বইতে, রবীন্দ্রনাথ তা মানতে নারাজ। সমালোচক রবীন্দ্রনাথ মনে করেন, একটি বড়লোক এবং বড় ঘটনা সম্পর্কে দেশে বিভিন্নজন শ্রুতি চালু থাকে। আর সেসবের ভিত্তিতেই কৃষ্ণকে কেউ কেউ ধর্মশীল দেবতা আবার কেউ কেউ কূটবুদ্ধি রাজনীতিক বলে চিহ্নিত করতে চান। রবীন্দ্রনাথের মতে 'সম্ভবত উভয়ের চিত্রই অসম্পূর্ণ; এবং পরস্পরবিরোধী হইলেও সম্ভবত উভয়ের রচনাতেই আংশিক সত্য আছে।' ভাবতে বিস্ময় লাগে, ত্রিশ বছর পার করতেই হিন্দুধর্ম, পুরাণ এবং মহাভারত বিষয়ে রবীন্দ্রনাথ এমন উচ্চতায় উপনীত হলেন কিভাবে!

কৃষ্ণ চরিত্র গ্রন্থের সমালোচনা করতে গিয়ে তিনি নিজেই একটি তত্ত্ব দাঁড় করিয়ে ফেলেছেন প্রবন্ধটিতে। তাঁর মতে ইংরেজি ফ্যাক্ট অপেক্ষা সত্য অনেক বেশি ব্যাপক। তিনি বলেছেন মহাভারতের কবিবর্ণিত কৃষ্ণ চরিত্রের প্রত্যেকটি তথ্য প্রকৃত নাও হতে পারে, কৃষ্ণের মুখে যত কথা বলানো হয়েছে এবং তাঁর উপর যত কাজ আরোপ করা হয়েছে সেসবের প্রত্যেকটি প্রমাণিত নাও হতে পারে, কিন্তু কৃষ্ণের যে মাহাত্ম্য তিনি পাঠকের মনে এঁকে দিয়েছেন সেটিই সর্বাপেক্ষা মহামূল্য সত। আর এভাবেই মহাভারতের লেখকের সঙ্গে আধুনিক বাংলায় লেখকের একাত্মতা ঘটেছে প্রবন্ধটিতে। রবীন্দ্রনাথ বলেছেন, 'কৃষ্ণ যে কথা বলেন নাই কিন্তু যে কথা কেবল কৃষ্ণই বলিতে পারিতেন, সেই কথা কৃষ্ণকে বলাইয়া, কৃষ্ণ যে কাজ করেন নাই কিন্তু যে কাজ কেবল কৃষ্ণই করিতে পারিতেন সেই কাজ কৃষ্ণকে করাইয়া কবি বাস্তবিক কৃষ্ণ অপেক্ষা তাঁহার কৃষ্ণকে অধিক সত্য করিয়া তুলিয়াছেন।' আমরা দেখেছি এ প্রবন্ধ রচনারকালেও রবীন্দ্রনাথ নিজেও তৈরি করে চলেছেন বাস্তবিকের চেয়ে অনেক বেশি সত্যের। যার ফলে আমরা পেয়েছি চিত্রাঙ্গদা, 'বিদায়-অভিশাপ', 'গান্ধারীর-আবেদন', 'নরকবাস' এবং 'কর্ণ-কুন্তী-সংবাদ'।

মহাভারত মূল্যায়ণে রবীন্দ্রনাথের যে ব্যক্তিগত উচ্চতা তা সবচেয়ে বেশি গভীরতায় সম্ভবত 'কৃষ্ণচরিত্র' প্রবন্ধেই প্রকাশিত। সে মহাকাব্যের নির্মাতা, তাঁর কাব্যিক উদ্যোগ, চরিত্রসৃষ্টি, ঘটনাপ্রবাহ, যৌক্তিকতা প্রভৃতি সব বিষয়ে রবীন্দ্রনাথের বিশেষ মূল্যায়ণ প্রকাশ পেয়েছে এ রচনায়। মহাভারতের বিভিন্ন মহৎ চরিত্র দ্বারা ক্ষুদ্র কাজ সম্পাদনের প্রসঙ্গ তুলে সমালোচক বলেছেন এমন আরোপ 'ছোট কবিদের সাহসে কুলাইত না।'

কৃষ্ণ বিষয়ে বঙ্কিমচন্দ্রের রচনার ব্যাপারে মন্তব্য করতে গিয়ে রবীন্দ্র-মানসের মহাভারত চিত্রটি স্পষ্ট হয়ে যায় যেটির অধিকতর পূর্ণরূপ 'ভারতবর্ষে ইতিহাসের ধারা'। ১৯১১ সালে প্রকাশিত সে প্রবন্ধের পূর্বেই এ বিষয়ের দর্শনের ছাপ পাওয়া যায় 'ভাষা ও ছন্দ' নামের কবিতায়। নারদ ও বাল্মীকির সংলাপের এক পর্যায়ে নারদ বলেছেন,

> সেই সত্য যা রচিবে তুমি,
> ঘটে যা তা সব সত্য নহে। কবি, তব মনোভূমি
> রামের জন্মস্থান, অযোধ্যার চেয়ে সত্য জেনো।

মহাকাব্যের কাহিনীর পুনঃ নির্মাণের এসময়কালের রবীন্দ্রনাথ যে দার্শনিক বোধে সিক্ত সেটি পঙক্তিগুলোতে মূর্ত। রবীন্দ্রমননে মহাভারতের এই ব্যাপকতা 'ভারতবর্ষে ইতিহাসের ধারা'য় প্রকাশলাভ করার আগে তাঁর সুসংহিত ভাবনার প্রকাশ ঘটেছিল অন্য আরও যে তিনটি প্রবন্ধে সেগুলো হলো 'কাদম্বরী চিত্র' (১৩০৬ বঙ্গাব্দ), 'কুমার সম্ভব ও শকুন্তলা' (১৩০৮ বঙ্গাব্দ) এবং 'রামায়ণ' (১৩১০ বঙ্গাব্দ)। তিনটি প্রবন্ধই কবির প্রাচীন সাহিত্যগ্রন্থে অন্তর্ভুক্ত।

'কাদম্বরী চিত্র' প্রবন্ধের প্রথম বাক্য 'প্রাচীন ভারতবর্ষের অনেক বিষয়ে অসামান্যতা ছিল সন্দেহ নাই।' রবীন্দ্রনাথ তেমন সব অসামান্যতার উদাহরণ দিয়েছেন। বলেছেন অন্যদেশে সভ্যতা নগর থেকে সৃষ্টি, ভারতবর্ষে সেটি হয়েছে অরণ্য থেকে ইত্যাদি ইত্যাদি। এমন সবগুণকীর্তনের একপর্যায়ে এসেছে মহাভারতের কথা। তাঁর ভাষায় 'ভগবদ্গীতার মাহাত্ম্য কেহ অস্বীকার করিতে পারিবে না, কিন্তু যখন কুরুক্ষেত্রের তুমুল যুদ্ধ আসন্ন তখন সমস্ত ভগবদ্গীতা অবহিত হইয়া শ্রবণ করিতে পারে, ভারতবর্ষ ছাড়া এমন দেশ জগতে আর নাই।' গল্পের শেষ শোনাটা যেমন অন্যদের বিশেষ আকর্ষণীয় বিষয় ভারতবর্ষীদের তা নয়, আর তাই আঠারোখের বিপুলায়তন মহাভারত অকাতরচিত্তে মৃদুমন্দ গতিতে পরিভ্রমণ করতে কোনো ক্লান্তি বোধ হয় না। মহাভারত বিষয়ে এভাবেই ক্রমে ক্রমে দার্শনিকতার একটি স্তরে পৌঁছে যান আধুনিক বাংলা ভাষার সাহিত্যনির্মাতা রবীন্দ্রনাথ ঠাকুর। মহাভারতের লেখকের বিপুল প্রশংসায় অকাতর তিনি। কাহিনী ও চরিত্রের যেসব স্থানে আমরা সাধারণ পাঠক ব্যাসদেবের ত্রুটি ধরি, সেসব জায়গায় মহাভারত রচয়িতাকে উৎরে দিয়েছেন তিনি। দস্যুদল যখন কৃষ্ণের রমণী সবাইকে অপহরণ করে নিয়ে যায় তখন সে আখ্যান সাধারণ্যের কাছে অস্বাভাবিক। কেননা, কুরুক্ষেত্রের যুদ্ধে বিজয়ী বিপুল বিক্রমের যোদ্ধা অর্জুন কেন সেকাজে ব্যর্থ হবেন? রবীন্দ্রনাথ বলেছেন, 'কাহারও উপর কবির মমতা নাই। যেখানে শ্রোতা বৈরাগী, লৌকিক শৌর্যবীর্য মহত্ত্বের অবশ্যম্ভাবী পরিণাম স্মরণ করিয়া অনাসক্ত, সেখানে কবিও নির্মম এবং কাহিনীও কেবলমাত্র কৌতূহল চরিতার্থ করিবার জন্য সর্বপ্রকার ভার মোচন করিয়া দ্রুতবেগ অবলম্বন করে না।'

পরের প্রবন্ধ 'কুমার সম্ভব ও শকুন্তলা'য় মহাভারতপ্রসঙ্গ সামান্য। কিন্তু তারপরও বোঝা যায় এখানে রবীন্দ্রনাথ ইতিহাসের উপাদান খোঁজার প্রয়াস পাচ্ছেন। মহাকবি কালিদাসের (পঞ্চমশতাব্দী) সাহিত্য বিষয়ে কথা বলার আগে কবি বলেছেন রামায়ণ-মহাভারত নিয়ে। তাঁর ভাষায়, 'মহাভারতে যে একটা বিপুল কর্মের আন্দোলন দেখা যায় তাহার মধ্যে একটি বৃহৎ বৈরাগ্য স্থির অনিমেষভাবে রহিয়াছে। মহাভারতের কর্মেই কর্মের চরম প্রাপ্তি নহে। তাহার সমস্ত শৌর্যবীর্য, রাগদ্বেষ, হিংসা-প্রতিহিংসা, প্রয়াসও সিদ্ধির মাঝখানে শ্মশান হইতে মহাপ্রস্থানের ভৈরব সংগীত বাজিয়া উঠিতেছে।' রামায়ণ সম্পর্কেও একই রকম ভাবনা রবীন্দ্রনাথের। আর তাই তিনি মনে করেন মহাভারত হল একটি সময়ের কর্ম ও বৈরাগ্যের কাব্য। আর 'রামায়ণ' শিরোনামে কবির যে রচনা সেটি হল দীনেশচন্দ্র সেন (১৮৬৬-১৯৩৯) রচিত রামায়ণী কথা গ্রন্থের ভূমিকা।

এ প্রবন্ধে আমরা রবীন্দ্রনাথকে আরও বেশি করে মহাভারত-নিষ্ঠ হিসেবে দেখি। এখানেই কবি লিখেছিলেন সেই অমোঘ বাক্য 'বস্তুত ব্যাস-বাল্মিকী তো কাহারও নাম ছিল না। ও তো একটা উদ্দেশ্যে নামকরণ মাত্র।' এভাবে মহাভারতের একক রচয়িতা হিসেবে ব্যাসের বাস্তব অস্তিত্বকে অস্বীকার করেন তিনি, কিন্তু একই সঙ্গে মহাভারতকে তিনি ইতিহাসের মর্যাদার কাছাকাছি নিয়ে যান। বলেন, রামায়ণ-মহাভারতে ভারতবর্ষ নিজেকে আর কিছুই বাকি রাখেনি। আর তাই শতাব্দীর পর শতাব্দী পার হলেও ভারতবর্ষে রামায়ণ-মহাভারতের স্রোত শুকায় না। রবীন্দ্রনাথের মতে, এ-গ্রন্থ শুধুমাত্র মহাকাব্যই নয়, এটি ইতিহাসও বটে। 'ঘটনাবলীর ইতিহাস নহে, কারণ সেরূপ ইতিহাস সময় বিশেষকে অবলম্বন করিয়া থাকে– রামায়ণ-মহাভারত ভারতবর্ষে চিরকালের ইতিহাস'। আর সেজন্যই রামায়ণ-মহাভারতের আলোচনা যে অন্য কাব্য আলোচনা থেকে ভিন্ন কবি সে ইঙ্গিত করেছেন। বলেছেন, 'আমি যত বড় সমালোচকই হই না কেন, একটি সমগ্র প্রাচীন দেশের ইতিহাস প্রবাহিত সময়কালের বিচারের নিকট যদি আমার শির নত না হয় তবে সেই ঔদ্ধত্য লজ্জারই বিষয়।' তিনি মনে করেন ভারতবর্ষের সহস্র বছরের হৃৎপিণ্ড এখানকার মহাকাব্য দুটিতে স্পন্দিত হয়ে আসছে।

মহাভারত নিয়ে বিপুল আলোচনা-সমালোচনা করলেওএকই শিরোনামে কবির কোনো রচনা নেই, যেমনটি 'রামায়ণ' নামে আমরা পাই। সংস্কৃত সে মহাকাব্যটির দু'চারটি ছত্র কবিতায় অনুবাদ করেছিলেন তিনি। তেমন কিছু অনূদিত পঙ্ক্তির সন্ধান মেলে তাঁর রূপান্তর গ্রন্থে। তাঁর মৃত্যুর বহুবছর পর সংস্কৃত, পালি, প্রাকৃত তথা ভারতবর্ষের বিভিন্ন ভাষায় অনূদিত বা রূপান্তরিত রচনাগুলোকে সংকলিত করেই রূপান্তর প্রকাশ করা হয়। সেসব অনুবাদের অন্যতম হল শান্তিপর্বের ১৭৪.৩৯ শ্লোকটি। কবি দু'ভাবে অনুবাদ করেছিলেন সেটিকে– 'সুখ বা হোক দুখ বা হোক, / প্রিয় বা অপ্রিয়, / অপরাজিত হৃদয়ে সব / বরণ করিয়া নিয়ো।' এটির অন্য পাঠ হল– 'সুখ হোক দুঃখ হোক, / প্রিয় হোক অথবা অপ্রিয়, / যা পাও অপরাজিত / হৃদয়ে বহন করি নিয়ো।'

উল্লেখ করা যেতে পারে, এটির সংস্কৃত মূল পঙ্ক্তি 'সুখং বা যদি দুঃখং' একসময় রবীন্দ্রনাথের চিঠিপত্রে প্রায়ই দেখা যেতো। মহাভারত প্রাসঙ্গিকতায় রবীন্দ্রনাথের পরবর্তী পূর্ণাঙ্গ রচনা 'ভারতবর্ষে ইতিহাসের ধারা'। ১৩২৩ বঙ্গাব্দে সেটি পরিচয় বইয়ে প্রকাশিত হওয়ার আগেই ১৩১৯ বঙ্গাব্দে প্রবাসী পত্রিকায় প্রকাশ পায়। এ পর্যায়ে এসে রবীন্দ্রনাথ রীতিমতো বিশ্লেষক। ইতিহাসকে নিজের বিবেচনায় পর্যালোচনা করছেন তিনি। দার্শনিকতা দিয়ে সামগ্রিক বিষয়টিকে মূল্যায়ণ করার চেষ্টা করেছেন।

গ্রিস, রোম, ব্যাবিলনের মহাসভ্যতা জাতিসংঘাতের ভেতর দিয়েই শুরু সেকথা বলে আরম্ভ করেছেন তিনি। তেমন জাতিসংঘাতের একটি হল ভারতবর্ষের আর্য-অনার্যের সংঘাত। বলেছেন, 'ভারতবর্ষে আর্যেরা কালে কালে ও দলে দলে প্রবেশকরিতেছিলেন। তাঁহাদের সকলেরই গোত্র, দেবতা ও মন্ত্র যে একই ছিল তাহা নহে। বাহির হইতে যদি একটা প্রবল আঘাত তাঁহাদিগকে বাধা না দিত তবে এই আর্য-উপনিবেশ দেখিতে দেখিতে নানা শাখা-প্রতিশাখায় সম্পূর্ণ বিভক্ত হইয়া বিক্ষিপ্ত হইয়া যাইত।' তিনি বলেছেন, অনার্যদের সঙ্গে বিরোধের দিনে যাঁরা আর্যবীর তাঁদের আমরা চিনি না, কিন্তু অনার্যদের সঙ্গে আর্যদের মিলন ঘটানোর ক্ষেত্রে যাঁরা অধ্যবসায়ের সঙ্গে কাজ করে সফল হয়েছেন তারাই আমাদের দেশে দেবতা। 'দেবতা' শব্দের এই ঐতিহাসিক ব্যাখ্যা রবীন্দ্রনাথের চিন্তার প্রসারতাকে প্রমাণ করে, সন্দেহ নেই। হিন্দু সমাজের প্রধান দেবতারা এ-প্রবন্ধে আলাদা এক মূল্যায় পেয়েছেন রবীন্দ্রনাথের কলমে। সে দেবতাদের মধ্যে প্রথমে এসেছে বিষ্ণুর কথা। ভারতের পুরাণে যে দু'জন মানব বিষ্ণুর অবতাররূপে পরিচিত অর্থাৎ শ্রীকৃষ্ণ এবং শ্রীরাম তাঁরা দু'জনেই ক্ষত্রিয়।

রবীন্দ্রনাথের মতে, 'বৈদিক দেবতা যখন মানুষ হইতে পৃথক তখন তাঁহার পূজা চলিতে পারে কিন্তু পরমাত্মা ও জীবাত্মা যখন আনন্দের অচিন্ত্য রহস্যলীলায় এক হইয়া ও দুই,  দুই হইয়াও এক, তখনই সেই অন্তরতম দেবতাকে ভক্তি করা চলে। এইজন্য ব্রহ্মবিদ্যার আনুষঙ্গিক রূপেই ভারতবর্ষে প্রেমভক্তির ধর্ম আরম্ভ হয়। এই ভক্তি ধর্মের দেবতাই বিষ্ণু।' সে ধর্মের প্রবক্তারা ক্ষত্রিয়। ক্ষত্রিয়-ব্রাহ্মণের সে দ্বন্দ্ব থেকেই মহাভারতের কাহিনী। কৃষ্ণ যে একজন প্রধান নেতা এবং সমাজকে নিরর্থকতা থেকে মুক্তি দিতেই তিনি জরাসন্ধকে বধ করেছিলেন, যে জরাসন্ধ বহু ক্ষত্রিয় রাজাকে বধ ও পীড়ন করেন। রবীন্দ্রনাথের ভাষায়, 'কুরুক্ষেত্র যুদ্ধের গোড়ায় এই সামাজিক বিবাদ। তাহার একদিকে শ্রীকৃষ্ণের পক্ষ, অন্যদিকে শ্রীকৃষ্ণের বিপক্ষ।' সাধারণ পাঠকের মতো রবীন্দ্রনাথ মহাভারতের কাহিনীর ভেতর ঘটনাকে খুঁজতে গিয়ে বঞ্চিত হতে রাজি নন, কেননা তিনি মনে করেন, এরমধ্যে তথ্য খুঁজলে ঠকতে হবে, কিন্তু সত্য খুঁজলে পাওয়া যাবে। রবীন্দ্রনাথের মতে দীর্ঘসময় ধরে ভারতবর্ষে যে বিশিষ্টতা তাকে সূত্রবদ্ধ করাই ব্যাসদের কাজ। সে কাজের প্রথম সাফল্য বেদ-সংগ্রহ। আর আর্যসমাজে ছড়িয়ে-ছিটিয়ে থাকা কাহিনীগুলোকে একত্রিত করে যে মহাগ্রন্থ রচিত হল তার নাম মহাভারত।

রবীন্দ্রনাথ স্পষ্ট বলেছেন, 'তখনকার যিনি ব্যাস, নূতন রচনা তাঁহার কাজ নহে পুরাতন সংগ্রহেই তিনি নিযুক্ত। এই ব্যাস এক ব্যক্তি নাও হইতে পারেন কিন্তু তিনি সমাজের একটি শক্তি। কোথায় আর্যসমাজের স্থির প্রতিষ্ঠা ইনি তাহাই খুঁজিয়া একত্র করিতে লাগিলেন।' ব্যাস কিন্তু মহাভারতে শুধু কাহিনীর সমন্বয়ই ঘটাননি, আর্যসমাজে প্রচলিত সব বিশ্বাস, তর্ক-বিতর্ক ও চরিত্রনীতিকে তিনি একসঙ্গে করেছেন। রবীন্দ্রনাথ দৃঢ়কণ্ঠে বলেছেন 'আধুনিক পাশ্চাত্য সংজ্ঞা অনুসারে মহাভারত ইতিহাস না হইতে পারে কিন্তু ইহা যথার্থই আর্যদের ইতিহাস।' এটি কোনো বিশেষ ব্যক্তির রচনা নয়, এটি বরং একটি জাতির স্বরচিত স্বাভাবিক ইতিহাস। রবীন্দ্রনাথ বলেছেন, যদি কোনো বুদ্ধিমান ব্যক্তি এই সমস্ত জনশ্রুতিকে গলাইয়া পোড়াইয়া একটি তথ্যমূলক ইতিহাস রচনার চেষ্টা করতো, তবে সেটিতে আর্যসমাজের প্রকৃত রূপটি পাওয়া যেতো না।

মহাভারতের এই অভূতপূর্ব ব্যাখ্যার এক পর্যায়ে রবীন্দ্রনাথ তুলেছেন গীতার প্রসঙ্গ। বলেছেন 'আতস-কাঁচের একপিঠে যেমনব্যাপ্ত সূর্যালোক আর একপিঠে যেমন তাহারই সংহত দীপ্তিরশ্মি, মহাভারতও তেমনি একদিকে ব্যাপক জনশ্রুতি রাশি আর একদিকে তাহারই সমস্তটির একটি সংহত জ্যোতি– সেই জ্যোতিটিই ভাগবদগীতা।' ❑



# দুর্গোৎসব ও প্রকৃতিপূজা

রেখা পাঠক

উপনিষদে আছে জীবাত্মা পাঁচটি কোষের সমষ্টি দ্বারা তৈরি। এগুলো হলো–

(১) অন্নময় কোষ। অন্নের দ্বারাই জীব জীবন ধারণ করে। অন্ন বলতে যে কোনো খাদ্য বস্তুকেই বোঝায়। জীবের দেহ এবং ইন্দ্রিয় হলো অন্নময় কোষ।

(২) প্রাণময় কোষ। প্রাণের দ্বারা জীবন বর্ধিত হয়।

(৩) মনোময় কোষ, যা মনের ওপর নির্ভর।

(৪) বিজ্ঞানময় কোষ। বুদ্ধি ও তার ক্রিয়া এই বিজ্ঞানময় কোষের ওপর নির্ভর করে।

(৫) আনন্দময় কোষ। আনন্দ আত্মার কোনো কোষ নয়, আনন্দ হলো আত্মার স্বরূপ। "আনন্দ বাহ্যইন্দ্রিয়ের সঙ্গে বাহ্যবস্তুর সংযোগলাভ বশতঃ হয় না।" যেহেতু আনন্দ আত্মার স্বরূপ, আনন্দই ব্রহ্ম। উপনিষদ বলে, "আনন্দ হতেই ভূতবর্গ জাত হয়, জাত হয়ে আনন্দ দ্বারা বর্ধিত হয় এবং অবশেষে আনন্দাভিমুখে প্রতিগমন করে ও আনন্দেই বিলীন হয়।"

**প্রকৃতি অনন্ত, অসীম, বিশাল এবং বৈচিত্র্যপূর্ণ। তাই দুর্গারূপিণী প্রকৃতি পূজা, শুধু পূজাই নয়, দুর্গাপূজা হলো দুর্গোৎসব। ঈশ্বরের সব পরা বা অপরা শক্তি বা প্রকৃতির সব পূজাকে উৎসব বলা হয় না বা সব পূজাই উৎসবের রূপ লাভ করে না।**

বিদ্যার দুটি ভাগ আছে : (১) পরাবিদ্যা ও (২) অপরা বিদ্যা। পরাবিদ্যা হলো ঈশ্বর সম্বন্ধীয় বা অধ্যাত্ম বিদ্যা। আর অপরা বিদ্যা হলো জড় জাগতিক বিদ্যা। তেমনি আনন্দের দুটি স্তর আছে। একটি হলো জড় জাগতিক আনন্দ– যা অনিত্য। তাকেই বলে অপরানন্দ। জীবের আসল আনন্দ হলো পরানন্দ বা ঐশ্বরিক আনন্দ। যে আনন্দ নিত্য, শাশ্বত, যে আনন্দ নিত্যই নতুন। ব্রহ্মলাভ বিনে ঐ নিত্য আনন্দ লাভ হয় না।

মানব জীবনের একমাত্র উদ্দেশ্য হলো আনন্দময় 'ব্রহ্ম'কে লাভ করা বা 'ব্রহ্ম' প্রাপ্তি। আগেই বলা হয়েছে, ঐ আনন্দময় 'ব্রহ্ম'কে লাভ করতে হলে শাস্ত্র মতে, আনন্দ বাহ্য ইন্দ্রিয়ের সঙ্গে বাহ্য বস্তুর সংযোগলাভবশতঃ সুখ ভোগ নয়। অর্থাৎ ব্রহ্মানন্দ হলো জড় ইন্দ্রিয়বর্জিত, ইন্দ্রিয়াতীত সুখ। এই আনন্দেই জীবাত্মার বিশ্রাম। জীবাত্মার বিশ্রাম বিষয়টি অতি গভীর আধ্যাত্মিক জগতের কথা। এই প্রসঙ্গে ঋষি কবি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি উদ্ধৃতি দিতে লোভ হচ্ছে। উদ্ধৃতিটি হলো– "শক্তিতে আমাদের গতি, প্রেমে আমাদের সংহিতি। শক্তি কর্মের দ্বারা আপনাকে ধাবিত করে, প্রেম বিশ্রামের মধ্যে আপনাকে পুঞ্জীভূত করে। শক্তি আপনাকে বিক্ষিপ্ত করিতে থাকে, সে চঞ্চল; প্রেম আপনাকে সংহত করিয়া আনে, সে স্থির।" (দিন ও রাত্রি, প্রবন্ধ)। এখানে শক্তি গতিশীল বলতে জীবের জন্ম-মৃত্যু খেলা। আর প্রেমে স্থিতি বা স্থির বলতে জন্ম-মৃত্যু রহিত ব্রহ্মে বিলীন বা ব্রহ্মানন্দ।

ব্রহ্ম সর্ববৃহৎ, অনন্ত– অসীম এবং আনন্দময়। ঐ বৃহতের সাথে, ঐ অনন্ত– অসীমের সাথে মিলনেই জীবাত্মার সকল আশার পূর্ণতা প্রাপ্তি। উপনিষদ জীবাত্মার এই রূপ চাহিদাকে লক্ষ্য করেই বলেছে,

"যো বৈ ভূমা তৎ সুখং নাল্পে সুখমস্তি।" অর্থাৎ যাহা ভূমা তাহাই সুখ, যাহা অল্প তাতে সুখ নাই। অল্প হলো অনিত্য। ভূমা হলো নিত্য। ভূমা/ব্রহ্ম হলেন সব আনন্দের উৎস। "আনন্দরূপমমৃতংযদ্ বিভাতি।" তিনি আনন্দ স্বরূপ, তিনি রস স্বরূপ। আনন্দ, রূপরস নিয়ে তিনি আমাদের সম্মুখে প্রকাশিত। এই জগৎ তাঁরই প্রকাশ। জীব তো আনন্দ ছাড়া থাকতে পারে না। আমাদের সম্মুখে ব্রহ্মের প্রকাশিত রূপ-রস নিয়েই আমরা মনুষ্য সমাজ দিব্য আনন্দে মেতে ওঠে আত্মার স্বরূপ যে আনন্দ তা উপভোগ করি, বিভিন্ন ধর্মীয় আচার অনুষ্ঠানকে কেন্দ্র করে।

ভারতীয় বৈদিক ব্যাকরণ শাস্ত্রে 'ব্রহ্ম' শব্দ হলো অ-কারান্ত শব্দ। অ-কারান্ত শব্দ হলো পুরুষ বাচক শব্দ। ব্রহ্মের স্ত্রী লিঙ্গ হলো ব্রহ্মাণী। বেদ হলো পুরুষ বাচক 'ব্রহ্ম' বিষয়ক শাস্ত্র। আর তন্ত্র হলো ব্রহ্মের শক্তিরূপিণী ব্রহ্মাণী বা নারীশক্তি বিষয়ক শাস্ত্র।

আগম আর নিগম এই দুটি বিষয় নিয়েই ভারতীয় ঋষিগণের সাধনা। শক্তি আর শক্তিমান। শক্তিমান হলেন পুরুষ আর শক্তি হলেন নারী। বেদের মতে পুরুষ হতেই অর্থাৎ ব্রহ্ম হতেই এই অনন্ত কোটি ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি এবং পুরুষেই জগৎ লয়। আর তন্ত্রশাস্ত্র মতে ব্রহ্মাণী অর্থাৎ নারী শক্তি হতেই অনন্ত কোটি ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি এবং শক্তিতেই সবকিছুর লয়।

গীতায় ভগবান শ্রীকৃষ্ণ পুরুষবাদ, নারীবাদ অর্থাৎ ব্রহ্ম আর ব্রহ্মাণী তত্ত্বে একটি সহজ সমাধান দিয়েছেন এভাবে–

"মম যোনির্মহদ্ ব্রহ্ম তস্মি গর্ভং দধাম্যহম্।
সম্ভবঃ সর্বভূতানাং ততো ভবতি ভারত ॥" ১৪/৩

"হে ভারত, প্রকৃতিই আমার গর্ভাধান– স্থান। আমি তাহাতে গর্ভাধান করি, তাহা হইতেই সর্বভূতের উৎপত্তি হয়।"

"সর্বযোনিষু কৌন্তেয় মূর্তয়ঃ সম্ভবন্তি যাঃ।
তাসাং ব্রহ্ম মহদ্ যোনিরহং বীজপ্রদঃ পিতা ॥" ১৪/৪

"হে কৌন্তেয়, দেব– মনুষ্যাদি বিভিন্ন যোনিতে যে সকল শরীর উৎপন্ন হয়, প্রকৃতি তাহাদের মাতৃস্থানীয়া এবং আমিই গভাধানকর্তা পিতা।" বেদ উপনিষদের পুরুষবাদ আর তন্ত্রের শক্তিবাদ বা নারীবাদের অতি সুন্দর সমাধান করে দিলেন ভগবান শ্রীকৃষ্ণ শ্রীমদ্ভগবদ্গীতাতে। আধ্যাত্মিক জগতে ব্রহ্ম এবং ব্রহ্মাণী এর চেয়ে যুক্তিসঙ্গত, এর চেয়ে গ্রহণযোগ্য সমন্বয় এবং সমাধান আর হতে পারে না। শ্রীমদ্ভগবদ্গীতার নবম অধ্যায়ের ১৭নং শ্লোক বলে,

তিনিই জগতের পিতা, তিনিই জগতের মাতা–

"পিতাহমস্য জগতো মাতা, ধাতা পিতামহঃ।
বেদ্যঃ পবিত্রমোঙ্কার ঋক্ সাম যজুরেব চ ॥"

"আমিই এই জগতের পিতা, মাতা, বিধাতা, পিতামহ।"

যা কিছু জ্ঞেয় এবং পবিত্র বস্তু তাহা আমি। আমি ব্রহ্মবাচক ওঙ্কার, আমিই ঋক্, সাম ও যজুর্বেদ স্বরূপ।

ভগবানই জগতের পিতা অর্থাৎ কর্তৃকারক এবং মাতা অর্থাৎ উপাদান কারক (অপরা প্রকৃতি), তিনি পিতামহ অর্থাৎ অব্যক্ত প্রকৃতির ও কারণ। "সৃষ্টিকর্তা এক, বহু নয়, তিনিই পুরুষ, তিনিই নারী। পুরুষ রূপে তিনি ঈশ্বর, নারী রূপে তিনি ঈশ্বরী। পুরুষ রূপে তিনি ভগবান, নারী রূপে তিনি ভগবতী। এবং যেই ব্রহ্ম সেই ব্রহ্মাণী। পুরুষ ও প্রকৃতি মিলে এই জগৎ।

দুর্গাপূজা জগৎকর্তার নারী বা প্রকৃতি শক্তির পূজা।

প্রকৃতি শব্দটি স্ত্রীলিঙ্গ শব্দ। গীতার মতে এই প্রকৃতি মাতৃ যোনি। সমস্ত ভূতগণ এই প্রকৃতির সন্তান। তাই প্রকৃতি আমাদের মাতা। দেবী দুর্গা ঈশ্বরের নারী শক্তি অর্থাৎ অপরা প্রকৃতি। তাই দুর্গাপূজা হলো ভগবানের / ঈশ্বরের / জগৎ স্রষ্টার নারীশক্তির পূজা। প্রকৃতি অনন্ত, অসীম, বিশাল এবং বৈচিত্র্যপূর্ণ। তাই দুর্গারূপিণী প্রকৃতি পূজা, শুধু পূজাই নয়, দুর্গাপূজা হলো দুর্গোৎসব। ঈশ্বরের সব পরা বা অপরা শক্তি বা প্রকৃতির সব পূজাকে উৎসব বলা হয় না বা সব পূজাই উৎসবের রূপ লাভ করে না। যেমন কালীপূজা, লক্ষ্মীপূজা, সরস্বতীপূজা।

ঈশ্বরের মাতৃরূপিণী ঐ সব দেবীদের পূজার সাথে উৎসব শব্দের বিশালতা বা ব্যাপকতা যুক্ত হয়নি। কিন্তু দুর্গাপূজা আবহমানকাল থেকে দুর্গোৎসব নামেই পরিচিত হয়ে আসছে ঐ পূজার সামগ্রিকতার কারণে। ব্যক্তিগত প্রাত্যহিক জীবনযাপন এবং ব্যক্তিগত আনন্দকে অতিক্রম করে আনন্দের একটি সার্বজনীন রূপ রয়েছে। আধ্যাত্মিক বা পারমার্থিক জীবনের সার্বজনীন আনন্দের নাম হলো উৎসব। উৎসব মানবজাতির সভ্যতার একটি উৎকৃষ্ট উদাহরণ। আধ্যাত্মিক জগতে সভ্যতা সংস্কৃতিতে যে দেশ, যে জাতি, যে ধর্মীয় গোষ্ঠী যত উন্নত, যত সংস্কৃতিবান এবং যে জাতির ধর্মীয় শিল্পকলা যত সমৃদ্ধ ও নান্দনিক, সে জাতির ধর্মীয় অনুষ্ঠান ও তত নান্দনিক, মনোমুগ্ধকর, ব্যাপক এবং জনমনকে আকৃষ্ট করার ক্ষমতাও তার ততোধিক। আমরা ভারতীয় বৈদিক সনাতনধর্মের অনুসারী সনাতনী হিন্দু। আমাদের অর্থাৎ ভারতবর্ষের এত উন্নত সভ্যতা সংস্কৃতির মূল ভিত্তি হলো বেদ। বেদ একদিকে ধর্মতত্ত্বের, অন্যদিকে বিজ্ঞান, দর্শন ও সংস্কৃতি জগতের সীমাশূন্য সরোবর। "বেদের বিজ্ঞান ভাগে আছে তন্ত্রশাস্ত্র। তন্ত্রশাস্ত্র হলো পূজা বিজ্ঞানের ভিত্তি। আর দর্শনের বিষয় হলো ব্রহ্ম অন্বেষণ।" ভারতীয় বৈদিক ঋষির কী অপূর্ব বিশ্লেষণ– তন্ত্রের অন্বেষণ 'শক্তি' আর বেদের অন্বেষণ 'ব্রহ্ম'। 'শক্তি' নারী শব্দ। তাই তন্ত্র শাস্ত্র হলো নারীবাদী। অর্থাৎ ব্রহ্মের মাতৃরূপিণী শক্তির বা তন্ত্রের শাস্ত্র। গীতায় ভগবান বলেছেন ঐ শক্তি হলো তাঁরই প্রজননী শক্তি। সৃষ্টিকর্তা ঈশ্বর সৃষ্টির প্রথমেই নিজে বিভক্ত হয়ে প্রজননী শক্তিকে আলাদা করলেন। বৈদিক শাস্ত্রে ঐ প্রজননী শক্তির নামই প্রকৃতি। দেবী দুর্গা আদ্যাশক্তি, ধরিত্রী জননী, শক্তিরূপা, সৃষ্টিরূপা পরমা প্রকৃতি। তাই দুর্গাপূজা হলো প্রকৃতিপূজা। গঙ্গাজলে যেমন গঙ্গাপূজা, তেমনি প্রকৃতির সৃষ্টি দিয়েই প্রকৃতি মাতাকে পূজা হলো দুর্গাপূজা। (অবশ্য কেবলই দুর্গাপূজা নয়, সকল দেব-দেবীর পূজাই প্রকৃতি দিয়ে। প্রকৃতি + পুরুষের পরা অপরা প্রকৃতির পূজা।)

জড়বিজ্ঞান প্রকৃতিকে শাসন করে প্রকৃতির-ই উপাদান দিয়ে, আর সনাতনীরা প্রকৃতিকে শাসন নয়, প্রকৃতিকে পূজা করে, ভক্তি করে, ভালোবাসে প্রকৃতি দিয়ে প্রকৃতিকে পূজার মাধ্যমে, সাত্ত্বিক আনন্দ উৎসব উপভোগের মাধ্যমে। দুর্গাপূজা যে প্রকৃতি পূজা তার ক'টি উদাহরণ মাত্র তুলে ধরা হলো– শরৎকালের দুর্গাপূজা/ দুর্গোৎসব হলো দক্ষিণায়ণে অকালের পূজা। তাই এই পূজায় দেবীকে জাগরণ বা বোধনের প্রয়োজন হয়। দেবীর বোধন বা জাগরণ হয় ষষ্ঠী তিথিতে বিল্ববৃক্ষের নীচে।

পূজার শুরুতে শুরু হলো মহা ঔষধি বিল্ববৃক্ষের পূজা দিয়ে। সপ্তমীতে– পূজার প্রথম দিনে নবপত্রিকা পূজার বিধান রয়েছে– "সপ্তম্যাং পত্রিকা পূজা রম্ভাদি নবপত্রিকা"। এই নবপত্রিকা তৈরির জন্য প্রয়োজন হয় নয়টি গাছ বা গাছের ডাল। সে গুলো হলো ১. কদলী বৃক্ষ বা কলাগাছ। ২. ডালিম বৃক্ষের শাখা। ৩. ধান গাছ। ৪. হলুদ গাছ। ৫. মানকচু গাছ। ৬. কালা কচু গাছ। ৭. বেলসহ বেলগাছের ডাল। ৮. অশোক গাছের ডাল। ৯. জয়ন্তী গাছের ডাল। এই সব ডাল ও ছোট ছোট গাছ বা বৃক্ষগুলিকে কলাগাছের সাথে বেঁধে তাকে আলতা পাতা ও শ্বেত অপরাজিতা লতা দিয়ে জড়িয়ে, লালপাড় কাপড় পরিয়ে মাথায় ঘোমটা দিয়ে গলায় ফুলের মালা পরিয়ে প্রতিমার ডান পাশে রাখা হয় বা রাখতে হয়। এইরূপে কলাগাছটিকে নববধূর মতো দেখায় বলে লোকে তাঁকে কলাবৌ বলে। প্রকৃতপক্ষে নবপত্রিকা বা কলাবৌ বা শস্যবধূ, যা প্রকৃতি বা পৃথিবী জননীরই রূপ। দুর্গাপূজার বিধিতে এই নবপত্রিকা বা কলাবৌ বা শস্যবধূকে দেবী দুর্গার সাথে অভিন্ন রূপে প্রমাণ করা হয়েছে। দুর্গাপূজা মহাপূজা। মহাপূজার জন্য মহা আয়োজনের প্রয়োজন হয়। মহা আয়োজনের সামান্য ক'টি উপাদানের পরিচয় এখানে দেওয়া হলো–

১। দেবীর আসন– কালিকা পুরাণ মতে দেবীকে চার রকম আসন দেওয়া যেতে পারে– যেমন, কাঠ। কাঠের মধ্যে চন্দন কাঠ।

চামড়ার আসন। চামড়ার আসনের মধ্যে সিংহ, বাঘ, ছাগ, কুশ ও বস্ত্র নির্মিত আসন।

২। আসনে অধিষ্ঠ দেবীর রাতুল চরণ প্রক্ষালনের জন্য (ধোয়ানোর জন্য) জল প্রদান করতে হয়। এই চরণধৌতকে বলা হয় পাদ্য। শঙ্খে জল দিয়ে পাদ্য সাজাতে হয়।

৩। অর্ঘ– হচ্ছে দেবীকে পানীয় জল প্রদান।

৪। আচমনীয়– দেবীর শ্রীবদন ধোয়ানোর জন্য নির্মল জল দিতে হয়।

৫। মধুপর্ক– দধি, দুগ্ধ, ঘৃত, মধু, শর্করা (চিনি) দিয়ে মধুপর্ক তৈরি করে দিতে হয়। মধুপর্ক তুষ্টি ও পুষ্টি প্রদায়ক।

৬। মহাস্নান– অষ্টমী ও নবমী তিথিতে দেবী দুর্গার মহাস্নান বা মহা অভিষেক করতে হয়। মহাস্নানের জন্য প্রয়োজন হয় সুগন্ধি তেল, হলুদ, চন্দন, পঞ্চশস্যের চূর্ণ, এবং আট রকম জল, যথা– ১. গঙ্গাজল, ২. বৃষ্টিজল, ৩. সরস্বতী নদীর জল, ৪. সমুদ্রজল, ৫. পদ্মরেণুযুক্ত জল, ৬. নির্ঝরের জল, ৭. সর্ব তীর্থের জল, ৮. চন্দন সুবাসিত জল। এই আট প্রকার জল দিয়ে আটটি কলসি পূর্ণ করে দেবীকে স্নান করাতে হয়। মহাস্নানের সময় আট প্রকার বাদ্য-বাজনা বাজাতে হয় এবং আট প্রকার রাগ-আলাপ করতে হয়।

৭। বস্ত্র– মহাস্নানের পর দেবীকে উত্তর নববস্ত্র (শাড়ি) পরাতে হয়। শাস্ত্র মতে লাল রঙের বস্ত্র বা শাড়ি দেবীর প্রিয়।

৮। আভরণ– শাস্ত্রে দেবীকে ৪০ প্রকার অলঙ্কার দেওয়ার কথা আছে।

৯। দেবীর অঙ্গে অনুলেপনের জন্য পাঁচ রকমের গন্ধ দ্রব্য দিতে হয়।

১০। পুষ্প– ফুল পূজার শ্রেষ্ঠ উপাদান। দেবীর প্রিয় হলো কোকনদ (পদ্ম) জবা, করবী, অপরাজিতা, দুর্বা আর বিল্বপত্র।

১১। সুগন্ধ সৃষ্টির জন্য এবং দেবীর আনন্দ বর্ধনের জন্য ধূপ জ্বালিয়ে দিতে হয়।

১২। দীপ-ঘিয়ের প্রদীপ / তেলের প্রদীপ জ্বালিয়ে দিতে হয়।

১৩। নৈবেদ্য– নৈবেদ্য দিতে হয় পাঁচ প্রকার। যেমন ভক্ষ, ভোজ্য, লেহ্য, পেয় ও চোষ্য।

সবশেষে ভক্তিপূর্ণ প্রণাম। সব উপাচারের শ্রেষ্ঠ উপাচার হলো ভক্তি। ভক্তিশেষে দেবীকে প্রদক্ষিণিক করতে হয়।

দুর্গাপূজা প্রকৃতি জননীর পূজা, দুর্গাপূজা আদ্যাশক্তি মহামায়ার পূজা, দুর্গাপূজা ধর্ম, অর্থ, কাম ও মোক্ষলাভের পূজা। দুর্গাপূজা ঈশ্বরের বিভিন্ন গুণের পূজা। যেমন, সরস্বতী দেবী জ্ঞান বা সত্ত্বগুণের প্রতীক। লক্ষ্মী দেবী ধন, ঐশ্বর্য ও রজোগুণের প্রতীক। কার্তিক যুদ্ধ বা ক্ষাত্রশক্তির প্রতীক। গণেশ শ্রমশক্তি বা জনগণের প্রতীক। আর মা দেবী দুর্গা তো স্বয়ং ব্রহ্মময়ী সনাতনী।

পূজার আয়োজনে রয়েছে মনোমুগ্ধকর বর্ণিল সংস্কৃতির প্রকাশ ও বিকাশ এবং সমাজের সর্বস্তরের জনগণের। স্বতঃস্ফূর্ত সক্রিয় অংশগ্রহণ। দুর্গাপূজায় সর্বস্তরের জনগণের অংশগ্রহণ, পূজার স্থায়ীত্বকাল, পূজার নন্দন তাত্ত্বিক শিল্পকলা, প্রকৃতির সকল বস্তুর ব্যবহার– কী বৃক্ষ লতা গুল্ম, কী জীব জগৎ, কী নদী, সমুদ্র, ঝর্ণা, কী আকাশ বারি হতে পতিতার মাটি, প্রকৃতির এমন কোনো বস্তু আছে যা লাগে না প্রকৃতি জননীর পূজায়! প্রবাসীদের ঘরে ফেরার তীব্র আকর্ষণ আনন্দ। সামাজিকতা, লৌকিকতা, বিজয়ার গান, শ্রদ্ধা ভক্তি প্রণাম আলিঙ্গন কোলাকুলি। পূজামণ্ডপে পুরাতনের সাথে মিলনমেলা, মিলন উৎসব।

এইসব কারণেই দুর্গাপূজা বাঙালি সনাতনী হিন্দুর দুর্গাপূজা নয়, দুর্গোৎসব। এই দুর্গোৎসবের সাথে ইতিহাস, দর্শন সমাজ সবকিছুরই বিশেষ সমন্বয় রয়েছে। তাই দুর্গাপূজা একদিকে প্রকৃতি পূজা, আরেক দিকে দুর্গোৎসব। জগৎ জননীর পূজা হবে সাত্ত্বিক। সাত্ত্বিক আনন্দই জীবাত্মার খোরাক। জীবাত্মা চায় ঐশ্বরিক আনন্দ।

মহাপূজা দুর্গাপূজা, নন্দনতত্ত্বিক দুর্গাপূজা সাত্ত্বিক উৎসব। আনন্দের পূজা দুর্গাপূজা। দুর্গোৎসব তাঁর আপন মহিমায় সকলের চৈতন্যে ঐশ্বরিক আনন্দ দান করুক। দান করুক পরাশান্তি, পরাসুখ।

"যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিত।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ।" ❑



Joyanta Banik

# DECIDE TODAY, CELEBRATE TOMORROW

হোক জ্ঞানের বোধন
শারদীয়ার প্রীতি
শুভেচ্ছা ও অভিনন্দন

RIGHT AT HOME REALTY INC.
MLS MULTIPLE LISTING SERVICE REALTOR

Off: 416-391-3232
Cell: 416-879-7817

email: jbanik@trebnet.com
*MEMBERS OF THE TORONTO REAL ESTATE BOARD*

Morneau Sobeco Centre II
Fax : 416 391 0319 / 416-615-0063
895 Don Mills Rd, Suite # 202
Toronto, ON M3C 1W3
www.rightathomerealty.com



JOYANTA BANIK
Sales Representative

C@systemsDTP@gmail.com

**Cell: 416-879-7817**

Ranked among Top 3% RAH salesforce for consecutive years.

# ভগিনী নিবেদিতা ও স্বামীজির শেষবেলা

স্বামী দেবেন্দ্রানন্দ

স্বামী বিবেকানন্দ ও নিবেদিতা। গুরু-শিষ্যার এক অসামান্য সম্পর্ক। স্বামীজির সংস্পর্শে আসার পর মার্গারেট নোবেল আক্ষরিক অর্থেই তাঁর পরবর্তী সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন ভারত ও ভারতবাসীর সেবায়। আইরিশ খাপ খোলা তলোয়ারের মতো তেজস্বিনী এক নারীকে স্বামীজি কী মন্ত্রে আদ্যন্ত ভারতীয়ায় রূপান্তরিত করলেন, তার থই আজও পাওয়া যায় না।



ভগিনী নিবেদিতা

স্বামীজির শেষ জীবনে, যখন তাঁর শরীর ক্রমশঃই ভেঙে পড়ছে, নিবেদিতা ছায়ায় মতো তাঁর অনুগামী। ১৮৯৮ সালে স্বামীজি-সঙ্গের কথা মর্মস্পর্শী ভাষায় ধরা আছে নিবেদিতার 'স্বামীজির সহিত হিমালয়ে' গ্রন্থে। ওই বছরই স্বামীজির শেষবারের মতো হিমালয়ে যাওয়া। শৈবতীর্থ অমরনাথে শিবের কাছে স্বামীজি ইচ্ছামৃত্যুর বর পেয়েছিলেন। গুহা থেকে বেরিয়ে প্রিয় শিষ্যাকেই তিনি প্রথম সে কথা জানান। স্বামীজির মর্ত্যজীবনের এই পরম প্রার্থনাটির কথা জেনে বিস্মিত হন নিবেদিতা। আরও বিস্মিত হন স্বামীজি যখন বলেন, তাঁর এবার হিমালয়ে আসার অন্যতম উদ্দেশ্য শিবসুন্দরের কাছেই নিবেদিতাকে উৎসর্গ করা তাঁর জীবনব্রত উদ্যাপনের জন্য। আমরা জানি, হিমালয় তীর্থে সেই দুটি প্রার্থনাই পূরণ হয়েছিল বিবেকানন্দ ও তাঁর মানসকন্যা নিবেদিতার জীবনে।

> **স্বামীজির দেহটি মেঝেতে শায়িত হলুদ রঙের ফুলমালা আচ্ছাদিত হয়ে। মানসকন্যা স্বামীজির শিয়রের কাছে বসে পড়েন। নয়নে অবিরল অশ্রুধারা, মুখে কোনো কথা নেই। আবেগ-আকুল কম্পিত হাতে তুলে নেন গতপ্রাণ স্বামীজির মাথাটি। এখন আর তিনি কন্যা নন, তিনি মাতা!**

১৯০২ সালের ৪ জুলাই স্বামীজির সেই প্রথম ইচ্ছাপূরণের দিনটি এলো। সেদিন শুক্রবার। বেলুড় মঠে সন্ধ্যায় মন্দিরের প্রার্থনার সময় স্বামীজি তাঁর নিজের ঘরে ধ্যানাসনে বসে রাত ৯টায় শান্তভাবে মহাসমাধি লাভ করেন। সেই অনিন্দ্যসুন্দর দিব্যকান্তি মুখমণ্ডল দেখে প্রথমে কেউ বুঝতেই পারেননি যে, এ স্বামীজির অমৃতধামযাত্রা তথা দু'বছর আগে হিমালয়তীর্থ অমরনাথধামে তুষারলিঙ্গ মহাদেবের কাছে গিয়ে তাঁর ইচ্ছামৃত্যু প্রার্থনার 'প্র্যাক্টিক্যাল ডিমনস্ট্রেশন'। কিন্তু বিবেকানন্দের কাছে জীবনমৃত্যু পায়ের ভৃত্য হলেও তাঁর জীবনব্রত উদ্যাপনের জন্য যাঁদের রেখে গেলেন, এরপর তাঁদের কী হবে বা হলো? এবার সে কথাই।

পরদিন ৫ জুলাই, শনিবার। তখন ভগিনী নিবেদিতার ঠিকানা ১৬ নম্বর বাগবাজার লেন। সকাল ৯টা নাগাদ বেলুড় মঠ থেকে একটা ছোট চিঠি পান স্বামী সারদানন্দজি স্বাক্ষরিত নিম্নলিখিত বয়ানে– 'মাই ডিয়ার নিবেদিতা, দ্য এন্ড হ্যাজ কাম, স্বামীজি হ্যাজ স্লেপ্ট লাস্ট নাইট অ্যাট নাইন ও'ক্লক। নেভার টু রাইজ এগেন –সারদানন্দ।'

চিঠির অক্ষরগুলি যেন চোখের সামনে কাঁপছে নিবেদিতার, সঙ্গে শরীরটাও। ঘরে উপস্থিত নিবেদিতার সেবিকাও কেঁদে উঠলেন। মাত্র দু'দিন আগেই তো নিবেদিতা বেলুড় মঠে গিয়েছিলেন স্বামীজিরই নিমন্ত্রণে। স্বামীজি তাঁদের খাইয়েছিলেন পরম যত্নে এবং আহার শেষে স্বামীজি অতিথিদের হাতে জল ঢেলে দিয়েছিলেন হাত ধোওয়ার জন্য। নিবেদিতা সঙ্কুচিত হয়েছিলেন। স্বামীজি বলেছিলেন, "যিশু তো শিষ্যদের পা ধুইয়ে দিয়েছিলেন।" কিন্তু সে তো শেষের দিনে। তখন নিবেদিতা ভাবতেও পারেননি, তাঁর গুরুর ক্ষেত্রেও এই কথাটা আক্ষরিক অর্থেই মিলে যাবে।

স্বামীজি কিন্তু অমরনাথে নিবেদিতাকে আভাস দিয়েই রেখেছিলেন, মহাদেব-কৃপায় তিনি ইচ্ছামৃত্যুর বর পেয়েছেন। যার নিহিত অর্থ হল, মৃত্যুর জন্য প্রস্তুত না হলে তাঁর দেহত্যাগ হবে না। স্বামীজির মহাসমাধির পূর্ব পর্যন্ত আনুপূর্বিক সব কথা শুনে নিবেদিতার সে-সব কথাই মনে পড়ছিল। একদিকে নিবেদিতার শোকস্তব্ধ উদ্গাত নয়নের অশ্রুধারা, আর একদিকে এই সব স্মৃতি। নিবেদিতা আর কালবিলম্ব না করেই বেলুড় থেকে আসা পত্রবাহকের সঙ্গেই রওনা

হলেন বেলুড় মঠ অভিমুখে। ইতোমধ্যে স্বামীজির প্রয়াণের খবর ছড়িয়ে গিয়েছে সারা শহরে। সবাই ছুটছে সেই বেলুড়ের দিকে। বেলুড় মঠে পৌঁছেই নিবেদিতা সোজা উঠে গেলেন দোতলায় স্বামীজির ঘরের দিকে। ঘরে তখন বেশি লোকজন নেই। স্বামীজির দেহটি মেঝেতে শায়িত হলুদ রঙের ফুলমালা আচ্ছাদিত হয়ে। মানসকন্যা স্বামীজির শিয়রের কাছে বসে পড়েন। নয়নে অবিরল অশ্রুধারা, মুখে কোনো কথা নেই। আবেগ-আকুল কম্পিত হাতে তুলে নেন গতপ্রাণ স্বামীজির মাথাটি। এখন আর তিনি কন্যা নন, তিনি মাতা! স্বামীজির তাঁর প্রতি আশীর্বচনের সার্থক রূপ একাধারে তিনি সেবিকা ও মাতা। যেন মায়ের মতোই প্রিয়বিচ্ছেদ-বেদনায় কাতর হয়ে সেই অনিন্দ্যসুন্দর শিবরূপী গুরুর সেবা করতে থাকেন ছোট একটি পাখা হাতে। এরপর সেই মহাযাত্রার পালা। একে একে সন্ন্যাসী-ভাইরা এসে স্বামীজির দেহটি নীচে নামিয়ে আনেন। আরতি ও প্রণাম-শেষে পা দু'টি অলক্তরাগে রঞ্জিত করেন ও মস্তক অবলুণ্ঠিত করে প্রণাম করেন। গুরুভাইরা শ্রীপাদপদ্মের ছাপ নেন। নিবেদিতাও অশ্রুসিক্ত নয়নে পা দুটি ধুয়ে একটি পরিষ্কার রেশমি রুমালে তাঁর গুরুর পদচিহ্ন গ্রহণ করেন। সন্ন্যাসী ও সমবেত জনতার সঙ্গে নিবেদিতাও চলেন পায়ে পায়ে সেই গতপ্রাণ বিজয়ী বীরের দেহটি নিয়ে মিছিলের সঙ্গে সঙ্গে। স্বামীজির শেষকৃত্য সমাপনের নির্দিষ্ট স্থানে, যে স্থান বিবেকানন্দ নিজেই চিহ্নিত করেছিলেন মহাপ্রয়াণের কিছু দিন আগে, তাঁর প্রিয় বেলগাছের কাছে অপেক্ষাকৃত ঢালু জায়গায়।

দেহটি নামানো হলে নিবেদিতা সেই গাছেরই একটু দূরে এসে বসে পড়েন। চিতাগ্নি প্রজ্জ্বলিত করেন প্রথমে নিবেদিতা ও পরে একে একে গুরুভাই ও অন্যান্য সন্ন্যাসী-ভাইয়েরা। প্রজ্জ্বলিত চিতাগ্নির সামনে বিবেকানন্দের প্রিয় 'জি.সি' অর্থাৎ নাট্যকার ও মহাকবি গিরিশচন্দ্রের বিলাপ, "নরেন, তুমি তো ঠাকুরের ছেলে, ঠাকুরের কোলে গিয়ে উঠলে। আর আমি বুড়ো মানুষ, কোথায় তোমার আগে যাবো, তা না হয়ে আজ আমাকে দেখতে হচ্ছে তোমার এই দৃশ্য!" এ কথা শোনামাত্র নিবেদিতা শোক চেপে রাখতে না পেরে দাঁড়িয়ে উঠে স্বামীজির প্রজ্জ্বলিত চিতাগ্নির পাশে প্রদক্ষিণ করতে লাগলেন। এ দৃশ্যে বিচলিত স্বামী ব্রহ্মানন্দজি স্বামীজির শিষ্য নিশ্চলানন্দকে নিবেদিতাকে চিতাগ্নির কাছ থেকে সরিয়ে নিয়ে সান্ত্বনা দিতে বলেন। সেই অনুযায়ী নিশ্চলানন্দ রোরুদ্যমানা নিবেদিতাকে সেখান থেকে দূরে নিয়ে গিয়ে, নানা সান্ত্বনাবাক্যে ভোলাতে লাগলেন।

সারা অঙ্গ চন্দনচর্চিত মনুষ্যদেহে তাঁর শিবরূপী গুরুর ধূপধুনো-গুগগুল সুবাসিত চিতাগ্নি তথা হোমাগ্নি নিবেদিতার অনর্গল নয়নধারায় বুঝি নির্বাপিত করতে চান। সেই হৃদয় হাহাকার করা মুহূর্তে সহসা গুরুর এক অলৌকিক স্নেহস্পর্শ নিবেদিতাকে চমকিত করে। চিতাগ্নি থেকে একখণ্ড গেরুয়া বস্ত্র হাওয়ায় উড়ে এসে নিবেদিতার কোলে গিয়ে পড়ে। পরম মমতায় ও যত্নে নিবেদিতা তা গুরুর আশীর্বাদ ভেবে মাথায় ঠেকান। সেই পবিত্র স্পর্শ যেন শোকস্তব্ধ হৃদয়ে সান্ত্বনা ও শক্তি জোগায়। তবু অশ্রুরুদ্ধ কণ্ঠে বলে ওঠেন "পরের জন্য নিজেকে যিনি বিলিয়ে দিয়েছিলেন, তাঁকেও কেন ছেড়ে দিতে হয় আমাদের? হে ভগবান, কেন?"

এরপর নিবেদিতার বাকি জীবন যেন অগ্নিশিখাই। মানবসেবার পুণ্যব্রতে। ১৬ নম্বর বোসপাড়া লেনের বাড়ি থেকে নিবেদিতার সংগ্রাম আর এক ইতিহাস। তার সবটুকুই গুরু বিবেকানন্দের দেখানো পথে। ❑



# দৈত্যরাজ বলি ও লক্ষ্মী

পূর্বা সেনগুপ্ত

কশ্যপ ঋষি ও দিতির দুই পুত্র হিরণ্যকশিপু আর হিরণ্যাক্ষ। দু'জনই দেব বিরোধী ও স্বেচ্ছাচারী। দুই ভায়ের জন্মবৃত্তান্তও বর্ণিত হয়েছে সেই স্বেচ্ছাচারের কাহিনি দিয়েই। কশ্যপের স্ত্রী দিতি এক সন্ধ্যায় ঘুমন্ত স্বামীকে শয্যায় আহ্বান করলেন। কশ্যপ তাঁর আহ্বান অস্বীকার না করে বলেছিলেন, এই সময়ে নিদ্রার আবেশে আমি ক্লান্ত। উপরন্তু সন্ধ্যা আসন্ন। সন্ধ্যা উত্তীর্ণ হোক তারপর তোমার ইচ্ছা নিশ্চয়ই পূরণ করবো।

স্বামীর এই কথা সহ্য হয়নি দিতির। তাঁর জেদ, এখনই যা চাইছেন তা লাভ করে তবে শান্ত হবেন। আধা ঘুমন্ত কশ্যপ ঋষি স্ত্রীর এই আবদার মেনে নিলেন ঠিকই, কিন্তু সেই সঙ্গে উচ্চারণ করলেন এক অমোঘ ভবিষ্যৎবাণী– 'এই অসংযত চিত্ত তোমার সন্তানের চিত্তকেও বিক্ষুব্ধ করবে। তোমার গর্ভে যমজ সন্তান জন্ম নেবে এবং তারা দু'জনেই হবে দেব বিদ্বেষী, আচার বিহীন। স্বয়ং বিষ্ণুর হাতে বধ্য হবে তারা।'



ভবিষ্যৎবাণী শোনার পর দিতির মনে কষ্টের অবধি নেই। কিন্তু তখন যা হওয়ার তা তো হয়েই গিয়েছে। যথাসময়ে দিতি দুই সন্তান হিরণ্যকশিপু ও হিরণ্যাক্ষের জন্ম দিলেন।

পুত্র দেব বিরোধী হলেও দিতির পৌত্র প্রহ্লাদ কিন্তু ভক্তশ্রেষ্ঠ। তাঁর সময় থেকেই অসুরদের সমৃদ্ধির সূচনা। প্রহ্লাদের পুত্র বিরোচন আর বিরোচনের থেকেই জন্ম দানবদের রাজা বলির।

দিতির থেকে সৃষ্ট দৈত্যকুল বলেই যে তাঁরা অবিবেচক ছিলেন এমন কিন্তু নয়, হিরণ্যকশিপু যে রাজত্বের সূচনা করেছিলেন সেই রাজত্ব ও তার প্রতাপ রাজা বলি পর্যন্ত অক্ষুণ্ণ ছিল।

দৈত্যকুলও নানাস্থানে যজ্ঞের মতো মহৎ কার্য সম্পন্ন করতে লাগলেন। তাঁদের সমৃদ্ধির পিছনে ছিল আরও দুই অসুরের বুদ্ধি ও বিবেচনার সঠিক প্রয়োগ। এই দুই দৈত্য হলেন ময় ও শম্বর। ময় ও শম্বর দৈত্যকুলের মধ্যে আশ্চর্য বুদ্ধির অধিকারী ছিলেন। তাঁরা দুজনে মিলে বেদকে প্রাধান্য দিয়ে রাজত্বের উন্নতি করতে সচেষ্ট ছিলেন। কারণ, দু'জনেরই মনে হয়েছিল দেবকুল বৈদিক মতের অনুগামী বলেই সর্বদা বিজয় লাভ করেন। প্রহ্লাদ দেবভক্ত ছিলেন, ফলে দৈত্যকুলে একটা বিপরীত ধ্যান ধারণার সূচনা হয়েছিল। ময় আর শম্বর সেই ধারণাকে আরও ফুটিয়ে তুললেন। তাঁরা যজ্ঞ পালন করতেন, ধর্ম কী তা প্রচার করতেন, সেই সঙ্গে তা পালনও করতেন। প্রজাদের অধর্ম পালনে বিরত থাকতে বলতেন, চারদিক সৈন্য দিয়ে সুরক্ষিত থাকতো। তার সঙ্গে প্রজারঞ্জনের জন্য নানারকম সাহায্য দান করা হতে লাগলো। প্রজারা তুষ্ট, রাজ্যও সমৃদ্ধিতে পূর্ণ। ঠিক এই সময়ে রাজা বলির অভিষেক সম্পন্ন হলো।

সমৃদ্ধির চরম শিখরে বিরোচন পুত্র বলি রাজা হলেন ঠিকই কিন্তু তাঁর রাজপদে অভিষেকের কিছুদিনের মধ্যে এক আশ্চর্য ঘটনা ঘটলো। রাজা বলির সঙ্গেও দেবকুলের যুদ্ধ লাগলো। স্বর্গচ্যুত দেবতারা সস্থান লাভের জন্য বারংবার চেষ্টা করে চলেছিলেন। দৈত্য রাজা বলি অমিত বিক্রমে যুদ্ধ করে দেবতাদের পরাজিত করলেন। তাঁর সেই বিক্রম দেখে স্বয়ং লক্ষ্মীদেবী বিচলিত হলেন। পদ্মের মতো প্রভাসম্পন্ন দেবী পদ্মা পদ্ম হস্তে বলির কাছে একদিন উপস্থিত হলেন। তারপর বলির অঙ্গে প্রবেশ করার আগে তাঁকে বললেন, 'দৈত্যরাজ, তুমি দেবরাজকে পরাস্ত করে যুদ্ধে জয়লাভ করেছো। তোমার বিক্রম দেখে আমি প্রীত হয়েছি, তাই আমি নিজেই তোমার কাছে উপস্থিত হয়েছি। বীর দানব, তুমি হিরণ্যকশিপু'র বংশে জন্মগ্রহণ করেছো, সুতরাং এই অসাধারণ কর্ম করা তোমার পক্ষে কিছুই অসম্ভব নয়। তুমি তোমার পিতামহের নাম উজ্জ্বল করেছো।' –লক্ষ্মী দেবী এই কথা বলে বলির দেহে প্রবেশ করলেন।

যেই দেবী রমা বলির দেহের মধ্যে প্রবেশ করলেন অমনি সর্বদেবী তুষ্ট হয়ে উঠলেন। হ্রী, কীর্তি, দ্যুতি, প্রভা, ধৃতি, ক্ষমা, শক্তি, ঋদ্ধি, শ্রুতি, বিদ্যা, স্মৃতি, শান্তি, পুষ্টি, ক্রিয়া ইত্যাদি দেবী দৈত্যরাজ বলিকে আশ্রয় করলেন। দেবকুল একেবারে অসহায় হলে গেল। দেবী লক্ষ্মী যদি কুপিতা হন তবে কীভাবে বিজয় লাভ সম্ভব? স্বয়ং বিষ্ণুপত্নী হয়ে কী করে তিনি দেবতাদের ত্যাগ করে দৈত্যরাজের হৃদয়ে প্রবেশ করলেন?

'চঞ্চলা লক্ষ্মী ভাগ্যবানকেই আশ্রয় করেন, অতএব আমাদের এখন কী করণীয়?' –এই ভেবে দেবকুল বিষ্ণুর শরণাপন্ন হলেন। বিষ্ণু বলির স্বভাবের খুঁত খুঁজে, তার মধ্য দিয়ে তাঁকে বধ করতে চাইলেন। বলি অত্যন্ত দানপ্রিয় ছিলেন। দানের ক্ষেত্রে কোনও বিচার করতে না তিনি। এই অতি দান করা অভ্যাসের সুযোগ নিয়ে বামনরূপী বিষ্ণু তাঁর কাছ থেকে ত্রিলোক হরণ করলেন।

বিষ্ণুর হাতে বন্দি হলেন রাজা বলি। ❑



# Century 21

**Innovative Realty Inc.**

**RESPONSIBILITY OWNED AND OPERATED**

BROKERAGE
Member of the Toronto Real Estate Board

সকলকে জানাই
শারদ শুভেচ্ছা

*The name stands on trust*

বাড়ি ক্রয় বা বিক্রয়ের নির্ভরযোগ্য নাম

**Shyamadas (SAM) Mukherjee**

Sales Representative

SHYAMADAS (SAM) MUKHERJEE



REALTOR MLS MULTIPLE LISTING SERVICE

**Tel: 416-298-8383 Fax: 416-298-8303**
**2250 Markham Road, Unit 3,**
**Toronto ON M1B 2W4**

**Direct: 416-822-3225**

mukherjee_sam@yahoo.ca
www.century21.ca/shyamadas.mukherjee

# বাবা লোকনাথ

## রূপন কান্তি দাশগুপ্ত

